# জ্যোতিরিন্দ্র নন্দীর গণ্পসংগ্রহ

প্রথম প্রকাশ : জ্যৈষ্ঠ, ১৩৭১

প্রকাশক: বৃদ্ধবিশার মণ্ডল বিশ্ববাণী প্রকাশনী ৭৯/১ বি, মহাত্মা গান্ধী রোড কলকাতা-৯

মুজাকর:
অসিত সরকার
গ্রহ্মা
৩৪ খ্যামপুকুর স্ট্রীট
কলকাতা-৪

প্রচ্ছদশিলী: গৌতম রায়

## স্থুচীপত্ৰ

আমাব সাহিত্যজীবন ১ .ক নিয়ে গল ১৯ ক ঝাঁক দেবশিশু ২৮ মহডা ৪০ কেমন হাসি ৫১ হাব ৬১ মাছি ৭৫ ধ্যাং ও খেলাঘবে আমরা ৮৪ স্থী মান্ত্ৰ ১২২ সংহাব ১৩৮ ডলি মলি, বসস্তকাল ও টি মজুমদার ১৫ গাছ ১৭০ নিষ্টি জালা ১৭৮ বাবু ১৮৪ का अरा ३३७ . নিঃশব্দ নায়ক ২০৬ ৴বক্ষ্পত্নী ২২∙ মঙ্গলগ্ৰহ ২৪৮ দৃষ্টি ২৬৫

#### আমার সাহিত্যজীবন

মেঘলা আকাশের মতন মুখভার। হাসি নেই। কথা নেই মুখে। এই ছেলে এমন কেন। চুপচাপ। খেলাধুলা করে না, মেলামেশা নেই কারো সঙ্গে।

এই বয়সে বাচ্চারা হুটোপাটি করে। সারাক্ষণ তাদের ছুটোছুটি লেগেই আছে। এটার জম্ম বায়না, ওটার জম্ম কান্নাকাটি, থেলনা পেলে থাবার পেলে মহাথুশি। মেলায় যাবার নাম শুনলে আহ্লাদে নাচতে থাকে। জ্বাম পাকলে জামতলায় ছুটে যাচ্ছে। শীতের রোদ্ধুরে টোপাকুল গাছের তলায় তাদের ভিড়।

এই ছেলে তো তা নয়।

ছনের ছাউনি দেওরা রামানর। ছেঁচা বাঁশের বেড়া টিনের চাল ঠাকুর্দার শোবার বর, বার নাম বড হর। মাঝখানে একফালি রাস্তা পুকুরঘাটে বাবার। রাস্তা বেঁকে পুইমাচা। মাচার কাছে চুপ করে দাঁড়িয়ে আছে ধয়। কি ভাবছে ও।

চার বছরের ছেলের এত ভাবনা কোথা থেকে আসে। কি ভাবছিদ, মা জিজ্ঞেদ করে। তারপর ঠাকুর্দা-ঠানদি জিজ্ঞেদ করে। তারপর কাকারা পিদিরা। উহু, উদ্ভর দেবে কে। রা নেই ছেলের মুখে। ভ্যাবভ্যাব করে পুকুরঘাটের দিকে তাকিয়ে। থেজুর জার ভালপালা ছড়ান একটা ঝুপদি শেওড়া গাছের পিছনে লাল দগদগে জাকাশ। সূর্য অন্ত যায়।

ছোটকাকা বলল, ধয় আকাশ দেখছে। বড়পিসি বলল, ফড়িং দেখছে ও । ঝাঁক বেঁধে লাল ফড়িং উড়ছে খেজুর গাছের মাধার কাছে। ঠানদি বলল, ওর বোধ করি ঘুম পেয়েছে বউঁমা, খাইয়ে ঘুম পাড়িয়ে দাও। মা ছুটে এসে ঠাস করে গালে চড় লাগায়। আসলে ওর এখানে মন বসে না। মামাবাড়ির জন্ত ছটফট।

ততক্ষণে কোর্ট-কাছারি সেরে বাড়ি ফিরে উকিলের ধড়াচ্ড়া ছেড়ে বাবা আদর করে ওকে কাছে ভেকে নেয়। তারপর ছেলের হাত ধরে রাভার ওপারে সোলা কোবরেজ মশায়ের বৈঠকথানায়। ওষ্ধের আলমারি ঠাসা ঘরের পিছনে ভিতর দিকে দাবার আজ্ঞা। দাবার ছক ঘিরে কভগুলি কাঁচা পাকা অত্যুৎসাহী মাধা। হ'কোর গুড়ুক গুড়ুক। ধে'ায়ার কুগুলী। আর থেকে থেকে পিলে চমকান হৈ-হৈ। 'আহা, ঘোড়ার চাল দিন।' 'নোকোটা ধরে রাধুন মশাই।'

বাবার পিঠ ধরে হা করে ধয় দাঁড়িয়ে। থেলা দেখছে? না তে'। কিছুই দেখছে না সে। রাজা মন্ত্রী হাতি ঘোডা নোকো বোডে, ঘুটির ওপর ঝুঁকে পড়া এতগুলি মাথা মুখ, থেলোয়াডদের বাঁ-হাতে ধরা ছ'কো, গলগলে ধে"ায়ার কুগুলী
—কিছুই তার দেখবার নেই। কেবল ভাবছে। কি ভাবছে ও ?

তাই আজ চিস্তা করি। সারাক্ষণ মুখ গোমডা করে কোন্ ভাবনায় ডুবে থাকতাম সেদিন। আসলে কি জায়গাটাই আমার ভাল লাগত না ? হয়তো তাই। মা-ই জামার মন বুঝত। মা ছাডা ছেলের মন কে বেশি বোঝে।

ছোট মফ:খল শহর। কোর্ট-কাছারি হাসপাতাল ট্রেক্সারী থানা গার্লস স্থল, এদিক ওদিক কিছু পান সিগারেটের দোকান, স্টেশনারী দোকান, মিটির দোকান, আর কম করেও চার পাঁচটা কবিরাজি ডিসপেনসারী। শীতের মুথে বড বড কডারে চ্যবনপ্রাশ জাল দেওয়ার গন্ধ আর ফান্তন পডতে পাঁচন সেম্বর গাঢ় তেতো গন্ধে বাতাস ভারি হয়ে উঠত।

কিন্তু কেন ভাল লাগত না! জ্ঞান হওয়ার আগে থাকতে যে আমি এই শহরে।
বাবার কাছে। মা-র শশুরবাডি এটা। কিন্তু মা-র চেয়েও বাবাকে যে আমি
বেশি ভালবাসি। এখানে আমার মন না বদার কারণ? ঐ বয়দে কি
কোনো শিশু নিজেকে প্রশ্ন করত। না প্রশ্ন করে নিজের মধ্যে সঠিক উত্তব
পেত ?

ভাল লাগত না, বাস্ এই পর্যন্ত। একরন্তি শহরটার ছ পা বাড়ালেই ধান ক্ষেত্ত পাট ক্ষেত্র, নদী থাল বিল, আর ধুধু গ্রাম। ক্রৈষ্ঠ আবাঢ়ে বড় বড় ভাওয়ালে নোকো কাঁঠাল বোঝাই-ইয়ে বাজারের ঘাটে এসে ভিড়ত। আবাঢ়ে তিন পরসা ছুধের সের। আর কার্তিকের ভরু থেকে সারাটা শীত মাছ আর মাছ। মাছুম কড মাছ থাবে। কাকে বকে খেত। তারপরও যা থেকে যেত, বাঁশের চটার গেঁখে ভকিয়ে ভাটকি করা হত। কিন্তু মাছ ছুধ কাঁঠাল দেখে কি চার বছরের শিশু খুলি হয়। তাই তো। কি দেখলে তার ভাল লাগবে!

আৰু আমি বৃঝি তথনও আমার ভাললাগার বােধ জনাারনি। ভালানের দিন তিতালের বৃকে কত ঠাকুর! শহরে আর ক'টা পুজো। দ্র-ছ্রাস্তের দব গ্রাম থেকে নৌকার করে দেদিন বড় বড় ছ্গা প্রতিমা এলে ভিড়েছে শহরের বাজারের ঘাটে। যেন বিদর্জনের আগে শহরের মান্নবকে ঠাকুর না দেখালে গাঁরের লোকের মন উঠত না। তেমনি পরলা ভাজের নৌকা-দৌড়। শত শত নোকো দেদিন ভিতালের জলে ছুটোছুটি করেছে। বিচিত্র দৃশ্য! আর পাঁচটি শিশুর মতন ভাল জামা-কাপড় পরে নৌকা-দৌড় দেখতে গেছি। এই পর্যস্ত। খুব একটা উৎস্ক দিশেহারা হতে পারিনি যেন।

ঐ বে বললাম, কোন্ দৃশ্য কোন্ শব্দ—কিদের গদ্ধ আমাকে আনন্দ দেবার জন্ম অপেক্ষা করছিল তথনও জানতে পারিনি, ব্রতে পারিনি। একদিন ঠাকুদার সঙ্গে একটা বাগান দেখতে গেলাম। আম-কাঁঠালের না, ফুলের বাগান।

ঠাকুর্দার দক্ষে রোজ সূর্য ওঠার আগে বেরিয়ে পড়তাম। প্রাতঃস্রমণের নেশা ছিল তাঁর। ঠাকুদার আঙল ধরে শহরের শেব সীমায় রেল লাইন পার হয়ে ধান ক্ষেত পাট ক্ষেত দেখতে দেখতে একটা খালের ধারে চলে গেছি। ভাত্ত মাসে জ্বলে ডোবান পাটের পচা গদ্ধে, অদ্রানে পাকা ধানের গদ্ধে আর বর্বার দিনে—বলেছি থাল বিলের দেশ আমাদের, পুর্ণট মৌরলা খলদে মাছের আঁশটে গদ্ধে ভোরের বাতাস ভূর-ভূর করছে টের পেতাম। আমি এখানে গদ্ধের ওপর গুরুত্ব দিচ্ছি। সব ক'টা ইন্দ্রিয়ের মধ্যে দেই শৈশব থেকে আমার নাকটা অভিযাত্রার সজাগ সচেতন। পরবর্তী জীবনে সাহিত্য স্বষ্টি করতে গিয়ে এই গন্ধ আমাকে অনেক সাহায্য করেছে। সেদিন খালের ধারে পৌছে ঠাকুর্দার সঙ্গে হেলিভি সাহেবের বাংলোর লাগোয়া ফুলবাগানের কাছে চলে গেলাম। দারোয়ান গেট খুলে দিল। বুড়ো দারোয়ান ঠাকুর্দাকে বড় ভালবাসত। বাগানে চুকেই তিনচার হাত দুরে একটা জিনিস দেখে চমকে উঠলাম। না, খুব যে একটা ফুলের সমারোহ ছিল বাগানে তা নয়। দেখলাম আমার মাধার সমান উচ্ একটা গাছের ছটো ভালে হটো গছ ফোটা গোলাপ। একটু একটু শিশির লেগে আছে পাপড়ির গায়ে। ভোবের রক্তরাঙা আলোর ছটা লেগে ঝকমক করছে কুল ছুটো। অল্প বাতাদে একটু একটু কাঁপছে। একটা সোনালী নীল প্রজাপতি একটা আফোটা কলির বোঁটায় চুপ করে বদে আছে। আমার চোথের ननक পড़न ना। चान वस इस राज। जाननागा कारक वसन, जान मुख की ᢖ দিন প্রথম টের পেলাম। আর গন্ধ। মির্জন উবার সেই বাগানে গোলাপের ্যত্ কোমল গদ্ধে আমার বুকের ভিতর ছেয়ে গেল। সেই গদ্ধ বুকে নিয়ে বাড়ি কিরলাম। যেন একটা আশ্চর্য সম্পদ আহরণ করে বাড়ি ফিরলাম।

আর একদিন। বাবার সঙ্গে ট্রেনে চড়ে আমার জন্মস্থান, আমার মায়ের দেশ কুমিল্লায় বেড়াতে গেছি। শহরের ওপর মামাদের বাসা। মাকে ছেড়ে এই প্রথম আমার মামাবাড়ি যাওয়া। চার থেকে সাড়ে চার বছর আমার বরস তথন। কাজেই মামাবাড়িতে আমার থাতির যত্নটা সেদিন একটু অন্তরক্ম ছিল। বড়মামা চোথের ইপারা করতে আমার সমবরসী ছটি মামা বাড়ির ভিতর ছটে গিরে আমার জন্ত উপহার নিরে এল। তথনও আমার জামা-কাপড় ছাড়া হয়নি, দিদিমার দেওরা লুচি সন্দেশ থাওরা হয়নি। বারান্দার দাঁড়িয়ে ছোট ছই মামার হাতে ধরা উপহারগুলি অবাক হয়ে দেথতে লাগলাম। চোথের পলক পড়ছিল না। রঙবেরঙের ক'টা পাথির পালক, কাজু বাদামের সাইজের—তেমনি সাদা ধবধবে ক'টা বালি-পাথর আর একরাশ শুকনো বকুল। অর্থাৎ ধছ্ম মামাবাড়ি বেড়াতে আসছে, বাবার চিঠি পেয়ে মামারা ছোট্ট ভায়েটির জন্ত রঙিন পাথির পালক, ছোট ছোট বালি-পাথর ও কিছু বকুল ফুল যোগাড় করে রেখেছিল। সকালের কুড়োনো বকুল শুকিয়ে লাল হয়ে গেছে। তা হলে হবে কি। গুই শুকিয়ে ওঠা বকুলের গদ্ধ ভীত্র হয়ে আমার নাকে লাগল। য়েন সঙ্গে সঙ্গে আমি স্বরভিত হয়ে উঠলাম। যেন ফুলটা বাসি হয়ে উঠেছিল বলে গদ্ধটা এত বেশি ভাল লাগছিল।

ষাই হোক, সেদিন আবার আমার প্রথম ভাললাগার আশ্রুর্থ অমুভূতি আমাকে আছের করে দিল। বেমন একদিন আধিনের পরিছের প্রভূষে হেলিডি সাহেবের বাগানের ছটি শিশিরভেজা গোলাপ আমাকে আবিষ্ট করেছিল। প্রথম ভাল-লাগার অমুভূতি। এর অর্থ কি! আজ ভাবি, সেদিনের সেই সব মূহূর্ত থেকে একটা শিল্প-বোধ আমার মধ্যে তৈরী হতে শুক করেছিল। কৈ আমাদের দেশের নৌকো বোঝাই কাঁঠাল নারিকেল, কার্তিকের এত মাছ, ভাসানের ঘাটের অজনতি প্রতিমা, পয়লা ভাদ্রের নৌকা-দৌড়ে নদীর বুক জুড়ে সরক্ষা পাভাম কোবা নাওরের ছুটোছুটির দৃশ্র এমন বিশ্বিত অভিভূত করতে পারেনি তো। না কি হাজার হাজার মাহ্বব সে-সব জিনিস দেখত উপভোগ করত বলে? ভিড়ের ভাললাগা আমার ভাল লাগেনি? তাই হবে। নির্জন উবার সাহেবের বাংলোর গোলাপ ছটি যেন একান্ত করে আমার জন্ত ফুটেছিল। যেমন আমাকে উপহার দেবে আমাকে খুশি করবে ভেবে ছোট্ট ছটি মামা রঙিন পাধির পালক বালি বকুল ও কোটো ভরে বেলেপাথর নিয়ে আমার জন্ত অপেক্ষা করছিল।

এত কথা আমার বলার উদ্দেশ্য একটা মাহ্যবের জীবনে সাহিত্য-রচনা শিল্পস্থান্তি কিছু আকম্মিক বা বিচ্ছিন্ন ঘটনা নয়। একটু একটু করে সে গল্পেকক হরে
স্থান্তি, উপস্থাসিক কবি বা চিত্রকর হরে ওঠে। বিন্দু বিন্দু করে তার রক্তে শিহরণ
সঞ্চারিত হর। আমার ভাই বিখাস।

হাা, ভাল-লাগা কাকে বলে জানলাম। পাথির পালক দেখে শুকনো বকুলের গন্ধ বুকে টেনে মুগ্ধ হতে শিথলাম।

তারপরের ঘটনা কবিতা পভা নয়—আবুত্তি। ছুলের বার্ষিক পুরস্কার বিতরণী অমুষ্ঠান। বিভাগীর কমিশনার, মহকুমা হাকিম, ডেপুটি মুন্সেফ, উকিল মোক্তার, ডাক্তার, কবিরান্ধ, পেশকার, দোকান-মালিকদের নিয়ে প্রায় জিন্দ ছেলের অভিভাবকদের বিরাট সমাবেশ। পুরস্কার বিতরণের আগে আরুন্তি প্রতিযোগিতা। একলা সভাবের ছেলেটি 'যাও পাথি যাও উডে' বলে একটা কবিতা আরম্ভি করল। কেমন করে আরম্ভি করতে হয়, তার বাবা আগের দিন সকালে তাকে শিখিয়ে দিয়েছেন। নীল আকাশের বুকে মুক্তির পাখা মেলে ছোট পাখি উডে যাচছে। ছেলেটি যেন নিজেই পাখি হয়ে অগাধ নীলের মধ্যে হারিরে যেতে লাগল। আর্ত্তি শেষ। সঙ্গে সঙ্গে কয়েক শ মানুষের হাততালি, প্রশংসার গুরুন। বালক গুরু হয়ে গুনল। উচু উচু ক্লাসের ছেলেদের হারিয়ে দিয়ে আবৃত্তি-প্রতিযোগিতায় প্রথম পুরস্কার পেল সে। পুরস্কারের বইটি বগলে নিমে তক্ষনি বাড়ি ছটে যাওয়া। কিন্তু বাড়ি গিয়ে দে কি দেখল। রামাঘরে চুপ করে মা বদে আছে, উন্ননের কড়াইরে ডাল সেম্ব হচ্ছে। ভাল লাগল তার। বেন একটা প্রকাণ্ড আকাশ থেকে নেমে এসেছে সে। খেলার মাঠের প্যাণ্ডেলের সেই সভাটাও আকাশের মতন বড লাগছিল তার কাছে। যেন অগুনতি তারার মতন অসংখ্য মাহুষের মুখ মাখা। এখন নিরিবিলি রান্নাঘরে মা-র পাশে এদে স্বন্ধি পাচ্চে সে।

কিন্ত জিনিসটা সেখানেই শেব হয়ে গেল কি। কল্পনার পাথি দেখতে শিথলাম। মনের মধ্যে অন্তহীন নীলিমা ধরা দিতে লাগল। তারপর খেকে ক্লাসে মাস্টারমশাই বই খুলে যখনই কবিতা পড়ে শোনাতেন, তখন আর শুধু কবিতা শুনতাম না। চোখের সামনে ছবি দেখতাম। 'নীল নবছনে আষাঢ় গগনে তিল ঠাঁই আর নাহি রে' অথবা 'বাশ বাগানের মাধার ওপর চাঁদ উঠেছে ঐ'—বুকের ভিতর শিরণির করে উঠত। অর্থাৎ সাহিত্যের রস কবিতার রস কেমন একটু একটু করে তার স্থাদ বুঝতে পারছি।

ঠিক তার এক বছর পরেই, তথন আমার বধদ এগারো, একদিন কবিতা পড়া বন্ধ করে মাস্টারমশাই আমাদের দিকে চোখ তুলে বললেন, তোরাও কবিতা লিখতে পারিদ। পারবি। চেষ্টা করে ছাখ না। চমকে উঠলাম কথাটা শুনে। ভাই ভো, এমন কথা ভো কেউ বলেনি, এ ধরনের কথা কারো মুখে ভো শুনিনি। বুকের ভিতর যেন বাঙ্কনা বেন্ধে উঠল। তোরাও পারবি কবিতা লিখতে। চেটা করে ছাখ্। আর কেউ চেটা করেছিল কিনা জানি না। ভার প্রমাণ পাইনি। আমি তখনই কোমর বেঁধে লেগে গেলাম। সাদা ফুলস্কেপ কাগজ কিনে চটপট একটা খাতা তৈরী করে ফেললাম। ফলটানা বাঁধান একসারাইজ খাতায় আমি কিন্তু কোনোদিন গল্প কবিতা লিখতে পারিনি। আজও না। ফলটানা কাগজের চেহারা দেখলেই মনে হয় এই জিনিসে স্কুলের হোম-টাস্ক করা চলে। অর্ধাৎ ধরাবাঁধা যে-সব লেখা। আর পাঁচজন যা লেখে। সাদা কাগজের পৃষ্ঠায় স্বাধীনভাবে কলম চালাবার স্কুষোগ থাকে। আর আমার কলমও তখন দারুপ ফুতি পায়। আজও এমন কাগজেই আমি আমার পাণ্ডলিপি তৈরী করি।

হু, গ্রীন্মের ছুটিটা কবিতা লিখে কেটে গেল। কবিতায় কবিতায় খাতা ভরে গেল। কবিতার খাতার নাম দিলাম "ঝরনা" যেন একটা কবিতার বই ছাপিয়েছি আমি। ছুটির শেষ ক'টা দিন মামাবাড়ি ছিলাম। খাতাটা সেজমামাকে দেখালাম। একটু হাসলেন তিনি। ক'টা পাতা উন্টেপান্টে দেখলেন। ব্যস, এই পর্বস্ত। কোনোরকম মস্তব্য না। যদি তিনি বলতেন, 'কিচ্ছু হয়নি'— একরকম লাগত; যদি তিনি বলতেন, 'বেশ বেশ, স্থন্দর হচ্ছে, লিখে যা', নিশ্চয় আহ্নাদে নাচতাম। কিন্তু শুধু একটা নিঃশন্দ হাসি এবং তারপর খাতাটা আমার হাতে ফিরিয়ে দেশ্রা। কেমন যেন অবাক হলাম, অভিমান হল খানিকটা, ব্যথাও পেলাম কম না। আজ আমার নতুন প্রকাশিত একখানা উপত্যাস উৎসাহের সঙ্গে কাউকে পড়তে দেই, আর যদি তিনি এভাবে একটু হেসে ক্ষেকটা পৃষ্ঠা উন্টেপান্টে দেখে বইটা তখনি আমাকে ফিরিয়ে দেন! আমার মনের অবস্থা কেমন হবে । সেদিনও তাই হয়েছিল। আমার লেখা সম্বন্ধে একজন পাঠকের শীতেল নিস্পৃহতা আমাকে যত ক্ষম্ব ক্ষিপ্ত করে, গালিগালাজ তা করে না।

কিন্তু সাতদিন পরেই আমার নিরুৎসাহের ভাবটা কেটে গেল। বাড়ি ফিরলাম। স্থল খুলে গেছে। রাসের মাস্টারমশাইকে কবিতার খাতাটা দেখালাম। চেয়ারে বসে একটা একটা করে সবকটা কবিতা পড়লেন তিনি। উৎস্ক হয়ে আমি তাঁর মুখের দিকে তাকিয়ে। দেখলাম, এক সময় তাঁর বড় বড় সাদা দাঁত চকচকে হয়ে উঠল, চোখেমুখে খুশির আলো বিজ্পরিত হল। খাতাটা বন্ধ করে কাছে ডেকে আমার পিঠে মুছ্ চাপড় দিলেন। 'লিখে যা, তৃই পারবি', রাসের স্বাইকে শুনিয়ে বড় গলায় তিনি বললেন, 'তোর হবে'। দেখলাম, আমি ছাড়া আর একটি ছেলেও কবিতা লিখে আনেনি, মাস্টারমশায়ের হাতে কবিতার খাতা তুলে

দেয়নি। চোথ বড করে দতীর্থরা আমার মুথের দিকে তাকিয়ে রইল। গর্বে আমার বৃক উচু হয়ে উঠল। এই হল দাহিত্য-জগতে আমার প্রথম প্রবেশের কাহিনী। আমার ছোট মহলে আমি 'কবি' হয়ে গেলাম।

ঠিক তার কদিন আগের একটা ঘটনা। শরতের মহাঅষ্টমীর জ্যোৎসা টলটল করছে। বড়মামার সঙ্গে ঠাকুর দেখে আমগা ফিরছি। রাস্তার ছদিকে ধানক্ষেত। অল্প বাতাদে ধান গাছে দোলা লাগছে। ধানে তথ এদে গেছে। কদিন পরে ধান পাকবে। এমন সময় ক্ষেতের দিকে চোধ রেখে হাঁটতে হাঁটতে বড-মামা বললেন, পাকা ধানের গদ্ধে রবিঠাকুর পাগল হয়ে কবিতা লিখতে বদে যান। খচ করে কথাটা এদে আমার মগজে বি"ধল। আঁা, রবিঠাকুর, কোন রবিঠাকুর, ঐ दि वामालि वार्ला माहिका-भार्ष्ठिय 'नील नवधरन वाषा गगरने ' कविकारी লিখেছেন! তাই তো, ধানের গন্ধে তিনি পাগল হন! অন্তত লাগল ভনে। দেদিন কালিদাস রায়, কুমুদ মল্লিক, কামিনী রায় থেকে শুরু করে সব কবিকেই সমান চোখে দেখতাম। কিন্তু বডমামার কথা শুনে মনে হল রবিঠাকুর একজন বিশেষ জ্বাতের কবি, অন্য কবিদের চেয়ে তিনি আলাদা। ধানের গদ্ধ তাঁকে উন্ননা করে, অস্থির করে। আগেই বলেছি, শৈশব থেকে আমার ভ্রাণেক্রিয় অভ্যন্ত সজাগ প্রথব। তাই সারাকণ বডমামার কথাটা চিন্তা করলাম, আর ভিতবে ভিতরে উত্তেজিত হতে লাগলাম। আমিও তো ধানের গন্ধ পাই, ঘাদের গন্ধ পাই। কেবল কি ধান ঘাদ। ফুলের গন্ধ, পাথির পোকা-মাকডের গারের গন্ধ, খডকুটো কাঁকডাৰ মাটি মূলো শ্বা, এমন কি ঘরের কোণার মাকডসার জালের গন্ধ অহরহ আমার নাকে লাগে, আমি তো পাগল হযে রবিঠাকুরের মতন কবিতা লিখতে বদে যাই না।

দেদিন আফসোস কবেছি। কিন্তু পরবর্তী জীবনে এই দব গদ্ধের শ্বিতি আমাকে অনেক গল্পের অনেক উপস্থাসেব চরিত্র আঁকতে সাহায্য করেছে। আমাদের বাদাব কাছেই ভূবন পণ্ডিতের বাদা। একটা প্রকাণ্ড বাভাবি লেবু গাছ পণ্ডিতের বাদাঘরের পিছনে। পণ্ডিতের ছ' মেয়ে বডবুডি ও যমুনা। বাভাবি লেবুর লোভে প্রায়ই আমরা ওদের বাদায় ছুটে যেতাম। এবং যথনই যেতাম, আমি যেন ছ'বোনের গায়ে একটা গদ্ধ পেতাম। কেমন গদ্ধ ? বাদলা দিনে মাটির খোলায় কাঁঠালবিচি ভাজতে বাকটকট করে কাঁঠালবিচি চিবোভ ভা নয়। কেবল গ্রীম বর্বাই না, মাঘের কডা শীতেও ছ'বোনের গায়ে আমি ওই গদ্ধ

পেতাম। কৈশোরের সেই গদ্ধের স্থৃতি চল্লিশ বছর বয়সে আমাকে দিয়ে 'বুটকি ছুটকি' গল্প লিথিয়েছিল।

বলেছি আমাদের বাসার কাছেই কোর্ট-কাছারি। কাছারির কাছেই একটা কাঁঠালগাছের নিচে মিটির দোকান। দোকানের পিছন দিকটায় হালুইকরের এক কোঁটা বাসা। ছোটপিসির সঙ্গে রোজ একবার করে হালুইকরের বউয়ের কাছে যেতাম। ছোটপিসির সঙ্গে হালুইকরের বউয়ের খুব ভাব ছিল। মাটিতে দাগ কেটে তেঁতুলবীচি দিয়ে আমরা বোলঘুটি খেলতাম। ছোট বাসা, ছোট সাঁডাল্যাতে উঠোন। খাওলা ধরে কেমন সব্জ সব্জ দেখাত। উঠোনের পাশেই শুজিপানা ভরতি ভোবা। দেখানে সারাক্ষণ হাসের পাঁাকপাঁাক শুনতাম। কিছ হালুইকরের গিন্ধী ছিল ভয়ানক স্থলরী। জোছনা ছাকা গায়ের রঙ। টানা টানা চোখ। হাসের গায়ের গন্ধ খানা-ভোবার গন্ধ দাঁটেলাটাতে উঠোন আর ওদিকে হালুইকরের কড়াই খেকে উঠে আসা খাঁটি ভয়সা-ঘিয়ে লুচি পাস্কয়া ভাজার গন্ধের শ্বিত দীর্ঘকাল আমার নাকে লেগেছিল। সেইসব গদ্ধের সঙ্গে হালুইকরের যুবতী শ্বীর অপরপ রঙ, ছিমছাম কাঠামো ও অনিন্দাস্থলর চোথঘ্টির শ্বুতি পরে একদিন আমাকে দিয়ে 'গিরপিটি' গন্ধ লিথিয়েছিল কিনা কে জানে।

তেমনি শিশুকালে নিত্য বার দক্ষে প্রত্যুবে বেড়াতে বেরোতাম, দেই আমার দীর্ঘারু লোভী ঠাকুর্দার গারের পাকা আমের গদ্ধের মতন নিবিড মদির গদ্ধ ও হেলিডির বাংলোর গোলাপের টাটকা গদ্ধ মিলেমিশে গিয়ে আমার কলম থেকে একদিন 'বনের রাজা' বেরিয়ে এল।

আমার 'সমুত্র' গল্প পড়ে পাঠক বন্ধুরা, আমি যতটা তাঁদের মুখে শুনেছি, কলকাতার বসে তাঁরা পুরীর সমুত্রতটের রোদ্রতিপ্ত বালু, বালুর ওপর ছড়ান বিহুক-শামুক ও ইতন্তত সঞ্চরমান কুদে কাঁকড়া, হুন মেশানো বাতাস ও মাছ ভাজার গন্ধ পেরেছেন।

আবার আমি আমার কৈশোরে ফিরে যাই। কবিতা দিয়ে সাহিত্য আরপ্ত করেছিলাম। কিন্তু কেবল কবিতা লিখে কবিতা পড়ে কুধা মিটছিল না। গছ চাই। গছ খুঁজছি। বাড়ির কারো সাহিত্য পড়ার নেশা খুব একটা ছিল না। কাজেই তেমন বইটই বাড়িতে বড় একটা দেখতাম না। একদিন কিন্তু বাবার টেবিলে আইনের বইয়ের পাশে গ্রহাবলীর সাইজের মলাট-ছেঁড়া তিনখানা উপস্তাস পেরে গেলাম। রাজপুত জীবনসন্ধ্যা, মাধবীকরণ, মহারাষ্ট্র জীবনপ্রভাত। ব্যস্ব, বেন অমৃল্যরত্ব হাতে এসে গেল। ক্লেখাসে তিনধণ্ড বই পড়ে শেষ করলাম।

শেষ করবার পর আবার রসিয়ে এক একটা বই পড়ি। এগারো থেকে বারো আমার বয়স তথন। হয়তো সব কথা ব্রুতাম না। কিন্তু বাংলা ভাষা তো। পড়ে যেতে অস্থবিধে ছিল কি। তার আগে মোটে ছতিনখানা শিশুগ্রন্থ পড়ে শেষ করেছিলাম। চারু-হারু, ঠাকুরমার ঝুলি, ঠাকুর্দার ঝুলি। তার পরেই রমেশ-চন্দ্রের গ্রন্থাবলী দিয়ে সাবালক সাহিত্য পাঠ শুরু। চরিত্রগুলি চোখের সামনে নডচড়া করতে লাগল।

আমার একটা দোষ। অস্তত ছেলেবেলায় এটা খুব ছিল। ভাবতাম আমি যেন উপস্থাদের একজন নায়ক, এমনকি কোনো কোনো সময় নিজেকে নায়িকা ভাবতেও স্থুথ হত। ভাবতাম নায়ক নায়িকাদের মতন আমিও আমার জীবনটা কাটাব। মাধবীকঙ্কণ পড়ে বালুবেলায় একটি বালিকাকে আমি মনে মনে খুঁজেছি এবং কল্পনায় আমি তার হাতে মাধবীকদ্বণ পরিয়ে দিয়েছি। মহারাষ্ট্র জীবনপ্রভাত পড়ে নিজেকে মনে হত আমিও সেই হুঃসাহসী মারাঠী বীর। মাওয়ালী সৈত্তদের নিয়ে আমিও যেন পাহাড়ে পাহাড়ে একটার পর একটা দুর্গ জয় করে চলেছি। বলতে কি সেদিন থেকে আমি খুব পাহাডের স্বপ্ন-দেখতাম। থেলার দদীদের নিয়ে যুদ্ধ কেল্লা-দথল ইত্যাদি থেলা থেলতে আরম্ভ করে দিলাম। কেবল কি খেলা, ইট মাটি পাথর একত্র করে তার ওপর ঘাসের চাপড়া বসিয়ে ছোট বড় পাহাড় তৈরী করতাম। পাহাড়ে ঝরণা থাকত, গুহা থাকত, গিরিবর্ত্ম পাকত। উট্ ইট মাটি পাপর দিয়ে পাহাড বানিয়ে তৃপ্তি পাচ্ছিলাম না। রঙ তুলি ও কাগজ নিয়ে ছবি আঁকতে বলে গেলাম। সবই ল্যাওম্বেপ। পাহাড পর্বত অরণ্য প্রান্তর। ব্যস্, এবার ছবি আঁকাটাই নেশার মধ্যে দাঁড়িয়ে গেল। আমার ছবি আঁকার দাখী ছিল ছোটমামা। পরে তিনি গভর্নমেন্ট আর্টস স্থল থেকে পাদ করেন এবং ছবি এঁকে যথেষ্ট নাম করেন।

ছবি আঁকা, পাথর মাটি দিয়ে পাহাড় বানান আর সাহিত্য পড়া। আমি আমার কাজ পেয়ে গেলাম। আর আমি গোমডামুথ করে রায়াঘরের পিছনে পুকুর ঘাটের সেই থেজুর ও শেওড়া ঝোপের পিছনে সন্ধ্যার রক্তাক্ত আকাশের দিকে চোথ রেখে একা একা চুপ করে দাঁড়িয়ে থাকি না। অবগু তথন একটু বছও হয়েছি। পঞ্চম শ্রেণীর ছাত্র। মাধবীকয়ণ, মহারাষ্ট্র জীবনপ্রভাত শেষ হয়ে গেল। হাতে এখন জলধর সেনের বিশ্বদানা, পাগল, অভয়া। যেন আমিও পাগল হয়ে গেলাম। আয়হারা হয়ে তিনখানা বই শেষ করলাম। সঙ্গে সঙ্গে আর একখানা উপস্থাস হাতে এসে পড়ল। যতীক্সমোহন সিংহের প্রবতারা। পড়ে

স্তম্ভিত হয়ে গেলাম। না, ইতিহাসের কোনো চরিত্র নয়। এ যে আমার দেখা মাহ্রষ। উপীন যেন আমার বড়মামা। চারুলতাকে যেন আমাদের পাড়ার কোনো বাড়িতে দেখেছি। বনলতাকে দেখেছি। আর উপীনদের সেই দেশের গাঁয়ের বৃহৎ একারবর্তী সংসার। এ আমার নিত্য দেখা ছবি। ভীষণ ভাল লাগল বইটা। বার তিনেক পড়েছিলাম মনে আছে। বলেছি, উপত্যাসের নায়ক নায়িকাদের সঙ্গে নিজেকে মিশিয়ে ফেলতে আমার প্রাণ ছটফট করত। মনে মনে নিজেকে উপীন ভাবতাম আর উপানের মতন আমার জীবনের ঞ্বতারা কোনো চারুলতাকে খুঁকতাম। প্রেম ও প্রেমের ব্যর্থতার চিত্র তথন থেকে আমার মনে আঁকা হয়ে গেল।

ইতিমধ্যে কোর্টের কাজে বাবার এক উকিল বন্ধু আমাদের বাসায় এলেন। হঠাৎ তিনি আবিষ্কার করলেন পঞ্চম শ্রেণীর ছাত্র, বয়স বারো অতিক্রম করেনি, ধয়ু জলধর সেনের বই পডছে, গ্রুবতারার মতন উপক্রাস পড়ছে। দেখে তিনি চমকে উঠলেন। বাবাকে সাবধান করে দিলেন। এত অল্প বয়সের ছেলেকে এ সব উপক্রাসটুপক্রাস পড়তে দেবে না। উপদেশ দেবার পর কাজ সেরে তিনি চলে গেলেন। অবাক হলাম বাবাকে দেখে। তিনি কিন্তু একবারও আমাকে বললেন না বে এখনও তোমার উপক্রাস পড়ায় সময় হয়নি। আমি কিন্তু সেটাই আশা করেছিলাম। কিন্তু এই সম্পর্কে আমাকে কিছুই বললেন না তিনি। আমার সাহিত্য পড়া ছবি আঁকা বা কবিতা লেখার ব্যাপারে বাবা ভীষণ উদার ছিলেন। আমার সবকিছু তিনি পছন্দ করতেন। একটু বড় হয়েও লক্ষ্য করেছি।

সপ্তম শ্রেণীতে উঠে আমি প্রথম রবীন্দ্রনাথের গছের স্বাদ পাই। স্থলে আর্ত্তি করে একখণ্ড গরগুচ্ছ উপহার পেরেছিলাম। প্রায় রাতারাতি গরগুলি পড়ে শেষ করলাম। তারপর খুঁজতে লাগলাম গরগুচ্ছের বাকি খণ্ডগুলি কোথায় পাভয়া যায়। ছোট শহর, পাবলিক লাইত্রেরী বলতে সেদিন প্রায় কিছুই ছিল না। স্থলের লাইত্রেবীতেও রবীন্দ্রনাথের গরগুচ্ছের পুরো সেট ছিল না। কাজেই বাকি খণ্ডগুলি যোগাড করে পড়ে শেষ করতে প্রায় বছর ছ্'তিন আমাকে অপেক্ষা করতে হয়েছিল।

যাই হোক, একটা মজার ব্যাপার, সেই একখণ্ড গল্লগুচ্ছ পডার পর উপত্যাস পড়ার ঝোঁকটা আমার কমে গেল। ছবি আঁকা তথনও সমান বেগে চলছে। কিছু একখণ্ড গল্লগুচ্ছের গল্লগুলি ক্রমাগত মাথায় ঘুরতে লাগল। এবং একদিন ছট করে ছবি আঁকা ছেড়ে গল্প লিখতে বদে গেলাম। অষ্টম শ্রেণীর ছাত্র আমি তথন। চৌদ্দ পার হয়ে পনেরোয় পা দেব দেব করছি। বয়ঃদন্ধির সেই ভয়ংকর সময়ে পন্থ ছেড়ে আমি গন্থ লেখায় মন দিলাম। এবং সেটা ছোটগল্প।

ছোটগল্প লিখতে আরম্ভ করে কিন্তু আমি আর ছবি আঁকার দিকে তেমন মন দিতে পারিনি। ইচ্ছেও করত না। মনে হত গল্প লেখাটাই জল্পনী। যথন নবম দশম শ্রেণীর ছাত্র তথন থেকে এই সমিতি সেই ক্লাব অমৃক সভ্য বা এ-পাডা ও-পাডার হাতে লেখা কাগজগুলিতে আমি গল্প দিতে আরম্ভ করি। অর্থাৎ তথন খেকে আমার ছোট গল্পের রীতিমত 'ডিমাণ্ড' শুরু হয়ে গেছে। সেদিন মফঃখল শহরগুলিতে হাতে লিখে কাগজ বার করার একটা ছিড়িক পডে গিয়েছিল।

আমার মত করে আমি নিজেও হাতে লিখে একটা কাগজ বার করেছিলাম। একটি সংখ্যাই বার করেছিলাম। অবশু তাতে অন্থ কারো রচনা ছিল না। আমার লেখা কবিতা, আমার আঁকা ছবি আর মামার লেখা গল্প—ব্যস! কাগজটা যথন হাতে নিতাম কী যে হাসি পেত না!

এভাবে বন্ধমহলে, ছাত্রমহলে, আমাদের ছোট শহর এবং মামাবাজি কুমিল্লা শহরে আন্তে আন্তে আমি গল্পকে হিসাবে পরিচিত হতে লাগলাম।

স্থূলের পড়া শেষ করে কলেজে ঢুকে প্রথম বছরেই মে'পাসার একটা ছোট গল্প অনুবাদ করে ঢাকার সাপ্তাহিক 'বাংলার বাণী' পত্রিকায় পাঠিয়ে দিই। গল্পটা ছাপা হল। ছাপার অক্ষরে এই প্রথম নিজের লেখা দেখলাম। যদিও অনুবাদ কর্ম। তার ঠিক একমাস পর ঐ কাগজে একটা গল্প লিখে পাঠাই। সম্পাদক মশায় সঙ্গে গল্পটা ছেপে দেন। ছাপার অক্ষরে এই আমার প্রথম মৌ, লিক রচনা। গল্পের নামটা আজ মনে নেই। তবে ঐ সময় আমাদের কলেজম্যাগাজিনে একটা গল্প লিখি। গল্পের নাম 'অন্তর্গালে'—আমাদের বাংলার অধ্যাপক গল্পটার খূব প্রশংসা করেছিলেন মনে আছে। তারপর থেকে বিভিন্ন পত্র-পত্রিকায়, যেমন ঢাকার সাপ্তাহিক 'বাংলার বাণী', 'সোনার বাংলা', কলকাতার 'নবশক্তি', সাপ্তাহিক 'সংবাদ' ইত্যাদি কাগজে একের পর এক আমার গল্প ছাপা হতে থাকে। তথন এক ছুপুরে একটা গল্প লিখে ফেলতাম। লেখার জন্ম সেদিন কোনো কাগজ থেকে পয়সা পেতাম না।

হু, এক ছুপুরে, কি একটা সকালে বসে এক একটা গল্প লিখে শেষ করেছি। পরবর্তী জীবনে একটা গল্প লিখতে আমি ছু মাসের বেশি সময় নিমেছি। ইচ্ছে করে। কাটাকুটি মাজাঘষা অদলবদল করা যেন আর শেষ হত না। এখন ও

প্রায় সেই অবস্থা। আমার পাণুলিপির চেহারা দেখে অনেক সম্পাদক ভর পান।

তথন আমি কলেজের ৩য় বার্ষিক শ্রেণীর ছাত্র। 'সন্ত্রাসবাদী' সন্দেহে পুলিস আমাকে গ্রেপ্তার করে। চার মাস জেলে আটক রাখার পর আমাকে স্বগৃহে অন্তরীণ করা হয়। কথাটা বললাম এই জয় সেদিন সরকারী নিমেধাজ্ঞার সঙ্গে আমার ওপর আর একটা কড়া নিমেধাজ্ঞা বলবৎ ছিল। পত্রপত্রিকায় লেখালেখি চলবে না। মুশকিলে পড়া গেল। মাধায় রাশি রাশি গল্প জমা হচ্ছে যে। বাধ্য হয়ে "জ্যোৎসা রাফ" ছয়নাম নিয়ে বিভিন্ন সাপ্তাহিক পত্রিকায় অনেকগুলি গল্প লিখেছিলাম। কাটিং রাখিনি। বা য়েন রেখেছিলাম। দেশে আমার বইরের আলমারিতে ছিল। দেশভাগের পর সেসব আর আনা হয়নি। এভাবে আমার অনেক লেখা হারিয়ে গেছে। এবং আমার আঁকা অনেক ছবি।

একদিন আমার ওপর থেকে সরকারী নিষেধাজ্ঞা তুলে নেওয়া হল। আর ঠিক প্রায় ঐ সময় সাপ্তাহিক 'দেশ' পত্রিকা বেরোতে আরম্ভ করে। যভটা মনে পড়ে 'দেশ' পত্রিকার তৃতীয় বছরেই (১৯৩৬) 'রাইচরণের বাবরি' নামে আমার একটা গল্প প্রকাশিত হয়। এর কিছুকাল পরেই চাকরিবাকরির আশায় কলকাতা চলে আসি। অভিনারী গ্রাপ্তরেট। চাকরি দেয় কে! আজকের মতন সেদিনও (১৯৩৭-৩৮) চাক্রির বাজার ভয়ানক টাইট ছিল। তবে এ-ও সত্য আদাজন বেয়ে অফিসের দরজায় ঢ়ুঁ মেরে চাকরি থোঁজার মেজাজ আমার ছিল না। कारनामिनरे छिन ना। टाथ छिन माहिए । यन छिन कि करत अकी ভাল গল্প লিখব। একটা পাইস-হোটেলে থাকি থাই। গোটা ছুই টুইশনি করি। আর সারা তুপুর একা একা নিজের সীটে বদে গল্প লিখি। অন্তত ভাল লাগত দিনগুলি। সিনেমা দেখি না খেলা দেখি না। হোটেলে থাকা খাওয়ার ব্দপ্ত মাদে বারো তেরো টাকা দিতে হত । চা ব্দশ্যবার ধোপা নাপিত পান বিডি ট্রাম বাদ ও টুকিটাকি ধরচ নিয়ে আরও দশ বারো টাকা। ব্যস্, ছেলে পড়িয়ে ঐ কুডি বাইশ টাকা লোজগার করে ভাবতাম যথেষ্ট, আর রোজগারের দরকার কি। আমাকে 'লেখক' হতে হবে। বড সাহিত্যিক হব। খ্যাতিমান হব। বাতদিন কেবল এই ম্বপ্ন। দেই ম্বপ্ন দেখার ঠেলা এখন সামলাতে হচ্ছে। সত্যি, 'লেখক' হবার নেশায়, আজ চিন্তা করি, সেদিন কি ছেলেমারুষী না পেরে বসেচিল।

হ", হোটেলের তব্জপোশের বিছানার বসে সারা তুপুর গল লিখি। তথন

প্রেমেক্স মিত্র সাপ্তাহিক 'নবশক্তি' কাগজের সম্পাদক। আমার অনেকগুলি গল্প. তিনি ছেপেছেন। একবার 'নবশক্তির' পুজো-সংখ্যার আমার একটা গল ছেপে দিলেন। বুকের পাটা বেড়ে গেল। তার মানে লেখক হবার পাগলামি আর একটু বেশি করে পেয়ে বসল। ঐ সময়ে 'পূর্বাশা' ও 'অগ্রগতি' বেরোচ্ছে। ছুটো কাগছই দাৰুণ ভাল লাগত। একটা সাপ্তাহিক একটা মাসিক। কাগজ দুটো হাতে নিলেই একটা নতুন গন্ধ বেরোত। আষাঢ়ের শেষে নতুন ফোটা কলমফুল হাতে নিলে বেমন নাকে গন্ধ লাগে। পড়তে আরম্ভ করলে নতুন স্বাদ পেতাম। কেনার পয়সা সব সময় থাকত না। কলেছ স্ট্রীটের মোড়ে পাতিরামের স্টলে দাঁড়িয়ে কতদিন পড়ে ফেলেছি। তথন ঐ পাডাতেই থাকতাম কিনা। কদিন পরেই ভ্যানসিটার্ট রো থেকে ''দৈনিক যুগাস্তর'' বেরোতে আরম্ভ করে। একটা সাব-এডিটরের চাকরি জ্টে গেল। অবশ্য খুব অল্প সময় চাকরি করার ফ্যোগ পেয়ে-ছিলাম। কিন্তু সমর্টার উল্লেখ কর ছি এই জন্য, এই ক'মাসের মধ্যে আমার তিনটি উল্লেখযোগ্য গল্প বেবোর তিনটি কাগজে। পূর্বাণায় 'সূর্ব', জৈমাসিক পরি-চরে 'নদী ও নারী' এবং দেশ পত্রিকার 'অনারষ্টি' নামে গল্প। ভারপর থেকে পূর্বাশা ও দেশ-এ আমি নিয়মিত গল্প লিখতে থাকি। তথন শ্রীসাগরময় ঘোষ 'দেশ' পত্রিকায় সহ-সম্পাদক হিসাবে যোগ দেন। কদিন পরই ছুমায়ুন ক্বীর সম্পাদিত 'চতুরক্বে' আমার একটি গল্প ছাপা হল। গল্পের নাম 'শালিক কি চডুই'।

পূর্বাশা, দেশ, চত্রক্ষ, ভারতবর্ষ, মাতৃভূমি, পরিচর ইত্যাদি কাগক্তে একের পর এক আমার 'পালিশ', 'মঙ্গলগ্রহ', 'কমরেড', বধিরা', 'শালিশ কি চডুই', 'শশাঙ্ক মিল্লকের নতুন বাড়ি', 'বনানীর প্রেম', 'নদী ও নারী' গল্প বেরিরে গেল। তথনও আমি উপন্যাসে হাত দিইনি। আমার সমসামিরিক লেথক বন্ধুরা প্রত্যেকে তথন উপন্যাস লিখতে শুক্ক করেছেন বা কেউ কেউ একাধিক উপন্যাস লিখেও শেষ করেছেন। আমি কেন উপন্যাসে হাত দিই না এই নিয়ে তু একটি বন্ধু প্রারই শভিষোগ করছিলেন। তাঁদের বক্তব্য ছিল এই: গল্প লিখে তোমার হাত পেকেছে, ভাষা পরিচ্ছন্ন, চরিত্র-চিত্রণও মন্দ হচ্ছে না। এখন উপন্যাস লিখতে আটকাচ্ছে কোথার।

আমি মনে মনে হাসতাম। বন্ধুদের বোঝাতে পারতাম না বা মুখ ফুটে বলতাম না আমি উপস্থাসের দিকে আন্তে আন্তে এগোচ্ছি। আমি মনে করতাম গরগুলি হল এক এক খণ্ড ইট। আর উপস্থাস হল একটা প্রকাণ্ড ইমারত। স্তরাং ইটের পর ইট গাঁধার মতন আমি আমার গরের চরিত্রগুলি সাজিরে. দেব। সেই সঙ্গে সিচুয়েশনের দরছা জানালা জুড়ে দেব, ঘটনার সি°ড়ি থাকবে বারান্দা থাকবে। তার ওপর স্টাইলের পলেন্ডারা পড়বে এবং তারপর ভাষার রং।

জানিনা বন্ধুরা সেদিন কথাটা শুনলে হাসতেন কিনা। আজ আমি হাসি। কারণ আমার মতন ইট না পুড়িয়েও এই পর্যস্ত অনেকে বড় এবং সার্থক উপস্থাস স্থাষ্টি করেছেন। রোদে জলে ঘেমে নেয়ে একশা হয়ে ছোট-গল্প লেখার জন্ম তাঁদের হাড় পাকাতে হয়নি। একবারেই তাঁরা মনোলিখিক ক্লাকচারের মতন এক একটি স্থ্রহৎ উপস্থাস লিখে ফেলেছেন।

কাজেই বুড়ো বরদে এখন বুঝতে শিথেছি ছোট্ট-গল্প এক জিনিস, উপস্থাস আলাদা শিল্প। উপস্থাস লিখতে হলে ছোট-গল্প লিখে হাত পাকাবার দরকার পড়ে না। বরং বেশি ছোট-গল্প লিখতে অভ্যন্ত হয়ে গেলে উপস্থাসের মধ্যে ছোট-গল্পের মেজাজ্প এসে যাবার ভয় থাকে। আমার কিছু কিছু উপস্থাস তাই হয়ে গেছে। এই জয়্য অবশু আমি য়য়ুতপ্ত নই। কারণ এই এক ধরনের উপস্থাস না হোক, উপস্থাসিকা তো বটে।

একদিন 'দেশ' পত্রিকার জ্বন্থ শ্রীসাগরময় ঘোষ গল্প চেয়ে চিঠি লিখে পাঠালেন এবং সেই সঙ্গে এক লাইন খোগ করে দিলেন—এবার উপক্যাদে হাত দাও।

আর ছিধা করলাম না। কাগজ-কলম নিয়ে কোমর বেঁধে উপস্থাস লিখতে বসে গেলাম। তৃ-চার মাসের পরিশ্রমের পর মোটাম্টি একটা লেখা দাঁড়িরে গেল।দেশ পত্রিকার ধারাবাহিক সেটা ছাপা হয়। এই হল আমার প্রথম উপস্থাস। নাম 'সূর্যমুখী'।

'স্ধ্যুখী' লিখে নিন্দা খ্যাতি ছ-ই ছুটেছিল আমার। খ্যাতির চেয়ে নিন্দাই বেলি। 'স্ধ্যুখী' পড়ে ছ-চারজন পাবলিশার আমার পরবর্তী গ্রন্থ প্রকাশের জন্ত উৎসাহী হয়ে আমাকে চিঠি দেন। তাঁদের সঙ্গে দেখা করতে তাঁরা বলেন, মশাই, আপনার 'স্ধ্যুখী' পড়ে আমরা মৃশ্ব হয়েছি—তবে আমাদের যে বইখানা দেবেন, সেটি যেন 'স্ধ্যুখী'র মতন না হয়। কথাটা ভনে কেমন বোকা হয়ে গিয়েছিলাম। ইা করে তাঁদের ম্থের দিকে তাকিয়ে রইলাম। আমার অসহায় অবস্থা বৃরত্তে পেরে তাঁরা দাঁত ছড়িয়ে হাসলেন, বললেন, আপনার 'স্ধ্যুখী'র ভাষা বর্ণনা চরিত্র চিত্রণের তুলনা হয় না। খ্বই সরস লেখা। তবে আপনার ideology আমরা মেনে নিতে পারছি না। Ideology বলতে তাঁরা কি ব্রেছিলেন এবং

'স্ব্যুখী'তে আমি কোন্ আদর্শ দাঁড় করাতে চেয়েছিলাম, আজও আমার কাছে তা অপ্পষ্ট থেকে গেছে। একটা ছোট মফঃশ্বল শহর নিয়ে গল্প। সেখানে কিছু ভাল লোক ছিল, কিছু মন্দ লোক ছিল। তাদের লোভ হিংসা ছিল, কামনা বাসনা ছিল, যথেষ্ট শ্বেহ মমতাও ছিল কারো কারো মধ্যে। এ-সব নিয়ে তারা বাঁচতে চেয়েছিল। সাধারণভাবে মামুর বেভাবে বাঁচতে চায়। কোনো বছ আকাজ্রা সাংঘাতিক শ্বপ্প তাদের চোথের সামনে ছিল না। এবং তাদের নিয়তি শেষ পর্যন্ত তাদের কোধায় টেনে নিয়ে গেল এই আমি শুণু দেখাতে চেয়েছি। আদর্শ প্রচার করার জক্ত আমি ঐ উপক্তাস লিখিনি।

'স্থম্থী'র পর 'মীরার ত্পুর' আমার দ্বিতীর উপস্থাস। তৃতীর উপস্থাস 'বারো ঘর এক উঠোন'।

পাঠকদের মতামত শুনে যতটা ধারণা হয় 'বারো ঘর এক উঠোন' আমার সবচেয়ে জনপ্রিয় বহুপঠিত উপন্যাস। হতে পারে। অনেক মুখ অনেক চরিত্র অনেক অন্ধকার বেদনা ও হাহাকার নিয়ে এই বই। এটিও 'দেশ' পত্রিকায় ধারাবাহিক প্রকাশিত হয়। যতটা মনে পড়ে 'ন দশ মাস লেগেছিল 'দেশ'-এর লেখা শেষ করতে। কিন্তু শেষ করার পর আমার মনে হয়েছিল উপন্যাসের পরিণতি যেন ঠিক হল না। অসম্পূর্ণ থেকে গেছে। আরও কিছু কথা বলার বাকি আছে। তাই গ্রন্থাকারে প্রকাশ করার পূর্বে আরও অনেকটা লিখতে হয়ে-ছিল আমাকে। প্রায় তিন ফর্মা।

সেদিন 'বারো ঘর এক উঠোন' নিয়েও আমাকে নানা মহল থেকে কম আক্রমণ করা হয় নি। বিদগ্ধ পাঠকদের মধ্যেও কেউ কেউ এই উপস্থাদের নিন্দায় সোচ্চার হয়ে উঠেছিলেন। তাঁদের বক্তব্য অনেকটা এই রকম ছিল: এই অ্বৃহৎ উপস্থাস লিখতে জ্যোতিরিক্রকে অনেক পরিশ্রম করতে হয়েছে সন্দেহ নেই। এবং এই গ্রছে নি:সন্দেহে তিনি যথেষ্ট শিল্প-নৈপুণ্যের পরিচয় দিয়েছেন। কিছু তাঁর সব শ্রম সব নৈপুণ্য ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। প্রতিভার এমন মর্মান্তিক অপচয় সচরাচর দেখা যায় না। তিনি শুধু অদ্ধকারই দেখেছেন। নিজে যেমন আলো দেখতে পান নি, তেমনি তাঁর এতগুলি চরিত্রের মধ্যে একটিকেও তিনি আলোর পথে উত্তরণের পথে নিয়ে যেতে সক্ষম হলেন না। এর চেয়ে তু:থের আর কি হতে পারে।

কথাটা ঠিক। আমিও আমার জন্ম তুঃথ করেছি। পাঁচশ পাতার একধানা চাউস উপন্যাস লিখেও পাঠকদের মনোরঞ্জন করতে পাবলাম না। ব্দর্থাৎ এমন বই তাঁদের হাতে আমি তুলে দিতে পারি না, যা পড়ে তাঁরা আনন্দ পেতেন তাঁদের মনে স্থের জন্ম দিত অথবা তৃঃথের বিলাদে মন ভরে উঠত।

বারো ঘর লেখার আগে কিছুদিনের জন্ম আমাকে এমন একটা বাড়িতে বাস করতে হয়েছিল। তা বলে দেখানে কে গুপ্তও ছিল না বা পাঁচু ভাছড়ী, রমেশ, বিধু মাস্টার কি ক্লচি শিবনাথের মতন শিক্ষিত দম্পতিকেও আমি দেখিনি। কেবল একটা উঠোন ঘিরে বারোটা পরিবারকেই দেখেছিলাম। তার বেশি কিছু নয়। তবে আমার তথন মনে হল উপস্থাদের কাঠামো হিদাবে বছ পরিবারবিশিষ্ট এমন একটা আন্তানা মন্দ হয় না। হাা, ভুগু কাঠামোটাই কাব্দে লাগিয়েছিলাম। তারপর মগন্ধ হাতড়ে হাতড়ে দেখান থেকে কে গুপ্ত, শিবনাথ, ক্লচি, রমেশ, বেবি, অমল চাকলাদার, কমলা নার্গ, পারিজাত ও প্রীতি বীথিকে উদ্ধার করেছিলাম। তার অর্থ কি। আজ থেকে কুড়ি বাইশ বছর আগে তথন আমার বয়দ চল্লিশ বিয়াল্লিশ, তথনই আমি বারো ঘর লিখি, আর আমার 🏖 শ্বরপরিশর জীবনেই সমাজের কোনো না কোনো ভরে, কোনো না কোনো সমর দেটা আমার মফ:ম্বলের জীবনেও হতে পারে, বা কলকাতার মেছুয়াবাজারের বাড়ি, দক্ষিপাড়ার বাসা কি শ্রামবাজ্ঞারের আন্তানায় থাকার সময় আমার আশে-পাশে এমন দব চরিত্র ঘোরাফেরা করতে আমি দেখেছিলাম। বারো ঘরের মতন একটা বাড়ি পেয়ে চরিত্রগুলিকে একত্র করার স্থবিধা হল। এবং এ-ও সভ্য কোনো কোনো চরিত্র ও ঘটনা একেবারেই আমার কল্পনাপ্রস্ত। পূর্বাশার 'ভারিণীর বাড়ি বদল' বলে আমার একটা গল্প বেরোয়। আমি চিস্তা করে দেখেছি 'বারো ঘর এক উঠোন' উপত্যাদের বীব্দ করেক বছর আগে লেখা 🐠 গল্পের মধ্যে লুকিয়ে ছিল।

আমি স্বীকার করছি। আলো দেখাবার জন্ম উত্তরণ দেখাবার জন্ম আমি এ-বই লিখিনি। কেননা আমার দেখা ও জানা চরিত্রগুলির মধ্যে এমন একটি মান্তবও ছিল না, যে এদের মধ্যে উপস্থিত খেকে মহৎ জীবনাদর্শের বাণী শোনান্তে পারত। বিপন্ন বিপর্যন্ত অবক্ষয়িত সমাজের মান্তবগুলি শুধু বেঁচে থাকার জন্ম, কোনোরকমে নিজেদের অন্তিম্ব টিকিরে রাখার জন্ম কতটা অন্ধকারে, কতটা নিচে নেমে যেতে পারে আমি তাই দেখিয়েছি। আলো বা উত্তরণের পথে এদের নিয়ে যেতে হলে আমাকে আর এক ভল্যুম বারো ঘর লিখতে হত। কেননা আমি যে-সব চরিত্র দেখেছিলাম, তারা জীবিকার অবেষণ, খাওরা ঘুম মৈশুন

সস্তান উৎপাদন ও পরস্ত্রীর দিকে কামার্ত চোখে তাকিয়ে থাকা ছাড়া আর কিছু করত না, এর অতিরিক্ত কোনোদিনই তারা কিছু করে না।

তবে এর মধ্যে ব্যতিক্রম যে না ছিল এমন নয়। যেমন ক্লচি ও শিবনাথ।
তারা নিজেদের অন্ধকারে তলিরে যেতে দেবে কেন। চিরকালের মধ্যবিস্ত বৃদ্ধিজীবী মাম্বদের মতন আলোর দিকে হাত বাডাবার স্ববৃদ্ধি ও বিচক্ষণতা তাদের ছিল। তবে এই আলোর সঙ্গে মহৎ জীবনদর্শন বা আধ্যাত্মিকতার কোনোরকম সংস্ত্রব ছিল কি। যেন স্থ্য সচ্ছলতার উষ্ণতা গায়ে মেখে শীতের সকালের মৌমাছির মতন সৌভাগ্যের রোদ্ধুরে পাথা মেলে দেবার জন্ত তৃত্তন নিয়ত উস্থুস কংছে।

যাই হোক 'বারো ঘর এক উঠোন' লেখার পর সমালোচকদের নিন্দা আক্রমণের যেমন কমতি ছিল না, তেমনি আমার ভাগ্যে প্রশংসা বাহবাও অভ্তন্ত্র জ্টেছিল। পালার কোন্ দিকটা ভারি ছিল বলা মুশকিল। ওজন করে দেখিনি। দেখার উৎসাহ আমার শিল্পী-জীবনের প্রায় গোডার দিকেই বুঝতে শিখেছিলাম যে, নিজের রচনার ভাল মন্দ যাচাই করতে শিল্পী যত বেশি বাইরের দিকে তাকাবেন তত বেশি তাকে ঠকতে হবে। আপনার একটা লেখা বেরোনো মাত্র একটা কাগজ দার্থক রচনা বলে চিৎকার করে আকাশ ফাটাল। এবং প্রায় একই সময় দেখলেন, একই শ্রেণীর কাগজে ব্যর্থ রচনা-কিছুই হয়নি हेजापि तल वाभनात्क ध्वानाग्री करत पिन। अक्ट ममग्र वाभनि नत्रक-ताम ख হ্বর্গ-বাসের হুখ-যন্ত্রণা ভোগ করলেন। যুগটা বড বেশি মুখর। অনেক কাগজ অনেক পাঠক অনেক মতবাদের সামনে আপনাকে অহরহ দাঁডাভে হচ্ছে। আপনি চোথ বুজে থাকলেও সমালোচনার চোথা তীর সাঁই সাঁই করে ছুটে এসে আপনার চোখের পাতা এফোঁড ওফোঁড করে দেবে। একই সময়ে নিন্দা প্রশংসার রডের সামনে আপনাকে দাঁডাতে হচ্ছে। আপনার পারের চল্লিশ টাকা দামের জ্বতো দেখে যদি কোনো একটি বন্ধু চব্বিশের উধ্বে উঠতে রাজী না হয়, আপনার সতেরো টাকার গারের চাদর দেখে যদি আপনার অভি-ভক্ত কোনো বন্ধু সম্ভর টাকা স্বান্দান্ত করতে আরম্ভ করেন তো কী করার আছে। উপায় নেই।

আপনার উপন্থাস বাংলা সাহিত্যের অমূল্য সম্পদ হয়ে রইল, আপনার উপন্থাস অপাঠ্য অপ্রীতিকর, সাহিত্যের অঙ্গনে এই রচনা অনাবশুক। পবস্পার-বিরোধী এই ত্টি মতামতের কোন্টা ঔপঞ্চাসিক গ্রহণ করবেন? একই সঙ্গে নিন্দা ও স্থাতির স্থমেক কুমেকর দিকে তিনি পা বাড়াবেন? যেন একই সময়ে আপনার হাতে ত্টো টেলিগ্রাম এসে গেল। আপনার বোড়া রেসে ফার্স্ট হয়েছে—আপনার ঘোড়া রওনাই হয়নি। অর্থাৎ একটা বই লিথে একই সময়ে উপস্থাসিক হাসলেন ও কাঁদলেন—তাই না? শিল্পীর জীবনে এ এক অভিশাপ।

আবার পরীক্ষাও। আমি তাই মনে করি। পরীক্ষা হচ্ছে শিল্পী তাঁর নিজের শৃষ্টি-ক্ষমতার ওপর অকাট্য বিশ্বাস রেথে তাঁর পরবর্তী রচনায় হাত দিছেন কিনা। কারণ তিনি যদি বৃষতে পারেন এই ধরনের কোনো সমালোচনাই সার্ষক আলোচনা নয় তো এই সবের ওপর নির্ভর করে আত্মসমালোচনা করার মৃচতা আর হতে পারে না। প্রত্যারের হাল শক্ত করে ধরে হাজ্বার রকম মতামতের চেউরের ওপর দিয়ে এগিয়ে যাওরা ছাড়া শিল্পীর আর কিছু করার আছে বলে আমি অস্তত মনে করি না।

আমার 'এতাবৎকালীন রচনার' মধ্যে কোনো উপস্থাসকেই আমি 'শ্রেষ্ঠ' মনে করি না। নিজের রচনার ক্ষেত্রে 'শ্রেষ্ঠ' শব্দটা প্রয়োগ করতে কোথার বেন আটকার। মনে হর, কোনো রচনাই 'নিধ্"ত' হল না 'সর্বান্ধীণ স্ক্রন্ধর' হল না—আরও ভাল করে লেখা উচিত ছিল।

যাই হোক—আমার রচিত 'প্রেমের চেরে বড' উপস্থাসধানা আমি মনের মতন করে লিখতে চেষ্টা করেছিলাম। বিষরবন্ধটি ভাল লেগেছিল। রচনা কডটা সার্থক হয়েছে বলতে পারব না। এখানেও দেই অপরিভৃপ্তির প্রশ্ন। তবে আমার অস্থান্ত রচনার তুলনায় এটিকে আমি 'অপেক্ষাকৃত ভাল' মনে করি।

#### তাঁকে নিয়ে গল্প

এসব কারণেই একটা মা**মুষকে** নিম্নে আমি খুব বেশি নাডাচাড়া করতে চাই না। কি দরকার। তিনি যেমন আছেন তেমন খাকুন।

আসলেও ভদ্রলোক তাই আছেন না কি। আমাদের সাতেও নেই পাঁচেও নেই। পোন্টাপিসের চাকরি। দশটার কাব্রে যান পাঁচটার বেরিয়ে আসেন। কোনোদিন বেরোতে একটু দেরি হয়। স্বাই কোনো না কোনো কারণে, যাঁরা যে-অফিসেই কাব্রু কক্ষন না, জানেন, ছুটির সঙ্গে সঙ্গেই ঘড়ির কাঁটা মিলিয়ে রোজ কিছু বেরিয়ে আসা যায় না। এক আধদিন আটকে বেতে হয়।

এসব আলোচনার মধ্যেই আলে না। এবং ছুটির পর অফিস থেকে বেরিরে তিনি বদি একটি ইস্কুলের ছেলের মতন রাস্তায় চিনেবাদামওয়ালাকে দেখেই উৎসাহে ত্-হাত তুলে ডাকেন ও দশ পয়সার বাদাম কিনে পকেটে পুরে হাঁটতে থাকেন ও মুড়মুড় খোসা ভেঙে একটি ছটি দানা চিবোতে থাকেন।

তুচ্ছ জিনিদ। কোনো মাসুষের এই জিনিদগুলি কেউ খু"টিয়ে দেখে না।
দেখা উচিত নয়। আমি দেখি না।

বেমন দেদিন। বৌবাজারের মতন জনাকীর্ণ রাস্তা। কি যেন একটা কথা চিস্তা করতে করতে চোথ বুজে তিনি ইাটছিলেন। তদগত চিম্ভ হয়ে কোনো কিছু ভাবতে গেলে অনেক সময় আমরা এমন চোথ বুজি। কিন্তু কত বিপজ্জনক! রাস্তায় বেরিয়ে অন্ধের মতন হাঁটা। পথচারী গিসগিস করে। চোখ খ্লে ইাটতে গেলেও গায়ে গায়ে ধাকা লাগে। ভিথিরি বদে থাকে রাস্তায় ওপর। হকাররা বসে থাকে। ফলের খোলা ইতন্তত ছড়িয়ে। কথন কিসে পা লেগে উন্টে পড়ে যাব। এবং ফুটপাথ খেষে যেথানে অবিশ্রাম গাড়ির স্লোত।

না, যেটা অদ্তুত ভদ্রলোকের। ত্ব-তিন সেকেও পরেই তাঁর চোধের পাভা খুলে গেল। দেখা গেল একটা গলির মুখে ভিড় দেখে তিনি দাঁড়িয়ে পড়েছেন। বাদরের খেলা হচ্ছে। তন্মর হয়ে খেলা দেখতে থাকেন। তবে কেন একটু আগে চোধ বুক্তে হাঁটা!

তা বলে এসব জিনিস মোটেই আমি আমার গল্পে আনতে চাই না। আদৌ এই ভন্তলোককে নিয়ে গল্প লেখার ন্যুনতম ইচ্ছেও আমার নেই। হু", পোস্টাপিসের চাকরি। কোন্ পোস্টাপিসে তাঁকে দেখেছি বলতে পারব না। আমহাস্ট স্ট্রীট ? বোবাক্সার ? কাঁকুড়গাছি ? মানিকতলা ? জোড়া-সাঁকোর আপিস হতে ক্ষতি কি! বদলি চাকরি যখন। যে-কোনো একটা ডাক-ঘরে তাঁকে দেখে থাকব।

এখন তিনি পোস্টমাস্টার কি সাব-পোস্টমাস্টার। না কি একজন সাধারণ কর্মচারী তা আমি বলতে পারব না। আমি যেন তাঁকে একদিন মাস্টারবাবুর চেয়ারে বসে থাকতে দেখেছিলাম। আর একদিন তিনি থাম পোস্টকার্ড বিক্রিক করছিলেন।

এসব অবান্তর জিনিস। তাঁর কাজ তিনি বোঝেন। সাধারণ কর্মচারী যদি
সময় মত উপস্থিত না থাকে, ওপরওয়ালা তার কাজ চালান। যেমন পোস্টমাস্টার হয়েও তিনি সেদিন তাঁর চেয়ার ছেডে কাউন্টারে চলে এসে আমাকে থাম
পোস্টকার্ড দিয়েছিলেন। আর সাধারণ কর্মচারী হয়েও যদি কোনো সময় তাকে
মাস্টারবাব্র চেয়ারে বসে কাজ করতে দেখা যায় তো তিনি যে একজন দক্ষ
কর্মচারী এ বিষয়ে সন্দেহ কি!

এখন যে-কথাটা আমি বলতে চাইছি না, আপত্তি আছে বলায়—তলিয়ে দেখলে খুবই একটা সাধারণ ঘটনা—ঘটনাই নয় যেটা। যেমন দেদিন। ছুটির দিন। আটপোরে একটা পার্ক। ছিরিছাদ কিছু নেই। এদিক ওদিক আধডজন ভাঙা কাঠের বেঞ্চ বসান। মাঝখানে চোরকাঁটায় ভবতি মাঠের মতন থানিকটা জায়গা। গুই মাঠ ঘিরে একটা সরু বাঁধান পথ। মাঠের একধারে ত্টো রাধাচ্ডা গাছ, আর একপাশে গোটা তিনেক ঘাড উচোনো দেবদারু বৃক্ষ। তাই বৃঝি পার্কনাম দেওরা হয়েছে। তব্ যা হোক ফাঁকা জায়গা। শহরে এই জিনিস তুর্লভ। উৎসাহী ল্রমণবিলাসীরা সকাল সন্ধ্যায় এধানে আসেন। বাঁধান রান্তাটুকু ধরে ইাটেন অথবা কাঠের বেঞ্চে বদে গালগল্প করেন।

তথন বেলা দশটা। কেউ নেই। ত্টো বেঞ্চে ত্টো দাডিওলা ছাগল বলে

বিমোছে। রোদ নেই, নেঘলা আকাশ। যেন এই জন্মই সেদিন ছুটির দিন
ভদ্রলোক এ সময়ে এখানে চুকেছেন। রোদ থাকলে নিশ্চয় আসতেন না। ফুরফুরে

মিঠে বাদলা বাতাস বইছিল। হাঁটতে ভালই লাগে তথন। তিনি একদমে
ছুটো চক্কর দিলেন। নিয়মের হাঁটা। তারপর এমন একটা কাণ্ড করলেন। মুখটা
সামনের দিকে রেথে পিছন দিকে হাঁটতে লাগলেন। হাঁটতে হাঁটতে কোথার চলে
পেছেন—একেবারে পার্কের শেব মাখার। যেখানে ভারকাঁটার বেড়া ও একটা

ফণিমনসার ঝোপ রয়েছে। ভাগ্যিস ঐ পর্যস্ত পৌছে দাঁড়িয়ে পড়লেন। না হলে ভারকাঁটার বেড়ার লেগে কি ফণিমনসার কাঁটার আঁচড়ে তাঁর গায়ের চামড়া ছড়ে থেত। পাঞ্জাবি পায়ক্সামা ছিঁড়ত।

ভনে আপনারা মারমার করে উঠবেন। বলবেন এই তো! এই তো! কিন্তু
আমি এ নিয়ে মোটে মাথা ঘামাই না। বলেছি পোস্টাপিসের চাকরি। খুবই
নিয়ম ও শৃন্ধলার জীবন। ডাকঘরের কাজ বোধ করি সবচেয়ে পরিচ্ছর কাজ।
ডাক-কর্মচারীরা সরকারের সবচেয়ে নিরীছ কর্মচারী। এখানে ঘ্র থাওয়ার উপায়
নেই, চুরি করার প্রশ্রম নেই মিছে কথা বলার অ্যোগ নেই। আমি আপনি কোথাও
চিঠিপত্র লিথব কি টাকাপয়সা পাঠাব—তাঁরা যত্র করে যথাস্থানে সেসব পাঠিয়ে
দেন। আমাদের নামে চিঠি বা টাকা এলে ডাক-কর্মচারীরা সমান যত্র করে
আমাদের ঠিকানায় পৌছে দেন। ব্যস্, এর মধ্যে কোনো পাঁচে নেই, চালাকি
নেই। রীতিমত রিসদ দিয়ে তাঁরা আমাদের টাকাকডি ও মূল্যবান সামগ্রী অন্তত্ত্ব
পাঠাবার দায়ির নেন। তাই বলা হয় যাবতীয় জোচ্চুরি ক্রালিয়াতি ও
কালোবাজারির তুর্গদ্ধ থেকে পৃথিবীর ডাকঘরগুলি মুক্ত।

তাই বলছিলাম, এত নিয়ম শৃঙ্খলা ও সংযমের জীবনে হঠাৎ একদিন একটা পার্কে ঢুকে ভদ্রলোক যদি একটু অনিয়ম ও উচ্চুঙ্খলতা করেন—কতটুকু অনিয়ম, কী বা উচ্চুঙ্খলতা, কিছুক্ষণ সামনের দিকে হাঁটার পর একটু উন্টোদিকে হেঁটে চুপিচুপি নিজের মনে আনন্দ করা—এটা কি খুব দোবের হল। আমি মনে করি না। আর তাই বলে এই নিয়ে ঘটা করে একটা গল্প ফাঁদতে হবে—আমি রাজী নই। এতে মাহ্বটাকে ঠাটা করা হয়, অপমান করা হয়। ঠাটা অপমানের পাত্র তিনি নন।

বেমন ধকন আর একদিন। আবাঢ়ের বিকেল। রিমঝিম বৃষ্টির পর রংছলালী ফুলের মতন বাহারের হলুদ রোদ উঠেছে। শনিবার। সকাল সকাল ছুটি হতে অফিস থেকে বেরিয়ে হঠাৎ ট্রামে চেপে তিনি বৈঠকখানা বাজারের দিকে চললেন। বাজার সওদা নিজের হাতে বড় একটা করেন না। বাডির লোকেরা সেসব সারেন। তা হলেও মাসের প্রথম দিক, সদ্য মাইনে পেয়েছেন—একটু কেনাকাটা করতে হাত নিসপিস করবেই। বাজারে ঢুকে তিনি সর্বাপ্তেম মাছের কাছে ফান। বেশ ভাল আড মাছ আমদানি হয়েছে। বরফের হলেও ভাজা চকচকে চেহারা। ঝুকে দাঁড়িয়ে তিনি দামদর করছিলেন। কি ভেবে শমকে যান। ঘাড় হলে সোজা হয়ে দাঁড়ান। তারপর মাছের দোকান ছেড়ে

চলে আসেন। রাত্রে মাছ থাওয়া তাঁর স্ত্রীর একেবারে অপছন। এত বড় জিনিসটা কি করে ভূলতে থাচ্ছিলেন। কপালে ছুফোঁটা ঘাম উকি দিল। জকুনি তিনি ডিমের দোকানের সামনে চলে আসেন। যেন এক সঙ্গে করেক ডজ্কন ডিম কিনে কেলেন। কিনলে অস্থবিধে ছিল না। ঘরে ক্রিক্স আছে। রেখে দেওয়া যেত। একদিনে এত ডিম থেত কে। কিন্তু কিনবেন যে, ডিম থেলে তাঁর মেয়ের—আরতির এলার্ছি হয়। যে জন্তু বাডিতে ডিম বড় একটা রান্নাই হয় না। মাঝে মধ্যে ছুটির দিন চায়ের সঙ্গে তিনি নিজে এক আধটা অমলেট থান। আলাদা করে ক্রী স্টোড়ে ভেজে দেন।

মাছ কেনা হল না, ডিম কেনা গেল না। কতকটা বিষ্টু হয়ে ফ্রন্ড পায়ে ভদ্রলোক বাজার থেকে বেরিয়ে আসেন। তথনই ট্রাম বাসে ওঠেন না। वात्र भिष्ठत दृर्ध भूविष्टक दुर्रे साक्षा निष्ठानमा त्येनत अस हा दिन। প্ল্যাটফরমের দরজার মূবে ওজন লওয়ার যন্ত্রটার কাছে এসে দাঁডান। জারগাটা তখন বেশ ফাঁকা। এবং যেন কারো ওপর চটে গিয়ে একটা চাপা বিরক্তি অন্থিরতা ও মৃত্ ফোঁদফোঁদানি নিয়ে যন্ত্রটার ওপর তিনি উঠে দাঁডান। পকেট থেকে একটা দশ নয়া বের করে ছিদ্রের মধ্যে ফেলে দেন। সঙ্গে সঙ্গে তাঁর 'ওজন' বেরিয়ে আসে। কিলোগ্রামের মাপ। লোলুপ চোখে হলদে টিকিটটা হাতের তেলোর নিয়ে নাডা-চাডা করেন। তারপর সেটা পকেটে ঢোকান। তারপর আবার যন্ত্রের ওপর দাঁডিয়ে मन नयात मुखा हित्यत मर्था हूँ ए**छ (मन। ठांका घूर्व अख्रत्मत्र ठांश नि**राय इनारम টিকিট বেরিয়ে আসে। ভারি আমোদ পান। মেশিনটা ভাল কান্ধ করছে। তৎব্দণাৎ আর একটা মুদ্রাগর্তের মধ্যে চুকিয়ে দেন। ভাগ্যিদ পকেটে বেশ কয়েকটা দশ নরা জ্বে আছে। অফিস থেকে বেরিয়ে ট্রামে টাকা ভাঙিয়ে যথন টিকিট কাটেন, তাঁর বেশ মনে আছে, কণ্ডাক্টর যেন রগড় করে আটটা দশ নয়া তাঁর হাতে শু জ্বোদয়েছিল। তথন তিনি কট হয়েছিলেন। এখন খুলি। তিন নম্বর টিকিট হাতে নিম্নে হাই মনে চার নম্বর মুদ্রাটি এবার তিনি গর্তে ফেললেন। মেন একটা ঝোঁক চেপে গেল। যেন একটা খেলা---

উছ দেহের ওজন নিয়ে তিনি মোটে মাথা ঘামান না। খাস্থ্য নিয়ে তাঁয়
ছক্তিয়া কম। ঘাডে গর্দানে বুকে কোমরে আজও তিনি শক্ত সমর্থ পরিপৃষ্ট পুরুষ।
মাধার থানিকটা টাক পড়েছে। প্রস্রাবে সামাক্ত চিনি। খ্বই নশণ্য সেটা।
খাটার বছর বয়দে শতকরা সম্ভরজনের এমন হয়। কিছ তবু তিনি মেশিনটা
ছাড়ছিলেন না। ক্রমাগত ওজন নিচ্ছেন। সাতটা হলদে টিকিট পকেটে জমেছে।

এবার ছাইম মুন্তাটি ছিদ্রের ভিতর ফেলতে গিরে তিনি নিরস্ত হন। হঠাৎ তাঁর খেরাল হর এক জোড়া তরুণ-তরুণী। যেন ওজন নিতে এসে চুপ করে এক পাশে দাঁডিরে অপেক্ষা করছে। একদৃষ্টে তাঁকে দেখছে। লজ্জা পান ভদ্রলোক। তৎক্ষণাৎ বস্তুটা খেকে নেমে পড়েন।

উহু, আমাদের তাড়া নেই। ছেলেটি সরল গলার বলল, আপনি নামছেন কেন।

আমরা অপেক্ষা করছি । আপনি ওজন নিন। মেরেটি মিটি করে বলল। ছেলেটির গারে নীল শার্ট বাদামী প্যান্ট। মেরেটির পরনে হালকা সব্জ্ব শাঙি। স্থানী তন্মী তন্মী তব্ বিতীরবার সেদিকে চোধ না ফিরিমে মাধা গুল্পে ভাডাতাডি তিনি সেধান খেকে সরে এলেন।

এই যে একটা ঘটনা এটাকে আপনারা কী বলবেন! বান্ধার করতে একে ছিলেন। তা না করে গুনে গুনে সাতবার নিজের গুজন নিলেন। এবং যখন ভদ্রলোক চলে যান পিচন থেকে চেলেটি ও মেয়েটি টিপে টিপে হাসচিল।

জানি এবারও আপনারা হৈ-চৈ করে উঠবেন, অস্বাভাবিকতা অপ্রকৃতিস্থতার গন্ধ খুঁজে বার করে আমাকে দিয়ে একটা বদাল গল্প লেখাবাব জন্ম বায়না ধরবেন।

যদি তাই বলেন তবে ওই ঘূটিকে দেখুন। যন্ত্রটা ফাঁকা পেরে যুবক-যুবতী উঠে পড়ে লেগেছে শরীরের ওজন নিতে। এক একবার এক একজন ওটার ওপর লাফিরে উঠে দাঁডায়। ফুটো দিয়ে পরদা ছু"ড়ে দেয়, ঝণ্ কবে হলদে টিকিট বেরিরে আদে। দেখে তারা হি-হি হাসে। এর ওজন দেখে ও হাসে। ওর ওজন দেখে এ হাসে।

মেরেটি তেরোবার ফুটো দিয়ে পরসা গলিরে দিল। ছেলেটি চৌদ্দবার। মেরেটির বয়স সতেরো থেকে উনিশ, ছেলেটির বাইশ চবিবশ। অর্থাৎ সেকেণ্ডে সেকেণ্ডে বে কারো 'ওয়েট্' বাডে না—এটা বুঝবার বয়স তাদের হরেছিল।

তবে কেন এই ছেলেমাস্থবি আমোদ। বার বার যন্ত্রটার ওপর উঠে দাঁভিবে খেলা।

তবে আর ভদ্রলোককে দোব দেওয়া কেন। সন্ধী সাধী নেই বলে কি একা একা---

আমি আপনাদের মতে সায় দিতে পারি না।

এখন দেখুন। তিনি তাঁর ঘরে। রাত সাডে ন'টা বেচ্ছে গেছে। এই মাত্র রেডিওতে কে যেন সেডারে আসাপ করছিল। মাধায় ওপর বনবন পাথা ঘুবছে। ধাবার টেবিলে বসে আছেন তিনি। টেবিলের ওপাশে স্ত্রী মাধুরী। ডাইনে নেরে আরতি। বেন সন্ধ্যার পর বাড়ি ফিরে ভদ্রলোক স্থান করেছেন। এখন আর পায়জামা পাঞ্চাবি না। জংলা লুকি ও গেঞ্জি গারে। লাল ভোরা কাটা গেঞ্জিটার জ্বস্তু স্পোর্টসম্যানের মতন লাগছে তাঁকে। গলায় ঘাডে পাউভারের ছোপ। তাড়াহুড়ো করে পাউভারটা ঢালা হয়েছিল বোঝা যায়। চকের ওঁডোর মতন দেখাছে। তা দেখাক। শাস্তু অমায়িক প্রসন্ধ অথচ বেশ একটি রাসভারি মৃধ ভদ্রলোকের।

তিনি বে বিকেলে বাজারে মাছ বা ডিম কিনতে গিয়েছিলেন ঘুণাক্ষরেও কেউ জানে না। তিনি না বললে কি করে তারা জানবে। কিন্তু মাছ বা ডিমের জন্ত রাত্রের আহার আটকায়নি। বাড়ি ফেরার পথে মাধুরী একটু মুরগির মাংস কিনে এনেছেন। আরতি এনেছে লেংডা আম। মাধুরী একটা গানের ইন্ধুলে গানশেখান। আরতি একটা সেলাইয়ের ইন্ধুলে সেলাই শেখায়। ঘূজনেই কাল মাইনে পেয়েছে।

ক্লটি মাংস আম। পরিতৃপ্তির খাওয়া। খেতে খেতে তিনি পর পর তুটো হাঁচি দিলেন।

ঠাণ্ডা লেগেছে। মাধুরী বললেন।
কাল একট্ ভিজেছিলাম। তিনি উত্তর করলেন।
একটা টেবলেট থেমে নিও, বাবা। আগতি বলল।
ও কিছু না। মৃত্ হেলে তিনি মেয়ের দিকে ঘাড ফেরান।
তার অর্থ টেবলেট থাওয়ার দরকার হবে না।

এগৰ নিজ্য নৈমিত্তিক। ঘরোয়া খুটিনাটি। ইাচি কাশি টেবলেট, রেভিওতে সেতার বা ঠুংরী গান, খাবার টেবিলে আম এবং মাঝে মধ্যে মুরগি বা পাঁঠার মাংস।

কথা হচ্ছে যথন তিনি একা থাকেন। যথন নিজের মতন থাকেন। ধেমন এক রবিবার। সেদিন সারাদিন তাঁর ছুটি। আর সারাদিন বুটি। ওফ্, কী ভেজাটাই ভদ্রলোক ভিজ্ঞলেন। ইচ্ছে করে। জেদ করে আমি বলব না, ভিজ্ঞতে তাঁর ভাল লাগছিল। কদিন আগে অফিসে যাবার সময় একটু ভিজ্ঞতে হয়েছিল বলে পরদিন খাবার টেবিলে বসে ত্বার হেঁচেছিলেন আপনাদের মনে আছে। কিন্তু ঐ রবিবারের ভেজার কোনো তুলনাই হয় না। গিল্লী দেখলে আংকে উঠতেন, মেয়ে দেখলে ভ্রম পেত। ভবল নিউমোনিয়া হবে বাবার। টেচিয়ে উঠতে আরতি কিন্তু তাদের আত্তঃ আশকার অনেক দুরে তিনি তথন। সত্যি, কি

করে যে ঘুণতে ঘুনতে এমন একটা জায়গায় এসে পড়লেন। অথচ তাঁর টালা বাবার কথা। মামাতো ভাইয়ের ছেলের মুখে ভাতের নেমন্তর। বাড়িতে তাঁকেই শুধু বলা হয়েছিল। মাধুনী তাড়া দিচ্ছিলেন, আরতি বার বার তাড়া দিচ্ছিল। এইবেলা তুমি বেরিয়ে পড়। আকাশের অবস্থা ভাল না। চ্ছনের তাড়া থেয়ে বাড়ি থেকে তিনি বেরিয়েছিলেন। তারপর ?

নাকের সামনে দিয়ে টালার দ্বীম চলে গেল বাস চলে গেল। তিনি তাকালেন না পর্যস্ত। বেমন সেদিন মাছ ডিম কোনোটাই কিনতে না পেরে বৈঠকপানা বাজারকে কাঁচ ফলা দেখিয়ে শেষটার শিরালদা স্টেশনে ছুটে গিয়ে ওল্পন নেও্য়ার যন্ত্রটার ওপর দাঁডিয়ে কতক্ষণ কেবল নিজের ওজন নিলেন। তেমনি আজও। টালার দ্বীম বাসকে বুডো আঙুল দেখিয়ে দক্ষিণগামী একটা গাডিতে চেপে বসলেন। যেন অনেকটা মনের গোঁসায়। নেমস্থলে তাঁর চিরকাল অক্ষচি। বেছে বেছে লোকে কেন যে তাঁকে নেমস্থল করে। ব্যস্, তথন থেকে বৃষ্টি।

এটাই জি নাস, তিনি কি জানতেন যে বৃষ্টির মতন বৃষ্টি দেখতে হলে, প্রাণ-ভবে বৃষ্টিতে ভিদ্ধতে হলে তোমাকে পার্ক সার্কাস ময়শানের কাছে ছুটে যেতে হবে। মিছে কি, আয়নার মতন ঝকমকে সবুদ্ধ একটা মাঠের ওপর কালো মেঘের শাবড়ানি ফু"সানি ছুটোছুটি। কলকাতার আকাশে এত মেঘ এক জারগায ভিড় করে তিনি আগে জানতেন না। আর ময়দান ঘেঁষে সেই ভয়ংকর নির্জন চ ভড়া পথের তুধারে ক্লফচ্ড়া ও দেবদারু—শাল ও অশোকের সারি। বৃষ্টির ঝনঝম শুক্ত হয়েছে দেখানেও। তিনি বুঝতে পেরেছিলেন মাঠ না থাকলে আকাণে **८ भारत (थला खरम ना, शाह ना थाकला तृष्टित वाखना त्थाल ना। निक्टब शा**छिव জানালা দিয়ে ঐ অপরূপ মাঠ ও বনের বৃষ্টি দেখে তাঁর বুকে মোচড দিয়ে উঠেছিল। ভিদ্ধতে হলে এমন জায়গায় ভিদ্ধতে হবে। তথনি লাফিয়ে বাস থেকে নেমে পড়েন। তারপর ভিত্ততে শুরু করেন। কতক্ষণ মাঠে দাঁড়িয়ে মাঠের ছিপছিপ রষ্টিতে ভিজ্ঞলেন। তারপর গাছের কাছে ছুটলেন। গাছতলার ঝুপুর ঝুপুর বৃষ্টির অক্ত স্বাদ। তা-ও কি---ক্লফচ্ডার নিচে দাঁড়িয়ে ভেজার এক স্বাদ, দেব-দারু গাছের নিচের বৃষ্টির অন্ত আম্বাদ। তাঁর মাথা গরম হয়ে গেল। কোন্ গাছের তলায় দাঁড়িয়ে কত বেশি ভিত্তবেন। একটা গাছ ছেড়ে আর একটা গাছের দিকে দৌড়ন। এর মধ্যেই কুতো সণসপ করছে, জামাকাপড় ভিজে ঢোল। টাক পড়া মাথায় জল দাঁড়ায় না। কচুপাতার মতন গড়িয়ে গলগল করে জামার ভিতর ঢুকছিল। ঘাড় বেঁকিয়ে ওপর দিকে তাকিয়ে তিনি দেখ- ছিলেন বৃদ্ধির বাড়ি থেয়ে গাছের পাতা থরথর কাঁপছে তাল বেয়ে কাণ্ড বেয়ে ছলের ধারা হড়ছড় করে নিচে নামছে। ব্যাঙ তাকছিল, তাহুক। কান পেতে শুনলেন। তাকঘরের চাকরি হলে হবে কি। বোঝা গেল বিদ্যাপতি পড়া আছে তাঁর। না হলে মেঘ দেখে এত উল্লাস অস্থিরতা! ভিজতে ভিজতে একটা ঝাঁকড়া গাছের নিচে এসে থমকে দাঁড়ান। হতভম্ব হন। পাতার পাতার ঠাসব্নন হয়ে মণ্ড একটা ছাতা তৈরি হয়ে আছে মাখার ওপর। বড় বড় বাদামের পাতা রাষ্ট্র আটকে রেখেছে। জ্বল পড়ছিল, না পড়ার মতন, টুপটাপ, তা-ও কতক্ষণ থেমে থেমে, যেন পাথির চোখ চুইয়ে এক ফোঁটা ছ' ফোঁটা। সেটা কিছু না। অবাক হন ভদ্রলোক, গাছের গুড়ি থেবে মামুর্যটি দাঁড়িয়ে আছে। পেতলের বকলস আটা রিপার জল কাদায় মাথামাখি। অত্যী ফুল রঙের ট্রাউজার, গায়ের অপরাজিতা রঙের টুকটুকে নীল কুর্তা, কোনোটাই ভিজতে বাকি নেই, টসটস জল ঝরছে। ঝুপদি লতার মতন মাথার চুল বেয়ে টাপুস টুপুস জল পড়ছে। তেমনি চোখ ছ্টো। বৃষ্টির জল আটকে গিয়ে লম্বা পালক ঘেরা চোথের পাতা অবিকল ছটো জাফরির মতন দেখাছেছ। আর কোথাও দাঁড়িয়ে ও ভিজছিল যেন। এখন ছাতার মতন গাছটার নিচে এসে আশ্রয় নিয়েছে। ভাল! মনে মনে বললেন তিনি।

তাঁর চোথের দিকে তাকিয়ে ও অল্প হাসল। মাথাটা সামাশ্ত মুইয়ে তিনিও হাসলেন। ছোটু মামুষ, কিন্তু অত স্থলর মুখ দেখে 'বাও' না করে যেন পারলেন না।

আপনি পোস্টমাস্টার । বলল ও।

হ"। তিনি ঘাড নাডলেন।

নর্থ ক্যালকাটার একটা পোস্টাপিদে দেখেছি আপনাকে।

হবে। বদলির চাকরি আমার। তিনি উত্তর করলেন।

এবার ঘাড় ঘুরিয়ে এদিক ওদিক দেখল যুবতী। তারণর, যেন ভারি সম্বর্পণে, জামার তলা থেকে, নিশ্চর বৃষ্টির ভরে কোমরে গোঁজা ছিল, একটা খাম বের করল।

দেখুন তো এটার কত ডাকটিকিট লাগবে ! সাগ্রহে হাত বাড়িয়ে তিনি থামটা ধরেন। রেজিক্টি হবে বৃঝি ? হুঁ, রেজিস্টার্ড লেটার।

দেখেই আমি বুঝতে পেরেছি। ছাতের তেলোর খামটা রেখে ডিনি ওকন

পরীকা করেন। বেশ ভারি, আন্তে বলেন, থুব বড় চিঠি লেখা হয়েছে দেখছি।

আরক্ত হয়ে উঠল ও। বলল, আজ রোববার, আজ হবে না। কালই চিঠিটা পোস্ট করব। আপনি দেখুন কত খরচ পড়বে, আপনি বুঝবেন।

দেখছি দেখছি, আমি এখনি বলে দিছি, রোজ তো এত চিঠি হাতাই। ঝুঁকে দাঁড়ান তিনি, ৬পর থেকে জলের ফোঁটা না পড়ে, বুকের আড়াল করে খামের ওজন পরীক্ষা করেন। বলেন, বড় চিঠি ভাল। বড় চিঠি না পেলে কারো মন ভরে!

ও ঠোঁট টিপে হাসল।

কালকের ডাকে এটা না পাঠালে সে ভীষণ রাগ করবে।

তা তো করবেই, আমি এখনি ওজনটা বলে দিতে পারব। তান হাত থেকে বাঁহাতের তেলোর থামটা চালান করেন তিনি। তারপর খেন চোথ বুজে চিঠির ওজন আন্যাক্ত করেন।

কদিন পর এই চিঠি পেলে সে ভীষণ অবাক হবে। ও বলল। হওয়ার কথা। কদিন অভিমান করে চিঠি লেখা হয়নি বুঝি!

দেখছি, দেখছি আমি এখনি বলে দিচ্ছি কত ডাকখরচা পড়বে এর। নাকের কাছে তুলে তিনি থামের গন্ধ শোকেন। গোলাপ না গন্ধরান্ধ!

ষুবতী ফ্যালফ্যাল তাকিয়ে থাকে।

গন্ধ শোকা শেষ করে ভিনি থামটা ঠোটে ঠেকান।

দেখে মেয়েটি আরও বেশি টিপে টিপে হাসে। মন্ত দাত্রী ভাকে ভাছকী। চারদিকে জলের ছপছপ শব্দ।

জানি আপনারা আবার হৈ-চৈ করে উঠবেন। বলবেন, এই তো এই তো!
এই জন্মই ভদ্রলোকের এমন স্পষ্টিছাডা চলাফেরা, এমন উদ্ভট সব পাগলামি।
মনে মনে এই জিনিস তিনি খুঁজছিলেন। স্থতরাং এক্সনি তাঁকে নিয়ে একটা—

আমার ইচ্ছে করে না। ময়দানের কাছে বর্ধার গাছতলার এমন স্থন্দর একটা বিকেল, বিশেষ করে তাঁর ছুটির দিন, মামুষটাকে চুপি চুপি উপভোগ করতে দিতে কভি কি। মনে মনে আমরাও কি এক বিকেলে এমন চমৎকার কোনো গাছের নিচে দাঁড়িয়ে অফুরস্ত ভিজতে চাই না।

### এক ঝাঁক দেবশিশু

বাবুদের গাভি প্রায়ই রাস্তার মাঝখানে আটকে যায়। যন্ত্র তো। যন্ত্র কিছু
মান্ত্র না বে খুলি মতন চলবে। তা বলে মান্ত্র কি আটকায় না। খুব আটকায়।
মান্ত্রের ভেতরকাব যন্ত্রপাতি বিগড়ে গেলে ডাক্তার ডাকতে হয়। অ্যামবুলেনস
ডাকতে হয়—হাসপাতলে ছুটোছুটি লেগে যায়। মান্ত্রের জীবন ভারি মূলব্যান।

তাহলেও বাবুদেব এক একটা গাড়িব মৃন্য কি কম। কলকজা বিগছে গিয়ে গাড়ি যখন রাস্তায় অচল হয়ে পড়ে বাবুরা তখন মামুষজনের খোঁজ করেন। মামুষজন এসে দশটা হাত লাগিয়ে গাড়িটাকে ঠেলতে খাকে। ঠেলতে ঠেলতে গ্যারেজেনিয়ে তোলে। যার নাম গাড়িব হাসপাতাল।

যেমন আছে। থরার তুপুব। রাস্তার মাঝখানে গাডি আটকে গিয়ে বার্ ক্রমাগত ঘামছেন। কোখায় মাত্মব! কাক-পক্ষিটিও চোখে পডছে না। অক্সদিন বাস্তাব ধারে লেটারবক্স এর ছায়ায় নেডি ক্স্তাটা পডে পডে ঘুমার। আক্স ক্ষায়গাটা শৃক্ত।

বাবু চিন্তিত হলেন। চোথে মুখে উদ্বেগ। লাল লেটারবক্স-এব ছান্নার লাল কুকুবটা বখন নেই তখন ধরে নিতে হবে ওরাও ধারে কাছে নেই। টের পেরে বাবু কমাল দিয়ে কপালের ঘাম মোছেন।

কুকুরটার নাম লালু। ওরাই এই নাম দিয়েছে। কুকুরটা ওদের দঙ্গী। লালু ওদের ছেডে এক মিনিট থাকতে পারে না। লালুকে ছেডে ওরাও থাকতে পারে না। তাহলে ?

বাব্ চোগ ঘ্রিয়ে এদিক ওদিক দেখেন। এই সময়, এই গরমের ছপুরে ওরা, বার্ যাদের মনে মনে খ্রুছেন—দেহ নাহ হলা ভোঁলা বেন্দা ছোটকা এবং তাদের আরো কে কে সব সঙ্গী—সোরগোল করে হাইড্রাান্টের ঘোলা জলে স্নান করে। হি-হি হাসে। এই সময় তাদের দাঁত দেখা যায়! ছাতাপভা হলদে দাঁত, পোকায় খাওয়া দাঁত, ভাঙা দাঁত। দাঁত আছে সকলেরই। বত্রিশটা করে এক একজনের দাঁত। কামড়ে ধরলে বছর কদিনে যায় টের পাইয়ে দেব। কিছ কাউকে কামভায় না ওয়া। স্নান করার সময় জল ছিটায়। অয় সময় ধূলো। আর বড় জাের থ্তু ছিটোয় এর ওর পায়ে। অয় কাউকে নয়। নিজেদের মধ্যেই এসব খেলা।

উদোম গা, ঝাঁটার কাঠির মতন থোঁচা খোঁচা বাদামী চুল এবং রোদ পোড়া রুখ্ শরীর ভিজ্ঞিয়ে নেংটো হয়ে ওরা যথন স্নান করে দেখবার মতন।

আৰু জারগাটা একদম ফাঁকা। বাবুর মাল দিয়ে ঘাডের ঘাম মোছেন। এক ঝাঁক কাক নেচে নেচে হাইড্যান্টের কাছে চলে এসেছে। ওরা নেই বলে কাকেরাই এখন প্রাণভরে স্নান। করছে তাইতো, গেল কোখায় সব। বাবু গাডি থেকে বেরিয়ে আসেন। রাস্তার ধারে রাধাচ্ডা গাছের ছায়ায় দাঁড়িয়ে সন্ধানী চোখ ঘুরিয়ে এদিক ওদিক দেখেন।

ভাইতো, বাব্ আবার চিন্তা করেন। এই সময় কুলি মজুর কোখায় মেলে যে তার গাড়িটাকে ঠেলে নিয়ে গ্যারেজে পৌছে দেবে। কুলি মজুররা এখন কল-কারথানায় রেলস্টেশনে জাহাজঘাটায় বা এই বাজারে সেই বাজারে বেপারীদের আডতে গুলোমে ছড়িয়ে আছে। মাল তুলছে মাল খালাস করছে। গলির ভিতর একরন্তি একটা অ্যাম্বাসেভার ঠেলতে তারা আসবে কেন। স্থতরাং ওরা। নামু ঘেমু হুলা ভোঁলা এবং তাদের বন্ধুরা। হুপুর বিকেল রাত, যখনই গাড়ি আটকে যার, শিল দিয়ে ডাকলে ওরা ঠিক ছুটে আলে। আর তক্ষণি দশটা পনেরোটা বিশটা হাত লাগিয়ে গাড়িটা ঠেলতে আরম্ভ করে। আট দশ বারো ভেরো এক একটির বয়স। তার বেশি নয়। আর একটু বড হলেই তারা জোয়ান মরদ হয়ে বাজারে স্টেশনে অথবা জাহাঞঘাটায় ছ্টিয়ে থাকবে। তাদের আর পাওয়া যাবে না।

ভা হোক পুচঁকে পুচঁকে শরার, বকের ঠ্যাং-এর মতন লিকলিকে হাত-পা মুরগীর ঠ্যাং-এর মতন দরু দরু শিরদাড়া। ওরা দিব্যি গাড়িটা ঠেলে নিতে পারে। তবে ত্জ্বন কুলি হলেই যেথানে কাজ চলে, ওদের বেলায় তা হবে কেন। ওদের এক ঝাঁকের দরকার। এক ঝাঁক দেবশিশু, বাবুরা তাই নাম দিয়েছে, কোখা থেকে ওরা এল, কে বা ওদের বাবা, কে বা মা কিছুই জানা যায় না, এক ঝাঁক দেবশিশু দশটা বিশটা পাঁচিশটা হাত ঠেকিয়ে গড়গড় করে গাড়িটাকে যথন ঠেলতে থাকে বাবু ক্টিয়ারিং-এ হাত ঠেকিয়ে য়াহলাদে চোখ বুক্তে থাকেন। আর ওরাও তথন গান করে শিস দেয়। ওদেরও আহলাদের সীম. থাকে না। বাবুদের গাড়ি রাতায় আটকে গেলে ওরা দারুল খুশি হয়। তার কারণ আছে। এমন একটা দামী চক চকে গাড়ি ওরা ছুতে পেয়েছে। কেবল ছুতে পায়া কেন, কিছুক্ষণের জন্ম গাড়িটা ওদের মুঠোর মধ্যে এসে যায়। কেবল কি গ্যায়েজ, ইচ্ছা করলে ওরা ঠেলে ঠেলে গাড়িটাকে মাঠের মধ্যে নামিয়ে দিতে পারে। জনলে চুকিয়ে দিতে পারে।

পুকুরের জলে নামিরে দিতে আটকার কে। কিন্তু তা কি ওরা করে? কন্দনো না। বাবু চোখ বুক্তে থাকেন। গাড়ি ঠিক জারগার পৌছে বার। গ্যারেকে উঠে বার।

রাতদিন গাভি অবিশ্রি ওরা কম দেখে না। ওদের কান বেঁবে মাখা ছুঁরে বোঁ বোঁ গাড়ি ছুটছে। উত্তর থেকে দক্ষিণে ছুটছে। পূর্ব থেকে পশ্চিমে। ভাইনে বাঁরে সামনে পিছনে—সব সময় গাড়ি। কারণ রাত্তাই ওদের ঘর বাড়ি। রাত্তার রান্নাবান্না থাওরা-দাওরা হাগা-মোতা। এবং এই রাত্তাই ওদের থেলার জায়গা। তবে দুপুরটা একটু ফাঁকা থাকে। গাড়ি ঘোড়া কম চলে। তথন মাথার ওপর সূর্ব জলতে থাকে। রাত্তার পীচ গলতে থাকে। ওরা গ্রাহ্য করে না। গরম গলা পীচের ওপর পায়ের চটাস চটাস শব্দ করে মহানন্দে হা-ডুড় থেলে, কোনদিন বোঁ বোঁ কানামাছি। আর বেদিন ঝুপুস ঝুপুস বৃষ্টি নামে সেদিন তো কথাই নেই। রাত্তার ছপছপ জল ছিটিয়ে দেবশিন্তরা হাত ধরাধরি করে গোল হরে নাচে। হি-হি হালে। লাল্ও তথন ওদের সঙ্গে এসে বোগ দের। লাল জিভ ঝুলিয়ে দিয়ে লেজ নেডে নেডে দেবশিশুদের ঘিরে লালু বেদম ছুটতে থাকে। তথনকার মতন ওরাই রাত্তার রাজা।

কোপার গেল সব। একটিরও দেখা নেই। বিগডান গাড়ির পাশে দাড়িরে বাব্ মুখ চুন করে ভাবেন। হাইড্রান্টের জলে কাকেরা স্নান করছে, একটা ছেঁডা-ঘুড়ি ইলেকট্রিক তারে আটকে গিয়ে চরকির মতন ঘুরছে। এসব দেখতে দেখতে বাব্ চিস্তা করেন, এ রাজ্য ছেডে ওরা চলে গেছে বিশ্বাস করা যার না। তবে মাঝে মাঝে এমন হয়। এখানকার খেলাধুলা ছেডে এদিক ওদিক সব ফডিং ধরতে চলে যার। অথবা যেন কাঁধে কাঁধ মিলিরে গোল হরে দাঁডিয়ে কোপাও তারা বাদর-নাচ কি ভালুকের খেলা দেখে। খেলা শেব হবার সঙ্গে সঙ্গে তারা ফিরে আসে। এসেই কোন বাবুকে তারা বিগড়ান গাড়ি নিয়ে রান্ডার মাঝখানে দাঁডিয়ে আকাশ-পাতাল ভাবছে দেখলে আর কথা নেই। কালবিলম্ব না করে গাড়িটাকে ছৈকে ধরে সব। মনে হব তথন একটা মন্ত বড় ভিমকলের চাক বুঝি গাড়িটাকে থিরে ফেলল। তারপর অচল গাড়ি চলতে গুরু করল। মনে হবে এক ঝাঁক ভিমকল গাড়িটাকে গডগড় করে চালিয়ে নিয়ে যাছেছ।

তা বলে ভিমক্সলের মতন হিংস্কটে ওরা মোটেই নয়। দংশন করতে জানে না, বরং উন্টোটা। মরলা ছাতা পড়া দাঁত বের করে ওরা কেবল হাসতে পারে। আর পারে রক্তশৃষ্ণ ফ্যাকালে বড বড় চোখ মেলে ফ্যালফ্যাল করে পৃথিবীটার দিকে তাকিয়ে থেকে কেবল খুলি হতে। ওরা সব কিছু দেখে খুলি। বাবুদের শাড়ি আটকে গেছে দেখে বেমন আনন্দ পায় তেমনি থুলো অ্যাশফটের চিকন কণা উড়িয়ে ওদের চোথ কানা করে দিয়ে গোঁ করে এক একটা গাড়ি বেরিয়ে বাছে দেখেও ওরা কম আমোদ পায় না। আর বাবুদের বাড়ির ছেলেমেরেদের দেখে। বিশেষ করে ওদের বয়সের শিশুরা ফিটফাট সেজে-গুজে বই-এর ব্যাগ টিফিনের বাক্স জলের বোতল হাতে ঝুলিয়ে যখন স্থলে যায়। রাস্তার এক পাশে দাঁড়িয়ে এরা দেখে। এদের মনে হয় কি আশ্চর্য একটা রঙের মিছিল দেখছে। কেমন রঙিন জামা-কাপড় এক একটির গায়ে। ত্থ-ছানা খাওরা নধর ফরসা শরীর। বেমন বাবুদের চকচকে ঝকঝকে গাড়িগুলি ছুতৈ পেরে এদের আহলাদের শেষ নেই, তেমনি এদের বয়সের ঐ সব দামী পোশাকপরা টুকটুকে শিশুদের ছুতে পেলেও এরা বর্তে যেত। কিন্তু তা তো হবার নয়। সঙ্গে চাকর দারোয়ানরা খাকে। কারো অভিভাবক। এই সব ছেলেমেয়েদের ছুতে গেলে ধরতে গেলে এরা ভীষণ ধমক খায়। গালিগালাক্ষ শোনে। তাছাড়া ভালো ভালো জামা কাপড় পরা ক্ষীর ননী খাওয়া শিশুরাও এদিকে, এদের দিকে মোটে তাকাতে চায় না। চোখে চোখ পড়লেই মুখ ঘুরিয়ে নেয়। নাক সিটকায়।

এই জন্ম এরা, রাস্তার দেবশিশুরা কিন্তু কথনো মন থারাপ করে না। অভিমান করে না। রাগ করে না। এরা বোঝে ছেঁড়া ময়লা নেকড়ার জামা কাপড় গায়ে তাদের। তা-ও আবার সকলের নেই। উদোম দিগম্বর মৃতি। নোংরা হাত পা নথ চুল। হাভাতে জিরজিরে শরীর। ভিমরুলের মত ময়লা রং। বার্দের ছেলেমেরেরা ওদের কাছে এদের বেঁষতে দেবে কেন! কাজেই দ্র থেকেই এরা ঝক্ঝকে বাচ্চাদের দেখে খুশি হয়। যতক্ষণ চোখ যায় হাঁ করে চেয়ে থাকে। কখনো রিকশার, কখনো গাড়ি চেপে এই সব আশ্চর্য শিশুরা স্থলে যায়। স্থল থেকে বাড়ি ফেরে।

আরো আছে। বাবুদের গিন্ধিরা, ঝকমকে চেহারার ছেলেমেয়েদের মায়েরা, ক্ষমকালো শাড়ি ক্তা, গরনাগাটি গায়ে—উত্ত অনেকে গরনা পছন্দ করেন না, ঘড়ি পরেন হাতে—ব্যাগ ঝুলিয়ে হাঁটেন। বধন তারা বাড়ি থেকে বেরোন বা বাইরে ঘুরেটুরে ঘরে ফেরেন তাদের দেখেও এরা বেজার খুশি হয়। কত কিছু সঙ্গে থাকে গিরিদের। নতুন শাড়ির প্যাকেট জামার প্যাকেট সন্দেশের বাল্প আঙ্বের ঠোঙা, বাচ্চাদের জন্ম রক্মারী খেলনা। দেবশিশুদের তধন ভারি লোভ হয় ঐ জিনিসগুলি একবার ছুরে দেখতে। কথনো কথনো এরা হাভ বাড়িয়েও দেয়। এবং গিরিদের পিছু পিছু অনেকট। পথ ছুটে যায়। হু,

বদি তারা হেঁটে বান। গাভি চডে গেলে গাড়ির পিছনে ছোটে, কিন্তু এক-সমর তাদের থমকে দাঁড়াতে হয়। হাত গুটিয়ে নিতে হয়। মহিলারা দাঁভ থিটান, চোধ রাঙান। সরে যা সরে যা ! নোংবা সব। গিন্নিরা রীতিমত চেঁচামেচি করেন।

কাজেই এরা দাঁডিয়ে পডে। মুখ কালো করে না। ভাবলার মতন কেবল হাসে। আর ড্যাবড়্যাবে চোখে গিরিদের হাতের শাড়ি জুতোর থাক্স সন্দেশের বাক্ম ফলের ঠোঙা পুতৃল খেলনাগুলি দেখে। ফরদা মোটাসোটা চেহারার মায়েরা মুখ ঘুরিয়ে চলে যান। কিন্তু তবুও তাদের ভালো লাগে। যেন আর একটা মিছিল দেখতে পাওরার আনন্দ পার।

রক্তশ্ব ফ্যাকাদে চোথগুলি কিছুক্ষণের জক্ত চকচকে হয়ে ওঠে।

এবং কিছুটা পথ ওই সব দামিদামি গিন্নিদের পিছনে যে ছুটতে পেরেছে তাতেই তাদের তৃপ্তি।

একদিন, কেবল ঐ একদিনই, এক গিন্নির হাতের একটা দ্রব্য ছুতে পারার স্বযোগ হয়েছিল এদের। না, সকলের না। দলের একজনের। ভোঁদার।

একটা রিকশা চেপে ঘরে ফিঃছিলেন মহিলা। সঙ্গে এত সব ঠোঙা বাক্স
প্যাকেট। কিছু কোলের ওপর চাপান ছিল। কিছু তার হাতে ধরা ছিল।
হঠাৎ রিকশাটা একটা ঝাঁকুনি খাওয়াতে তার কোলের একটা বাক্স ছিটকে রাস্তার
পড়ে বায়। মহিলা হয়তো খেয়ালই করতেন না। যেমন চলছিল, ঠুং ঠুং ঘন্টা
বাজিরে রিকশাটা চলে যেত। কিন্তু ভোঁদা জিনিসটা দেখতে পেল। তক্স্নি
হুমড়ি থেরে পড়ে বাক্সটা কুডিয়ে নিয়ে রিকশার পিছনে ছুটতে লাগল আর চেঁচাতে
লাগল: থেই িকশা, হেই রিকশাওয়ালা! রিকশা দাঁড়ায়। মুখখানা আহলাদে
লাটখানা করে ভোঁদা রংচং-এ কাগজের বাক্সটা মহিলার হাতে তুলে দেয়। বাক্স
ফিরে পেয়ে তিনি মহাখুলি। তা বলে রান্ডার কোন ছেলেটা এত বড একটা
উপকার করল দেখতে একবার কি ভোঁদার মুখের দিকে তাকালেন? মোটেই
না। আর পাঁচটা বাক্স ও ঠোঙার সঙ্গে হারান বাক্সটা কোলের ওপর যত্ন করে
বিসিয়ে দিতে তিনি ব্যক্ত হয়ে পড়েছেন তখন। এবং দেখতে দেখতে তাকে নিয়ে

কিছ ভোঁদার দিকে তাকাবার অনেক লোক ছিল। তার সদীরা। স্থাই ছুটে এসে ভোঁদাকে পাঁজাকোলা করে শৃষ্টে তুলে ধরল। প্রাণভরে দেখল ভাকে। সেই মৃহুর্তে ভোঁদা একটি দর্শনীয় ব্যক্তি হয়ে দাঁড়িয়েছে। বাব্দের এক গিন্নির একটা মৃল্যবান বাহা ছুতে পেরেছে। যা এত কাল চেটা করে ভারা কেউ

পারেনি। ভোঁদা ভাগ্যবান। বে হাত দিয়ে ভোঁদা বাক্ষটা রাস্তা থেকে কুড়িয়ে নিয়ে মহিলার হাতে তুলে দিয়েছিল দেই হাতটা নিয়ে সদীদের ময়ে কাড়াকাডি পডে গেল। সবাই ভোঁদার হাতটা নাকের কাছে টেনে নিয়ে শুকতে চাইছিল। তাইভোঁ, ভোঁদার হাতে একটা অহ্য রকম গদ্ধ লেগে আছে। এই গদ্ধের সঙ্গে তারা কোনো দিন পরিচিত ছিল না। ভোঁদার হাত শুকে তাদের আশ মিটছিল না। কি ছিলুরে ভোঁদা গুই বাক্সে—কিসের বাক্স গুটা ? আমি কি করে জানব। আমিও ভাবছি। বাক্ষটা খুলে দেখিনি। এক গাল হেসে ভোঁদা নাকের কাছে নিয়ে নিজের হাত শুকতে আরম্ভ করল। তারপর সারাটা বিকেল রান্ডার ধারে কদম গাছটার নিচে বসে সকলে মিলে জ্বনা করল মহিলার এ বাক্সে সন্দেশ ছিল। নাকি আমসন্থ নাকি সাবানটাবান। শাডি জুতোর বাক্স হলে আকারে সেটা আরো বড হত। ভারি হত ইত্যাদি।

আজ, এখন, তাহলে দব গেল কোথায়! বাবু মুখ কালো করে থাকেন। গিয়িকে কথা দিয়ে এদেছিলেন গাড়ি নিয়ে দকাল দকাল বাড়ি ফিরবেন, তারপর ত্জনে মিলে দিনেমার যাবেন। এখন এভাবে যদি রাস্তায় গাড়িটা পড়ে থাকে, ভরানক চিস্তিত হয়ে বাবু নতুন দিগারেট ধরান। না। বাবু জানেন না, এই ভর তুপুরে একটা ফাজিল প্রাল হাওয়া ছেডেছিল।

কাতিক মাস। এখন প্বের বাতাস বইবার কথা নয়। তবে কিনা, কথার বলে, হাওরের মজি। কথন কোন দিকে বইবে জনেক সময় ঠিক থাকে না। এখন হয়েছে কি, সেই প্বের বাতাসে একটা ভারি চমৎকার গন্ধ ভাসিরে জানছিল। প্রথমটা তারা—হদা ভোঁদারা ব্যুতেই পারল না। কিসের এই মিটি মাতাল করা গন্ধ। তারপর তারা ব্যোছে। লুচি ভাজার স্থবাস। যেন খাঁটি গাওয়া ঘিয়ে শয়ে শয়ে হাজারে হাজারে লুচি ভাজা হচ্ছে কোথাও। সঙ্গে তাদের মনে হল, তারা অনেককাল লুচি থায়নি। বা কোনদিন খেয়েছে মনে করতে পারল না। কেবল শুনেছে। গরম লুচি। লুচি হাল্য়া। লুচি রুমারে। লুচি মাছের কালিয়া।

আশ্চর্য কাণ্ড! সঙ্গে সঙ্গে তাদের জিভে জল এল। সঙ্গে সঙ্গে একটা প্রচণ্ড ক্ষুধা তাদের পেয়ে বসল। পেয়ে বসল মানে কি—পেটের ভিতর দাউদাউ আশুন জলে উঠল। এই অভিজ্ঞতা নতুন। এমন আর হয়নি। কভ লোককে কভ কিছু থেতে দেখে তারা। কভ মামুষ ভাল ভাল খাবার জিনিস কিনে নিয়ে যায়, নিত্য তাদের চোখে পড়ে। সারাদিন তারা রাস্তায় ঘোরে।
এক একটা থাবার দোকানে কত রকমারী থাবার সাজান থাকে। দেখে তাদের
জিতে জল আসে না। পেটের মধ্যে এমন আগুনও জলে না। তারা তাদের
মনে থেলাধূলা করে। নেংটো হয়ে হাইড্রান্টের জলে স্নান করে। এ ওর
গায়ে জল ছিটোয়, কাদা ছিটোয়। আর হি হি হাসে। যেমন একটু আগে
গরম অ্যাসফল্টের ওপর ছুটোছুটি করে হা-ড্-ড্ থেলছিল। হঠাৎ সব ওলটপালট হয়ে সেল। থেলা থেমে গেল। এক সঙ্গে সবাই দাঁড়িয়ে পড়ল।
যেদিক থেকে সেই গদ্ধটা আসছিল, প্ব বরাবর ম্থটা ঘ্রিয়ে রাগল। তাদের
সঙ্গী কুকুরটা, যার নাম লাল্, তাদের দেখাদেখি প্বদিকে ম্থটা তুলে ধরে
ঘেউ-ঘেউ করে উঠল। অর্থাৎ সেও সেই আশ্রেণ গদ্ধ টের পেয়েছে। বোধকরি
একটু বেশিই টের পেল। কারণ কুকুরের ভ্রাণশক্তি বড়ো প্রাল। এবং তার
ঠিক এক সেকেণ্ড পরেই ঘাড ঘ্রিয়ে লাল্ এদিকে, তার বন্ধদের ম্থের দিকে
ভাকাল, তারপর প্রদিক ধরে ছুটতে সাগল।

লালুর ইন্ধিউটা নেমু বেমু হুদা ভোঁদাদের বুঝতে বাকি থাকে না। ভারাও তথন লালুর পিছু পিছু ছুটতে আরম্ভ করে।

একদমে পোয়া মাইল ছুটে গিয়ে একটা জমকালো বাডির ফটকের সামনে তারা দাঁড়ায় বাড়ির সামনে প্রকাণ্ড লনে মেরাপ বাঁধা হয়েছে। কত মাত্র্য ভিতরে চুকছে। সারি সারি গাড়ি দাঁড়ায়। গাড়ি থেকে বাবুরা নামছেন, গািলরা নামছেন —তাঁদের ছেলে মেয়েরা নামছে। তারপর ফটক পার হয়ে ভিতরে চলে যাচছে।

নেমন্তর থেতে এসেছে সব বোঝা যায়। বিয়ে ? মুথে-ভাত ? পৈতে ? আছে ! কিছু একটা হবে তো বটেই। না হলে এত লোক থেতে আসে। এত ভাল রারার গন্ধ। নেহু ঘেহু হলা ভোঁদারা এখন সার কেবল লুচি ভাজানা, মাছ ভাজা কপির ডালনা, ছোলার ডাল, মাছের কালিয়া, মাংস পোলাও চাটনি এবং দই রাবড়ি রসগোল্লার ভ্রভুরে গন্ধ টের পেল। লালু আগে টের পেল। লহা জিভ দিয়ে সে ঠোঁট চাটছিল। দেখে দেবশিশুরাও ঠোঁট চাটভেলাগল। তাদের ক্ষ্ধার আশুন নতুন করে দাউদাউ করে উঠল। লালুর দেখাদেখি ফটকের গা ঘেঁষে সকলে দাঁড়াতে গেল। তথুনি চাকর দারোয়ানরা হৈ-হৈ করে তেড়ে এল। এই এদিক না এদিক না, সরে যা! পালা। ভরে সকলে পিছিরে এল। একটু পরে আবার তারা ফটকের দিকে এগোয়। আবার চাকরবাকরেরা ছুটে আসে। আবার ভোরা এখানে! যদি কিছু থেতে চাস,

কিছু পাবার আশা করিদ তবে বাডির দামনে থেকে দরে পাডা। নইলে মেরে ঠাণ্ডা করে দেব। চাকরদের শাদানি শুনে আর তারা ওদিকে এগুতে দাহদ পেল না। কিছুক্ষণ রাস্তার এধারে দাঁডিয়ে থাকার পব বৃদ্ধি করে তারা বাডিব পিছন দিকে দরে এল।

তাদের বৃদ্ধি ঠিক বলা যায় না। লালু পথ দেখিয়ে নিয়ে এল। এবার ভোঁদাদের চোথ চডকে ওঠে। এটো খুরি ভাঁড ও কলাপাতার পাহাড জমে আছে। বোঝা গেল কয়েক হাজার মান্ত্র ইতিমধ্যে থেবে গেছে। লাবো যাবে। গাভির পর গাভি এদে লাভাচ্ছে ফটকের সামনে। দলে দলে বাবুবা গিরিরা তাদের ছেলেমেয়েরা গাভি থেকে নামছে। যাই হোক, এটো পাতা ও মাটির ভাঁড চাটতে তারা কিছু এখানে আদেনি। তাদের অপেকা করতে হবে। ত্'ত্বার তেডে এলেও, চাকরবাকরদের কাছ থেকে এটুকু অস্তত আশা পাওয়া গেছে, শেষ পর্যন্ত কিছু তাদেব থেতে দেওমা হবে। বাবুদের মতন তারাও লুচি মাংস পোলাও কালিয়ার ভাগ পাবে। হয়তো কম পাবে। তা বলে শুধু মুখে তাদের ফিরিয়ে দেওয়া হবে না। অল্ল শ্বর্ন থেতে পেলেও তারা তাই হয়।

জায়গাটা কেমন অন্ধকার মতন। হবেই। কেবল তো একটা বাড়ি না। কম করেও দশটা বাডি আকাশে গলা উচিয়ে দাঁডিয়ে আছে। সব কট, বাডির পিছন দিক এটা। সব বাডির জ্ঞাল এখানে এসে পড়ছে।

হু, কিছু পাবে তারা। ভোঁদারা চিহা করল। তাদের পাওয়া উচিত। তাশ কিছু বাইরের লোক না। ধরতে গেলে এ পাডার ছেলে। বাবুরা গিরিরা, তাদের বাডির ছেলেমেয়েরা, তাদের আগ্রায়বর্র। রাত্রদিন রান্তায় ঘাটে ছলা ভোঁদার দলটাকে দেখছে। চিকিশ ঘন্টা রান্তায় থেলাধুলো করছে ওরা। লালুও সারাক্ষণ এ পাডায় ঘ্রঘ্র করছে। শুতরাং তারও কিছুর প্রাপ্তির আশা আছে। অতানিন হলে লালু এতক্ষণ এটো পাতার মধ্যে মৃথ ভূবিয়ে দিত। আজ সে তা করল না। সেই বড বাড়ির দিকে মৃথ ভূলে দাঁভিয়ে ঘন ঘন লেজ নাড়তে লাগল। বেশ কিছুটা নময় কাটে। ধৈর্ম ধরে অপেকা করে তারা। জন্ধালের টালের মধ্যে দাড়িয়ে থ্ব যে একটা খারাপ লাগছিল তা নয়। এ পাডায় অনেক জন্ধাল তাবা বাটে। বেঁটে মাঝে মাঝে মণি-মুক্তা কুডিয়ে পায়। যেমন নেয় একদিন একটা আন্ত পাউকটি পেয়েছিল। খদিও বাসী ফটি। শুকিমে চিপদে মেরে গেছিল এবং পিঠটা একোরেরে পোড়া ছিল, তা হলেও আন্ত ফটি। যেয় একদিন একছড়া আারুর

কুড়িরে পায়। দোবের মধ্যে একটু দাগ ধরেছিল। তা না হলে আঙুরটা ভালই ছিল। হদা একবার একটা বীয়ারের থালি বোতল পেয়ে যায়। এত চমৎকার ছিল না বোতলটা দেখতে। খাঁটি বিলিতি বোতল। ছদিন নিজের কাছে রেথে পরে হুদা শিশি বোতলওয়ালার কাছে বোতলটা বেচে পাঁচ পয়সা পায়। মন্দ লাভ হয়েছিল কি। ভোঁদা সেদিন এতবড একটা প্ল্যাফিকের পুতুল পেয়েছিল। মুখটা এবং পেটটা একটু তুবডে গিয়েছিল। তা হলেও কত বড়ো একটা পুতুল। এভাবে অনেক দিন অনেক কিছু তারা পেয়ে যায়। বেন্দা একদিন একটা প্রাই কেটে যাওয়া টিনের মোটরগাডি কুডিয়ে পেয়েছিল। কিছু সবচেয়ে ভাল জিনিস পেয়েছিল বেন্দার ভাই মেন্দা। একটা চেন লাগান গেঞ্জি। এখানে ওখানে খানিকটা করে ই তুর টুকেছিল। তাতে কিছু ক্ষতি হয়নি। এক নাগাডে ছ'মাস মেন্দা লাল টুকটুকে রঙের জামাটা পরতে পেয়েছিল। ফিনি তার গাযের মাপ থেকে একটু বেশি বড ছিল। তা হলেও এমন একটা গেঞ্জি আর কোখায় সে পেত! কে দিত তাকে! কাজেই এটা ওটা পেয়ে যাবে আশায় হয়দম তারা জঞ্জাল ঘাটে।

অবশ্র আজকের জ্ঞাল কেবল এটো কলাপাতা ও মাটির গেলাস ভাঁড। বাঁটবার মতন কিছু নেই। আরো কথা আছে। খাওরার গন্ধ এক, আর এটো উচ্ছিষ্টের গন্ধ অন্ত। পাতার লেগে থাকা ছেঁড়া লুচি মাংসের ঝোল মাংসের হাড মাছের কাঁটা চাটনি দই ইত্যাদি এর মধ্যেই যেন পচে উঠে একটা বিচ্ছিরি টকো মদো গন্ধ ছড়াচ্ছিল।

তা হলেও তারা ঐ তুর্গন্ধ ভরা আবর্জনা নাকের সামনে নিয়ে অপেক্ষা করে।
কম করেও যেন কয়েক হাজার কাক উড়ে এসে এটো পাতার পাহাডের ওপর
বসে এটা ওটা ঠকরে ঠকরে থাচ্ছিল। অনেক থাবার সামনে ছড়ান ছিল।
তাই কাকের গোণ্ডীর থাওয়া আর শেষ হচ্ছিল না। যত থাচ্ছে
তারা তত বেনী কা-কা ডাকছে। ক্রমেই শকটো বাড়ছিল। ফলে উচ্ছব বাডির
হাকডাক গোলমাল ভাল শোনা যাচ্ছিল না, বোঝা যাচ্ছিল না। এরকম
জ্ঞালের সামনে দাঁডিয়ে দেবশিশুদের এক এক জনের আট দশ বারো তেরো
বছরের জীবনে কাক কুকুরের ডাক ও টেচামেচি কম শোনা হয়নি। যেথানেই
জ্ঞাল দেথানেই কাক কুকুর। এই শহরে তো বটেই, পৃথিবীর সর্বত্র এই
নিয়ম।

बांडे ट्रांक, এकভाবে এक कांब्रगांत्र मांफिरत मन भरनदा विन मिनिष्ठे—साधकताः

কেটে গেল। ভারপরও তারা দাঁড়িরে থাকল। তারা ব্রতে পারছিল না, শেষ পর্যস্ত আরো কিছু পাবার আছে কিনা।

এদিকে ক্ষায় পেটের নাড়িভূ ড়ি মুখে উঠে আসার উপক্রম। সেই সক্ষে একটা বমিবমি ভাব, মাখা ঝিমঝিম, চোখে অন্ধকার দেখার মতন অবস্থা দাঁড়াল সকলের।

তারা চিন্তা করল, আবার ঘুরে ফিরে ফটকের সামনে দাঁড়াবে কিনা। না, তা হয় না। চাকরদের দাঁত থি চোনি ও দারোয়ানদের লাঠির চেহারা মনে পড়তে তারা নিরস্ত হয়। বরং যেখানে আছে সেখানে অপেক্ষা করাই বৃদ্ধিমানের কাব্ধ হবে।

অহো, ওধানটায় দাঁড়িয়ে থেকে তাদের লাভ হল বৈকি। তা না হলে বাবুদের বাড়ির এতসব কাণ্ডকীর্ভি দেখতে পেত না যে। লুচির বদলে জলস্ত সিগারেটের টুকরো তাদের গায়ে এসে পড়ছিল। দেখে তারা হতভম। এতবড একটা বাড়িতে কি ছাইদানির অভাব হল! হতে পারে, তারা তথন চিন্তা করল, নেমন্তম খেতে অনেক বাবু এক জামগায় জড়ো হয়েছিল। বাড়ির কর্তা কত ছাইনানি জোগাবে। স্বতরাং রেলিং টপকে এদিকের জঞ্চালে পোডা দিগারেটের টুকরো ছু"ড়ে ফেলা বৃদ্ধিমানের কান্ধ হবে বাবুরা ধরে নিয়েছেন। তা না হয় নিলেন, কিন্তু বাবুদের গিম্লিরা কি করছিলেন। অনেক মাইলা ভিড় করেছেন নেমন্তর বাভিতে। মনে হয় গলা পর্যন্ত লুচি মাংস দই রসগোলা ঠেসে তারা অনবরত পান চিবোচ্ছিলেন, আর মূহ্মুছ: বাডির পিছন দিকের বারান্দায় ছুটে এসে জ্বর্দা-গন্ধী পানের পিক ফেলছিলেন, পানের ছিবড়ে ফেলছিলেন নিচে। দিগারেটের আগুনে নামুর কাঁধের চামড়া ও বেন্দার পিঠের চামড়ায় ফোদকা পড়ে গেল। এবার পানের পিক পড়ে ভোঁদার মাধায় সবটা চুল ও হঠাৎ ওপর দিকে মুখ তুলে তাকাতে মেন্দার গাল লাল হয়ে গেল। দেখে মনে হয় একসঙ্গে তিনটি পিচকিরি থেকে রং ছিটকে এসে পড়লো হু' জনের গায়ে। তাছাড়া कि। আসলে একসঙ্গে তিন চারটি গিন্নি ওপর থেকে এত পানের পিক ছিবড়ে ফেলে চলে গেলেন। তারা পরিষ্কার দেখছিলেন নীচে একদঙ্গল ছেলে গাঁড়িয়ে।

দেবশিশ্বরা কিন্তু রাগ করল না। গোড়ায় খানিকটা অবাক হল, তারপর আর অবাকও হল না। বরং এ ওর মুখের দিকে তাকিয়ে শব্দ না করে হাসছিল। তারপর আরো যা কাণ্ড ঘটল না—অবিশ্বাশু ব্যাপার! কাউকে বলা যায় এসব! তাদের বয়সের দশবারো তেরো বছরের ধাড়ি ধাড়ি ছেলেগুলি, যেন বাডিতে বাধকমের অভাব, এাদকের বারান্দায় ছুটে এসে পটাপট প্যান্টের বোতাম খুলে রেলিঙের ফাঁক দিয়ে ঝপঝপ শেচ্ছাব করতে লাগল। ভোঁদাদের মুথ মাথা লক্ষ্য করে পেচ্ছাব করল। একবার করে আশ মিটল না, ত্বার তিনবার করে ঘুবে ঘুরে এসে বাবুদের ছেলেরা প্যান্টের বোতাম খুলছিল। যেন ভারি আমোদের থেলা একটা।

এদব দেখে শুনে এবার বেশ জোরে, শব্দ করে হাসতে ইচ্ছে হল ভোঁদা বেন্দা নামু যেত্র । হাসলো না যদিও। হেসে করত কি। তা বলে কি মনের তুঃথে जारा कॅाम्ल। कॅरमरे वा रुख कि। या स्वांत्र खा रुल। वतः **खरे या व**ना হয়েছে, মক্ত একটা লাভ হল ভাদের। তাবা পরস্পর মুখ চাওয়াচাওয়ি করছে। যেন একজন আর একজনকে প্রশ্ন করল, এই জন্মই কি বাবুরা যখন দামি গাডি চড়ে বেডান, তাদের দেখে আমাদের এত ভাল লাগে! সেজেগুজে গিমিরা যথন বেরোন, তাদের ছোঁশার জন্ম. কাছে ঘেঁষবার জন্ম আমাদের এত আকুলি-বিকুলি! আর তাদের ইস্কুলে পড়া ফুলের মতন ফুটফুটে ছেলেমেয়েরা! সোনার চাঁদদের চোথ ভবে দেখতে আমাদের কত সাধ হয়। কথা বলিস না কেন ৰেন্দা? ভোঁদা উত্তর দে ! ভোঁদা হুদা বেন্দা ঘেম্ব—কাবো মুথে রা নেই। তারা টের পেল লুচি মাংদেব কুধাটা একদম চলে গেছে। কাজেই বাডির পেছনে আর দাঁডিয়ে থাকার দবকাব পড়ে না। বাডিব পেছন ছেডে সদর ঘুরে তারা রাস্তায় উঠে এল। তবে কিনা ওখান থেকে সরে আসার সময় আর একটা বড ঘটনা ঘটে গেল। চাকরদের কেউ উপর থেকে হুডছড করে তু'গামলা গরম জল ছেডে দেয়। কারো গাযে লাগল না। পডল লালুর পিঠে। গরম ছ্যাকা লেগে লালু ভয়ানক জোরে কাঁইকুঁই করে উঠল। কিন্তু সন্ধারা চুপ দেখে তথুনি লালু চুপ করে যায়। বুঝল এখানে কাঁদাকাটি করে কিছু হবে না। রান্তায় উঠে এসে, ভোঁদাদের দেখাদেখি, क्कूद इला ९ मव (वात्म नान्, मांख त्वद कर्त्व मक्लाद मान हि-हि हामरख नामन। ভোদা মেন্দা নেমু ঘেমুর মতন দে-ও যে আহ্বনার ওপিঠ—নোংরা দিকটা দেখে এল। এক ছুটে ভারা তাদের জায়গায় ফিরে এল। বিগড়ান গাডি পাশে রেথে বাবু রান্তার মাঝখানে থোঁডা হয়ে দাঁডিয়ে। তাদের দেখে বাবুর মুখে হাসি ফুটল। কোপায় ছিলি সব বাছারা এতক্ষণ। তোদের পথ চেয়ে চেয়ে বিকেল হয়ে গেল। কালো কৃতকুতে শরীরের ভোমরার ঝাঁক গাডিটাকে তথুনি ঘিরে ফেলল। বাবু নিশ্চিম্ব হয়ে দরজা খুলে ভেতরে ঢোকেন। দশটা হাতের ঠেলায় গাড়ি গডগড়িয়ে চলল।

তোরা কথা বল। তোরা গান গা। অন্য দিন তাই করিদ না! গাড়িতে বদে বাবু আহলাদের স্থবে বলেন।

কিন্তু কথা বলার সময় কই। গান গাইবে তারা কথন। সেই যে হাসি শুক্ত হয়েছে এখনো অনর্গল হি-হি হাসছে।

কি হল আজ্ব তোদের! বাবু জ্বানলার বাইরে গলা বাড়িয়ে দেন। তার মনে হল গাড়িটা যেন বেশি জ্বোরে ছুটছে। বেশি জ্বোরে জ্বোরে ওরা ঠেলচে আজ্ব।

রোদ কমে গেছে। এখন ঘর বাডি গাছগাছালির ছায়া বেশি। ছায়া ধরে ধরে গাডি ছুটছে। পাখিদের কিচিরমিটির বাডছে। আত্তে আত্তে! বাবু ভয় পান। আগে আগে লেজ তুলে লালু দৌডয়। লালুর পিছে পিছে গাডি নিয়ে দেবশিশুরা হুড়মুড ছুটছে।

আরে গ্যারেজ এনে গেল দেখ দেখছি। বাবু ব্যস্ত হয়ে ভিতর থেকে টেচান। হ গারেজ এনে গেল। গ্যারেজ পিছনে পড়ে থাকে। তারা থিকথিক হানে। আমার বাড়ি এনে গেল। এনে গেল। এই শোন! দাঁডা। বাবু ক্রমাগত টেচান। তারা কান দের না। দাঁডায় না। বাব্র বাড়ি পিছনে ফেলে গাড়ি নিয়ে ছুটছে। তোরা আমায় কোথায় নিয়ে চললি ? আর্তনাদ করে ওঠেন বাবু। কোথায় গিয়ে তোরা থামবি শুনি?

লালু যেখানে নিয়ে যায়। লালু যেখানে গিয়ে থামবে। হেদে উত্তর করে ভারা। হেদে কুটি কুটি সব।

তোদের মতলবটা কি। এই ইতরের দল! ইতরের দল কথা বলে না। সরু
লিকলিকে হাত পা, বকের স্যাং-এর মতন শিরদাডা। একরন্তি এক একটা শরীরে
যেন এখন অন্থরের বল জেগেছে। উধ্বর্যাদে গাড়িটা সেলে সেলে চলেছে। যেন
একটা থেলা। যেন গাড়িটা তাদের হাতের থেলনা। তছনছ ভেঙে শুঁডিরে তবে
ছাডবে। নাকি রাস্তার ওধারে থাদের ভিতর ফেলে দেবার মতলব। এই এই।
বাবু লাফিয়ে গাড়ি থেকে বেরোতে চান। তার আগেই কুকুরটা একলাফে মন্তবড
খাদ ডিঙোয়। আর গাড়িটা গড়াতে গড়াতে শেষটায় প্রকাণ্ড তেঁতুল গাছের
শুভিতে সেকে স্বন্যন শব্দ করে থেমে যায়। তার মানে উইগুসীলের কাচ ভাঙল,
বনেট তুমছে মূচছে গেল, বাবুর কপাল ফেটে রক্ত বেরোল। ক্রমাল চাপা দিরে
তিনি গাড়ি থেকে নামেন। আঁয়, বাবু হাতপা ছুঁডে গর্জাতে থাকেন। শুয়ারের

ঝাঁক। ভিথিরের ছাওয়ালরা ! ভোরা সাপের পাঁচ পা দেখেছিস ! তাই না ? তোদের পুলিশে ধরিয়ে দেব ।

তারা দাঁড়িরে থাকে। শব্দ করে না। ভর পেরে ছুটে পালায় না। কি হয়েছিল শুনি ? থিদে পেয়েছিল ? মাথা গরম হল কেন তোদের আন্ধ ? বাবু চেঁচাতে থাকেন।

ভ্যাবভ্যাব চোখে একটু সময় তারা বাবুকে দেখল। তারপর হাউহাউ করে একদক্ষে কেঁদে ফেলল। লালুও ঘেউ-ঘেউ করছিল। তারও চোখ বেয়ে টপটপ হল পড়ছে।

## यर्ष

টাকা গোনার শব্দ ? কোন টাকা ? কাগজের টাকা ! করেন ! উত্ত, কণোর টাকা এখন চোখে পড়ে না ৷ চোখে পড়লই বা । ঐ ভারি মূদ্রা মাসুব আজ বরে বেড়াতে রাজী নয় । সর্বত্র কাগজ । নোট ।

ভা বলে রান্তায় দাঁভিয়ে লোক দেখিয়ে কেউ টাকা গোনে কি ? মান্ত্রর ছব। গোপনে সে কভি রাখে, গোপনে ভা গোনে। হাা, পকেটে টাকা রেখে দরকার হলে রান্তায় চলভে চলভেও সে গোনে। পকেটে হাত চুকিয়ে চুপিচুপি গোনে। অবশ্রই কাগজের টাকা। অন্ধকার পকেটের গহররে তু আঙ্লে সে নোটের ভাঁছ ওটায় আর গুনে গুনে চলে। ভার অঙ্গুলি সঞ্চালনের দক্ষন কাগছের টাকার একটা মন্ত্রণ খব্যবস শব্দ হতে পারে বৈকি। সেই শব্দ আমি আপনি ভনতে পাই না। রান্তার দশ্রকম গোলমালে ভা চাপা পভে যায়। কেবল মান্ত্রটার ঠোট নড়ে। দেখে আমর। অন্থমান করতে পারি লুকিয়ে লুকিয়ে সে কিছু গুনছে। টাকা।

কিন্তু অনেক সময় আবার গোলমালও হয়ে যায়। আমরাই গোলমাল করে ফেলি। ভাবি, ভদ্রলোক বুঝি মন্ত্রটন্ত্র আওডাছে। হরিনাম জন্মছে। ক্লেডর অটোত্তর শতনাম ?

এইরকম চিন্ততোষকে দেখে আমাদের গোলমাল হয়। রাস্তা দিয়ে যখন সে হাঁটে তার ত্ পকেটে হাতত্টো ঢোকান থাকে আর অনর্গল তার ঠোঁট নড়তে শাকে। ওপর নিচে ছ ঠোঁটই সমানে নড়ছে। আগে এই দ্বিনিদ আমাদের চোখে পড়ত না। অবশ্য এ-ও সত্য, তথন রাস্তার চলতে ফিরতে সে ঠোঁট নাড়াত কি না তা আমাদের চোথে পড়ার কথা ছিল না। তার গৌরকান্তি অত্যুজ্জন মুখমগুল কালো ভেলভেটদদৃগু নধর দাড়িগোঁফ আর্ত থাকত। তবে এমনও হতে পারে হাটতে হাটতে সেদিন চিন্ততোৰ হয়তো আদে ঠোঁট নাড়ত না।

এখানে বলে রাখা ভাল, সেটা ছিল তার দেলিবেসির জাবন। ঘরে বউ
আসেনি। কিন্তু গৃহিণী আসার পর খেকে আমরা দেখছি চিন্ত্তাধের ঠোঁট চিবৃক
ও গগুদেশের অমরক্রফ কেশরাজি উধাও হয়েছে। আমরা অনুমান করলাম
আটাশ বছরের যুবক স্বামার শাশ্রণগোঁফ অর্ধান্ধিনী পছন্দ করেন না। আর সেদিন
খেকে যেন দেখছি রাস্তায় চলতে ফিরতে পকেটে তু হাত চুকিয়ে চিন্ত্রতাব অনর্গল
ঠোঁট নাডছে। মন্ত্র জপছে? ক্লফের একশ আটটা নাম? নাকি নোটের
গোছা পকেটে রেখে মনে মনে গুনছে? অনেক কিছু আমরা চিন্তা করি।

এখন গ্রীম্মের বিকেল। আবাঢ় শুরু হয়েছে যদিও। বর্ষা কোথার ? মেঘ-বৃষ্টির নামগন্ধ নেই। সারাদিন গরম হলকা বইছে। বাতাদে আগুন। স্কুতরাং বলা ভালো নিদাঘের দাপট এখনও চলছে। শনিবারের অফিস সকাল সকাল ছুটি হয়েছে। এসমর লভাই করে ভিড়ের ট্রাম-বাস ধরার ঝিক পোহার না বৃদ্ধিমান চিন্ততোব। হেঁটে বাড়ি ফেরে। সবটা বৌবান্ধার হাটে। তারপর আমহাস্ট স্ট্রীটের অর্ধেকটা। না অর্ধেকের বেশি। তারপর স্থকিয়া স্ট্রীট। স্থকিয়া স্ট্রীটের সর্ধেকটা। না অর্ধেকের বেশি। তারপর স্থকিয়া স্ট্রীট। স্থকিয়া স্ট্রীটের সর্ধেকটা। না অর্ধেকের বেশি। তারপর স্থকিয়া স্ট্রীট। স্থকিয়া স্ট্রীটের দিকি অংশ হাটবার পর বাঁরে বাঁক নিয়ে একটা ছোট্ট গলিতে চুকেই তার বাড়ি। সেকেলে চেহারার দোতলা বাডির ওপরের দো কামরা ক্র্যাট। শুকনো মটরশুটির মতন দরজা জানালার রং। অপ গ্রাজ্ঞা বঙ্কের পর্দা। সাউথে এসব ফ্যাশন চলে না। চলে কা ? কিন্তু করবে কি। বিশ্বের পর দক্ষিণে ঘর না পেরে চিত্ততোষ উত্তরে এসে ঠাই নিয়েছে। তবু তো ঘর। একথানি বাসা। মন্দের ভাল।

গলিটা খুবই নির্জন। বিশেষ এ সময়। শনিবারের বিকেলে। এদিক ওদিক তাকালে মনে হবে চারদিকের ঘরবাড়ি ফাকা। মনে হবে বেবাক বউ ঝি গিন্নি-বান্নী সিনেমা কি 'থেটার' দেখতে চলে গেছে। মার্কেটিং-এ বেরিয়েছে। বাচ্চা কাচ্চা মেয়ে ও ছেলের দল পার্কে বা থেলার মাঠে ছড়িয়ে আছে। এবং কোনো বাড়ির কোনো পুরুষই এখন পর্যন্ত ঘরে ফেরেনি।

ব্যাতিক্রম চিত্ততোব। হঠাৎ এই শৃক্ততার মধ্যে এলে নিজেকে ভারি

উপহাসাম্পদ ঠেকতে পারত তার। কিন্তু এই নিয়ে মোটে সে মাথা ঘামায় না। অফিস সেরে আর কোথাও না গিয়ে নিজের ঘরে ফিরছে। তার দরকার এখন ঘরে ফেরা। ব্যস, এর ওপর কথা চলে না। অক্তত চিন্ততোবের তাই ধারণা।

ই্যা, তবে সে জানে তার গিন্ধী এখন ঘরে নেই। দরজায় তালা ঝুলিয়ে তিনি সিনেমা থিয়েটাব দেখতে বা মার্কেটিং-এ বেরিয়েছেন। তা বেরোক। তাঁকে আটকাবে কে। পৃথিবীতে কেউ কাউকে আটকাতে পাবে না। পাবা উচিত নয়। এই যে যেখানে অন্ত সব বাড়িব কর্তারা এ-সময় ঘবে ফেরার নামও করে না, ছুটিব পবে ও অফিসে থেকে ওভাবটাইম খাটে বা থেলা দেখতে মাঠে যায় অথবা বন্ধবান্ধব নিয়ে চায়ের দোকানে আড্ডা মাবে বা অতিরিক্ত রোজগাবের ধান্দায় এদিক ওদিক ছোটাছুটি করে, দেখানে চিন্ততোষ যে তড়িঘড়ি ঘরে ফিরল কেউ কি তাকে আটকাতে পাবল।

এক নিশ্বাদে থাডা থাডা তেবটা সি<sup>\*</sup>ডি ভেঙে চিন্ততোষ দোভলায় উঠে এল। পকেট থেকে ডুপিকেট চাবি বেব কবে তালা খুলল। আশ্চর্য, তথনও তার ঠোট নডছে, হবিনাম জ্বপছে। ঠিক এই মৃ্ছুর্তে দৃশ্যটা দেখলে আপনাদের সন্দেহ হত, তবে কি চিন্ততোষ টাকা গুনছে না।

এখন আব পকেটে হাত নেই, ছ আঙুলে নোটেব তাডা উন্টে উন্টে বিড-বিভিয়ে গুনে যাবাব প্রশ্ন ওঠে না। তালা খুলতে তাব ছ হাতেব দশটা আঙুলই ব্যস্ত। তালাটা মাঝে মাঝে গোলমাল কবে কিনা।

ভিতরে চুকে দেখা যায়, গা থেকে জামাটা আলগা করে সে হ্যাণ্ডারে ঝুলিয়ে দিল। এবাব পাণ্ট খুলবে। তার আগে প্যাণ্টের পকেট থেকে যে সব জিনিস বেব করে সে টেবিলে বাখল তার মধ্যে নোটের গোছা বলতে কিছু নেই। কিছু খুচবো পয়সা। নিজর কোটো। অফিসে খাবার সময় বাসেব টিকিট কেটেছিল— সেই বাসি টিকিটখানা। আর নিজর রঙে রঞ্জিত তার ময়লা কুঁচকোনো ফমাল। এ থেকে একটা জিনিস বোঝা যায়। চিল্কতোষ কি বকম অক্তমনস্ক। বাসের ঐ টিকিট তার কোন কাজে লাগত যে সেটা পকেটে করে ঘুবে বেডাচ্ছে এবং যত্র কবে টেবিলে বাখল। প্যাণ্ট ছেডে দেওয়ালের হকে ঝুলিয়ে দিয়ে জাঙিয়া সেঞ্জি গায়ে সে বাখকমে ঢোকে।

বদি আপনারা কেউ এ সময়কার দৃষ্টাও দেখতেন তাজ্জব বনতেন। চিন্ততোষ তথনও ঠোট নাডছে। অমিতা শথ করে বাথক্সমের দেওয়ালে একটা আডাই ফুট তিন ফুট আরশি টাঙিয়েছে। আরশির সামনে দাঁডিয়ে চিন্ততোষ বিডবিড় করছে। হরিনাম জপছে। হরিনাম একটা কথার কথা। আমাদের বাইরের লোকের রথো অহ্নমান। আছকের কোনো যুবক নামটাম জপে না। আমেরিকা হলে কথা ছিল। স্থতরাং আমাদের মনে হতে পারে যেহেতু চিঙ্রতোষ এখন টাকা গুনছে না, হরিনাম জপচে না, তবে বোধ করি ওটা তার মুদ্রাদোষ। মনে মনে কিছু বলার মতন অহরহ ঠোট নাডা। কিন্তু তাই বা হয় কি করে! চিন্ততোষ অমিতার আরশির মধ্যে মুখ দেখছে, স্থতরাং নিজের ঐ বিচ্ছিরি ঠোট নাডা তার চোথে পডবেই। এবং এটা সবাই জানে এই অবস্থায় মুদ্রাদোষের বোগীদের অঙ্গভঙ্গি অস্থত কিছুক্ষণের জন্ত থেমে যায়। যার পা নাডাবার রোগ থাকে দে আর পা নাডায় না। চোগ মটকাবার অস্থথ থাকলে সেটিও বন্ধ হয়ে যায়। নিজের চোথে নিজের এই অকারণ অঙ্গভঙ্গি থারাপ লাগে। লক্তা পায়। কিন্তু আরশির ভিত্তব তাকিয়ে চিন্ততোষ তার এই অহেতুক ঠোট নাড়া দেখতে পেয়েও যখন জিনিসটা বন্ধ করছে না, তথন পরিকার বোঝা গেল এটা ঠিক তথাকখিত মুদ্রাদোষের পর্বায়ে পডে না। তা হলে? বরং আয়নায় মুখ দেখতে দেখতে আরও বেশি করে ঠোট নাডছে দে।

কাজেই আমার বক্তব্য, বাধক্রমের স্যাঁওসেঁতে পরিবেশের মধ্যে একা চূপ করে দাঁডিয়ে মন্ত্র জপবার মতন বিভবিড করছে—এ ছবি আপনাদের কারো চোথে পডলে সঙ্গে একটা সিদ্ধান্তে পৌছে যেতেন—অস্তত গত করেকমাস ধরে আমিও যা আশক্ষা করছি। চিন্ততোষ একটা কিছু গুরুতর ফন্দি আঁটছে মনে মনে। একটা প্ল্যান তার মাখায় ঘূরছে। এবং মনে হয় মগজের সে গাঢ় গৃঢ় অন্ধকার রক্তযন্ত্রের বহিঃপ্রকাশ—মৃত্মূত গোঁট নাড়া। আফিসে কাজ্র করতে করতে তাকে তাই করতে দেখা গেছে। লাঞ্চ আওয়ারে ক্যান্টিনে বসে চা খাবার থেতে খেতেও ঐ এক অবস্থা। চিন্ততোষ বিভবিভিয়ে কিছু যেন বলছিল। অফিস থেকে বেরিয়ে বাডি ফেরার পথেও তাই দেখলাম। এখন বাধক্রমে।

অনেকের মনে প্রশ্ন জাগতে পারে—তা হলে, তা হলে কি তার মাধার সর্বদা অফিদের চিস্তা। ইনক্রিমেন্টের ভাবনা ভাবছে? কি করে একটা ভাল প্রমোশন বাগাবে মনে মনে তার অক্ষিসন্ধি খুঁজছে? না আমি হলপ করে বলতে পারি চিন্ততোবের পরম শক্রও বলবে না যে আর দশটি চাকুরিজীবী বাঙালীর মতন তার অফিদগত প্রাণ। ইনক্রিমেন্টের জন্ম, প্রমোশনের জন্ম, চোখে ঘুম নেই। তা হলে চিন্ততোক্ষকে অন্যরক্ষ দেখতাম আমরা। আর দশক্ষন চাকুরিজীবী যা করে দেও তাই করত। কাঁটার কাঁটার সাড়ে ন'টার

।রোজ অফিসে পৌচে হাজিরা থাতার নাম দই করত। করছে কি সে? পাঁচ দশ প্রেরো বিশ মিনিট—কোনোদিন তো আধঘণ্টা লেট করে অফিসে গিরে হাজির হয়। দেদিন আর হাজিরা খাতায় নাম সই করা হয় না। খাতা বড সাহেবের কামরায় চলে যায়। তা ছাডা অফিসে কি সারাদিন সে ঘাড় ওঁজে থাকে ? মোটেই না। কাজ করতে করতে কতবার যে অক্সমনম্ব হয়ে পড়ে। সামনে ফাইলণত্তৰ খোলা, হাতে কলম রয়েছে, অথচ তার চোথ দেওয়ালের দিকে, একদষ্টে সেদিকে চেয়ে অনর্গল ঠোঁট নাডছে। কিছু বলছে নিছের মনে। কী বলছে ? কোন মতলব মাথায় ? তবেই বুঝুন একমাত্র অফিদ বাদের খ্যান প্রাণ শেই দলে চিত্ততোষকে ফেলা যায় না। তা হলে কি একবেলা লেট করে অফিসে এদে আর একবেলা পাঁচ দশ পনেরে। মিনিট—কোনোদিন আধঘণ্টা আগেই ফাইলপদ্ধৰ গুটিয়ে পকেটে কলম গুঁছে যেন কত কাজ বাইরে পড়ে আছে, হুডমুড করে বেরিয়ে আগত। প্রমোশন-প্রার্থী ইনক্রিমেন্ট-প্রত্যাশী কর্মচারীরা ছুটির পরেও অফিসে থেকে যায়। যেন কাব্রু শেষ করার পরেও কাব্রু করছে। বড় সাহেব, মেজ্ব সাহেব, ছোট সাহেবকে খুশী করতে তারা দরকার হলে এক দেডঘণ্টা বিনা ম**ন্ত্**রিতে ওভারটাইম খাটতে আপত্তি করে না। আর চি**ন্ততোর** ? ততক্ষণে তু পকেটে হাত ঢুকিয়ে বৌবাদ্ধারের ফুটপাত ধরে হাটছে, ভার যেন টাকা গুনছে না কি মন্ত্ৰ আওডাচ্ছে অথবা যেন একটা মতলব আঁটছে। ই, বেভাবে ঠেট নডচে তার। কিন্তু কিদের মতলব। পাওনাদারকে কি কবে ঠকাবে তার জল্প। ? না. চিন্ততোবেব কোনো পাওনাদার নেই। বিয়ের আগে यिन वा अनिक अनिक किছ धाउछात जमज, अथन मारमत क्षेत्रम निर्क मन मारम হয়ে যায়। গিল্লী এসে এই নিয়ম করেছে। অমিতা ধার দেনা পছনদ করে না। গরনার টাকা, মুদির পাওনা, ইলেকট্রিক বিল, লন্ড্রীর বিল, দব এক ধার থেকে মিটিয়ে দেওয়া হয়। চিন্ততোষের মাইনের টাকা ঘরে আনার সঙ্গে সব পরিষ্কার। অমিতা বলে, ধার দেনা হল আবর্জনা জঞ্চাল। জমতে দিতে নেই। চিন্ততোবেব মুপের দিকে তাকিয়েও পৃথিবীর মাত্র্ব এখন দেটা টের পায়। ধার দেনার মতন তার মুখের দাড়ি গোঁফের আবর্জনা গিন্নী এসে নিম্'ল করিয়ে ছেড়েছে। এক কথায় অমিতা তার এই ছোট সংসারটিকে ঝকমকে রাখতে **ठाव । श्रमः**मनीव वहेकि ।

তা হলে ? পাওনাদারের চিম্বা নেই। তবে কি নিয়ে চিম্বতোবের মনের মধ্যে তুমূল আন্দোলন। পাগলের মতন বিড়বিড় করে কী বলছে এত। বাধক্ষম থেকে বেরিয়ে সে পোশাক পরল। এখন আর প্যান্ট শার্ট নাঃ পাজামা পাঞ্জাবি। অফিস থেকে বাডি ফিরে বিকেলে তাই সে পরে। খুচরো পয়সাগুলি টেবিল থেকে তুলে আবার পকেটে ঢোকাল। সেই সঙ্গে নশ্তির কোটো ও লাগ ধরা রুমাল। তাঃপর ঘর থেকে বেরিয়ে পাল্লা ঘুটো টেনে সেই ডুপ্লিকেট চাবি ঘুরিয়ে আবার দোরে তালা ঝুলিয়ে দিল। সি\*ড়ি বেয়ে নিচে নামতে রাস্তার প্রগাঢ় শৃগ্যতা আবার তাকে ঘিরে ধরল। অম্বন্তি বোধ করল সে। যে জন্য এক মিনিটও সেধানে অপেক্ষা না করে ছু পকেটে ছু হাত ঢুকিয়ে হাঁটতে আরম্ভ করল। তার ঠোঁট নাডাও সমানে চলতে লাগল।

এই রকম। প্রায় অবিশ্বাস্ত ব্যাপার।

এপব দেখে আপনাদের হঠাৎ মনে হতে পারে তা হলে বোধ করি চিন্ততোষ কারো কাছে বড়রকম কিছু টাকাকড়ি পায়। অর্থাৎ চিন্ততোষ এথানে পাওনাদার। কাউকে কোনো সময় এক খোক টাকা ধার দিয়েছিল। এখন সেই টাকা আদায় হচ্ছে না। তাই তার মনে সর্বদা অস্থিবতা অশাস্তি। কি করে টাকাটা ফিরিয়ে সানবে ভেবে আকুল। মনে মনে এখন এ এক দ্বিনিস দ্বপছে।

পাগল। আপনাদের তা হলে জানা নেই। এক দক্ষে এক থোক টাকা কাউকে ধার দেবার মতন রোজগার তার কোনোদিন ছিল না। এখনও নেই। এই তো বিয়ের বছরখানেক আগে অফিদের মাইনেটা একটু যা ভদ্ররকম হয়েছে। অমিতা এই সংসারে পা রেখেই বুরতে পেরেছিল অতি সীমায়িত আয় ও শীমাম্বিত ব্যয়ের ভিত্তিতে মহাশম্টির বেঁচে থাকা। কিন্তু এই করেও সব দিক কুলোতে পারছেন না। তাই মুদিদোকানে ধার, গয়লা তথের টাকা পায়. ইলেকট্রিক বিল জমেছে, হু মাদের লন্ড্রীর বিল জমেছে অ্যাতো। দেখে ভনে অমিতার থয়েরী রং চোথের তারা স্থির হয়ে যায়। এবং তক্ষুনি মাথা নেডে বলেছিল, না না, এসব ধারদেনা পরিষার না করলে মৃশকিল আছে। উই ঢিবি একদিন পর্বত হবে। পরে হাজার কোদাল শাবল চালিয়ে ডিনামাইট ফাটিয়েও এই পাহাড় দহানো যাবে না। শেষ পর্যন্ত ঐ পাহাড়ের চাপে চিন্ততোষ মরবে, অমিতাকেও মারবে। দরকার কি জেনেশুনে ঐ পথে পা বাড়াবার। কাপড বুনে জামার ছাঁট কাটতে হয়। আয় বুঝে ব্যয়। ঋণ করে বি থাওয়ার দিন চলে গেছে। দাম দিতে পার না, হুধ বন্ধ থাক। লন্ড্রীতে জামা-কাপড় না পাঠিরে বাড়িতে কাচলে অনেক প্রদার সাধ্রয় হয়। মাসে হ কেন্দ্রি ভেল, হু ডজন ডিমের জারগার এক কেজি তেল এক ডজন ডিম খেলে মুদিখানার ধার হবে না, ইত্যাদি ইত্যাদি ৮ কাজেই চিন্ততোৰ কাউকে টাকাকডি ধার দিখেছিল—অবিশ্বাশু ব্যাপার। আরও কথা আছে। টাকা ধার দিয়ে তা উপ্তল কবতে পারছে না, আর সেই জালা বৃকে নিয়ে উঠতে বসতে চলতে ফিবতে সে বিড়াবড করছে, ঠোঁট নাডাচ্ছে—এ জিনিস কি একদিন অমিতাব চোথে পডত না। কচি খুকী নয় সে। ধর দৃষ্টি। কতটা পানে কতটা চুন আছে, খসলেই বা কতটুকুন, টেব পেতে কিছুন নাস ছ মাস লাগত না তাব। বিয়েব প্রদিনই জিনিসটা চোথে পছত অমিতাব। তথন সে ছেডে কথা কইত না। মশাথেব কী হয়েছে শুনতে পাবি কি। মনে হয় সাংঘাতিক ভাবনা মাথায়। আর তার ধাকা এসে লাগছে মনে তাই সাবাক্ষণ বিড বিড কবে কিছু বলা হচ্ছে। আমাকে সব খুলে বলতে দোষ আছে কিছু?

তা হলে? তবে তো আমানের ধরে নিতে হয়, অমিতার সামনে, সেই বিষের প্রথম বাত থেকে চিন্ততোষ একবার ঠেণট নাডায় না। গালা আঁটা খামের মুখের মতন তার তুই ঠোঁট সেঁটে খাকে। একবারও ফাঁক হয় না।

একটা কথা বটে। আমাব কিন্তু এতকাল থেয়াল হয়নি। আপনাদের কাছে স্বাকার করতে দোষ নেই—চিন্ততোবকে আমি কম কবেও এ পয়ত্ত কয়েক শ বার দেখেছি। অমিতাদেবীকেও কম দেখা হল না। কিন্তু তাদের তুজনকে এক সঙ্গে কোনোদিন আমি দেখিনি। আমার তবফ থেকে এটা সঙ্গোচ বলতে পাবেন, ভারতা রক্ষা বলতে পাবেন, তাঁরা স্বামী স্ত্রী যখন একত্র হন সাংসাবিক কথাবার্তা বলেন, থাওয়া-দাওয়া করেন বিশ্রম্ভালাপ—

আমি সেখানে উপস্থিত থাকি না। স্বতরাং অধান্দিনীব সামনে চিত্ততোবেব ঠোঁট নডে কিনা আজও আমার অজানা থেকে গেছে।

দেখুন দেখুন। কা সাংঘাতিক বিপজ্জনক কাজ কবছে সে। এ সময় শহবেব রাস্তাঘাট কা ভয়াবহ মৃতি ধবে। সন্ধ্যাবাতি লাগাব সময়। উত্তাল ট্রাফিক। ডাইনে বাঁরে কডের বেগে গাড়ে ঘোড়া ছুটছে। চিন্ততোষের ক্রক্ষেপ নেই। ঠোট নাড়াছে আর গভীরভাবে কি সব চিস্তা করছে। ঐ অবস্থায় বাস্তা ক্রশ করছে। যেন এটা তার ফ্ল্যাটের সামনের সরু বারান্দা বা যেন ভাব ঘবের লাগোয়া ছোট্ বাধরুম। যেখানে চোধ বৃজ্জে সে হাঁটে আর ভাবে আব ঠোট নেডে বিভবিড করে নিজের মনে কিছু বকে। যে-কোনো মৃত্তে একটা লরী তাকে চাপা দিতে পারে। বাস এসে ঘাড়ে উঠতে পারে, একটা ট্যাক্সি গুঁতো মেরে তাকে মাঝারাখ্যার ফেলে দিতে কতক্ষণ। ট্রামের ভলার পড়ে তার তু'পা ছুটো হাত বা মৃগুস্ত্ব গলাটা খ্যাচ করে আলগা হয়ে যেতে এক থেকে দেড দেকেণ্ডের বেশি সময় লাগবে না।

রাস্তার মাত্র্য বড বড চোথ করে তাকে দেখছে আর এসব চিস্তা করছে।
কিন্তু তারা অবাক হযে দেখল, সম্ভাতিত সবকটা আ্যাক্সিডেন্টকে কাঁচকলা
দেখিয়ে অমানবদনে চিন্তুতোষ প্রপারের ফুটসাথে উঠে গেল।

তা রান্ডার মামুষ এদব ভাবতে পারে, মনে মনে চিন্তভোষকে বাহবা দিতে পারে। তাদের ভাবনার দক্ষে আমার আপনার ভাবনা একথাতে না- ও বইতে পারে।

কি বলেন ? আমরা যদি বলি যে, একটাও আ্যাকসিডেট বরাতে জুটল না বলে চিত্ততোষ পদিকে ফুটপাথে উঠে মন থারাপ করল, তবে থুব ভুল করব।

জানি তথনি আপনারা সমশ্বরে বলে বসবেন, তবে কি চিত্ততোদের মনে গভীর কোনো বেদনা বডরকম, একটা হুঃখ আছে ? আমি বলব, ই্যা, তাই। তা না হলে কলকাতার ভরসন্ধ্যার গাডিঘোডা থোঝাই এ-হেন ভয়ংকর ভিডের রাস্তাম্ব এত অক্সমনস্ক হয়ে কেউ ইাটাচলা করে ? একটা আয়হত্যার প্রবণতা তার মধ্যে লুকিয়ে আছে।

কারণ একটু আগে যা যা বললাম, আপনারা শুনেছেন। তার পাওনাদার নেই, যে পাওনা মেটাতে পারছে না বলে দারুণ তৃশ্চিস্তায় দিশেহারা হয়ে বেকুবের মতন রাস্তা পার হবে। দে নিজেও কারো কাছে টাকাকড়ি পায় না যে দে সব আদার হচ্ছে না দেখে তৃঃসহ উদ্বেগ অশান্তি ভিতরে নিয়ে মনে মনে উক্ত অধ্মর্ণের মৃগুপাত করতে করতে চলস্ত ট্যাঝি লরী ট্রাম বাদের দিকে নদ্ধর না রেখে আদ্ধের মতন হাঁটবে।

উন্ত, হাজার বার করে হরিনাম জপে থামকা শক্তি ক্ষয় করার মতন নির্বোধ দে নয়।

আর মোটে কয়েক আনা খুচরো পয়সা পকেটে নিয়ে বার বার করে কেউ সেগুলি গোনে না। যদি কেউ গোনে ব্রুতে হবে তার মাধায় ছিট আছে। পাগল সে।

হ্যা, ছঃখ। এখন প্রশ্ন উঠতে পারে কোন জাতের ছঃখ তার বুকে বাদা বেঁধে আছে, কিদের মনোবেদনা নিয়ে দে পুড়ছে।

আস্থন, চিন্ততোষের গতিবিধি আর একটু লক্ষ্য করা ধাক। ওদিকের ফুটপাবে এখনও সে দাঁড়িয়ে। তেমনি উদিয় চিস্তাক্লিষ্ট চেহারা। চৈত্রের হাওয়া সাগা বাঁশপাতার মতন তার অধ্রোষ্ঠ কাঁপছে। কি ব্যাপার। হাতছানি দিয়ে কাকে ডাকল সে। চিনাবাদাম। আশ্রহণ কি। অফিসে লাঞ্চের সময় ত্থানা টোস্ট দিয়ে এক কাপ চা—ওই তো খাওরা হয়েছিল। তারপর কতটা সময় গেছে। বাডি ফিরে আর জ্বলযোগ হয়নি। সিন্নী বাডি নেই। কে সব করে টরে দেয়, নিজের হাতে শুধু চা করারও ঝামেলা অনেক। তাই বোধ করি মুখ হাত ধুয়ে জামা-কাপড় বদলে চিন্ততোষ শুকনোঃ মুখে বাড়ি থেকে আবার বেরিয়ে আসে। এখন হয়তো তুটো বাদাম চিবোবার ইছো।

কি হবে। খুব খিটিমিটি করছে চিন্তভোষ ? তাই তো, সিকিটা ঘষা, বাদাম-ধ্বয়াশা নিতে চাইছে না।

প্রকি। সঙ্গে সঙ্গে চিন্তভোষ উত্তেজিত হয়ে লোকটার গালে চড় কবিঞ্চে দিল। ছোটলোক। ফেরিপ্রালার আক্ষেল আর কত হবে—লাখি মেরে জোমাকে শালা…চিন্ততোষ গায়ের জোরে চেলায়।

এই—এই। করেন কি মশাই। ত্ তিনজন পথচারী ঘুরে দাঁডিয়ে চিন্ততোধকে ধরে ফেলে।

আমার সিকি অচল বলছে, চিন্ততোষ বলল। ই্যা, সিকিটা একটু ঘবা। পথচারীদের একজন এক পলক সিকিটা দেখে বলল, ও যদি এটা নিতে আপত্তি করে আপনি আর একটা পান্টে দিন। নহতো তার বাদাম ফিরিয়ে দিন। তা বলে নিরীহ গরীব পেরে মারধর করবেন—ছি ছি, শিক্ষিত ভদ্রলোক বলে আপনাকে মনে হয়!

রাস্তার আরও লোক এদে কোটে। চাপে পডে চিন্ততোষ ঘবা সিকি পান্টে দিতে বাধ্য হয়। বাদামওয়ালা চলে যায়। হাসামা মিটিয়ে পথচারীরা যে যার পথে এগোয়।

আর আমরা কী দেখছি? জুদ্ধ বিক্লত চেহারা করে চিত্ততোষ একভাবে দাঁডিয়ে। উত্তেজনায় দে কাঁপছে। তার হুই ঠোঁট ঘনঘন নড়ছে।

এর ধারা কী বোঝা গেল আপনারা চিন্তা করেছেন কি ? ই্যা, ঠিক বলেছেন। একটা চাপা আকোশ, একটা প্রতিহিংসার জন্ম চিন্তাতোবের মধ্যে জেগে আছে। বাদামওয়ালা উপলক্ষমাত্র। ঘবা সিকি নিতে বেচারা আপত্তি করেছিল। তাবলে এমন বাবুদের মতন আলে উঠে চিন্তাতোব তাকে চড় ক্যাবে, লাখি তুলবে।

ভার অর্ধ, একটু আগে যা বল্লাম, চিন্তভোষের মনে একটা বেশ ভালরকম ছঃখ, অভিমান ভো আছেই—এখন বোঝা গেল ছঃখের সঙ্গে রাগ হিংসা ঈর্বা এবং কাউকে আঘাত করার একটা প্রচণ্ড আকাজ্জা নিয়ে সে পৃথিবীতে বেঁচে আছে। ভিতরের ঐ চাপা উত্তেজনার ঢেউ ক্রমাগত তার মগজে এসে ধাকা মারছে, ঠোঁটে বাড়ি থাচ্ছে, মানে, ছুই ঠোঁট সারাক্ষণ এমন কাঁপছে, নড়ছে। না, এত সামান্ত কারণে রাস্তার ফেরিজ্যালাকে কেউ মারতে যার না।

এবার দেখুন আর দাঁড়িরে নেই হাঁটছে সে। হাভের বাদামের ঠোজাটা ছুড়ে ফেলে দিল। একটা বাদাম মুখে তুলল না। ঘেনা? হবে। রাগ ঘেরা আক্রোশ নিরে তার তু চোথ এখন জবাফুলের মতন লাল। লাল চোখ ঘুরিরে এদিক ওদিক দেখছে সে। যেন বাদামওয়ালাকে খুজছে। না কি যারা তার আক্রমণের হাত থেকে লোকটাকে বাঁচিয়েছিল সেই পথচারীদের হাতের কাছে সে পেতে চাইছে। তার চোখ মুখের অবস্থা উদ্লান্ত, তাকানো দেখে তাই মনে হব। যেন পৃথিবীর সব্লুমামুষকে খুন করতে পারলে সে এখন স্থাী হয়। গোটা পৃথিবীর ওপর সে কুছে, বীতপ্রদ্ধ। ঘন ঘন শ্বাস ফেলছে।

ওদিকে হান্সামা মিটিয়ে দিয়ে পখচারীদের সবাই কিছু দুরে সরে পড়েনি। ত্ একজন তখনও তাকে দেখছিল, তার পিছু পিছু হাঁটছিল। শুন্থন তারা কী বলাবলি করছে।

মনে হয় ঘরে অশান্তি বাবুর, একজন মন্তব্য করল, গিন্ধীর মন পাচ্ছেন না। স্ত্রীর কাছে যেটি পাবার তা আদায় করতে পারছেন না।

শার একজন দলে সলে মাথা নাড়ল। বলল, উন্টোটাও হতে পারে। গিন্ধী যা চাইছেন, বাবু ভা দিতে পারছেন না। ঘরের লোকের পাওনা মেটাতে না পারলে থিটিমিটি লেগেই থাকে।

ভূটোই সম্ভব। প্রথম জন বলল, তাই বাবু অনবরত ঠোঁট নাড়েন আর মনে মনে বলেন, এভাবে বেঁচে থেকে লাভ কি ?

তবু বেঁচে থাকতে হয়। তুনম্বর পথচারী চোথ পাকিয়ে উদ্ভর করল, ইচ্ছে করলেই কি আর গাড়িবোড়ার নিচে ঝাঁপ দেওয়া যায়। প্রাণের মায়া বড়ো মায়া। আর তা পারেন না বলে বাব্র অমন থিটমিটে মেজাজ। তুচ্ছ কারণে চটে যান। দেখলেন তো বাদামওয়ালার সঙ্গে কী কাণ্ডটাই না বাধিয়ে তুলেছিল।

ह", আক্রোশ। ঘরের আক্রোশ বাইরে মেটাতে চাইছেন বারু। ঐ দেখুন পকেটে হাড ঢুকিরে পরসা গুনছেন। ভা গুনবেন, আশ্চর্য কি। রোজ্যার করে এনে কর্তা বোধ করি দবটাই গিন্নীর হাতে তুলে দেন। আর গিন্নী গুনে গুনে বাব্র হাত ধরচের প্রসাদেন।

ষা বলেছেন। তৃতীয় পশ্চারী হাসল। তাই তোবারু হাঁটেন শার বিড়বিড করে প্রসার হিসেব করেন। ঐ দিয়ে চাচপ থাবেন কি মুডি বাদাম-ভাজা—না কি এই প্রসার সিগারেট কিনবেন অথবা মুচি ডেকে চটিটা ঠিক করাবেন, একটা স্ট্র্যাপ ছি'ডে গেছে।

ছি-হি ত্ নম্বর পথচারী হাদল। হাদল অন্ত পথচারীরাও। তারপর নিজের পথে তারা চলে গেল।

শুনলেন তো সব। আপনারা কি কথাগুলি মেনে নিচ্ছেন। আমি কিন্তু এসব কথার সার দিতে পারি না। আজকালকার যুবক। লেখাপড়া জানে, চাকরি করে। সে কিনা ঘরের ঐ এক বউকে নিমে বিত্রত ব্যতিব্যস্ত বিমর্থ উৎকণ্ডিত অথবা রাগান্বিত ইর্বান্থিত হয়ে ছ্ পকেটে হাত চুকিয়ে ক্রমাগত ঠোঁট নেডে পাগলের মতন আবোল-তাবোল বকবে আর রান্তার ঘূরবে—এ হয় না। গাড়িঘোড়া বোঝাই ভিড়ের রান্তার সম্ভাবিত সব কটা অ্যাকসিডেন্টকে কাঁচকলা দেখাবার মতন এখনকার যে কোন তরুণ-স্বামী তরুণী-গিরীকে কাঁচকলা দেখিয়ে গায়ে হাওয়া লাগিয়ে দিবিয় ঘোরে।

দেখুন দেখুন। আবার কি কাণ্ড করছে চিন্ততোষ। একটা দোকানে চুকে পডল। কিলের দোকান বলুন তো? ই্যা, ঠিক ধরেছেন। যাত্রা থিয়েটারের দাজ-পোশাক বেচে ওরা। ঐ দেখুন অন্ত কোনো পোশাক না, একজ্বোডা গৌফদাড়ি মুখে এণটে আয়নার সামনে দাড়িয়ে চিন্ততোষ ট্রায়াল দিছে।

তবে কি নকল গোঁফদাড়ি কিনবে সে।

মনে হয়, পকেটে হাত ঢুকিয়েছে যথন—

কিছ তার ঠোঁট নডছে কোখায়, পরদার হিদাব করছে কি ?

দেখুন, আপনাদের বলেছি: ঝোপঝাড়ের ভেতর একটা ধরগোশের নডাচড়া বোঝা যার। গোঁফদাড়ির আড়ালে মাসুষের ঠোঁট নাড়া বোঝা যার না। চিন্ততোষ এখন গোঁফদাড়ি পরেছে। হিংস্ল হরে উঠেছে সে—বৈহিসাবী। মনে হয় তার ঠোঁট আর নড়ছে না।

হ' তা হবে। সামাল্য মশা মাছিটা মারতে আমাদের ঠোঁট মুখ শক্ত হরে ওঠে।

## কেমন হাসি

আমার চতুর্দিকে উত্তপ্ত রোজ। চৈত্রের তুপুর। ধার তেজ্বের সঙ্গে কবিরা অহরহ ধর তরবারির তুলনা করেন। আর আমি কিনা অনর্গল হাসছি। আমার মাধার ওপর অনস্ত নীল নভোমগুল। পারের নিচে গড়ের মাঠের গালা গালা শুকনো ঘাস। এই অবস্থায় শহীল মিনারের সামনে দাঁড়িয়ে আমি হেসে বাঁচি না। হাসতে হাসতে আমার তুপাশের পাঁজরা ঝন্ঝন্ করছে, পেটে খিল ধরছে। কখনো চোখে জল আসছে, আর সেই জলে চোখের কোণের পিচুটি গলে ধুয়ে গাল বেয়ে চিবুকের লাডির কাছে এসে ঝুলছে।

তাই তো, সংসারে জনেক রকম হাসি আছে। চিকন হাসি, মৃচকি হাসি, মদির হাসি, মোহন হাসি, শোভন হাসি। তা ছাড়া দেঁতো হাসি, তেতো হাসির নাম ভনেছি। এসব হাসি ভধু চোখে দেখার। নিতান্তই ভিজুয়ল ব্যাপার। কানে শোনার হাসিও আছে। ভনলে কানে তালা লাগে, কানের পর্দা ফেটে যার। হুৎপিও ধড়াস ধড়াস করে। যেমন অট্টহাসি বাজ্ববাঁই হাসি। আবার ভনি বাঁদরের মতন থিচথিচ করেও কেউ হাসতে পারে, ভালুকের মতন বাঁৎ বাঁৎ করে হাসে। আমার এসব কথা ভনলে জনেকেই ভাববে আমি ব্ঝি হাসি নিয়ে রিসার্চ করছি। জনেকটা তাই। যেমন এখন এই প্রচণ্ড গরমের তুপুরে পিতলের খাড়া পিলস্ক্জের মতন মেরুদাড়া টানটান করে সোজা হয়ে দাড়িরে আকাশের দিকে মৃথ করে চৈত্রের বাতাসে দামামা বাজিয়ে আমি হা-হা হাসছি।

টের পাই শহীদ মিনারের ওপাশে সক্ষ চিলতে ছায়ায় আইসক্রীমের গাড়ি থামিয়ে গামছা দিয়ে গায়ের ঘাম মৃছতে মৃছতে লোকটা গোল গোল চোধে আমাকে দেখছে। ভাবছে, নিশ্চর পাগল ছাগল। না হলে এমন একা একা কেউ হাসে! বা এ-ও মনে করতে পারে লটারি জ্বিতে আমি অনেক টাকা পেরেছি। বা আখের গুছোব বলে এইমাত্র কারো মাখায় বাড়ি দিয়ে এসেছি! বা বৌয়ের চোথে ধুলো দিয়ে কোনো কু-মতলব হাসিল করতে যাছিছ। হাসি হাসি। হাসতে হাসতে হাঁস শক্ষটা মনে আসে। হংস। পরমহংস! ব্রমানন্দে ময়্ম পরম যোগীপুক্ষ ? না, এতটা উচ্চ চিস্তা আমার মাথায় নেই। বড়জোর

সোনার ডিমপাড়া হাঁদের কথা ভাবতে পারি। হাসির সঙ্গে ফাঁসী কথাটার চমৎকার মিল। অবাক হবার আছে কি। শহীদ মিনারের পারের তলার দাঁড়িয়ে আমি। এখান থেকে উকি দিলে বি বি ডি বাগ দেগা যায়। কর্নেল সিম্পসনকে খুন করা দীনেশ গুপুর ফাঁসী হয়েছিল। এখান থেকে উকি দিলে চৌরলা পার্ক শ্রীটের মোড। টেগার্টের বদলে মি: ডে-কে খুন করে গোপীনাথের ফাঁসী; হয়েছিল। ফাঁসীর মঞ্চে দাঁড়িয়ে তারা জীবনের জয়গান গেয়ে গেছেন।

না, এতবড় জীবনের কথা কি ভাবতে পারি! একফোটা মাছুষ আমি, এইটুকুন প্রাণ। এই শহরের হাজার হাজাম। হজ্জত দলবাজি গলাবাজি মারামারি খুনোখুনি ভিড ও ভেজালের আবহাওয়ায় আমার বড হওয়া, বেডে ওঠা। লোহালকড বোঝাই গুদোমের নেংটি ইত্বর যেমন করে বাডে বড় হয়। কিন্তু তাই তো সব নয়। আবার অনেক হাদামা হুজ্জত বোমা ছোড়াছু ডি টেবিল চেয়ার ভাঙাভাঙি গণ টোকাট্কির আবহাওয়ায় থানিকটা লেখাপডা শিখে একটা ডিগ্রী বাগিয়েছি। না, ডিগ্রীও শেষ কথা নয়। বিশুর হাঁটাহাঁটি ধরাধরি অমুনয়বিনয় হতাশা দীর্ঘধাস বিনিত্ত রাত্রি জাগরণ ও দশদিকে দশহাজার দরখান্ত প্রেরণ এবং তারপর কুড়ি তুকুডি ইন্টারভিউএর বৈতরণী অভিক্রমণের পর আমার একটা চাকরি জুটেছিল। স্বতরাং এই ছোট মাধায় শহীদের জীবন, দেশের ভাবনা, দশের চিস্তা একদম আসে না। কাছেই ফাঁসীর কথা থাক। আপাতত ঠা-ঠা রোদ্র মাধার নিরে ময়দানে দাঁডিয়ে অনর্গল হাসছি। সেই সঙ্গে আর পাঁচটা মাহুবের হরেকরকম হাসির কথা ভাবছি। হু", হাসি নিয়ে আমার গবেষণা। আমার বৌ কেমন করে হাসে, আমার অফিসের বড সাহেব কেমন হাসে, বড সাহেবের টাইপিসট লায়লা কেমন করে হাসে ও কডভাবে হাসে।

এখন আমি বাতাদে আওরাজ তুলে হা-হা হাসছি। সেদিন কিন্তু আমার বি বি ডি বাগ অফিনের বড সাহেবের কামরার পুলিংডোর ঠেলে ঝড়ের মতন ভিতরে ঢুকে এমন হাসতে পারিনি। ইচ্ছে ছিল হাওয়ার তৃফান তুলে সাহেবের ঘর কাঁপিয়ে একটা অট্টহাসি হাসব। পারিনি। হাসিটা গলার মধ্যে আটকে গিয়ে চড়ক মেলার ডুগড়গির মতন বাজতে লাগল।

বলেছি, কিছু হাসি চোখে দেখার, কিছু কানে শোনার। ম্থাজির ( বড সাহেব ) ঘরে আমার হাসাটা কানে শোনার মতন ছিল। বেমন আজ সকালে আমার বেলেঘাটা চাউলপটি রোডের বাসার মধুমিতার (আমার গিরী )হাসি, চোধে

দেখার তো বটেই, কানে শোনার মতনও ছিল। এমন কি হাসিটা আঙুল দিয়ে ছোঁয়া গেছে। যেমন লায়লার হাসি। উত্ত, আমার বি বি জি বাগ অফিসের লায়লা নয়। ফটকটাদ মিন্তির লেনের নগেন কোবরেজের মেয়ে লায়লা। ওপাডার বাটারফ্লাই ক্লাবের অ্যাফুয়েল ফাংশনে বিদর্জন নাটকে অপর্ণার রোলে অভিনয় করতে নেমে পার্ট ভূলে গিয়ে লায়লা স্টেজের ওপর হেসে ফেলেছিল। তারপর স্টেজ থেকে নেমে গ্রীনক্রমে ঢুকে অঝোরে কায়া। কায়ার আগে লায়লার হাসি দেখার মতন ছিল। অবিপ্রি সেটা কোন জাতের হাসি ব্যুতে পারিনি। বলেছি সংসারে অনেকরকম হাসি মাহুম হাসে। শোভন হাসি লাজুক হাসি গোমড়া হাসি। লায়লার সেদিনের হাসির আমি কোন নামকরণ করতে পারিনি। যেমন আর একদিন। বাটারফ্লাই ক্লাবের অ্যাফুয়েল স্পোর্টসে হার্ডল রেসে নেমে তু পাছটেই ত্ম করে আছাড় খেয়ে মাটিতে পড়ে গিয়ে লায়লা থিলথিল হাসছিল। তারপর মাঠ ছেড়ে তক্কনি উঠে এসে ক্লাবের টেন্টে ঢুকে ব্যুব্রর কায়া। বুরুন।

সেদিন অবশ্য লায়লা আজকের মতন ছিমছাম তন্ত্রী ছিল না। এমন স্থকেশিনীও হয়ে ওঠেনি। দেখতাম ফ্রকপরা ঢ্যাপসা শরীর। একমাথা লাল রুক্ চুল। থপথপে ঢ্যাপদা শরীর নিয়ে লায়লা যে রেদে ছুটতে পারবে না—আমি আগেই জানতাম। হয়েছিলও তাই। আমিও সেদিন ফটিকটাদ মিজির লেনের ছেলে ছিলাম किना। वाठावक्रांटे क्रांत्वत स्थाव हिलाम। लावलाव व्यत्नक किছ দেখার স্থযোগ হয়েছিল। যে কোন ব্যাপারে হেরে গিয়ে সে হেনেছে, ভারপর কেঁদেছে। যেমন দেবার হায়ারসেকেনভাগী পরীক্ষা দিয়ে রেজ্বান্ট বেরোবার দিন গেজেটে নাম খুঁজে না পেয়ে আমাদের ক্লাবঘরে বদে সকলের সামনে খুব কভক্ষণ হাসল। ওনেছি পরে বাড়ি গিয়ে মাটতে গড়িয়ে মেয়ের মহাকারা। কারার আগে লায়লার দেসব হাসি নিয়ে আমি মাথা ঘামাডাম না। আসলে হাসিগুলি তুর্বোধ ছিল। যে জন্ম একটা হাসিরও নাম দিতে পারিনি। কিন্তু তার এদিকের হাসিগুলি বুঝতে পারি। জলের মতন পরিষ্কার। এদিকে মানে কি, বছর পাঁচেক আগে আমি ফটিকটাদ মিন্তির লেন ছেড়েছি। লায়লার সঙ্গে দেখা হচ্ছিল না। ওর হাসি এবং হাসির পরে কাল্লা একরকম ছিল কিনা খোঁজ নেইনি। আমি আপাতত বেলেঘাটা চাউল পটি রোডের বাসিন্দা। ইদানীং মধুমিতা আমার ঘর আলো করে এপেছে। অফিসে সাতদিনের ছুটি নিয়ে এই তো সেদিন দীঘার সমুদ্র সৈকতে হনিমূন করে এলাম। কলকাভায় ফিরে অফিসে জ্বরেন করে আমার চক্ষুস্থির। ছ থেকে ভিনমিনিট সময় লেগেছিল মেয়েটকে চিনতে। একটা টাইপরাইটার সামনে নিয়ে বসে আছে। উছ ঢেপদা ফাপা শরীর নেই ।

অপ্রানের লাউ ভাটার মতন নধর আঁটোসাটো লয় কাঠামো। নারকেল

চোবডার মতন ঝুরঝুরে লাল চুলের বদলে শ্রাবণের ঘন মেঘের মতন স্থপস্থপ

কালো চুল মাধায়। পাঁচ বছরে এত পরিবর্তন! এবং আত্তে আত্তে দেধলাম

অনেক দিন থেকেই বদলে গেছে নগেন কোবরেজের মেয়ে। লায়লা জানত

একান্ত করে ওটা ওরই অফিদ। পরিচিত কেউ ছিল না তো। হঠাৎ আমাকে

দেখে তৃ চোধ কপালে তুলল। তারপর যেন চিনল। তার পর আমার চোখে চোধ

রেখে, কি বলব, একটা লোভন-হাদি হাসল। প্রত্যুদ্ধরে আমিও ঠোঁটের আগায়

হাসলাম। ছুটির পর বাসায় ফিরে আয়নার সামনে দাঁডিয়ে আবার ঠিক সেই

হাদিটা তৃই ঠোঁটের মাঝখানে ফুটিয়ে তুলি। অর্থাৎ হাদিটা কোন ক্যাটাগরিতে

পতে দেটাই আমার মন্তব্য ছিল। দেখলাম ওটার নাম দেখন-হাদি। অর্থাৎ

অনেকদিন পর তোমাকে দেখে খুলি হ্যেছি—লায়লাকে বোঝাতে গিয়ে তথন

অফিসে আমি এই হাদি হেসেছিলাম। হাদিটা ভালই হয়েছিল।

জামাকাপত ছাতা নেই, মুখ হাত ধোরা নেই, চা-জলখাবাব খাওয়া নেই—
যরে চুকেই ডেুনিং টেবিলের দামনে দাঁতিয়ে আমি হাদছি। দেখে মধুমিতা অবাক।
কি ব্যাপাব ? তু পা দামনে এদে গিন্ধী প্রশ্ন কবল। আমি লামলার কথা বললাম।
বোকা মেয়েটা আমাদের অফিসে চুকেছে। শুনে গিন্ধী আড়েট্ট হয়ে গেল।
লায়লাকে দে কোনোদিন চোখে দেখেনি। কিন্তু লায়লার সব বোকামির গল্প
দে শুনেছিল। ক্টেজে নেমে পার্ট ভুলে গিয়ে ওই মেয়ে কেমন কবে হাসত, পরে
গ্রীনক্ষমে চুকে কাদত, হার্ডল-রেসে ছুটতে গিয়ে আছাড খেয়ে তার হি-হি হাদি,
তারপর মাঠ ছেড়ে উঠে এদে কালা। পরীক্ষায় ফেল করে হাদি, পরে কালা।
দীঘার ঝাউবনে বদে গিন্ধীর গায়ে গা ঠেকিয়ে সমুদ্র দেখতে দেখতে আর দশরকম
গল্পের সক্ষে লায়লার গল্পও করেছি। শুনে মধুমিতা হেসে কুটকুটি হত।

সেই লায়লা আমার অফিসে ঢুকেছে ভনে গিন্ধী প্রথমটা আড়ন্ট, তারপর আতন্ধিত হরে উঠল। স্বাভাবিক। চিস্তা করলাম। ফটিকটাদ মিন্তির লেনের মেরে লায়লা। আমিও ও পাডার ছিলাম। কুড়িবছর সেখানে কাটিয়ে এসেছি। লায়লার মত আমিও বাটারফ্লাই ক্লাবের মেম্বার ছিলাম।

একসঙ্গে খেলাধূলা করেছি, একসঙ্গে থিয়েটার। সেই মেয়ে আমার অফিসে আমার পাশে বসে কান্ধ করবে এ তো ভাল কথা নয়।

আমি মধুমিতাকে বোঝাই, বোকা অপদার্থ—মকর্মার ঢেঁকি। ওর পৌষ্ঠ

তুমি জান। কোনোদিন কোন কাজে নেমে শেব বক্ষা করতে পারেনি। থিরেটার থেলাধূলা ইউনিভাগিটির পরীক্ষা—সব ব্যাপারে ফেল করেছে। স্থতগ্রাং অফিসের কাজকর্ম কতটা চালাতে পারবে ও, একবার চিস্তা কর—চালাতে পারবেই না।

কি কাজ ?

টাইপ করা—টাইপিস্ট ও। বললাম।

হায়ার-সেকেগুারী পরীক্ষায় ফেল করা মেয়ে মধুমিতা বলল, ওই বিচ্চা নিয়ে কি করে সে তোমাদের এতবড় অফিসে ঢুকল ?

পরের বছর পাদ করেছিল, বললাম, সম্ভবত সেবার ভাল করে টুকতে পেরেছিল।

আমার কথা ভনে গিন্নী হাসল না। বলল, তা না হয় টুকে পাস করল, তা বলে এগিনে একটা চাকরি বাগানো তো চাটিখানি কথা নয়।

সম্ভবত পেছনে মামার জোর ছিল, উত্তর করলাম। শুম হরে থেকে একটু ভাবল মধুমিতা। তারপর বলল, পেছনে মামার জোর থাক কি মেসোর জোর —কাজ চালাতে না পারলে অফিসে চাকরি রাথা ওর পক্ষে মৃশকিল হবে। সত্যি কিনা ?

—একশবার। তৎক্ষণাৎ একটা মিষ্টি হাসি গিন্নীকে উপহার দিলাম। বললাম, আমাদের মুখার্জির অর্থাৎ বড়সাহেবের কেমন একখানা কড়া মেজ্রাজ্ব তোমাকে অনেকদিন বলেছি। কত ভ্\*শিরার হয়ে সারাক্ষণ কাজকর্ম করতে হয় আমাদের। কাজে ভূল করলে রক্ষা নেই। পরদিনই চাকরি নট।

এবং যা আশঙ্কা করেছিলাম। ভুল ভুল। রোজ লায়লা টাইপ করতে ভুল করছে। বড়সাহেবের চিঠিপত্র দেখেন্ডনে ঠিকঠাক করে দিতে হয় আমাকে। তারপর টাইপিস্টকে দিয়ে সব টাইপ করিয়ে সাহেবের ঘরে নিয়ে যাই। সাহেব সই করে দিলে সেগুলি ডেম্পাচে পাঠাই। কিছু কি বলব, এক একটা চিঠি টাইপ করে লায়লা যথন আমার টেবিলে পাঠায়—দেখে আমার মাথা থারাপ হতে বাকি থাকে। আটটা দশটা করে ভুল। তক্ষ্নি কাছে ডেকে আঙুল দিয়ে তাকে ভুলগুলি দেখাই। দেখার সঙ্গে সঙ্গে টুসটুসে গোলাপী জিভটা আধ্যানা বের করে দাঁত দিয়ে কামড়ে ধরে লায়লা। তারপর কালো ডাগর চোখ তুলে মিটিমিট হাসে। এমন স্থলর করে হাসা অনেকদিন দেখিনি। এই বোধ করি মদির হাসি, ভাবসাম। মনমজানো হাসি। তৎক্ষণাৎ ফটিকটাদ মিন্তির লেনের কথা মনে

পড়ল। উন্ধ, এমন তো কথা ছিল না। এই ভূল দেই ভূল করার পর ভূমি আগে হাসবে, তারপর কাঁদবে। এখন সেসব কিছুই দেখছি না। আমার দিকে মুখ ভূলে মন-মজানো হাসিটা সে হেসেই চলেছে। আমি অগুদিকে চোখ ফিরিরে নিই। তথন চিস্তা করি, অনেক কিছু ওর বদলে গেছে। চূল চেহারা পোশাক। পিটপিটে চোখ ছটি এখন দীঘির মতন বিশাল হয়েছে। মেনিকিউর করা হাতের ম্যাডমেডে ক্যাকাসে নথ পলার টুকটুকে রং ধরেছে কাজেই হাসির ধরন-ধারণও পান্টে গেছে। হাসির পর হাসিই আসছে। কালার ছিটেফোটা নেই।

যাই হোক, ওই মদির হাসি আমাকে কাবু করতে পারল না। বেশ কড়া করে বললাম, রোক্ত এমন ভূল টাইপ করলে এথানে তোমার চাকরি রাখা দার হবে। আমার কথা জনে লারলা তখন ঠোঁটে না ছেসে চোখে হাসতে লাগল। চোথে হাসা কথাটা আগে কেবল জনতাম, এখন চাক্ত্র দেখছি। আমার বক্নিথেরে, কি বলব, লারলার চোখ রোদ লাগা দীঘির জলের মত ঝলমল করছিল। আর্থাৎ চাকরি থাকল কি গেল তা নিয়ে যেন তার মোটে মাখাব্যখা নেই। বরং কাব্দে ভূল করেছে বলে আমি যে কড়া কথা শোনাচ্ছি, তাই দেখে সে কোতুকবোধ করছে। এবং ঝকমকে চোখে তাকিরে থেকে আমাকে বোঝাতে চাইছে—এভ স্থন্দর শরীর স্থন্দর মুখের মেয়েকে কেউ কড়া কথা শোনায় তার ধারণা ছিল না। আমাকে দিয়ে এই জিনিস প্রথম দেখে তার ভিতর থেকে একটা আহলাদ উপছে পড়ছে। অর্থাৎ পৃথিবীতে একটা অসম্ভব কিছুকে আমি সম্ভব করে তুলেছি।

যেন হেরে গিয়ে চুপ করে থাকি। ঘাড় গুল্কে ভুলগুলি সংশোধন করতে থাকি। তার পর একটা একটা করে চিঠিগুলি ওর হাতে ফিরিয়ে দেই। লায়লা নতুন করে সব টাইপ করে আমার টেবিলে এনে জড় করে। তথন সাড়ে পাঁচটা বাজে। সাহেবকে দিয়ে সই করিয়ে এনে একটা চিঠিও ডেম্পাচে পাঠাবার সময় থাকে না। তরু যা-হোক করে সামলে স্থমলে নেই, আর মনে মনে বলি, যদি সাহেব এসব জানতে পারে, নির্ঘাত আমার কৈফিয়ৎ তলব করবে। তথন কি আমি বলব যে এই টাইপিস্টকে দিয়ে কাজ চলবে না সাহেব—নতুন টাইপিস্ট নাও? পরদিন থেকে যে লায়লা বেকার হবে। তারপর কোথার চাকরি পাবে! মামার জার মেসোর জার—সে তো আমার ও মধুমিতার মনগড়া কথা।

এদিকে রোজ গিন্নী আমার বাড়ি ফেরার পথ চেরে বলে থাকে।
কি হল! আজ কটা ভূল করল ? ঘরে পা দেবার সঙ্গে সঙ্গে তার প্রশ্ন।

একগাদা, গাল ছড়িয়ে হেলে উত্তর করি। তানে মধুমিতার মুখে ভৃপ্তির হাসি ছড়িয়ে পড়ে। ওটাকে আন্ধও কেন তাড়িয়ে দিচ্ছে না তোমার সাহেব ?

দেবে ঠিকই, একটা দেঁতো হাসি হেলে বলি, ছ একটা দিন সব্র কর।

ছু একদিন না। পরদিনই ব্যাপারটা ঘটে। তার মানে পরও বিকেল। বিষ্যুৎবারের বারবেলায়।

সকালের দিকেই একসঙ্গে তিনটে চিঠি লায়লাকে টাইপ করতে দিই। লাঞ্চের আগে শেষ করতে হবে। পই পই করে বলে দিলাম, জরুরী চিঠি, আজকের ডাকে না পাঠালে নয়।

মিটি হৈদে ত্বার ঘাড় নাড়ল লায়লা। কিছু কোথায়। লাঞ্চের আগে একটা চিঠিও টাইপ করা শেব হয় না। যেন এক একটা চিঠি টাইপ করার পর পাঁচটা লাডটা করে ভূল থেকে যাচেছ, যেন নিজেই ভূলগুলি ধরতে পেরে আবার মেশিনে কাগজ চডিয়ে নতুন করে টাইপ করছে। দেখতে দেখতে লাঞ্চ আওয়ার এসে যায়। আমার চোখের সামনে দিয়ে মুখার্জি হোটেলে খানা খেতে গটগট করে বেরিয়ে গেল।

কি হল ! শেৰ করতে পারলে ? আমার টেবিল থেকে গলা বাড়িয়ে ভুগাই। লারলা তথন ঠোঁটের কোণার চমৎকার চিকন হাসি হাসল। হরে যাবে, আদকের ডাকেই পাঠাতে পারবেন। এত চিস্তা করছেন কেন ? আমার দিকে চোখ না ফিরিয়ে সে উত্তর করল। খানিকটা আখন্ত হরে নিচে নেমে যাই। রাস্তার দাঁডিয়ে ফুন মাখান বাতাবী লেবু ও শুসা দিয়ে টিফিন করি। তারপর একটা সিগারেট ধরিয়ে খানিকটা পারচারি। তারপর ঘড়ি দেখে ওপরে উঠে আসি। সি'ড়ির গোড়ায় সাদা গাড়ি দেখে টের পাই খানা খেয়ে সাহেব ফিরেছে। চেয়ার টেনে টেবিলে বসতে গিয়ে এদিক ওদিক তাকাই। লায়লাকে দেখছি না। আধখানা চিঠি টাইপ হয়ে মেশিনের মাখায় ঝুলছে। বাকি কাগজগুলি পাশের সবুক্র বাস্কেটে ফ্যানের হাওয়ায় পতপত করে উড়ছে।

ভারপর ? মধুমিতা অবাক হয়ে প্রশ্ন করে। সন্ধ্যার পর বাড়ি ফিরে ঘটনার আদ্যন্ত গিন্ধীকে খু'টিয়ে বলছিলাম।

তারপর আর কি, বললাম, ত্টো বাজে, আড়াইটে বাজে—তিনটে বাজল, লারলার দেখা নেই। ছোকরা বেয়ারাটাকে ডেকে জিজ্ঞেদ করি দিদিমণি কোথায়? দিদিমণি বাধকমে গেছে। উত্তর শুনে চোথ কপালে ওঠে। আঁটা, বেলা তিনটে থেকে একটা মান্ত্র বাধকমে বদে আছে! বুঝলাম দেদিনকার মতন নগেন কোবরেজের মেরে পালিয়েছে। ফ্রেঞ্চ লীভ? এখন উপার!
মাথাটা গরম হরে গেল। ছোঁ মেরে ওর বাস্কেটের সব কাগজ্ঞপত্র তুলে নিয়ে
উর্বোসে ছুটলাম। মুখার্জিকে বলে আজই একটা হেন্তনেন্ড করতে হয়।
এই টাইপিস্টকে শিগগির তাভাও সাহেব, নয়তো অফিস ডুববে। সাহেবের
এয়ারকনভিশন ঘরের কাছে পৌছে থমকে দাঁড়াই।

কেন! মধুমিতা ভূক কু"চকোল। ভেতরে চুকতে লাহন পেলে না ?

ত্টো হাসি ভালাম তথন সাহেবের ঘরে। ত্রকম হাসি। গিন্ধীর চোখে চোখ রেথে বল্লাম, কাজেই দাঁডিয়ে পড্লাম। একটা অবিকল ছু⁺চোর মতন কিচকিচে গলার হাসি।

আর একটা ?

যেন শুকনো ময়দার ডেলা হডহড করে গলা দিয়ে বেরোচ্ছে—এমন মোটা হাসি।

ওটা মুখাজির, মধুমিতা বলল, তোমাব দাহেবের গলা। আর ছুটোব হাসিটা তোমাদের টাইপিস্ট লাবলা ঠাকফণের।

ভাই বুঝি ? বভ বড চোখ করে গিন্ধীর মুধ দেখি।

ই্যা গো মশাই, তাই। ছুঁডি ঠিক বুনে গিয়েছিল, এত ভূলচুক করে চাকরি রাধা যাবে না। তুমি একদিন সাহেবের কাছে কমপ্লেন করবে। টের পেয়ে আগেডাগেই মুধাজিকে হাত করে ফেলেছে, সাহেবের মন মজিয়েছে। তাই বাধকমের নাম করে তিন ঘণ্টা ওঘরে বসে গল্প করে।

আমি চুপ।

ভারপব, তুমি কি করলে ? মধুমিতা চোখা চোখে আমাকে দেখল। হাবার মতন দরজার বাইরেই দাঁডিয়ে রইলে ?

না না। ত্টো হাসি শুনে আমার বেদম হাসি পাচ্ছিল। পেট ফেটে যায়।
পূশিং ডোর ঠেলে সডাৎ করে ভেডরে ঢুকে পডি। ইচ্ছে ছিল মুখার্জির ঘর
কাঁপিরে প্রচণ্ড শব্দ করে হাসব। হল না। গলার কাছে আটকে থেকে হাসিটা
ডুগড়িপির মতন বাজতে লাগল।

তারপর ? সাহেব নিশ্চর চটে সেল !

উঁহ, আমার দেখে মুখের গর্ভটা গোল করে আরো বেশি হাসছিল। হাসতে হাসতে বলল, আপনি দেখছি গাধার মতন হাসছেন স্থ্রতবাব্।

তুমি তথন কী বললে? মধুমিতা চোখ ছুটো বড় করল।

আমিও ছেড়ে কথা কইনি। আপনি স্যার ভল্লকের মতন হাসছেন। বলনাম।

এই বে। সাহস তো ভোমার কম না। যেন গিন্ধী খুলি হল। তারপর ?
মুখার্জি তথন আড়চোখে লায়লাকে দেখল। মুখার্জির পিঠে হাত রেখে
মুখার্জির চেয়ারের হাতলের ওপর ঠ্যাং ঝুলিরে বসে লায়লা গাঙুলী হাসছিল।
আমাকে দেখে নেমে দাঁড়াল। মুখার্জি আমার চোখে চোখ রেখে বলল, মিদ
গাঙুলীর হাসিটা আপনার কিরকম লাগল শুনি ?

চমৎকার! বললাম, অবিকল ছুটোর মতন।

এই রে ! মধুমিতা আবার চোথ পাকাল। লায়লা চটে গেল না তোমার কথা ভনে ?

উত্ত, মৃথটা আরো বেশি ছু চোর মতন করে হাসতে লাগল। মৃথাঞ্চিও হাসছিল। তৎক্ষণাৎ চোথের ইশারায় একটা চেয়ার দেখিয়ে আমাকে বসতে বলল। আমি বসলাম। লায়লাও আর একটা চেয়ারে বসল। কলিং বেল বাজিরে বেয়ারাকে ডেকে মৃথাঞ্জি কফি কাজুবাদাম আনাল। তিনজনে গল্প করতে করতে থেলাম।

তারপর ?

ছুটি হতে বাড়ি চলে এলাম।

মধুমিতা তথন থোঁৎ করে নাকে হাসল। এমন করে কোনদিন তাকে হাসতে দেখিনি। হাসিটা রহন্তের মতন ঠেকল। আমার দিকে তাকাল নাসে। ছাদের দিকে চোথ তুলে বলল, এটা আমি সন্দেহ করছিলাম। অফিসে বসে তোমরা কান্ধ করছ না—তুমি, তোমার সাহেব। একটা মেয়েকে নিয়ে ফুর্তি করছ। না হলে ওই অকর্মার চে কিকে ওথানে পুষছ! অফিস থাকল কি তুবল তাতে তোমার বা তোমার মুখার্দ্ধি সাহেবের কিছু আসে যায় না। যায় কোম্পানির যাবে।

কথাটা কি ঠিক হল ? আন্তে, বলনাম।

একশবার ঠিক হয়েছে। গিন্ধী আর হাসল না। ফোঁস করে নাকের একটা শব্দ করল। বলল, এমন একটা বিচ্ছিরি রাগারাগি ব্যাপার ঘটল, আর তিনজনে মিলে কিনা হেসে গল্প করে কফি কাজুবাদাম, খাওয়া হল। ব্যাস সব মিটমাট হয়ে গেল।

আমি চুপ।

তোমরা তিনটি এক গাঙের মাছ ছুটেছ ওথানে। বদের শিরোমণি। রাগে কাঁপতে কাঁপতে মধুমিতা সামনে থেকে সরে গেল।

ভারপর বান্তিরে বিছানার শুরে হুদহাস কারা, বিলাপ। আমার মরে যেতে ইচ্ছা করছে, বেঁচে থেকে লাভ কি, আমি স্থইসাইড করব ইত্যাদি। কাঠ হয়ে বিছানার একপাশে শুরে থেকে রাভ কাটাই। ভাবি, গিন্নীর ঐ কারার সঙ্গে ভথনকার অভ্যুত নাকী হাসিটার যোগ আছে। যেমন কারার আগে লায়লা একদা হাসত।

পরদিন, মানে গতকাল অফিলে যাইনি। ফোন করে জানিয়ে দিয়েছি সদি কাশি মাথা কনকন গা-হাত-পা ব্যথা। মধুমিতা আমার সঙ্গে একটাও কথা কইছিল না। আৰু দকালে উঠে যদিও রান্নাবান্না করেছে। আমিও দাডি কামিরে চান করে ভাত খেয়ে যথারীতি অফিসে বেরোব—অফিসের পিওন বাডিতে চিঠি নিয়ে হাজির। কার চিঠি? পাতায় সই করে থামের মুখ ছিঁডে দেখি সাহেবের চিঠি। তলার মুখার্জির সবৃত্ধ কালির জমকালো সই। কি ব্যাপার ? ও মাদের পরলা থেকে আমাকে আর অফিসে যেতে হবে না। আৰু মাদের ত্রিশ। তক্ষনি গিন্নী ছুটে এসে হাতের জল হলুদের দাগ আঁচলে মুছে চিঠিটা ছোঁ মেরে তুলে নিয়ে এক খাসে পড়ে ফেলে। তারপর আমাকে সেটা ফিরিয়ে দেয়। मित्र थिनथिन शास्त्र। थूर श्राह्, त्रण श्राह्, এই आमि ठाइकिनाम—आ:, আজ থেকে আমি নিশ্চিম্ভি। বোকা হয়ে কিছুক্ষণ ভাকিয়ে থাকি। হাসভে হাসভে গিন্ধী হাততালি দিয়ে নাচতে শুক্ষ করল। তখন আমিও হাসি। কারণ দেখলাম মধুমিতার জলতরক হাসির সকে মেঘতরক নাচের সকে তাল দিয়ে দিয়ে বাডিভাডা রেশন হরিণঘাটার তুধ ইলেকট্রিক বিল মুদিথানা ধোবাধানা কাগজওয়ালা মায় মোডের সিগারেটের দোকান হাততালি দিয়ে নাচতে আরম্ভ করেছে, হাসতে আরম্ভ করেছে। সব কটা হাসি আমি চোখে দেখছিলাম কানে ভনছিলাম আঙুল দিয়ে ছু"তে পারছিলাম। তথন নাচতে নাচতে বাডি থেকে পালিয়ে এসেছি।. ভারপর সেই কথন থেকে চৈত্রের খরায় ময়দানে দাঁডিয়ে পাঁজরা ঝাঁঝরা করে হা-হা-হা-হা হাসছি।

## হার

আবার শব্দটা শুনল সে। বাইরে, ঠিক তার জ্ঞানালার নিচে, অতসী ঝোপের কাছে একটা কালো পাখর আছে। সেই পাখরের বুক খেকে শব্দ উঠে আসছে। একটা না, অনেকগুলি শব্দ, ছোট ছোট, একটার পিঠে আর একটা, যেন চমৎকার মিল রেখে ছন্দ রেথে কেউ একটা শব্দের কবিতা তৈরী করছে, আর সেই কবিতা তার কানে ভেসে আসচে।

ঘরে আলো জলছে। জ্বানালাটা বন্ধ। বন্ধ করে দিতে হয়েছে তাকে।
তাই করনার চোথে উঠোনটা দেখছিল সে। বাইরেটা এতক্ষণে অন্ধকার হয়ে
গোছে। খ্ব অন্ধকার কি, এই তো সন্ধ্যা হয়েছে, তা হলেও সে এখানে বলে
পরিষ্কার দেখতে পাচ্ছিল, অতসী গাছগুলির কাছে, পাথির পালকের মতন শব্দ
না করে একটু একটু করে অন্ধকার ঝরে পড়ছে, সকলের আগে কালো পাখরটা
অন্ধকারে তুবে গেছে, তারপর অতসী বোপের চারদিকের বাঁশের বেড়া,
ভারপর—

আর জলের ওপর, সন্ধ্যার অন্ধকারে কালো জলের বুকে যেমন একটি পদ্ম ভাসে, বাতাসে একটু একটু নড়ে, তেমনি তার জানালার ঠিক নিচে অন্ধকার পাধরটার কাছে অতসীবন খেঁষে একটি মাহ্মষ নড়ছে, কাঁপছে। কাঠ কাটার সময় পিঠ নড়বে মাথা কাঁপবে কোমরে ঝাঁকুনি লাগবে জানা কথা।

তার ভয়ানক ইচ্ছা করছিল জানালার পালা ত্টো ফাঁক করে উকি দিয়ে অন্ধকারে ফুলের মতন, আলোর পিণ্ডের মতন কিছু একটা একবার দেখে নের। শুধু কল্পনার কতক্ষণ ভাল লাগে।

ক কিছ উপার নেই। কটমট করে প্রতি পাঁচ মিনিট অন্তর ঘাড় ঘুরিরে ঘুরিরে আর একজন বে এদিকে ভাকাচ্ছে পরিষ্ণার সে টের পাচ্ছিল। ই্যা, ঘাড় ঘুরিরে এনিকে ভাকাচ্ছিল আর থেকে থেকে উপদেশামৃত বর্ষণ করছিল পঞ্চাশোত্তর মান্ত্র্যটি। ভাকগভার গলার অর হিমাদ্রিবাব্র। তার পিতৃদেব। কিছ এ সমর কোনদিনই তিনি ঘরে থাকেন না। বড় নালার ধারে জগদীশবাব্র বৈঠকথানার রোজ সন্ধ্যার দাবার আড্ডা বসে। কাজ থেকে বাড়ি ফিরে অথবা

কোন কোনদিন বাডিও ফেরা হয় না—য়রে ফেরার জাগেই রাভায় জগদীশবাব্ব বৈঠকখানায় ঢুকে হিমাজি দাবার আভ্যায় বদে যান। খেলা শেষ করে মরে ফিরতে রাত দশটা এগারোটা বাজে। এই নিয়ে বাবাকে কতদিন কথা শুনিরেছে দে: 'একে তো ভেইলী প্যাদেঞ্জারী করছ, দকাল আটটায় ছাইভস্ম মুখে গুঁজে চাকরি কবতে ছুটছ কোলকাতা। তা না হয় ব্ঝলাম, ধবধবে গোবিলপুর এসে বাডি করেছ, ভেইলী প্যাদেঞ্জারী করা ছাডা উপায় কি, কিন্তু সময় মত ঘরে ফিবে একটু বিশ্রাম করবে ভো, জলটল থাবে—সারাদিন থাটুনি—না, রান্ডায় আসতে আসতে অমনি বদে গোলে দাবা খেলতে, কিসের জামা-কাপড ছাডা, বিশ্রাম কবা মুখ হাত ধোয়া; এদিকে আমি ভোমার জন্ম চিঁতে ভিজ্ঞিরে রাখি কলা এনে রাখি—উপদেশও বটে শাসনও বটে। ছেলের বকুনি খেয়ে হিমাজি দলজ্ঞ হেসে সঙ্গে সঙ্গে মাখা নাডেন, 'না না, আর এমন হবে না নীলু—কাল খেকে আর ওথানে—'

কিন্ত দেখা গেছে, পরদিনও একই অবস্থা। ক্লান্ত ধূদর মাতুষ্টির ঘরে ফিরতে রাত এগারোটা বেজে গেল। আর তথন রাগ করে ছেলে বলল, 'চিভার না ওঠা পর্যন্ত তোমার এই রোগ দারবে না, এই পাজী নেশা—দারাদিন ঘাড গুঁজে অফিদে কলম পেবা, তারপর আবার কিনা দেই ঘাড গুঁজে একগাদা মাতুষের নিখাদের মধ্যে বদে দাবার চাল নিয়ে মাখা ঘামানো, না একটু খোলা হাওরা গায়ে লাগানো, না নিরিবিলি বদে একটু বিশ্রাম করা, ডায়বেটিজে ধরবে ভোমাকে, প্রেদারের দোব ভো বয়েছেই, এমন থিটথিটে শরীর, টি বি হবে না ভোমার ভাই বা কে জানে—'

'না, কাল থেকে আর নয়—' হিমান্তি ঘাড নেডে তৎক্ষণাং শপথ করেছেন এবং শরদিন আবার ছ'টা পঁরতালিশের ট্রেন থেকে নেমে ঘরে না ফিরে সোজা চুকে গড়েছেন। জগদীশের বৈঠকথানায়। ভয়ানক ঘিট্লি ভিতরটা। তার ওপব মেঝের মাতৃর বিছিয়ে একটা হারিকেন জেলে একগাদা মাত্র্য বসে আছে দাবার ছক ঘিরে। তারা অবিশ্রাম কাশছে হাসছে, তর্ক করছে, যুদ্ধ করছে— চালে ভূল হলে এক একদিন তো হাতাহাতি আরস্ত হয়ে বায়। আর মৃত্র্মূ হ কাঠি জেলে বিভি ধরানো, ধৌয়ায় ধৌয়ায় ঘয় অন্ধকার, যদি হঠাৎ বাইরে থেকে কেউ সেধানে উকি দিয়েছে তো তার দম বন্ধ হয়ে এসেছে। এমন কতদিন হয়েছে নীলান্তির। বাবাকে খুজতে—খোঁজা আর কি—জ্বানা কথা হিমান্তি ট্রন থেকে নেমেই বড় নালার ধারের আমতলার সেই নরকের আসরে ভিডে

গোছেন—তাই ফুটবল খেলা দেৱে তাঁকে ঘরে ভেকে নিয়ে যেতে প্রায়ই নীলাজিকে জগদীলের দেই টালির ঘরটার দরজার দাঁড়িয়ে ভিতরে উকি দিতে হয়েছে। এতগুলি মাধার মধ্যে বাবার ছোট রোগা মাধাটা কোনদিকে লুকিরে আছে খুঁজে নিতে অত্যন্ত বেগ পেতে হয়েছে তাকে, আর যেন তথন বিড়ির খোঁয়া ঘামের গন্ধ গরম খাদ প্রখাদের একটা অল্পন্তিকর হলা এদে নীলাজির নাক মুখ চেপে ধরেছে, তার চোথ জালা করে উঠেছে, মাধাটাও বিমঝিম করতে আরম্ভ করেছে। ধাবাকে দেখা পাওয়ার পর দে কিন্তু আর চৌকাঠ ধরে দাঁড়িয়ে না থেকে তৎক্ষণাৎ বাইরে ঘাদের ওপর নেমে এদে আগে খানিকটা খোলা বাতাদ নাক দিয়ে টেনে নিয়েছে তারপর চেঁচিয়ে 'বাবা' 'বাবা' করে ডেকেছে। ভিতর থেকে হিমাজিও 'হু'' 'হ্যা' 'এই যে' 'যাই যাচ্ছি' ইত্যাদি বলে দাড়া দিয়েছেন কিন্তু উঠে দেখান থেকে বেরিয়ে আদার নামও করেনি। ঘরে ফিরেছেন দেই রাভ দশটা এগারোটা বাজিয়ে। একদিনও এই নিয়মের ব্যতিক্রম ঘটেনি।

তাই ভাবছে এখন নীলান্তি। টেবিলে হারিকেনটা জলছে। সামনে ফিব্রিক্স বইরের পাতা খোলা। কিন্তু বইরের পৃষ্ঠার চোথ ছটো ধরে রাখলেও পাঠ্য বিষয়ের দিকে কিছুতেই মন:সংযোগ করতে পারছে না সে। তার কান ছটো এই ছদিনে অত্যন্ত ধারালো হয়ে উঠেছে, কানের পদা ছটো তেজী হয়ে উঠেছে। জানালার বাইরে অন্ধকার পাথরের বৃক থেকে উঠে আসা মৃত্ অথচ কবিতার মতন স্থলর শস্কটা যেমন পরিক্ষার ভনতে পাছেছে সে তেমনি ঘরের ভিতর পিতৃদেবের গুরুগন্তীর গলার উপদেশবলীও গুনে বাচ্ছিল। ছাত্রানাং অধ্যয়নম তপ:—এখন ভধু লেখাপড়া নিয়েই তুমি থাকবে, এই তোমার তপস্তা, এই তোমার সাধনা—অক্ত কোন কিছুর দিকে মন দেওয়া—'

ক্থাগুলি শুনতে শুনতে সে ঘেমে উঠছিল। এই জগুই বৃঝি সন্ধ্যাবাতি লাগার সন্ধে দরে চুকে হিমাদ্রি চোথ ঘূরিয়ে সকলের আগে দেখে নিরেছেন প্রের জানালাটা খোলা কি বন্ধ। নীলাদ্রি অবগ্র জানালা বন্ধ করে পড়তে বসেছে, কালও বন্ধ রেখেছিল, কিন্তু পরশু খোলা ছিল। হিমাদ্রি মাধা নেড়েছিলেন: 'না, ওটা বন্ধ করে দাও নীলু, জানালাটা বন্ধ রাখাই ভাল। তৃমি বিজ্ঞানের ছাত্র, কঠিন কঠিন বিষয় নিয়ে নাড়াচাড়া করছ, তাও আবার সামনে এগজামিন—কাজেই তোমার এখন কতটা একাগ্রতা কতটা নিষ্ঠা নিয়ে পড়াশুনা করা দরকার, আমাকে নিশ্বর আর বৃঝিয়ে বলতে হবে না। অনার্গ পেতে হলে—'

আর অধিক ব্বিরে বলতে হয়নি নীলান্ত্রীকে। তার আগেই লে ব্বে গিয়েছিল। নিঃশব্দে আনালার পালা ছটো ভেজিয়ে দিয়েছিল। কি আনি বদি দমকা হাওয়ায় ভেজানো পালা খুলে যায়, তাই পরক্ষণে ছিটকিনিটাও তুলে দিয়েছিল নে। হিমান্তি সম্ভাই হয়েছিলেন।

শাল্কের কথা—প্রাপ্তেত্ বোড়শবর্ধে—বোল বছর কেন, উনিশে পা দিরেছে ছেলে, বি এসিন পড়ছে—পড়াশোনার ভাল, বরাবর ভাল রেজান্ট করে এনেছে, কিন্তু তা হলেও তো তরুণ যুবক, ঘরে পা দিরেই ছেলেকে যে অবস্থার (টেবিলের ওপর হুমড়ি থেয়ে খোলা জানলাটার দিকে চোখ রেখে) বলে থাকতে দেখেছিলেন তাতে হিমাল্রি অভিমাত্রার শহিত হয়ে উঠেছিলেন। এবং ক্লাইও হয়েছিলেন কম না। কিন্তু সেই ক্লান্ত তিনি চোখ গরম করেননি বা গলার করে খুব একটা বিরক্তিও প্রকাশ করেননি—বরং শান্ত থেকে মিট্ট কথার তাকে উপদেশ দিয়েছিলেন। মিত্রের মতন আচরণ করেছিলেন হিমান্তি। তাতে স্কলই পেয়েছিলেন। 'দক্ষিণের তুটো জানালা তো খোলাই রয়েছে'—জামাকাপড় ছাডতে ছাড়তে ছেলেকে তিনি আরও বুঝিয়েছিলেন, 'আমাদের এ-ঘরের দরজা তুটোও বড় মাপের, কাজেই ওদিকের ওই একটা জানালা বন্ধ থাকলেও বিশেষ জম্ববিধা হবার কথা নয়—ভেতরে যথেষ্ট হাওয়া খেলে।'

মাঠে খেলাধুলা করে এসেছিল নীলান্তি। প্রচুর ঘাম ছিল। তা-ও তো রোজ যেমন করে, খেলার পর খুব সাবান টাবান মেখে স্থান করেছিল। তাতে ঘাম নিঃসরণের মাত্রা আরও বেডে গিয়েছিল। ঘাম রুখতে শরীরের বিভিন্ন অংশে প্রচুর পাউভারও ছভিয়ে দিয়েছিল সে। হয়তো ঘরে চুকে হিমান্তি সর্বাত্রে এটাই লক্ষ্য করেছিলেন। যৌবনদীপ্ত স্থঠাম গৌর দেহে কত না পাউভাবের ছড়াছড়ি। যেন একটু বাড়াবাড়ি মনে হয়েছিল হিমান্তির।

না, বাবার কথা মতন প্বের জানালা বদ্ধ করে দিয়ে নীলান্তি সেদিন অতঃপর কোন্ জানালা দিরে ঘরে হাওয়া ঢুকবে দে কথা মোটেই চিস্তা করছিল না। অবাক হরে হিমাত্তির অসময়ে গৃহে প্রত্যাবর্তনের কথাই সে ভাবছিল। আগের দিনও এমন হয়েছে। দাবা খেলার নেশাটা রাতারাতি বাবা বর্জন করতে পারলেন। প্রথমে নীলান্তি মনে করেছিল জামা কাপড় ছেড়ে একটু জলটল খেরে পরে হয়তো তিনি বড় নালার ধারের সেই টিনের ঘরের আড্ডার দিকে পা বাড়াবেন, নীলান্তি তাই করতে বলেছিল। কিন্তু তা হল না। দক্ষিণের জানালার পাশে চেয়ার টেনে নিয়ে তিনি সকালের খবর কাগজধানা উটে

পান্টে দেখতে লাগলেন। পরদিনও কর্মস্থল থেকে ফিরে এসে হিমান্তি ঘরে বসেই কাটালেন। সেই জানালা। দক্ষিণমুখো। ওথানেই হিমান্তির খাট। অর্থাৎ চেয়ারে না বসে ইচ্ছা করলে থাটে শুরে বসেও তিনি বাইরেটা দেখতে পারেন, ফুরফুরে হাওয়া গারে মুখে লাগাতে পারেন। এবং ওদিকের ত্টো জানালা খুলে রাখলে নীলান্তির পড়ার টেবিলের কাছের জানালাটা অনায়াসে বন্ধ রাখা চলে—ঘরে হাওয়া চলাচলে কোন বিদ্ব ঘটে না।

সভিত্য, হাওয়া নয়, হিমাদ্রির বিশ্বয়কর পরিবর্তন নীলান্ত্রিকে ভাবিয়ে তুলেছে। দাবার আজ্ঞা তো ছেড়েছেনই, যে মাহ্ব চৌন্দ বছুরে গায়ে পাবান মাথত না চুল কাটত না দাতি কামাত না, দেই মাহ্মৰ কদিন ধৰে বোজ সাবান মেখে সান করছে দাড়ি কামাচ্ছে এবং বেশ ভাল করে চলটিও ছেঁটে ফেলেছে। আর জামাকাপড। নীলাদ্রি বলে বলে হয়রান হত, কিছুতেই ময়লা গেঞ্জিটা শার্টিটা বাবার গা থেকে থদাতে পারত না। আজ, এই চার ছ'দিনের মধ্যে পোশাক-আসাকের ব্যাপারে ভদ্রলোক কী ভীষণ খু"তখু"তে হয়ে উঠেছেন। যেন রোজই ধোপত্রন্ত কিছু গামে না চড়াতে পারলে অম্বন্তিবোধ করেন। অথচ নীলান্তি কতদিন চিস্তা করত, এমন ময়লা পোশাক পরে বাবা এত বড় একটা অফিলে চাকরি করতে যান কি করে—তা-ও তো সাধারণ পোস্ট নয়—বড়বাবু, বড় দাহেনের ঘরে মৃত্মুভ থার ভাক পড়ে—মগুলা জামা জুতো দেখে দাহেব কি চটেমটে বাবাকে কভা কিছু শুনিয়ে দেন না? তারপর নীলাদ্রি ভেবেছে, হয়তো সাহেব এইজন্ম কিছু বলেন না, একটানা তেত্রিশ বছরের সাভিস বাবার, হিমাদ্রি ঘোষালের একনিষ্ঠ দেবার কথা চিন্তা করে সাহেব নিশ্চর তাঁকে ক্ষমা করেন। তা বড় সাহেব না হয় ক্ষমা করলেন, কিন্তু অফিসের वा কর্মচারীরা কী ভাবে—বাইরের আর পাঁচটা মামুষ হিমাদ্রিবাবুর পোশাকের দিকে তাকিয়ে কী দব বলাবলি করে চিম্বা করে নীলাদ্রি ভয়ানক সঙ্কৃচিত হয়ে পড়ত।

এখন কেতাছুরন্ত হয়ে বাড়ি থেকে বেরোন বাবা। আবার যতক্রণ বাড়িতে থাকেন ধোরা গেঞ্জিটি ইক্সি করা পায়ভামাটি পরে থাকা চাই। আনের সময় ভাল তেল সাবান, আনের পর আরশি চিক্সনি, আনের আগে দাড়ি কামাবার সরক্সম—সব হাতের কাছে রেডি না থাকলে হিমাদ্রি হল্মুল বাধিয়ে দেন—চাকরবাকর তো বটেই, নীলাদ্রিকেও কম গালাগাল থেতে হয় না। তা না হয় থেল, ঘয়ে মা নেই, বছর তুই আগে তিনি বর্গে গেছেন, নীলাদ্রির ভাইবোন কেউ নেই, কাজেই বাবার স্থথ-স্ববিধার দিকে তাকে চোখ রাথতেই হবে। রেথেছেও সে,

বড হয়েছে, নিজের কর্তব্য সম্পর্কে থুবই সচেতন। কিন্তু অক্স স্থথ-স্থবিধা যেমন হোক, পোশাক-পরিচ্ছদ প্রসাধন ইত্যাদির ব্যাপারে হিমাদ্রি আরু তাঁর এই বাহান্ন বছর বয়সে উনিশ বছরের যুবক নীলাদ্রিকেও বৃঝি হারিয়ে দিতে চাইছেন। রিন্তন ক্রমাল টাই ব্যবহার করতে আরম্ভ করেছেন। সাদা টুইলে আর মন উঠছে না, এক জ্বোডা টেরিলিনের শার্ট তৈরী করিয়ে 'এনেছেন। মান্ধাডা আমলের মেটে রঙের ক্রেম পাল্টে কালো মোটা শেল্এব চশমা পরেছেন। প্যাক্টের সঙ্গে সক মাধার জুতো। তাঁর টেবিলে ধুলো ময়লায় মাধামাধি হয়ে এক থণ্ড ভগবদগীতা এক শিশি হজ্বমী বডি একটা দাঁত ভাঙা চিকান ও কিছু ভকনা নিমের দাঁতন-কাঠি বছরের পর বছর পডে থাকতে দেখা গেছে। আরু হঠাৎ সেখানে দামী আয়না চিকনি স্নো পাউডার স্থান্ধ তেলের শিশি দেখা গেল। নীলাদ্রি বেমন অবাক হল তেমনি ভিতরে ভিতরে খুপিও হল এবং একট হাসল।

তা না হয় বুডো বয়দে বাবার বাবুগিরি করার শথ জেগেছে, কিন্তু দেই সঙ্গে তিনি নীলাদ্রির ব্যাপারে এতটা সচেতন হয়ে উঠলেন কেন। তার পডাশোনা চলাফেরা থাওয়া ঘুম হাঁটা হাসি—বেন সবকিছুর মধ্যে কিছু না কিছু দোব জাঁটি খুঁজে পাছেন হিমাদ্রি এবং এইজয় তাঁর ছল্চিস্তারও যেন শেষ নেই। ছেলেকে সংশোধন করতে অতিমাত্রায় ব্যস্ত হয়ে পডেছেন। তাই ছবেলা উপদেশ। একবার সকালে ঘুম থেকে উঠে। যতকণ না অফিসে বেয়েন। আর একবার আরম্ভ হয় বিকেলে, বাভি ফিরে এবং সেই উপদেশ বাত্রে শোয়া পর্যন্ত অবিশ্রাম চলতে থাকবে। অবশু সবই নীলাদ্রির ভবিদ্যুৎকে কেন্দ্র করে। তাকে বড হতে হবে মায়ুর হতে হবে। দশজনের একজন হতে হলে এখন থেকে তার এই করা উচিত, এলাবে চলা উচিত, এই এই নিয়মগুলি না মেনে চললে জীবনে অশের তুর্গতি ভোগ করতে হবে এবং সব উপদেশের সার কথা হল 'ছাত্রজীবন বডই কঠিন সময়। লেখাপড়া শেখার সঙ্গে সঙ্গে চরিত্র স্বাস্থ্য মন ঠিক এসময়ে গড়ে না উঠলে—'ইত্যাদি।

বেন ইদানীং, এই কদিনে হিমাজি ছেলেকে চিনতে আরম্ভ কবেছেন। থেন নীলাজিও বাবাকে ব্রুতে আরম্ভ করেছে। যেন আগে এ জিনিসেব তেমন দরকার পছত না। যদি একজন আর একজনের কাছে কিছুটা অম্পট তুর্বোধ্যও থেকে যেত তো এই নিয়ে তারা বিশেব মাধা ঘামাত না। এখন ত্জনেই মাধা ঘামাবার প্রয়োজনবোধ করছে। একজনের দিকে আর একজনের প্রথর দৃষ্টি। ভাই কি ? হরতো তাই। বাডিতে নৃতন মামুব এগেছে। এই জ্বন্তই কি ছেলের পডাশোনা চরিত্র-গঠন সংযম শিক্ষা স্বাস্থ্য নিয়ে এত কথা বলতে আরম্ভ করেছেন হিমাদ্রি।

এবং নীলাদ্রিও চুপ থেকে দেখছে, বাবা বদলে গেছেন, দাবা খেলার নেশাটা একেবারে চলে গেছে, সেজেগুজে কাজে বেরোন এবং যতক্ষণ বাডিতে তগন ও পারপাটি পরিচ্ছন্ন হয়ে থাকতে ভালবাসচেন।

কলকাতা থেকে বেশ কিছুটা দুরে বলে সন্তায় জ্বমিটা পেয়েছিলেন হিমাদি।
আট কাঠার একটা প্রট। নিজেদের শোবার বসবার ঘর, রান্নাঘর, সানের জারগা,
পারথানা এবং ছোটখাট একখানা বাগানের মতন করেও অতিরিক্ত একফালি
জ্বমি বেঁচে যাবার পর হিমাদ্রি আর একখানা ঘর তুলে ফেললেন। এটারও টালির
ছাদ। সঙ্গে বাথকম এবং রান্নার জ্বারগা রয়েছে। যদি ভাতা দেওয়া যায় তো
মাস মাস কিছু আসবে, এই মতলব নিয়েই ঘরখানা তৈরী করা। সঙ্গে সঙ্গেই
অবশ্র হিমাদ্রির আশা পূর্ণ হয়নি। মাস তিন চার থালি পডে থাকার পর্রসম্প্রতি
ওই ঘরে মাম্ব এসেছে। মাত্র ভৃটি প্রাণী। মা আর মেয়ে। ভদ্রলোকের
নাকি ঘোবাঘুবির চাকরি। আদ্ধ বাবাসত কাল জ্লপাইগুডি পরশু বর্ধমান,
আর একদিন এক ধাকার আসাম—সেটা ডিব্রুগড় হবে কি সদিয়া আগে থাকতে
বলা মুশকিল।

কাজেই ভন্নমহিলা স্থিতি চাইছেন, অন্তত কিছুদিন এক জায়গায় বিশ্রাম। একটা আকাশের নিচে থেকে ক্র্যোদয় নেথবেন ক্র্যান্ত দেখবেন, পাথির ডাক ভনবেন, রাজে বিছানায় গুয়ে গুয়ে টপটিপ শিশির পড়ার শব্দ। সারাজ্ঞীবন কত 'বিছানা বাঁধ আর ট্রেনে চাপ' করা যায়। হিমাজির বেগুন ক্ষেত ঝিঙে মাচা দেখে মহিলা খুশি হলেন, হাঁস মূরগি দেখে মুখ্ম হলেন। টালির ঘরটা তাঁর মনে ধরে গেল।

গাঁই ত্রিশ আট ত্রিশ বয়দ হবে, হিমান্তি অনুমান করল, মেয়ের সতেরো আঠারো: এবং মাথায় তৃটিতে সমান। এবং তৃজ্ঞনই অপূর্ব স্থলরী। দীর্ঘ স্থাদ গডন। তাই মনে হয় তৃটি গোলগাল ভরা ভরা মৃথ তো নয়, যেন লম্বা ডণাটার মাথায় তৃটি স্থম্থী ফুল ফুটে রয়েছে। দপদপ করছে গায়ের রং। হঠাৎ তাকালে চোখ ঝলদে যায়, মনে হয় একটু বেশিক্ষণ তাকিয়ে থাকলে মাথা বিম্বিম করবে।

অবশ্য ত্দিন দেখে দেখে চোথ ত্টো সয়ে গেল, কিন্তু আশকা বেডে গেল হিমান্তির। একটি যৌবন যদি স্থির প্রশাস্ত, আর একটি যৌবন চঞ্চল অস্থির। ভাই তো হবে, আঠারো ও আটত্রিশে যে অনেক ব্যবধান, অনেক স্থোদর হয়েছে মাঝখানে, অনেক স্থ্মুখী ফুটেছে। ফুটেছে ঝরেছে আবার ফুটেছে। ভাই বছ ফোটার আনন্দ নিয়ে একজন যদি ময় মৌন পরিভৃপ্ত গন্তীর আর একটির মধ্যে দেখা যাচ্ছে কেবল নৃতন ফুটে ওঠার আবেগ অন্থিরভা কম্পন শিহরণ।

সব নৃতনই বৃঝি এমন। চঞ্চল অশাস্ত। বসম্বেব নৃতন পাতা, শেব গ্রাম্মেব প্রথম মেঘ, যৌবনোদগতা হবিণী। সারাক্ষণ ছুটেও যাব ক্লাস্তি নেই অবসাদ নেই। ছুটতে ছুটতে কোথার বাবে শেব পর্যন্ত দিশা হারিয়ে ফেলে।

এই জন্মই হিমাদ্রির বেশি ভর।

पृषिन नौनाजिएक एएक घरत निरम् अरमरह।

এর মধ্যেই একদিন দেখা গেছে ডালপালা ও ঝুডি ঝুডি সবৃদ্ধ পাতাব ভিততৰ কথনও গলা কথনও মাথাটা গলিয়ে দিয়ে তৃ হাতে টেনে টেনে কাঁচা আতাগুলি ছিডছে ও টুপটাপ আর একজনেব কোঁচডের মধ্যে ফেলছে।

অর্থাৎ একজনকে সম্ভষ্ট করতে গাছের কাঁচা ফল নষ্ট করতেও ছেলে ইতন্তত করছিল না।

কাল কি করেছিল। সেদিন আর বাডির সামনের দিকেব বাগানে নয়।
নীলান্তি ব্ঝে গিরেছিল বাবা এখন প্রত্যাহ সদ্ধ্যা লাগতে বাডি ফিরছে। তাই
ছাটিতে চলে গিরেছিল পিছনে। ওদের টালিব ঘরটার ওপাশটায়। তুলসী
আর বাসকের জললে ভরে আছে জায়গাটা। কী খেলা! এর-নামই কি প্রথম
যৌবনের লীলা চাপলা। যেভাবেই হোক, উঠোনে পা দিরেই হিমাদ্রি টেব
পেরেছিল। হয়তো একটা চাপা হাদি তখন কানে এসেছিল। পা টিপে টিপে
খানিক দ্র অগ্রদব হবাব পব দৃশ্রটা তাঁর চোখে পডে। অন্ধকার ঝোপের
ভিতর ছটি আবছা মূর্তি। খেলাটা প্রথম ব্রতে পারেনি হিমাদ্রি। স্থির হয়ে
একটু সময় দাঁডিয়ে থাকার পর অবগু ব্যাপারটা আর ব্রতে কট্ট হয়নি।
নীলান্তি হাত বাডিয়ে থপ করে একটা জোনাকি পোকা ধরছে, আর একজন সক্রে
সঙ্গে তার হাত থেকে সেই সব্দ্র আগুনের ফুলকি তুলে নিয়ে কখনও মাধার
চুলে কখনও শাডির ভাঁজের মধ্যে চুকিয়ে দিয়ে খিলখিল করে হাসছে। যেন
পোকার ফুল দিয়ে অঙ্গ সাদ্ধিয়ে যুবতীর পুলকের সীমা নেই। আর এ-কাজে
হিমান্তি-নন্দনের কী অসীম উৎসাহ।

কান হুটো গরম হয়ে গিয়েছিল হিমাদ্রির। ছেলেমাছ্রী বলে জিনিদটা

উড়িয়ে দিতে পারত যদি ছ্টির বয়স দশ থেকে বারোর মধ্যে হত, কিন্তু এখানে ভা নয়।

কিন্তু তথনই কোনরকম হাঁক ভাক বা চিৎকার করা যুক্তিসক্ষত মনে করল না হিমান্তি। তেমনি পা টিপে টিপে ঘরে ফিরে এল। বলেছিল পরে, নীলান্তি যথন ঘরে এসেছে। ভাও পড়াশোনার কথাই বেশি বলেছিল ছেলেকে, প্রসক্ষমে ছাত্রজীবনের সংযম রক্ষা ও চরিত্র গঠন সম্পর্কে কিছু কিছু উপদেশ। না, বাসক ঝোপের অন্ধকারে খেলার কথাটা হিমান্তি সরাসরি উল্লেখ করেনি। সেটা তা হলে আঙুল দিয়ে আগুন দেখিয়ে দেওয়ার মতন হত। তাতে ফল উল্টো হত। যাকে উপদেশ দেওয়া হচ্ছিল তার ভিতরের আগুন আরও দাউলাউ করে উঠত। হিমান্তিও একদিন উনিশ বছরের যুবক ছিল।

আৰু অবশ্য নীলান্ত্ৰিকে সন্ধ্যার পর আর বাইরে দেখা যায়নি। তা হলেও বেভাবে ওদিকের জানালাট। খুলে রেখে গায়ে পাউজার ছড়াছিল। বরে ঢোকার সময় হিমান্ত্রি আর একটি চঞ্চল প্রাণীকে দেখে এসেছিল। ঠিক নীলান্ত্রির জানালার নিচে বেণী ছলিয়ে ঘাড় বেঁকিয়ে কয়লা ধরাবার কাঠ কাঠছিল। যেন হিমান্ত্রির এত বড় উঠোনে কাঠ কাটার আর জায়গা ছিল না। বেছে বেছে তার ঘরের জানালার ধারের ওই কালো পাধরটা। কিছু ভিতরের ক্রোধ ও বিরক্তি হিমান্তি ঘুণাক্ষরেও প্রকাশ করেনি। ঠাগু গলায় ছেলেকে জানালা বন্ধ করে এগজামিনের পড়া তৈরী করতে উপদেশ দিয়েছিল। বাইরে শব্দ হচ্ছে, কোন রকম শব্দ বা গোলমাল কানে এলে যে পড়াশোনার ব্যাঘাত জ্বের ছেলেকে তা-ও ব্রিয়েছিল।

নীলান্তি ব্ঝতে পারছিল বৈকি। তাই এক কান দিয়ে দে যেমন পিতৃদেবের উপদেশ শুনছিল তেমনি আর এক কান খাড়া রেখে কাঠ কাটার শব্দ শুনছিল। তার হু কানই অত্যন্ত ধারালো হয়ে উঠেছিল।

হাঁা, তার কান এবং বাবার নাক। হিমাজির জাপেক্সির এই কদিনে বে প্রবল হরে উঠেছে নীলাজি বেশ টের পাছিল। স্বাভাবিক। এথানে আসার পরদিনই জ্রেমহিলা পুইচ্চড়ি রায়া করে একবাটি এ ঘরে পাঠিয়ে দিরেছিলেন। অর্থাৎ বাড়িজ্যালাকে ভেট দিয়েছিলেন। পরম তৃপ্তির সব্দে হিমাজি ব্যঞ্জনটি থেয়েছিলেন এবং যেন সেদিন বিকেলেই জ্বরের দরজার দাঁড়িয়ে পঞ্চমুখে মহিলার রায়ার প্রশাসা করে এসেছিলেন। প্রশাসা জনে হেমনলিনী নিশ্চর খুশি হয়েছিলেন। তারপর থেকে প্রার রোজই আলু পটলের ভালনাটা বিভে-পোত্তর তরকারিটা

কুমডোর ঘণ্টা—নিদেন কলমি শাকটা করলা ভাজাটা আসছে। মাছ মাংস না। এদিনে মাছ মাংস কটা মাত্র্যই বা খেতে পারে। আর সাধারণ জিনিসই যদি হাতের গুণে এমন স্থান্তে পবিণত হয় তো মাছ মাংসের দরকারই-বা কি।

তাই দেখা যাচ্ছে, টালির ঘরে তুবেলা রান্না চাপলে এ ঘরে হিমাদ্রি জ্বোরে বাদ টানেন এবং বিভবিভ করে বলেন, ভারি চমৎকার গন্ধ আদছে। বেন চমৎকার গন্ধটা আর একটু বেশি করে পাবার লোভে দক্ষিণের জ্বানালা তুটো খুলে বাখেন। বান্নার গন্ধ যেমন পাওরা যায় তেমনি রাধুনীকেও দেখান থেকে পরিন্ধার দেখা যায়। এই জন্মই বৃঝি হিমাদ্রি ত্বেলাই সেক্নেগুজে জ্বানালার ধারে বসে থাকেন। দাবাব আড্ডার কথা আজ্ব ভূলেও বাবার মনে পডে না। তাই তিনি বখন চরিত্র সংযম স্থনীতি নিয়ে উপদেশের পর উপদেশ দিতে থাকেন তথন নীলাদ্রি লুকিয়ে লুকিয়ে হাদে।

'কলেজে যাওনি ?'

'মাখাটা টিপটিপ কবছে।' নীলাদ্রি অন্ন হাসল। কিন্তু কাবেরী হাসল না মুখখানা শুকনো দেখাছে। আগের দিনও নীলাদ্রি কলেজ খেকে পালিরে এসেছিল। বলেছিল, গা ম্যাজ ম্যাজ-করছে। কিন্তু কেন পালিরে এসেছিল বুঝতে কাবেরীর কট হয়নি। তাই ফিক কবে হেসে ফেলেছিল। মাজ্ব সে ভয়ানক গন্তীর।

পেয়ারা তলার ছারায় এসে ত্'ল্কন দাঁডিরেছে। ভাত্তের গনগনে তৃপুর চারদিক চুপচাপ। কাকটিও ডাকছে না। গাছের পাতাগুলি নিথর।

'মা কি করছে ?' ফিসফিসে গলায় নীলাদ্রি প্রশ্ন করল।

'ঘুমোচ্ছে।' কাবেরী চোখ ঘুরিয়ে একবার তাদের টালির ঘরটা দেখল। ভারপর আবার চুপ করে রইল।

'এত গম্ভীর কেন, ভীষণ ভবনো দেখাছে !' কাবেরীর একটা হাত মুঠোর মধ্যে তুলে নিল নীলাদ্রি।

'মনটা ভাল না।' কাবেরী ছোটু একটা নিধাস ফেলল।

'কি হয়েছে শুনি ?' তার হাতে মৃত্ চাপ দিল নীলান্তি। সারাক্ষণ রৌদ্র লাগা শিশিরের মতন যার চোথের তারা ঝলমল করছে, ফোটা ফুলের মতন সারা মৃথে হাসি লেগে আছে তাকে আজ এমন বিমর্থ নিশ্তেজ ফ্যাকাসে দেখে নীলান্তি বিচলিত হল। এমনটা সে আশা করেনি। কলেজ কামাই করেও কিছু ফল হল না। এত যার মন থারাপ তার সঙ্গে কী নিয়েই বা গল্প করবে, কভক্ষণ গল করবে ! 'মা বকেছেন বুঝি ?'

কাবেরী মাথা নাড়ল।

'কি করেছিলে—ঘরের কা**ন্ধ**কর্ম কিছু ফেলে রেখেছিলে?' নীলান্তি ব্যন্ত হয়ে প্রশ্ন করল।

কাবেরী এবার লম্বা নিখাস ফেলল। নীলাদ্রির চোখের ভিতর **তাকাল।** তারপর চুপ করে র**ইল**।

'তা মা বকেছেন বলে এত মন খারাপ করার কি আছে।' সান্থনার গলার
নীলাদ্রি বলল, 'বাবা মা যতদিন আছেন বকবেনই, দরকারেও তাদের বকুনি খেতে
হয় অদরকারেও খেতে হয়। আমার পড়াশোনা নিয়ে বাবা কি আমার কম
বকেন, কম কথা শোনান রাজদিন—কই আমি জো মোটেই মন খারাপ করি না।
এক কান দিয়ে শুনি আর এক কান দিয়ে বেরিয়ে যায়।' যেন নীলাদ্রি হি হি
করে হাসবার একটা স্থলর ভঙ্গি করল।

'ত' নর।' কাবেরী এবারও গন্ধীরভাবে মাথা নাড়ল। 'পড়াশোনার জন্ত বকুনি খাওয়া বা ঘরের কাজ নিয়ে বকুনি খাওয়া এক জিনিস—'

'তবে কি নিয়ে তোমার মা বকেছিল শুনি !' নীলাদ্রির চোখ ঘ্টো হঠাৎ ছোট হরে গেল। সারা মুখে একটা চিস্তার ছাপ জাগল। যেন উত্তরটা শুনতে শ্বাস বন্ধ করে রাখল সে।

'কাল সন্ধেবেলা ওদিকের ঝোশের ভিতর দাঁডিরে আমরা ত্বন জোনাকি ধরেচিলাম—তাই।' কাবেরীর গলার স্বর অভিমানে ধ্যধ্য করচিল।

'কিন্তু তিনি তো তথন ঘরে বসে আটা মাখছিলেন, কখন দেখলেন আমাদের ?' নীলাদ্রি রীতিমত উত্তেজিত হয়ে উঠল।

'মা দেখতে পায়নি—ভোমার বাবা দেখে ফেলেছিলেন।'

'ছ' তারপর ?' নীলাদ্রির মুখের পেশী শক্ত হরে উঠল।

'আজ সকালে তাই নিয়ে তোমার বাবা অফিসে বেরুবার মুখে মার কাছে নালিশ করে গেলেন—তুমি তথন বাডি ছিলে না।'

'না, ওপাড়ার পরেশের কাছে আমি একটা বই আনতে গিরেছিলাম।' একটু সমর চুপ করে রইল নীলাদ্রি। যেন কি চিস্তা করল। তারপর হাতের মৃঠ ছটো শক্ত করে কেলল। 'বুঝলে—' যেন এবার দাঁতে দাঁত চেপে কথা বলছিল লে, 'বুড়ো আমার পেছনে ভীষণ লেগেছে, আমার পেছনে তোমার পেছনে, বতক্ষণ ঘরে আছে—এখন তো ছবেলা ঘর ছেড়ে কোণাও নড়ছেই না, সারাক্ষণ আমাকে জানালাটা বন্ধ রাখতে বলছে, পাছে আমি তোমাকে দেখে ফেলি, তুমি আমার দেখে ফেল। উঃ, এক এক সমর বা রাগ হর লোকটার ওপর!

'আর মা, আমার মা-ই কি কম হিংলে করছে আমাকে—তোমার সঙ্গে কথনো কথা বলছি কি তোমাদের ঘরের দিকে তাকাচ্ছি দেখলে যেন তার গা-জালা আরম্ভ হয়—বুড়ীর মুখ দেখলেই আমি বুঝতে পারি।'

नौनाजि চুপ করে রইन।

· এত মন থারাপ থাকা সত্ত্বেও কাবেরীর ঠোঁটের কোণায় আন্তে আন্তে একটা বাঁকা হাসি উকি দিল।

'অথচ তারা তুজন বেশ কথাটা যা বলছে কিন্তু—ভোমার বাবা তো ফাঁক পেলেই আমাদের ঘরের দরজায় এসে দাড়ায়—মার সঙ্গে রীতিমত গর জুড়ে দেয়।'

'আমার চোথ আছে, সবই দেখছি—তোমার মা একটা কিছু রান্না করলেই বাটি ভরে বাবাকে এনে দিয়ে যাচ্ছে, রোজ এই কাগুটা করছে, আমি বলব, এই ক'দিনেই ত্'জনের মধ্যে পীরিত বেশ গাঢ় হয়ে উঠেছে। তুমি কি জিনিসটা অস্বীকার করছ?'

'মোটেই না।' কাবেরীর নাকের ছিন্ত তুটো ফুলে উঠল, মার বকুনি থেয়ে তার ভিতরে বে যথেষ্ট রাগ জমে আছে বোঝা গেল। 'ভোমার বাবা যতকণ ঘরে থাকে, দক্ষিণের ওই জানালাটা দিয়ে আমাদের রাল্লাঘরের দিকে তাকিয়ে থাকে, মাকে দেখে, আর মা-ও এমন, তথন কিছুতেই ওই জান্নগাটি ছেডে নডবে না, আমাকে কিছুতেই রাল্লাঘরে ঢুকতে দেবে না।'

নীলান্তি একটা ওকনো হাসি হাসল।

'সবই লক্ষ্য করছি—রীতিমত জামাইবাব্টি সেজে আমার পিতৃদেব এখন ওই জানালাটির ধারে বলে থাকেন, অথচ তোমাদের আসার আগে মহারাজের গারের গঙ্গে ভৃত পালাত, জীবনে কোনদিন গারে সাবান মেখে দেখেনি, চুল কাটত না, গাঁড়ি কামাত না—আর ময়লা কূটকুটে জামা কাপড়, ওই নিরেই আফস করেছে, হাট বাজার করেছে, দাবা খেলেছে—দাবার আড্ডা খেকে রাত এগারোটার আগে একদিনও ঘরে ফেরার নাম করত না—আজ তোমরাও এ-বাড়ি এসেছ, রাতারাতি মাসুষটা বদলে গেল—এখন বাব্র সাক্ষসক্ষার বাহার কত—ডেইলা সাবান মেখে স্থান করা চাই।' 'আর আমার মা! কোনদিন পারে আলতা পরতে দেখিনি। এখানে এসে জিনিসটা নতুন দেখছি, অথচ বাবা কত বলত, কিছুতেই রাজী করাতে পারত না, আলতা পরার কথা উঠলেই মা ভূক কুঁচকে বলত এখন এ-সব কেন, সস্তানের মা ভূলে মেরেদের এসব মানায় না। এখন? কেবল কি আলতা, কাল বিকেলে দেখি চোখে কাজল পরেছে—আমার এমন হাসি পাচ্ছিল, বুড়ো বরসে মহিলা, এসব আরম্ভ করেছেন কী, ফাঁক পেলেই আমার পাউভারের কোটো খুলে গলায় পিঠে এত এত পাউভার ঢালচে।'

শুকনো হাসিটা মিলিয়ে গিয়ে নীলাদ্রির মূথের পেশী আবার কঠিন হয়ে উঠল।
'আর আমরা একটু কথা বলেছি কি একত্র হয়েছি দেখলেই তৃত্ধন রেগে তেতে
আগুন—এদিকে তুটিতে দিব্যি তলে তলে প্রেমের খেলা চালাচ্ছে।'

'উ: আজ্ব আমায় মা কী না বলল, এমন মেয়ে পেটে ধরাই অক্সায় হয়েছে, আঁতুড়ে মুন খাইয়ে মেরে ফেলা উচিত ছিল, পরের ছেলেকে নষ্ট করছি, ভাল ছেলেটার মাথা খাচ্ছি'—কাবেরীর ত্ চোধ ছলছল করে উঠল।

'সব ওই আমাদের ঘরের বুড়োটার জ্বন্তে—যা তা লাগিয়েছে তোমার মার কানে—যেটুকু দেখেছে তার শতগুণ বাড়িয়ে বলেছে।' নীলান্তি হাতের মুঠ শক্ত করল। 'যদি বেশি বাড়াবাড়ি করো তো আমিও দেখে নেব।'

'আমি চুপ করে থাকব না—মা যদি আমার সঙ্গে এমন হিংস্থটেপনা করতে থাকে তো আমিও এর শোধ তুলব—সহজে ছেড়ে দেব না।' উত্তেজনার কাবেরীর বেণী খুলে গেল, পিঠমর কালো চুলের ঢল নামল। অপলক চোথে তাকিরে ছিল নীলান্তি। রোজে পৃথিবী ঝিমঝিম করছিল। কাকটাও শব্দ করছিল না।

হিমাদ্রি থেতে বসেছে। চৌকাঠের কাছে হেমনলিনী দাঁড়িরে। যোটা ফরসা ধবধবে শবীর। মনে হচ্ছিল জারগাটা আলো করে রেথেছে। আর সেই স্বৃহৎ আলোর তুলনার হিমাদ্রির পাতের কাছে হারিকেন বাতিটাকে মনে হচ্ছিল একটা গোকা টিমটিম করে জলছে। উপমাটা মনে হতে হিমাদ্রি ঘাড় তুলে চাঁদের মতন উজ্জ্বল উন্নত স্থলর মাত্রবিটকে আর একবার দেখল, কৃষ্ঠিত গলার বলল, 'ইস্ কত দিরেছেন—এত খাওরা বার!'

'কিছুই দেওরা হয়নি, কী দিয়েছি আপনাকে, একটুখানি তরকারি।' মন্থর গলায় হেমনলিনী হালল। 'না, না, অনেকটা।' থালার পাশে নামিষে রাথা বাটিটা এক নন্ধর দেখে হিমাদ্রিও হাসল। 'আপনি বললে কি হবে, মনে হয় যা রায়া করেছেন, তার প্রায় স্বটাই আমার ছক্তে নিয়ে এসেছেন।'

'ছি ছি, কথা শোন।' হেমনলিনী চৌকাঠ ঠেস দিয়ে দাঁডাল। 'মাছ না মাংস না, একট্থানি ধে'কোর ডালনা, তা-ও আপনার চোধে বেশি ঠেকছে।'

'ধে''কার ডালনাই অমৃত—আপনার বা রান্নাব হাত।' ঘাড গুল্কে বাটি থেকে তরকারি তুলে হিমান্তি মুখে দিল। 'হাত তো নয়—যেন চিনি দিয়ে গডা কিছু—'

'তবেই হরেছে।' চোধ বড করল হেমনলিনী, জ্রভঙ্গি করল। 'চিনির হাতের জ্ঞালা আছে, সময় সময় পি'পডেব কামড খেতে হয়।'

মৃত্ব হেদে হিমাদ্রি ভাতের গরাদ চিবোতে লাগল।

'খোকা কোণায় ?' খাটো গলায হেমনলিনী প্রশ্ন করল। 'ওবরে পছা অন্তি না বেন।'

'ধ্যান করছে হয়তো।' হিমাদ্রি জ্বলের গেলাসেব জ্বন্ত হাত বাডাল। 'কদিন ধরে দেখছি সামনে বই খুলে বেখে চুপ করে মাঝে মাঝে একটা কিছুব খ্যান করছে।'

'আজ যেন কলেজ কামাই করল দেখলাম।' মৃত্ গলায় হেম বলল এবং একটা অর্থপূর্ণ দৃষ্টি নিয়ে হিমাদ্রির দিকে তাকাল।

'আমি শুনেছি। অফিন থেকে এসে ভোলার মুখে শুনলাম। বাবৃর মাধার মন্ত্রণা হয়েছিল।' হিমাদ্রি ভাতের থালার ওপর ঝুঁকে পডল। ভোলা তার চাকরের নাম। হেমনলিনী চুপ করে রইল।

'মেয়ে কি করছে।' হিমাদ্রি হঠাৎ চোথ তুলে প্রশ্ন করল। 'শব্দটবদ পাচিছ নাবেন ?'

'সভিমান করেছে। সন্ধ্যা খেকে বিছানা নিয়েছে। বলছে, খাবে না, খিলে নেই।'

'किছू वलिছिलिन नांकि ?'

'কি আব বলব—তেমন করে কি মেয়েকে কিছু বলা যায়, বলার আগেই তো রাগেব জালায় ফোঁস ফোঁস করতে আরম্ভ করে।'

'মৃশকিল।' হিমাত্তি ফোঁস কবে একটা নিয়াস ফেলল। 'আমারও ঐ একই বিপদ, এই তো বয়েস ছেলের, রক্ত গরম, সারাক্ষণ টগবগ করে ফুটছে, চঞ্চল অশাস্ত মন—বেশি কিছু বলতে গেলে কথন কি করে বসে—বুঝতে পাচ্ছেন না?'

## মাছি

ঘূর্ণি হা ওয়ার মতন থবরটা ছড়িয়ে পড়ল।

মাছি এসেছে। মাছি ফিরে এসেছে। মাছি আবার এসেছে মাত্রুরকে জালিয়ে মারতে।

পাড়াটা সচকিত হয়ে উঠল। আবার উপদ্রব, দশ্রিপনা।

থবরের দক্ষে দক্ষে একটা ভয়ংকর তুই চেহারা দকলের চোথের দামনে ভেদে উঠল। ছোট্ট একটা মুখ। মাধাভতি লালচে শুকনো খাডা খাড়া চুল। তেল নেই চিক্ষনি পড়ে না। কিন্তু তার জন্ম কি ? সারাদিন ধুলোমাটি বালিকাকর ছানাছানি। নয়তো কাদামাটি। কাদাগোলা জল। কখনো তা মাস্থবের গায়ে এনে ছিটকে পড়ছে, কখনো নিজের গায়ে উঠছে, গায়ে মাথায় মুখে। ভূত দেজে মাসুযুকে ভূতের ভয় দেখাবার খেলা।

তবু যদি একটা খেলা নিয়ে সে ঠাণ্ডা থাকল।

হাজারটা থেলা তার মাথার ভিতর সারাক্ষণ বন্বন্ করে ঘুরছে। রেন্পাইপের মুথে পর পর কয়েকটা থান ইট ঢুকিয়ে রাথার থেলা, ঢিল মেরে জানালার
কাচ ফাটিয়ে দেওয়ার থেলা, বাগানের ফুল চুরি করে সেই সঙ্গে গাছটি উপড়ে রেথে
আসার থেলা, গাড়ি আসছে—রান্তার ওপর সার করে ইট বিছিয়ে দাও।
• গাডিটা ওপরের দিকে উঠে যাবে, নয়তো আচমকা ব্রেক কয়ে গুলি থাওয়া বাঘের
মতন খোঁৎ করে উঠবে। এমন মজার থেলা ঘুটো আছে নাকি।

কিন্তু সব থেলাই তুদিন। তারপর পুরোনো হয়ে যার। নৃতন থেলা চাই, নৃতন থেলা দেখাও।

অন্ধ ভিথিরি লাঠি ঠুকঠুক করে এক জারগার ঘুরছে। পথ ঠিক করতে পারছে না। হাত ধরে তাকে থানাখন্দ নর্দমার নামিয়ে দাও, মরলা জলে চুবোনি থেয়ে উঠুক। কুকুরটার ল্যান্ডের সঙ্গে এক ছড়া কালি পটকা বেঁধে আগুন ধরিষে দাও। ঠাস্ ঠাস্ করে পটকা ফুটবে আর কাইকাই আওয়াজ করে বাছাধন কুকুব কেমন দোড়াতে আরম্ভ করে একবার তাকিয়ে দেখ। এই থেলার তুলনা হর না যে। ঘুড়ির বদলে এক ডজন গন্ধাফডিং বেঁধে দাও না লাটাইয়ের স্থতোর আগায়। কেমন সাঁইগাঁই করে ফড়িং-ঘুড়ি আকাশে উড়ে বায় পরথ করতে দোব কি।

বানরের মতন পিটপিট করছে চোথ ত্টো। একটা ত্টামি হজম করতে না করতে জার একটা ত্টামি মাথার এসেছে। রোদ্রে ঘুরে ঘুরে মুখপোড়া বানরের চেহারা ধরেছে। ঘামের ফোঁটা ঝুলছে ভূকতে। জুলপি বেয়ে কালি গোলা জলের মতন ময়লা ঘামের স্রোভ নেমে জাসছে। তাই তো, মাছির বিশ্রাম কোথার।

রোজ স্থল পালাচ্ছে। কোন গাছে পাথির ছানা দেখে এসেছে। তুপুবের গনগনে রোদ মাধার নিয়ে পাথির ছানা চুরি করতে গাছে উঠছে। বাগানের পেয়ারা ডাঁশা হয়েছে, কাটাঝোপ ভেঙে পিছনের পাঁচিল ডিঙ্গিয়ে বাগানে ডুকছে।

স্থলে মাস্টারমশায়ের হাতে বেদম মার থায়, বাডিতে বাবা মারছে মা
মারছে; দিনরাত তাদের বকুনি দাঁত ধিচুনি অভিসম্পাত, হাা অভিসম্পাতও
দিচ্ছে তাঁরা, এমন বাদর ছেলে বেঁচে থেকে লাভ কি, মরে যাক, তাদের হাড
ক্ডোবে, পাডার মান্ত্র হাপ ছেডে বাঁচবে! চবিবশ ঘন্টা মান্ত্র এসে বাডিতে
নালিশ করবে, মাছি এই করেছে, মাছি এই করল। লজ্জায় আশুবাব্, আশুবাব্র
সী মান্ত্রের কাছে মুখ দেখাতে পারেন না।

তাই তো, কত ভালোমান্ত্ৰ আশুবাবু নিজে, তাঁর স্ত্রী। কত ভদ্র আমারিক তাঁদের ব্যবহার। তাঁদের ছেলে—একটি তো সস্তান, এমন বিচ্ছু ডানপিটে বদমাশ—এক ফোঁটা একটা মান্ত্ৰৰ, কত বয়স হবে। বারো? তেরো? হাড কালি করে দিচ্ছে ভদ্রলোকের, তাঁর স্ত্রার। সব মান্ত্ৰৰ কিছু ভদ্র না আমারিক না, মুখচোরা লাজুকও না। তা ছাড়া কতদিন উৎপাত সন্ত্ কববে তারা, আর উৎপাত তো একটা না, নিত্য নৃতন হুটামি ছেলের মাথার। কাজেই তারা হাঁ হাঁ করে ছুটে আসছে। ছেলেকে শাসন করুন, ছেলেকে সামলান। এক রন্তি ছেলেকে কল্ট্রোল করতে পারছেন না, আশুর্র তো! ভাত বন্ধ করে দিন না, হাত পা বেধে খাটের তলায় ফেলে রাখুন। কেউ কেউ আরো বেশি উগ্র প্রথর মারম্তি হরে ছুটে আসছে। হাা আপনার ছেলে, ঐটুকুন ছ্থের বাচ্চার পাটে এত শয়তানি! আমাদের ছেলে এমন করলে কেটে জলে ভালিয়ে দিতাম; না, আমাদের ছেলেকে এতটা বভ হতেও দিতাম না, আত্রুডে মেরে ফেলতাম। জানেন, কাল জগদীশবাবুর গ্যারেজের পিছনে ল্কিয়ে আপনার নন্দন বিভি খাচ্ছিল। উঃ, এই ছেলে পাডায় থাকলে আর দশটা ছেলের মাখা খাবে।

ভাই ভো, আর একজন সায় দিয়েছে, ছোট ছেলেরা অভশভ বোঝে না,

তাদের ব্ঝবার ক্ষমতা নাই, এক জারগার থাকলে মিশবেই, একত্র থেলাধুলাও করবে, কিন্তু বা দেখছি শুনছি, এই ছেলের সঙ্গে আর পাঁচটি ছেলেকে মিশতে দেওরা বিপজ্জনক। কোমলমতি শিশু সব, তাদের মন এখনও কাদার মতো নরম, চোথের সামনে বা দেখবে তাই শিখবে, থারাপটাই তাডাতাড়ি শেখে এই বরসে, চট করে মনের ওপর থারাপ ছাপ পড়ে যায়। অথচ এখন সং জিনিস স্থানর জিনিস শেখার সময় তাদের।

ছেলের জন্ম বাইরে মুখ দেখানো মুশকিল হয়ে পড়েছিল আগুবাবুর। তিনি কি এখান থেকে সরে যাবেন, পাড়ার পাঁচজনের মন্বলের কথা চিস্তা করে অন্য জারগায় চলে যাবেন? নিজের সস্তান, ফেলবেন কোথায়, কাজেই চেষ্টাচরিত্র করে অন্য কোন অঞ্চলে বাড়িটাডি দেখে তাঁকেই—এখানেও তো ভাড়া বাডিভেই আছেন—

পাড়ার মানুষ নিজেদের রকে বসে বৈঠকখানায় বসে আলোচনা করছিল। এমন দিনে অভাবিত ঘটনা ঘটল।

আশুবাবু যেমন ছিলেন থেকে গেলেন, তার স্ত্রীও থাকলেন। ছেলেটিকে দেখা গেল না।

মাছি নাই। কোথায় তাকে পাঠিয়ে দেওয়া হয়েছে। কোথায় গেল আপনার ছেলে? কেউ কেউ প্রশ্ন করল। বিনীত হেসে আশুবার উত্তর করলেন, তার মামার কাছে। কোথায় থাকে মামা? বদলীর চাকরি, কথনে। র\*াচি কথনো দেরাত্ন, কিছু ঠিক থাকে না।

কিন্তু একটা জিনিস ঠিক থেকে গেল। এক মাস কাটল, তু মাস কাটল— ছ মাস, পুরো একটা বছর কেটে গেল। মাছি ফিরে এল না। আর দেখা গেল না সেই বিচ্ছু বদমাশ ছেলেটাকে। 'গাছের বানর' 'ক্লুদে শয়তান' 'হাড বজ্জাত'—অনেক নামকরণ হয়েছিল ওইটুকুন ছেলের।

কদিন কেমন থালি থালি লাগল পাডার রাস্তা রক মাঠ বাগান। দব ছেলেকে দেখা যায়, তারা খেলাধুলা করছে, হৈ-হৈ করছে ছুটোছুটি করছে, যেমন আগে করত, কিন্তু একটি মুখ আর দেখা যায় না। একজন অমুপস্থিত।

এই অমুপস্থিতিটা চোধে লাগার মতন, মনে রাধার মতন।

মাছি নাই, তার অর্থ আর ঝগড়াঝাটি মারামারি কান্ত্রাকাটি নাই, নালিশ নাই, অভিভাবকদের ছুটোছুটি নাই, অভিযোগ নাই।

माहि नारे, जात वर्ष वांशात्नत कूल वांशात्न कूठेत्ह, त्रथात्नरे अत्रह ।

গাছের ভাশা পেয়ারা পেকে সাদা হয়ে যায় তারপর যদি সেগুলি গাছ থেকে পাড়া হয়—নয়তো কাকে বাত্ডে খায়। গাছের ডালগুলি এখন অক্ষত, একটা পাতা পর্যস্ত ছে"ডে না কেউ। রৃষ্টি হলে ছাদের জ্বল গলগল করে নীচে নেথে আসে। ইট ঢুকিয়ে পাইপের মৃথ কেউ বন্ধ করে রাখে না। ট্যাক্সি প্রাইভেট লরি সোঁ করে রাখা পার হয়—রাখার মাঝখানে ই"ট সাজিয়ে রাখা হয় না। তেমনি প্রভ্যেকটা বাড়ির দরজা জানালার কাঁচ অটুট অক্ষত থেকে যাছেছ। অন্ধ ভিথিরি লাঠি ঠুকে ঠুকে শেষ পর্যস্ত নিজের পথ ঠিক করে নেয় তাকে খানা নর্দমার নামতে হয় না। কুরুয়গুলি নির্বিবাদে ঘোরাফেরা করে, পাথির ছানাগুলি আন্তে আন্তে বড় হয়ে হয়ে একদিন পাথি হয়ে দিব্যি আকাশে উড়ে যায়, অসময়ে তাদের প্রাণসংহার করতে তাদের বাসায় কেউ এখন হাত বাডায় না। বাচা না ফুটতে পাথির ডিম নই হয়েছে কত।

এখন দব ঠাণ্ডা, দবাই নিশ্চিন্ত। কারণ, দেই ছুট্ন ছেলেটা চলে গেছে। ফড়িং প্রজাপতির ঝাঁক মনের আনন্দে নেচে বেডায়। তাদের স্থতো দিয়ে বাধতে কেউ পিছনে ধাওয়া করে না।

মাছির অন্তর্ধানটা বড বেশি স্পষ্ট প্রত্যক্ষ হয়ে মাস্থবের চোখে এবং মনে লেগে রইল। এক বছর ত্ বছর তিন বছর—তার পর অবশু আন্তে আন্তে তুই ডানপিটে ছেলেটাকে তারা ভূলে গেল। মাস্থবের স্বৃতিশক্তি বড তুর্বল। 'মাছি' শক্ষটাই আর কারো মুখে শোনা বেত না। অনেকদিন শোনা বার নি।

কিন্তু আবার শোনা যাচছে। মাছি ফিরে এসেছে। হুডমুড করে সব কিছু
মনে পড়ে গেল সকলের। তাদের চোথের সামনে সেই মুখটা ভেসে উঠল।
বানরের মতন পিটপিট করছে তুটো চোখ। লাল খাড়া খাড়া চূল মাখার।
একটা তৃষ্টামি হন্ধম করতে না করতে আর একটা তৃষ্টামির ক্ষক্ত তৈরী হচ্ছে।
ই কুরের মতন ছোট ছোট দাঁতগুলি দিয়ে আবার কোন্ ছেলেকে কামড়ে দেবে,
বিড়ালের মতন ধারালো কুদে নখ দিয়ে কোন্ মেয়েকে আঁচড়ে দেবে। খেলার
সাখীদের হামেশা জথম করার নেশাও তো তার কম না—ওটাও তার
একটা খেলা।

সবচেরে বেশি চিন্তান্বিত হলেন ভূদেববাবু। আশুবাবুর নিকটভম প্রতিবেশী ব্যারিস্টার মাতৃষ। কোর্ট থেকে বাড়ি ফিরেই তিনি ধবরটা শুনলেন। তাও শ্বঃ গিন্নার মুখে। ফান্তনের বিকেল। চমৎকার আকাশ। ফুরফুরে হাওয়া। দেহমন আপনা থেকেই সন্ধীব হয়ে ওঠে।

তাঁর বাগানে হেনা ফুটেছে, বকুল বেল ত্'একদিনের মধ্যেই ফুটতে আরম্ভ করবে। ওদিকটায় অশোক রুফচুড়ার লাল দেখা দিতে শুরু করেছে।

দোতলার জানালায় দাঁড়িয়ে ভূদেব মুশ্বনেত্রে বাগান দেখছিলেন, ধরাচ্ছা ছাডছিলেন। হেনার গন্ধমিশ্রিত মলয়ানিল একটু সময়ের জন্ত তাঁকে কেমন বিবশ বিমনা করে তুলেছিল। বুঝি যৌবনের কথা মনে পড়ছিল তাঁর।

এমন সময় গিন্নী এসে ভিতরে ঢুকলেন।

'শুনেচ থবর ?'

'কি!' চমকে উঠে তিনি জ্বীর মুখ দেখলেন।

'মাছি এসেছে।'

'কোপাকার মাছি, কিসের মাছি ! ভূদেববাবুর মুখটা হাঁ হয়ে গেল। গিন্ধী হেদে ফেললেন।

'আমাদের আশুবাব্র ছেলে চন্দন—মাছি তো তোমাদের দেওরা নাম এখন মনে পডছে ?'

ভূদেববাবুর মুখটা কালো হয়ে গেল। এতক্ষণের সমন্ত প্রফুলতা দপ্ করে নিভে গেল। অত্যন্ত গন্তীর হয়ে গেলেন তিনি।

'হু', মনে পড়ছে। উঃ, সেই ছুষ্টুটা ফিরে এসেছে, বানরমুখো বিচ্ছু— আবার জালাতে শুরু করবে, আবার তার হাজারটা উপদ্রব—'

शिन्नी वांधा किल्नन, गक्त कदः शामलन ।

'তুমি বলছ কী, সেই ছুষ্টু বিচ্ছু ছেলে কি আর আছে সে, কত বড় ছেলে হয়েছে, কী স্থানর দেখতে হয়েছে এখন।'

কিন্ত ভূদেববার্, সে কথায় কর্ণপাত করলেন না। সর্বাগ্রে মেয়েকে মনে পড়ল তাঁর। জলিকে। গুরুগন্তীর গলায় তিনি ডাকলেন, 'জলি।'

জলি এসে ভিতরে ঢুকল। আঠারো বছরের মেরে। ভূদেব তাঁর অঞ্সন্ধানী চোথ ত্টো মেরের ফুলের মতন স্থলর কোমল মুখখানার দিকে তুলে ধরলেন। ধুতনির নিচের কালো স্ক্র দাগটা আজও থেকে গেছে, আজও ভাল করে মিলিরে গেল না। মেরের মুখ দেখা শেষ করে ভূদেব কটমট করে জীর দিকে তাকালেন।

'আত্তর ছেলের অত্যাচার উপদ্রবগুলো বোধ করি আমাকেই সবচেয়ে বেশি

নত্ব করতে হত। পাশাপাশি বাড়ি। কাজেই আমার বাগানে ঢুকে ফুল চুরি করা ফল চুরি করা গাছের ডালপালা ভেঙে দেওয়ার স্থবিধা তার সবচেয়ে বেশি ছিল, ঢিল ছুডে রোজ একটা করে জানালার কাঁচ ভাঙা, পায়রার বাচচা চুরি করা, আমার গ্যারেজের দরজায় রাজ্যের আবর্জনা জড়ো করে রাখা, ইটপাশর চুকিয়ে রেন-পাইপের মুখ বন্ধ করে দেওয়া—'

'তোমার সব মনে আছে দেখছি।' প্রীতিলতা এবার টেনে টেনে হাসছিলেন।

'কেন থাকবে না মনে। উদ্ কী শয়তান ছেলে। আমার জ্বলির কী করেছিল! ধাকা দিয়ে সি'ড়ি থেকে ফেলে দিল। প্তনি কেটে গিয়ে রক্তে রক্তময়—এথনো দাগটা রয়ে গেছে।' উদ্ভেজিত হাত বাড়িয়ে ভুদেব মেয়ের চিবুক স্পর্শ করলেন। 'স্টীচ্ করতে হয়েছিল—তুমি কি ভুলে গেছ—তোর মনে পড়ে মা ?'

বাবার চোখের দিকে তাকাল না জলি, সলজ্জ হেসে মাটির দিকে চোধ নামাল।

'ওর কি মনে আছে—ন' দশ বছর তো খ্বই হবে, কত দিন আগের কথা— তা অবশ্য ছেলেবেলার এক একটা কথা খ্ব মনে থাকে, আবার অনেক কথাই মনে থাকে না। হ'এক সঙ্গে খেলাধুলা করেছে ছটিতে, ঝগড়াঝাটি মারামারি কম করেছে কি।' সঙ্গেহ চোথে এক নজরে মেয়েকে দেখে প্রীতিলতা স্বামীর দিকে তাকালেন। 'যাক গে, শোন, আমি চন্দনকৈ একটু চা খেতে ডেকেছি— কতদিন পর এল।'

ভূদেব একটা খন নিখাস ফেললেন। কথা বললেন না। মেশ্বে আন্তে আন্তে ঘর থেকে বেরিয়ে গেল।

'দেরাত্নে মামার কাছে আছে। গেল বার বি এদ দি পাদ করেছে। মেডিকেল পড়ছে।'

কিন্তু ভূদেব আর **দ্রীর কথা শুনতে অপেক্ষা করলেন না। তোয়ালে কাঁ**ধে ফেলে বাথরুমের দিকে চলে গেলেন।

জলবোগ সেরে রোজ বেমন বেরোন, ক্লাবে যাবার জ্বন্ত ভূদেব তৈরী হচ্ছিলেন। একুশ বাইশ বছরের স্থদর্শন একটি যুবককে সঙ্গে নিমে গিন্নী ভিভরে চুকলেন।

'চন্দন এসেছে—তোমার মেসোমশায়কে প্রণাম কর চন্দন।'

ভূদেববাবুর পা ছুঁরে চন্দন প্রণাম করল। ভূদেব একবার মাত্র চোথ ভূদে যুবকটিকে দেখলেন। সভেজ লাবণ্যমণ্ডিত চেহারা। টানা টানা চোথ। ব্যাক ব্রাশ করা চূল। ভূক চ্টিতে বৃদ্ধির ছাপ, প্রতিভার ইন্ধিত। সাদা লিনেনের জামা, হালা নীল রঙের ট্রাউজার পরনে। অত্যন্ত ছিমছাম পরিপাটি একটি মানুষ।

'ভাল আছ ?' অন্তদিকে তাকিয়ে বিড়বিড় করে ভূদেব প্রশ্ন করলেন। ঐ একটা কথাই বললেন।

'হাা, মেলোমশার।' ঈষৎ হেসে চন্দন ঘাড় কাত করল। প্রীতিলতা দাঁড়িয়ে থেকে ঠোঁট টিপে হাসছিলেন। 'এসো, এ ঘরে এসো চন্দন।' ছেলেটিকে নিয়ে গিন্নী পাশের ঘরে চলে গেলেন। ভূদেব হাঁপ ছেড়ে বাঁচলেন।

কিন্তু তিনি বিশ্বিত হলেন। বিমৃত্ হলেন। সম্পূর্ণ অস্তু মৃতি। কোথার গেল সেই মৃথপোড়া বানর। ত্রামি ভরা পিটপিটে চোখ। লাল চূল। বিচ্ছু, শয়তান লক্ষীছাড়া ছেলে। বয়স তাকে বদলে দিয়েছে? যৌবন তাকে এমন স্থামী শাস্ত ভত্ত করে দিয়েছে। যৌবনের এত জ্বাত্ ! যেন বিশ্বাস করতে কষ্ট হচ্ছিল ভূদেববাব্র। এত ত্রামি, এত চাপল্য বাদরামির ছিটেফোটাও আর তার মধ্যে অবাশন্ত নাই? সব কপ্রের মতন উড়ে গেছে! একটা বিরাট প্রশ্ন তাঁর ত্ই ভূকর মান্যথানে ঝুলে রইল। ক্লাবে যাবার রাস্তায় এবং ক্লাব থেকে ফেরার সময়ও ভূদেব মাছির কথা ভাবলেন।

প্রায় রাত এগারোটার তিনি বাড়ি ফিরলেন। বেমন রোজ ফেরেন।
চাকর সি<sup>\*</sup>ড়ির আলো জেলে দিল। তিনি দোতলায় উঠলেন। প্রীতিলতা
ভাতরেছিলো। বেন ঘূমিরে পড়েছিলেন। প্রসন্ন ফোলা ফোলা মুথথানা নিয়ে
স্বামীর সামনে এসে দাঁড়ালেন।

'ৰুলি কোপায় ?'

'ধুব সম্ভব পড়ার ঘরে—পড়ছে।'

'এখনো পড়ছে—অনেক রাত হল যে। ভূদেব একটু বিশায় প্রকাশ করলেন।

'এই তো আধঘণ্টা আগে পড়তে বদেছে—চন্দন এতক্ষণ ছিল না কিনা।' প্রীতিলতা আলক্ষভদের হাই তুললেন। গয়টয় করল ছব্দন। আমিও অবশ্র মাঝে মাঝে কাছে ছিলাম।'

'ও !' অস্কৃট একটা শব্দ করলেন ভূদেব—বেন ভারপর কি প্রশ্ন করবেন ভেবে না পেরে স্ক্রীর চোধ ভূটো দেধলেন। 'রাত নটা সাড়ে নটা পর্যস্ত তো ওরা বাগানেই কাটিরে এল। রাভটাও খুব চমৎকার করেছে। ফুটফুটে জ্যোৎসা।'

'হুঁ', ফান্ধন মাস।' ভূদেব ঘাড নাডলেন। 'তারপর ফুঁ' প্রীতিলভা হাসলেন।

'সেই বাগানে গিয়ে ছঙ্জনের ছুটোছুটি—এই ফুলতোলা সেই ফুলের কলি ছেঁডা—যেমন ছেলেবেলায় করেছে।'

'আচ্ছা !' যেন জিনিসটা উপভোগ করার জন্ম ভূদেব প্রকাণ্ড একটা ঢোক গিললেন।

'আমি তো ত্ত্রনের কাণ্ডকারধানা দেখে মনে মনে হেসে বাঁচিনে—বেন চন্দন আবার সেই ভানপিটে তুট মাছি হয়ে গেছে।'

'कित्रक्य ?' टार्थ घ्टी शान करत रक्ललन च्रानवरात्।

'হুট করে গাছে উঠে পডল। জনিকে চাঁপা ফুল পেডে দেবে।'

'ঐ পোশাকে! এমন চমৎকার ট্রাউজার শার্ট নিয়ে গাছে উঠল ছেলে?' ভূদেব আর একটা বভ ঢোক গিললেন।

'তোমার ধেমন বৃদ্ধি।' প্রীতি ঠোঁট বেঁকালেন। ট্রাউজারের নি ে আগ্রার-ওয়্যার ছিল না ? শার্টের নিচে গেঞ্জি ছিল না ওর ?'

'হুঁ, তারপর।' থেন এথন জিনিসটা বুঝতে পেরে ভূদেব শাস্ত হলেন। 'গাছে উঠল। তারপর ?'

প্রীতিশতা এবার আর ঠোঁট বেঁকালেন না, ভুরু বেঁকিয়ে স্বামীর চোখে চোথ রেথে হাদলেন।

'আজকালকার ছেলে মেয়ে তো। গাছ খেকে নেমে আমার দামনেই চন্দন চাঁপা ফুলেব একটা মালা তৈরী করল। জলি দেটা খোঁপায় জড়াল।'

ভূদেববারু হঠাৎ কথা বললেন না। মেঝের দিকে চোথ নামিয়ে চূপ করে রইলেন।

'নাও, জামা-কাপড় ছাড়, খাবে অনেক রাত হল।'

'হ্যা থাব।' ভূদেব মুখ তুলে স্ত্রীর দিকে তাকালেন। 'জলি থেয়েছে ?' 'না. এইবেলা থাবে।'

'আচ্ছা আমি ডাকছি—আমার সব্দে বসে ধাবে—দ্বলি !' ডাকতে ডাকতে ভূবেব মেরের পড়ার ঘরের দিকে ছুটে গেলেন। এক সেকেও পর মুখ ওকনো করে ফিরে এলেন।

'কি হল ?'
'আলোটা নেবানো, দোৱটা ভেজানো দেখলাম।'
'কেন প্রীতিলতা অবাক হলেন। ঘুমিয়ে পড়ল!'
ভূদেব মাধা নাড়লেন।

'মনে হয় না।' এদিক ওদিক তাকালেন তিনি। তারপর স্ত্রীর কানের কাছে গলা বাড়িয়ে দিয়ে ফিদফিদ করে বললেন, 'একটা কান্নার ফোঁপানি অনলাম—যেন কাঁদছে মেয়ে।'

'ধেৎ, কাঁদবে কেন।' চমকে উঠতে গিম্বে প্রীতিলতা হাসলেন। কান্নার হয়েছে কি।'

'তা আমি কি করে বলব, আমি কি বাড়ি ছিলাম।' চাপা গর্জন করে উঠলেন ভ্দেব। 'তৌমরা ছিলে, তৃমি ছিলে, কি হয়েছে না হয়েছে তৃমি বলতে পার।' এক সেকেণ্ড চূপ থেকে ভূদেব আবার বললেন, 'যেমন ডানপিটে বাদর—চিরকাল যা করে এসেছে, হয়তো খেলতে খেলতে মেয়েটাকে আঘাড করেছে, হাডটা মূচড়ে দিতে পারে, চূল টেনে ধরেছিল হয়তো—'

'তোমার যেমন বৃদ্ধি!' প্রীতিলতা ঠোঁট বেঁকালেন, এই বয়সে এসৰ করে নাকি কেউ, তৃদ্ধনেই বড হয়েছে— তবে ই্যা, জ্বলির মনে লাগতে পারে এমন কোন কথাটথা যদি চন্দন—'

'ঐ একই কথা হল।' স্থাকে শেষ করতে দিলেন না ভূদেব। ভেংচি কাটার মতন মুখ করে বললেন, 'আঘাত দিয়েছে আমার মেয়েকে। খেলতে গিয়ে খেলার সাখীকে আঘাত করার ঝোঁকটা ঠিক রয়ে গেছে ওতেই তার আনন্দ—আমি এক ফোঁটা বিশ্বাস করতে পারি না মাছিকে—মাশুর ছেলেকে।'

'যাক, ওদের ব্যাপার ওরা ব্রুবে—আমি তুমি মাথা ঘামিয়ে করব কি, তুমি কাপড় ছেড়ে মৃথ হাত ধোও, আমি মেয়েকে ভাকছি—' প্রীতি বেরিয়ে গেলেন।

বিড়বিড় করে ভূদেব কি বললেন বোঝা গেল গেল না।

## ওয়াং ও খেলাঘরে আমরা

এমন হাসপাতাল আছে? আছে। জানালা গলিয়ে শুক্লা পঞ্চমীর পাওলা জ্যোৎস্না এসে রোগীদের বেড্-এ লুটোপুটি থায়। বাইবের ঝাউবনের সোঁ সোঁ শব্দ শোনা থায়। চৈত্রের শুকনো হাওয়ার হা-হা। সেই সঙ্গে ফিনাইল লাইজল ডেটলের চড়া গন্ধ চাপা দিয়ে কোথা থেকে ঝলক দিয়ে হাসুহানার শোধীন স্থবাস ভেসে এসে রোগীদের ভয়ানক স্থাী বিলাসী করে তোলে। আলত্তে হাই ওঠে তাদের। তারা তথন, চুল থাকুক না থাকুক, চিক্লনি দিয়ে মাথা আঁচডায়। অস্থেও ভূগে সবাই প্রায় নেড়া হয়ে গেছে। তা হলেও স্থেওর জভ্যাস সহজে ছাড়া থায় না। নেড়া মাথায় তারা চিক্লনি বুলায়। এবং বালিশের তলা থেকে হাত-আরশিখানা টেনে নিয়ে যে যার মুখ দেখে চোখ দেখে, হাঁ করে দাঁত দেখে। যাদের দাঁত নেই তারা আলজ্বিভ দেখে ও সেই সঙ্গে গলনালীর অক্ককার স্থেক্ষ। সন্ধ্যাটা এভাবে কাটে।

সন্ত্যাটা মোটামৃটি ভাল কাটে। একটু পরে ত্থ পাউকটি আসে। ত্থ পাউকটি থেয়ে চুপচাপ বসে থাকে কেউ। অনেকে শুয়ে পডে। বিশ্রাম। সারাদিনই বিশ্রাম। তা হলেও এ বিশ্রাম অক্সরকম।

তুপুরটা নির্ম। ঝাঁঝাঁ রোদ নিয়ে চরাচর পুড়তে থাকে। আমরা রোগীরা ভিতরে বসে রোদের তেজ টের পাই। বারান্দার রেলিং-এ এক ঝাঁক কাক দার বেঁধে বসে থাকে। কা-কা ডাকে। শুনে গা ছমছম করে। কেননা আর কোনো শব্দ থাকে না তথন। আর ঠিক এমন সময় রেলিং-এর ফাঁক দিরে শরীরটা গলিয়ে নিয়ে ভটা বারান্দায় উঠে আসে। তারপর শুটিগুটি ভিতরে চলে আসে। এবং এসেই মাঁও করে একটা ডাক দেয়। যেন রোগীদের জানান দেওয়া 'আমি এসে গেছি।' বাস্, তারপর চুপ। গুরুগজীর চালে কিছুক্ষণ এই বিছানা সেই বিছানার কাছে ঘুরঘুর করবে। তারপর একসময় এক জারগার দাঁড়িয়ে পড়ে সামনের নোংরা ঠ্যাংটা তুলে ভোঁতা নাক ও থুতনটা এবার ঘরবে। তারপর ঘড় সোক্ষা করে হিসুলের মতন বক্তবর্ণ চোথ তুটো রোগীদের মুথের দিকে তুলে ধরবে। দেখে আমাদের ক্রংপিণ্ড কেঁপে ওঠে। বেড়ালের এত লাল চোথ কে কবে দেখেছে। আর তাকানোটাও এত থারাপ।

মনে হয় যেন এই শয়তান জ্যোতিষ জানে। রোগীদের মুখ দেখে কপাল দেখে কিছু পড়ে ফেলল। কী পড়ল। সঙ্গে সঙ্গে আমরা হৈছৈ করে উঠি। যে বার বিছানায় বদে থেকে হাত-পা ছুঁড়ি। হিন্-হিন্, আপদ দ্র হ। সমন্বরে সবাই চেঁচাই। তথন লেজ গুটিয়ে তেমনি গুরুগন্তীর চালে ওটা বেরিয়ে যায়। যেন আজ তেমন স্থবিধা হল না। কাল আবার আসবে। এবং পরদিন তুপুরে ঠিক আদেও। রোজ আসছে। এমন ক্লান্তিকর।

কিন্তু ভাত্রের থমথমে মেঘলা তুপুর তার চেয়েও ভয়াবছ। যদি রোদের ছিটেফোঁটা না থাকে বা যদি সেই সঙ্গে পৃথিবীর যাবতীয় শব্দ থেমে থাকে। এবং যদি বাতাসও নডাচাড়া না করে। তথন রেলিং-এ কাকগুলি থাকে না। বেডালটাও আসে না। অন্য এক জগং মনে হয় সেদিন। মনে হয় প্রাক্ত পালিওজয়িক সুগের নিস্পাণ ধৃসর কাদা থিকথিকে পৃথিবীতে কেউ একটা হাসপাতাল গড়ে রেখেছে। তার ভিতরে আমরা ভয়ানকরকম কয় পাংশুমুখ অসহায় মায়্রয়গুলি হা করে বসে আছি। অনিশ্চিত ভবিদ্বং। তেবে ভেবে আমাদের খাস ভারি হয়ে আসে। ভয় পেয়ে তাড়াভাড়ি হাত বাডিয়ে বেড্-এর পাশে দাঁড় করান অক্সিজেন সিলিগুরের চাবি ঘ্রিয়ে রবারের নলটা নাকে পরে নিই। খাস-প্রখাস কিছুটা স্বাভাবিক হয়।

কিছ যদি সন্ধার দিকে দ্রামদ্রাম বাদ্ধ পডে, বিচ্যুৎ চমকার, হাসপাতাল-কম্পাউণ্ডে দেবদারু ঝাউরেরা পাগলের মতন মাথা ঝাঁকার ও শনশন শব্দ করে এবং ইলেকট্রিক ফেল্ করে—হাসপাতালেও লোড-শেভিং হয়—তথন মনে হয় কি প্রলয়ের রক্তসন্ধ্যার সেই জ্বাব্যাধি আছের পৃথিবী। আদ্ধকের রূপরস গন্ধ গানের উজ্জ্বল ঝলমলে পৃথিবী নয় এটা। হাসপাতালে আছি বলে কি আমরা রোগীরা রূপরস গন্ধ ও গানের পৃথিবী ভূলে গেছি। কেউ ভোলে না। তাই স্থাইর নিদানকাল আসর ভেবে সকলের মৃথ চুন হয়ে যায়। পরদিন সকাল না হওয়া তক ভয় কাটে না। ভোরের রৌদ্র-নীল শাস্ত আকাশ দেখে তবে বৃক্ত গান্তা হয়। বগল থেকে থার্মোমিটার নামিরে রেথে ত্থ পাউরুটি ডিম দিয়ে ব্রেক্টাস্ট সেরে ভিটামিন বড়ি মুথে ফেলে যে যার বিছানার স্থপে আসীন থাকি।

এভাবে আমাদের গ্রীম্ম কাটে, বর্ধা শীত, শীতের শেষ বসস্ত। সাইক্লিক অর্ডারে আবার গ্রীম্ম বর্ধা শরৎ হেমস্ত আসে। বারইপুরের স্কুল-মাস্টার বগলা দত্ত, উত্তরপাড়ার উকিল কাশী মিন্তির, বারাসতের বসির মিঞা, খাস কলকাতার রাধাবাজাণের ঘড়ির দোকানের মালিক নগেন পোদার এবং আরও

কতজন আছে এথানে। দক্ষিণাডার কবিরাজ ভূতু সেন আছে। বালিগঞ্চ ডোভার দেন থেকে এসেছে রিজার্ভ ব্যাঙ্কের কর্মচারী রুঞ্চ আয়ার। চারদিকের আরও অনেক পেসেণ্ট। ডোমছুড়ের পরেশ বাকুলী। মুডাগাছার জোডদার মহিম হালদার। ক্রফনগর কলেজের প্রফেসার স্থীর সেন। ঘটশীলার কেদার পাণ্ডে। হাসপাতালের তিনটে ব্লক রোগীতে ঠাসা। রোদ্ধ কত গণ্ডা ভঙ্তি হতে এদে ফিরে যায়। জায়গা নেই। আমরা যারা বেড নিয়ে স্বাছি এ খবর শুনে ফেকাসে গালে হাসি। কথায় বলে পুরোনো পাগলে ভাত পায় না তার আবার নতুন পাগল এসে জোটে। এ ওর মুথের দিকে তাকিয়ে আমরা বলাবলি করি। পাগল এখানে কেউ না যদিও। দব রোগী। রক্তহীনতায় ভুগছি। পাণ্ডু শীর্ণ হাত পা। শুকনো দ্বিরজিরে পাঁদ্ধর। চুপদান গাল গর্তে ঢোকা চোখ। আমরা জানি আমাদের হাসতে দেখে লোকের কারা পার। আমরা জানি রেগে গেলে আমাদের এক এক জনের কুঁকডে যাভয়া দলামোচা থাওয়া তুর্বল গলার পেশী টিকটিকির পেটের মতন ধুকধুক কাঁপে। তার বেশি নয়। ফুসফুসের জ্বোর কোথায় যে হৈ-হৈ করে বাডি মাথায় তুলব, রাগ দেখাব। সকলের এক অবস্থা। আমি ঠনঠনের মহামারা প্রেদের কর্মচারী উমাপদ নন্দী ধেমন, তেমনি বেন্ডিং স্থীটের অতবড জুতোর দোকানের মালিক মি: ওয়াং। এ একটাই রোগ। অ্যানীমিয়া। সবরী কলার মতন চমক লাগান হলদে রং ছিল চীনা সাহেবের। মি: ওয়াং-কে তো আগেও আমি দেখেছি। ভূগে ভূগে গায়ের চামভা এখন ছাতনাধরা ছাঁচি কুমডোর চেহারা ধ্রেছে। এক নম্বর কেবিনে আছে। বারান্দার ওপাশে সবুদ্ধ পর্দা রুলান ছোট্ট ঘর। ছ নম্বর কেবিনে ছিল নৈহাটির ব্রজ্ঞেন তালুকদার। ছুটি পেরে চলে গেছে। তিন ও চার নম্বর কেবিনও এখন ফাকা। কেবিন ভাড়া করে ৰাকার মতন পয়সাওয়ালা রোগী আর কজন আসে। অনেকে অবশ্য ইচ্ছা করে **क्वित शांक ना। वक्ना ख्य ख्य क्दा खिन।** 

বড় ভাক্তাররা সারাদিনে একবার আসেন। ছোকরা ভাক্তারদের ছুটোছুটি সারাদিনই আছে। নার্সরা আসে বেলায়, বার বার। কেউ সিস্টার ভাকি, কেউ দিনিমিনি। অনেকে শুধু দিদি। দিদিরা বর্ধন ঢোকে মোটে টের পাওয়া বায় না। বেন হাওয়ায় ভাগতে ভাগতে আসে। আর তক্ষ্ণি এতবড় হল আলো হয়ে যায়। যেন জ্যোৎসায় ভরে ওঠে ভিতরটা। সাতজন করে একসঙ্গে ঢোকে। শেত-পায়রার পালকের মতন ধ্বধ্বে পোশাক। আর কী মিঠে এক

একটি গলা! চোথ বৃদ্ধে শুনতে ইচ্ছা করে। আমরা রোগীরা কান পেতে শুনি। দিদিমণিরা গালাগাল দিলেও ভাল লাগে। মনে হয় গান শুনছি। টগরফুলের মতন গোল ভাগর চোথ। কাশ্মীরী আপেলের মতন গোলাপী লাল গাল। বোঝা যায় কত বক্ত পলকা এক একটি শরীরে। টসটস করছে চামড়া। চোথ বড় করে আমরা তাকিয়ে থাকি। আপনারা কী থান দিদি? এমন রং এমন মাজাঘ্যা ঝকমকে স্বাস্থ্য। হি-হি, আমাদের কথা শুনে দিদিমণিরা গাল ছড়িয়ে হাদে। লেবুর রস দিয়ে স্রেফ বালি-ওয়াটার থাই। বিশ্বাস করবেন? ভুক পাকিয়ে তারা উদ্ভর করে। বোকার মতন আমরা ফ্যালফ্যাল তাকিয়ে থাকি। শুনি। এমন কথা কে বিশ্বাস করতে পারে। যে জন্ম চুপ থেকে আমরা ঘন্মন ঢোক গিলি। আমাদের চোথের রং আরও ঘোলা হয়ে ওঠে।

আর তথন, আমাদের ঘোলা চোথের দিকে চোথ রেথে সিস্টারদের একজন গানের স্থর করে বলে, ভাবছেন আমরা বৃঝি থুব করে আপেল আঙুর বেদানার রস ধাই। মোটেই না। আপেল, আঙুর আপনাদের জন্য। রোগীদের থাতা। আমরা থাব কোন হুঃথে। কি বলিদ রে রেবা, কি বলিদ শুক্লা? শুক্লা ও রেবা শব্দ করে না। কেবল ঠোট টিপে হাসে।

এই অবস্থার আমাদের বলার কিছু থাকে কি। শুর্ শুনি। এবার অটেল আপেল ফলেছে, সবাই বলে। লামেও সন্তা। ছ টাকা কেজি। এই বড় বড় সাইজ। তেমনি মন মাতান রং। আর কী খোশবাই। চিকিশ্ঘন্টা আপেলের গল্পে ম ম করছে সারা ওয়ার্ড। মৃত্র্মূত লাল নীল সব্দ্ধ মাছিরা উড়ে আসছে। ফিনাইল ডেটল ছিটিয়ে তাদের রোখা যায় না। আমাদের শিয়রের কাছে প্রত্যেকটা মিটসেফ-এর মাথার পাহাড়ের মতন আপেল জমে আছে। যারাই রোগীদের দেখতে আসে হাতে করে আপেলের ঠোঙা নিয়ে আসছে। পেটভরে আপনারা আপেল খান, আপেল থেরে গায়ে রক্ত বাড়ান। দিদিরা উপদেশ দিয়ে চলে যায়।

ঠাট্টা করছে, সোনামণিরা ঠাট্টা করে চলে গেল, বুরেছেন গো দাদা। রাধাবাজ্ঞারের ঘড়ির দোকানের নগেন পোন্দার দক্ষিণাড়ার কবিরাজ ভূতু সেনের দিকে
ঘাড় ঘুথিরে ভেংচি কাটে। পাশাপাশি ঘটো বেড্। ভূতু সেন ঘোঁৎ করে
নাক দিয়ে খাদ ফেলে বলল, এ ছাড়া আর বলবে কি বিজ্ঞেধরীরা। আপেল!
বলে কিনা মটকি মটকি অরিস্ট সালসা থেরে যেথানে কাজ হল না, আপেল আমার

রক্তের হিমোগ্রোবিন বাড়িয়ে দেবে। অত্যা সেদিনকার প্তৈকে পুঁচকে ছুঁড়ি। ভুতু কোবরেজকে জ্ঞান দিতে এয়েছে।

তাই তো, ওধার থেকে উকিল কাশী মিজির নাকের নক্সি ঝেড়ে ঘাড় কাড করে বলল, থাঁটি কথা বলছেন সেন মশাই। আপেল! এর মধ্যে কয়েক মণ আপেল আঙুর আমার পেটে গেছে না। ক ফোঁটা রক্ত বাড়ল? কোথার গেল এত ফলের রস? জল হয়ে পেচ্ছাবের সঙ্গে সব বেরিয়ে যাচ্ছে। ঠিক কিনা। সঙ্গে সঙ্গে নগেন পোদার সার দিল, যা বলেছেন।

বড় ডাক্তাররা যথন আসেন টের পাওয়া যায়। বাতাসে ভেসে আসার মতন হালকা পলকা শরীর না একটাও। শক্ত মজবুত গাট্টাগোট্টা চেহারা। পাহাডের মতন উঁচু দেখতে। চ্যাটার্ছি সাহেব ঘোষ সাহেব বোস সাহেব মিন্তির সাহেব। জ্বমাদার ওয়ার্ডবয় এবং সিস্টারদের দেখাদেখি আমরাও ডাক্তারবাবুদের সাহেব বলতে শিখে গেছি। লাল গোল বড় বড় মুখ। জলজল করছে এক এক জ্বোডা চোখ যেন ভিতর থেকে ক্যালসিয়াম, আয়রন, ফসফরাস, ম্যাগনেসিয়াম ও যাবতীয় ভিটামিনের তেজ ঠিকরে বেরোছে । বোঝা যায় গায়ে কত জ্বোর সাহেবদের। সবাই বিলেত ফেরং। নামের পিছে পাঁচটা সাতটা করে টাইটল। রোগীদের বিদ্যানার পাশ দিয়ে যথন হেঁটে যান মেঝেটা তুপদাপ কাঁপে। চামড়া ফেটে রক্ত বেরোতে চাইছে এক এক জনের।

কি থান ডাক্তার সাহেবেরা? আপেল আঙুর? উহ, আমরা ভাবি। আপেল আঙুর বেদানার মধ্যে শুধু জল। একটু আগে সব আলোচনা করছিলাম। মাটন মুরগি থাসী পাঁঠা থাওয়া শরীর বড় ডাক্তারদের। না, তেল মদলার রাল্লা মাংদ ডাক্তাররা ছোঁন না শুনি। মুও ছিঁডে মুরগির গলাটা সরাসরি মুথে পরে একদমে সবটা কাঁচা রক্ত চুবে নেন। পরে ছিবডে মাংসটা ডাস্টবিনে ছুঁড়ে দেন। আসল জিনিস থাওয়া হয়ে গেলে ধড় দিয়ে কি হয়। ভেড়া থাসীর বেলায়ও তাই। কেবল রক্ত। ইনজেকদানের আম্পল ফাটিয়ে সিন্টাররা যেমন সিরিজের মধ্যে চোঁ করে ওর্ধটাকে টেনে নেয়। তাই না ডাক্তারবার্? ডোমজুড়ের পরেশ বাকুলী একদিন বোকার মতন বোদ সাহেবকে প্রশ্ন করে বদল। বোদ সাহেব হল কাঁপিয়ে হেসে ওঠেন। তারপর দ্রেদাড়ান ঘোষ সাহেবকে ডেকে বলেন, শুনছেন ডক্টর ঘোষ আমার পেশেন্ট কী বলছে? কি বলছে, ঘোষ সাহেব ঘুরে দাড়ান। তথন বোদ সাহেব আবার হল কাঁপিয়ে হাসেন। তারপর পাশে বাকুলীর দিকে মুথ ঘুরিয়ে বলেন, আমরা

কী থোই শুনবেন মণাই, তাজ্জব হবেন শুনে। মৃশ্বর ডালের জুস্ আর ভেজিটেবল স্থপ। স্থপ কাকে বলে জানেন তো। কপি পাতা পালং পাতা পেপে ডুম্রের সেদ্ধ করা জল। ঐ শুধু নির্ধাসটুকু। সলে ছপুরে ছ চামচ ভাত, রাত্রে গুণে ঠিক একথানা হাত-ফটি। বাস। পারবেন থেয়ে থাকতে স

এ-পাশ থেকে নগেন পোদ্দার ও কাশী মিন্তির কান থাডা করে বোস সাহেবের কথাগুলি শুনল। তারপর সাহেব ডাজাররা রোগীদের দেখেটেখে গটগট করে এক সময় ওয়ার্ড ছেড়ে চলে গেলে নগেন সকলকে শুনিরে বলল, সিস্টারদের মতন ডাজারবাব্রাও ধাপ্পা দিছে, শুনলেন তো দাদারা। হুঁ, শুনেছি বৈকি, ওদিকের একটা বেড খেকে মাথা তুলে ঘাটশীলার কেদার পাণ্ডে বলল, আলবং ধাপ্পা দিয়ে গেল। সব কচি খোকা আমরা এখানে, ছেলেভুলোনো কথা শুনিয়ে গেল। আ্থা, মশাইরা আপনারা স্বচকে দেখেছেন আমি ক'ডজন চিকেন এসেল খেয়েছি এ তু মাদে। খেয়ে হলটা কি ? আর উনারা মস্থর ডালের জল, আনাজ সেদ্ধ দিয়ে তু চামচ ভাত একথানা হাত-কটি থেয়ে এমন বণ্ডামার্কা চেহারা বাগিয়েছেন। ভূতেও বিশ্বাস করবে না।

না, ভূতেও এসব কথা বিশ্বাস করবে না। তার মেয়ের জামাই ফি সপ্তাহে আধভজন করে চিকেন এসেন্সের ফাইল কিনে শশুরকে থেতে দিয়ে যায়। এত মুবগির নির্যাস থেয়েও পাণ্ডে কিছু ফল পেল না।

কাশী মিন্তির বলল, ওসব হল ক্যামিকেল প্রাডান্টদ। থেরে শরীরের কিছু হয় না। হাসপাতালের দেওয়া জলো ত্থ ঠাণ্ডাঘরের ডিম বরফপচা মাছ আমরা থাই, তা হলেও কিছুটা থাতাগুল ওসবে যে না আছে তা নয়। তার ওপর আপেল আঙুরও এক একজন মন্দ চালাচ্ছি না। সব থেয়েও কি এক ফোঁটা রক্ত বাড়ছে, না গায়ে বল পাচ্ছি? বাকি রইল দোকানের চিকেন এসেল। আসল কথা যতক্ষণ না ক বোতল করে তাজা রক্ত শরীরে ঢোকাতে পারছি তদ্দিন এথানে আধমরা হয়ে শুয়ে আমাদের কাটাতে হবে। তারপর এই হাসপাতালের বিছানার পটাপট সব পটল তুলব। ঘরে ফেরা কারো হবে না।

উকিলের কথার ওয়ার্ডের এ মাথা থেকে ও মাথা একটা চাপা দীর্ঘখাসের ঝড় বয়ে যায়। যেন এতকালের অদৃশ্য যম হঠাৎ সকলের সামনে দাঁডিয়ে দাঁত ছিছিয়ে হাসে। কারণ শেষ পর্যস্ত দে-ই জিতে যাচ্ছে।

ভাই। আদল হল বক্ত। বক্তের অভাবে ওকনো বাদাম পাতার মতন হলদে হয়ে যাচ্ছি আমরা, কালকাদান্দি পাতার মতন দিটিয়ে কালচে মেরে যাচ্ছি, নম্বতো মরা মৃডমুড়ে নিশিন্দা পাতার মতন নীল হয়ে যাচ্ছে জামাদের এক একটা শরীর। উঠে বসা দূরে থাক, ভাল করে কথা বলতে পারে না এমন পেশেন্টও এথানে জনেক। হয়তো বেশিই।

আমাদের হতাশ এবং ভরে কাঠ হয়ে যাওয়ার আরও কারণ আছে। কদিন
ধরে বড় ডাক্ডাররা ছোট ডাক্ডাররা এবং নার্স দিদিমণিরা ঘটা করে শুনিয়ে যাচ্ছে
হাসপাতালে আর রক্ত নেই। যা স্টক ছিল ছু মাস আগে ফুরিয়ে গেছে।
ইদানীং এত রোগী আসতে আরপ্ত করেছিল, তাদের বিলিয়ে বিলিয়ে হাসপাতালের
রক্তের ভাগুার এখন শৃষ্ম। কাছেই এখন ইরো পেশেন্ট আছেন, তাঁরা বাইরে
থেকে রক্ত থোগাড় করন। কিংবা বাড়ির লোক বা নিজেদের আত্মীয়ম্বন্ধন
যদি তাঁদের জন্ম রক্ত ডোনেট করেন তাতেও কাজ হয়।

তাই ভাবছি সকলে। বালিশে পিঠ ঠেকিয়ে বকের ঠ্যাং-এর মতন সক্ষ সক্ষ কংকালসার পাগুলি সামনের নিকে ছডিয়ে মাথায় হাত রেখে আকাশ-পাতাল ভাবছি। হাসপাতালের রক্তের স্টক ফুরিয়ে গেছে, ভাল কথা। কিন্তু সেই সক্ষে আর একটা ভয়নক থবর শুনছি। বাইরেও রক্ত পাওয়া যাছে না। কলকাতার কোনো রাড-বাকে রক্ত নেই। এমন হয় ? কাশী মিন্তিরের পয়সার আভাব নেই। ওকালতিতে ভাল পশার ছিল। হাসপাতালে রক্ত নেই তো হয়েছে কি ? পরশু সকালে ভায়রার ছেলেকে এক গোছা নোট দিয়ে রক্ত কিনতে পাঠিয়েছিল। সঙ্গে নিজের রক্তের স্থাম্পেল দিয়েছিল। প্র্পু মিলিয়ে রক্ত আনতে হবে তো। সব রক্ত সকলের জন্ম নয়। ভায়রার ছেলে রক্তের জন্ম কলকাতা চবে বেড়িয়েছে। তারপের টাকা নিয়ে বিকেলে ফিরে এসেছে। কেবল কাশী মিন্তিরের প্র পের রক্ত বলে কথা না, কোন গ্রন্থপের রক্তই বাজারে নেই। শহরের সব কটা ব্লাড-ব্লাক্ষ রক্তশুন্ম হয়ে বসে আছে।

বারো নম্বর বেড থেকে পাঁচলার শশী দাস ঘাড় উচিয়ে কান থাড়া করে কাশী মিজিরের ভাষরার ছেলের কথাগুলি শুনছিল। একটু আগে শশী দাস তার দোকানের কর্মচারীকে টাকা দিয়ে রক্ত কিনতে পাঠিয়েছিল। শশী দাসও টাকাওয়ালা মাহ্ব। তু বোভল তিন বোতল, দরকার হলে দশ বোতল রক্ত কেনার, ক্ষমতা রাথে। বডবাজারে মন্ত বড মশলার দোকান। দশটা কর্মচারী থাটে। কিছু টাকা থাকলে হবে কি। আসল জিনিস যদি না মেলে। দেখা গেল তাই। তুপুরের আগেই শশীর কর্মচারী শৃত্য হাতে ফিরে আসে। কোথাও রক্ত পাওয়া গেল না। নিমেরের মধ্যে ওয়ার্ডের সব রোগী ধবরটা শুনল।

আর এক পেশেন্ট বেহালার বিনোদ চক্রবর্তী। সামায়া কেরানীর চাকরি। ঘরে জ্বমান টাকা নেই। বিনোদের স্ত্রী মনে মনে ঠিক করে রেখেছিল গলার হার বেচে স্বামীর জন্ম রক্ত কেনা হবে। হল তো খুব কেনা।

ইঁয়া, এখন কথা হচ্ছে, বাড়ির লোক, আত্মীয়ম্বজন। যদি তাদের রোগীদের বাঁচাতে হয় তবে তারা নিজের শরীর থেকে রক্ত দিক। দেওয়া উচিত। কিন্তু আত্মীয় বন্ধু দ্রী বা নিজের সস্তান হলেই বে রোগীর ব্লাড গ্রুপের সঙ্গে তাদের ব্লাড-গ্রুপ মিলবে তার কথা কি। অনেক সময় মেলে না। যেমন নগেন পোদ্দারের বেলায় হল। নগেনের ভাই হক্ত দিতে চেয়েছিল। নগেনের রজের সঙ্গে ভাইয়ের রক্ত মিলল না। তা না হলে কি বাইরে থেকে নগেনের জ্বন্ত রক্তার প্রশ্ন উঠত।

আরও কথা আছে। রক্ত দেবাব মতন সকলের আত্মীয় বরু আছে কি ? ভাই ভাই-পো ভারে বা উপষ্ক ছেলেমেরে অনেকের থেকেও কাদ্ধ হয় না। যেমন বছবজের রামেশ্বর পাকভাশীর জোরান ছেলে ঘরে। থাকলে হবে কি! ত্রিশ বছরের ছেলের ত্টো ফুসফুসই ফুটো হয়ে গেছে। ছয় মাসের ওপর কাঁচডাপাডা হাসপাতালে বেড নিয়ে আছে। ফলা রোগীর রক্ত রামেশ্বরের কোন্কাজে লাগত। তাহলেও রামেশ্বরকে তো বাঁচতে হবে। ঘটি বাটি বেচে রক্ত কিনবে বলে রামেশ্বর টাকা যোগাড করে রেথেছিল। এখন ? তেমনি ওপাশের বাইশ নম্বর বেড-এর পোস্ট্যাল ক্লার্ক মহেন্দ্র সরকারের অবস্থা। হাসপাতালে রক্ত নেই, বাজারে হক্ত নেই। মহেন্দ সরকারের ছেলে, মনিও বিভীয় পক্ষের, তাহলেও তো সন্থান, বাবাকে রক্ত দিতে রাজী হয়েছিল। কিন্ত শেষ পর্যন্ত দিতে পারল কোখার। বউমা বাদ সাধলেন। বরের শরীর খারাপ হবে। খবরকাগজের অফিসে চাকরি। মাসে পনেরো দিন নাইট-ডিউটি করতে হয়। এমন মান্থবের শরীর থেকে রক্ত নেওয়া চলে ? যুক্তিটা ফেলনা নয়। মহেন্দ্র সরকারে একেবারে চুপ করে গেছে।

আবার এমন লোক আছে, সস্তানের শরীর থেকে রক্ত নিয়ে নিজে বাঁচব কল্পনা করে শিউরে উঠছে। গড়পাডের কিশোরী ভদ্র। উনিশ নম্বর বেড নিয়ে তিন মাসের ওপর এখানে ওয়ে। ছেলে অরুণেশ, ঐ একমাত্র ছেলে ভদ্রলোকের গভ বছর অনার্গ নিয়ে বি-এ পাস করে এখন এম-এ পড়ছে। খেলাধুলায় ভাল। বয়স একুশ। উহু, অরুণেশের শরীর থেকে এক ফোঁটা রক্ত নেওয়া চলবে না। ভার চেয়ে আমি মরে যেতে রাজী। কিশোরী শ্রীকে বলে দিয়েছে, আমার বয়স বাট পেরিয়েছে—আর ছেলের সবে শুরু, কতবড ভবিশ্বৎ তার। কিশোরী যে জন্ম জ্রীকে পরামর্শ দিয়েছিল ব্যাঙ্কে যৎসামান্ত যে কটা টাকা আছে তাই থেকে কিছু তুলে এনে রক্ত কেনা হোক।

তার অর্থ, জন্স ওয়ার্ডের ধবর আমাদের জানা ছিল না, দেখছি আমাদের ওয়ার্ডের চৌদ্দ আনা বোগী রজের জন্ত প্রথমটা হাসপাতাল, তারপর শহরের রাড-ব্যাঙ্কগুলির দিকে তাকিয়ে ছিল। এখন সব আশা নির্মৃণ হল। হাসপাতালের মতন বাইরের প্রত্যেকটা রাড-ব্যাঙ্ক দেউলিয়া সেজে বসে আচে।

বলেছি, রাধাবাজারের ঘডির দোকানের নগেন পোদ্ধার রসিক ব্যক্তি। এড ছঃখেও দিব্যি হাসছিল। খবর শুনে কাল বিকেলে বলছিল, আবার বরফ-যুগ চলে এসেছে, আইস এজ। পৃথিবী ঠাণ্ডা মেরে যাচ্ছে মশাইরা জেনে রাথবেন। কলকাতা শহরে এক ফোটা রক্ত নেই, তার মানে তুষার শীতল হয়ে গেছে চরাচর। তা ছাড়া, কি, ডোমজুডের পরেশ বাকুলী নগেনের মতন হাসতে পারে না, মুখটা অন্ধকার করে বলছিল, বাপের জন্মে এমন কাণ্ড কেউ শুনেছে? বলতে হয় বেবাক মামুষ জমে শিলাপিণ্ড হয়ে গেছে। আঁখমাডা কলে ফেলে পিষলেও একফোটা রক্ত বেরোচ্ছে না কারো গা থেকে। না খেয়ে ভেজাল খেরে মামুষের এ দশা হয়েছে।

নারকেলভাঙার ক্ষিতীশ সামস্ত, যার তিন নম্বর বেড, ভাল করে কথা বলতে পারে না, খনখনে স্থরে বলল, মাম্বরের উপকারের কথা ভেবে আগে অনেকে ইচ্ছে করে রক্ত দিত। হু", তা দিত, উকিল কাশী মিন্তির এতক্ষণ চূপ ছিল, এবার মুখ খুলল, তা দান-খয়রাতী আর না-ই বা করল, রক্ত দিলে পয়সা পাওয়া গেছে। গরীবদের একটা ভাল রোজগারের পথ খোলা ছিল। কত রিকশাওয়ালা ঠেলাওয়ালাকে দেখেছি, সারাদিন হাডভাঙা থাটুনি খেটেছে, তারপর স্থযোগমতন কোনো একটা ব্লাড-ব্যাক্ষে গিয়ে রক্ত দিয়ে টাকা নিয়ে ঘরে ফিরেছে। কেবল ঠেলা বা রিকশার পয়সায় সংসার চলছিল না।

ভূতু কবিরাজ্ঞ বলল, আমাদের ওদিকে বিরক্ষা বলে এক পোস্টম্যান ছিল। এই জোয়ান চেহারা। রোদে পুডে জলে ভিজ্ঞে লোকের দোরে দোরে ঘুরে সারা বছর ডাক বিলি করত। আহা, ডাক-পিওনের চাকরি, কত আর মাইনে পেত। তাও তো সাত বছর আগের কথা বলছি। এমন আগুন লাগেনি বাজারে। তবু সরকারী বেতনে বেচারার সংসার চলছিল না। লুকিমে লুকিমে আমাদের ওদিকার ওরিষেট ব্লাভ-ব্যাক্ষে গিয়ে থানিকটা করে শরীর থেকে বজ্ঞ

ঝরিয়ে আগত। ঐ টাকা দিয়ে বউরের শাড়ি কিনে দিয়েছে, ছেলের ইস্ক্লের মাইনে চালিয়েছে।

তারপর ? নারকেলডাঙার কিতীশ দামন্ত হাঁ করে শুনছিল। এখনো আছে বিরক্ষা ?

কি করে থাকবে! তুতু সেন লম্বা খাস ছাড়ল। রক্ত দিয়ে দিয়ে শেবটায় পোস্টকার্ডের মন্তন সাদা হয়ে গেল চেহারাটা। বিয়ালিশ বছরেই পরমায়ু শেব। টুপ করে ঝরে পড়ল।

আহা—হা—হা। এক দক্ষে আমাদের চার-পাঁচটা গলা আর্তনাদ করে উঠল।

পরিবারের জন্ম শহীদ হয়েছিল বিরজা পিওন। তারপর আমরা আর কেউ
শব্দ করিনি। চুরাশিজন পেশেন্ট নিয়ে এতবড় ওয়ার্ড। মনে হল, হলের ভিতরটা
ক্রেত ঠাগু হয়ে আসছে। তাপমাত্রা হিমাকের দশ ডিগ্রী নিচে নেমে গেছে। বাইরে
তুষারপাত হচ্ছে। কম্বল মৃড়ি দিয়ে শীত কমছে না। হি-হি করে কাঁপছি সব।
কিন্তু মজা এই, তথন বাইরেটা শুকা দশমীর হুধ্যাদা জ্যোৎস্মায় ধুয়ে যাছে।
বেশ বোঝা যাছিল, ফাগুন মাস। কোকিল ডাকছিল। যেন থরে থরে কোথাও
গল্ধরাজ ফুটেছে। ফুলের গল্পে বাতাস মাতোয়ারা। সেই সঙ্গে আমরাও।
আমরা ভাগ্যবান, বলতে হবে। ভেবে নতুন করে হাসি পেল। হাসি না যদিও
কেউ। এ যে কী করুণ দশা। চাঁদের আলো ঝরিষে কোকিলের ডাকে দশদিক
আমোদিত করে ঈথর আমাদের সঙ্গে রসিকতা করে।

কেবল কি ঈশ্বর ! যাঁরা আমাদের জন্ম এই হাসপাতাল করে দিয়েছেন তাঁরাও কম রিদক কি, ভারি । তাঁরা জানতেন রক্তাল্পতায় রিটং কাগজের মতন ধবল হয়ে গেছে, শুকনো অশ্বথ পাতার মতন হলদে ফ্যাকাদে চেহারা ধরেছে, বা সাপের ছোবল খাওয়া শরীরের মতন কালো নীল হয়ে এসেছে এমন রোগীরা এখানে এসে ঠাই নেবে। তাই তাদের মনোহরণের জন্ম কত কি কাওকীর্তি। আপনারা বাইরে থেকে কেউ কোনোদিন যদি আমাদের দেখতে আসেন, এদিক-ওদিক চোথ ফেরালেই টের পাবেন এ বাড়ির দরজা জানালা দেওয়াল কেমন ঝকমক করছে। দেওয়ালের কথাই ধকন। মনে হবে মেঘের কোলে রোদ উঠে রামধন্তর ইন্দ্রজাল ফুটে বেরোছে। দেওয়ালের লাল নীল সবৃদ্ধ হলুদ সাতটা রং আঙুল দিয়ে গোনা যায়। চুরালিটা বেড-এর ওপর বিশাল দিলিং জুড়ে ফ্রেস্কো চং-এ আঁকা পদ্মবন। পদ্মবনের ফাঁকে ফাঁকে ফাঁকে হংসমিপুন। কেন বলুন তো? চিৎ হয়ে

বিছানায় শুরে সারাদিন অহুথের কথা ভেবে মন থারাপ না করে রোগীরা ছবিশুলি দেখবে। নিচের দিকে তাকালে মনে হয়, মন্ত মেঝে জুড়ে সবুজ ঘাসের পর গালিচা বিছানো। জানালায় জানালায় বাহারের মানিপ্ল্যাণ্ট। সবুজ গোল গোল পাতার ফাঁক দিয়ে বাইরের ঝাউ দেবদারুর চূড়া দেখা যায়। কখনও মেঘের আকাশ। মেঘ না থাকলে ঝলমলে তারা বা নীল রোদ। রীভিমত কবিতার ব্যাপার। হাঁ, ডানলোপিলোর গদি আঁটা পরিষ্কার ধবধবে বিছানায় আমরা শুই। ঠাগুয় মোটা কাশ্মীরী কম্বল, গরমে পাতলা স্ভীর চাদর। তু হাত অস্তর একটা করে সিলিং-দ্যান ঈগলের মতন প্রকাণ্ড ডানা ছডিয়ে দোঁ। দোরে। পাথার হাওয়া ভাল না লাগলে ওয়ার্ড-বয়কে ডেকে এয়ার-কুলার মেশিন চালিয়ে দিতে বলে। ঝিঁঝি ডাকার মতন শব্দ করে মেশিনটা চলতে থাকে গরমের লেশমাত্র থাকে না। তবে গরমের চেয়ে ঠাগু আমাদের কাবু করে বেশি। মৃহ্মুহ্ হাত পা বুক পিঠ হিম হয়ে আসে। যে জন্ম বছরের বেশির ভাগ সময় পাখা বন্ধ থাকে, এয়ারকুলার চলে না।

আরও কী সব ব্যবস্থা দেখন। ক্কান, যাকে আমরা পর্দা বলি—তাকিয়ে দেখার মতন। কী উজ্জ্বল শৌথীন রং। যেন সবৃদ্ধ সাটিনে তৈরি। ঐ সব পর্দা আড়াল করে আমরা যথন পায়থানা প্রস্রাব করি, মনে হয় কি, বসন্তের বনে বসে প্রকৃতির কাজ সারছি। বৃশ্বন। না, ক্কীনের আরও কাজ আছে। বলা ভাল না, কিন্তু না বলেই বা উপায় কি। মনে করুন, কোনো পেশেন্টের আয়ুর বারোটা বেদ্ধে গেল। তথন সবৃদ্ধ পর্দা টেনে লাশসমেত বিছানাটা ঘিরে রাখা হয়। যতক্ষণ না রোগীর আত্মীয় বন্ধুরা এসে বডি বার করে নিয়ে যায়। আমি এখানে আসার পর কদিনেই কম করেও ডজন তিনেক বিছানা এভাবে পর্দা দিয়ে ঘিরে রাখতে দেখেছি।

আমাদের অক্সিজেন ও দেলাইন ঢোকাবার নলগুলি দেখেও আপনারা আত্মহারা হবেন। তেমনি শরীরে রক্ত ঢোকাবার বাহারী সব টিউব। ফিকে সবৃদ্ধের ওপর চিরিচিরি সাদা রেখা। অন্য সব হাসপাতালে এ সব নল লাগিয়ে রোগীরা যখন শুরে থাকে তাদের আত্মীররা দেখে ভর পার। এখানে এসব দেখে ভরের ছিটেফোঁট। মনে আসে না। মনে হয়, সব কিছুই বাভাবিক ও মানানসই। মনে হয়, রোগীরা বৃঝি বনজ শুর্ধি লতা নাকে ঢুকিয়ে গদ্ধ শুক্তে, বা মুখে ঠেকিয়ে বুনো লতার তেতো মিষ্টি রস মজা করে চুবছে।

দেখে অবাক হবার মতন আরও জিনিস আছে এই হাসণাতালে। স্থানুত্র

হাইপোডার্মিক সিরিঞ্জ হাতে সিস্টাররা যথন ছুটোছুটি করে—একবারও কারো মনে হর না রোগীদের গারে ছুঁচ ফোটাতে এসেছে ভারা। মনে হবে, পিচকিরি নিয়ে হোলীর বং খেলতে ছুটে এল দিদিমণিরা। বা থার্মোমিটার হাতে যথন আমাদের বিছানার কাছে এসে দাঁড়ায়। মনে হয় না এগুলি থার্মোমিটার। যেন সোনার কাঠি রুপোর কাঠি। সোনার কাঠি ছুঁইয়ে দিদির। আমাদের ঘূম ভাঙায়, রুপোর কাঠি ছুঁইয়ে আমাদের ঘূম পাডায়। আমাদের ভাত থাবার থালাগুলির দিকে একবার ভাকাবেন। প্লাফীকের যদিও। কিন্তু এমন বং এমন পালিশ ওপরে অবিকল যেন চন্দন কাঠের রেকাবী। পাঁচটা খোপ থালায়। এক খোপে ভাত এক খোপে মাছ একটায় ভাল আর একটায় তরকারি। বাকি একটা খোপে ফুন থাকতে পারে সেছে ভিম থাকতে পারে। যাই থাকুক—পরম তৃপ্তির সঙ্গে আমরা আহার সারি।

এবার আমাদের ইউরিস্থাল—প্রস্রাবের বোতল েলি দেখুন। যেন জমাদার প্রত্যেকটা বেড-এর নিচে একটি করে দাদা ধবধবে ধরগোশের বাচচা বদিরে দিরে গোছে। পেশেন্টের যথন দরকারের দমর বোতল টেনে নের—দেখে মনে হর, ধরগোশটাকে কোলে নিয়ে আদর করছে। তাই না দেদিন রিদক নগেন ঘাড ঘূরিয়ে বগলা মাস্টারকে বলছিল, কি মশাই, আপনার ধরগোশ ছানাকে কি ঘাদ ধাওয়াচ্ছেন? উছ, হেদে বাক্রইপুবের বগলা দত্ত উত্তর করেছিল, জল ধাওয়াচ্ছি। ভনে আমরা অনেকক্ষণ ধরে হি-হি করে হেদেছি।

তারপর দেখুন আমাদের বেডপ্যান-এর চেহারা। জামবাটির মতন বিশাল এক একটি পাত্র। ওপরের কলাইকরা রংটিও চমৎকার। দগু ফোটা টকটকে জবার রং। হঠাৎ দেখে মনে হয়, চকচকে একটা কাচের ভাওে এত রক্ত বৃদ্ধি টলমল করছে। যে কারণে ঘাটশীলার কেদার পাওে রোজ পায়খানা করতে বসে একবার কবে পাত্রটার গায়ে হাত ব্লোয় আর ক্রীনের ফাঁক দিয়ে গলা বাডিরে পাশের সীটের বসির মিঞাকে বলে, ব্যলেন গো সাহেব, হাসপাতালে রক্ত নেই শহরে রক্ত নেই তো হয়েছেটা কি—আমার জিমায় এখন অনেক রক্ত—ত্ লিটারের বেশি। শুনে বসির মিঞা পানদোক্তা খাওয়া কালো দাঁতের সারি ছড়িয়ে হাসেও চোখ নামিয়ে খাটের নিচে লাল টুকটুকে বেডপ্যানটা দেখে, তারণর চোখ তুলে রক্তড়ে গলায় বলে, আমিও মাঝেমধ্যে ভাবি কর্তা, এত রক্ত যখন এয়ে গেছে, আমরা শিগ্রির মরছি না।

এভাবে পরম্পরের মধ্যে আমরা হাসি মন্ধরা ঠাট্টা ইয়াকি চালাই। ছঃথের

মধ্যেও হাসি। নগেন পোদ্দারের মতন স্বাই সময় সময় খ্ব রসিক হয়ে উঠি। উপায় কি। সারাক্ষণ রক্তের ভাবনা, মৃত্যুর ভয় ভাবতে ভাল লাগে? মৃত্যের বোতল পার্থানার পাত্র নিয়ে আমাদের রসিকতা করতে আটকায় না।

বেমন ডাক্তারবাবুরা। মস্বর ডালের জুদ ও ভেজিটেবল স্থপ থাওয়ার গল্প শোনায়। ঐ থেয়ে এমন তাগড়াই চেহারা এক একটির। তার মানে কি, আমাদের দক্ষে মস্করা করতে ভালবাদেন তাঁরা। যেমন নার্দ দিদিরা। শ্রেফ বার্লির জ্বল গিলে এমন গোলাপী মোহিনী মূর্তি দব। এ সব বলে আমাদের ধাপ্পা দেওয়ার দরকার আছে। যেমন আমাদের ভূলিয়ে ভালিয়ে রাথতে, এতক্ষণ যা বললাম, চারদিকে এত সব উত্যোগ আয়োজন। স্ক্তরাং, ডাক্তার নার্দ সবাই নানা আজ্ঞবি গল্প ভানিয়ে রোগীদের প্রবোধ দেবে, মন ঠাপ্তা রাথবে জ্বানা কথা।

তা বলে কি আমরা রাগ করি। মোটেই না। সময় সময় বিরক্ত হই, এই পর্যস্ত। তা না হলে তাজা টগবগে শরীর নিয়ে রক্তের এক একটা পিপে হয়ে नारहर ডाक्काइद्रा यथन दाशीएक विद्यानांद्र शार्म अरम माजान—एएथ जामाएक. ভাল লাগে। আমরা আরম্ভ হই। পৃথিবীতে আজও অনেক তরতাক্রা মামুষ বাস করে। চিন্তা করি। রক্ত পেলে একদিন এমন দশাসই চেহারা বাগিয়ে গটমট করে আমরাও ঘোরাফেরা করতে পারব। ডাক্তারবাবুরা যথন আমাদের গায়ে হাত রাখেন নাড়ি টেপেন—মামরা টের পাই এ সমস্ত বিরাট বিরাট শরীরের গরম বক্ত আমাদের হিম হয়ে আসা শরীরে বেশ ভাল রকম তাপ সঞ্চার করছে 🖂 এভাবে রোজ আমাদের মৃত্যু পাঁচ ছ' মিনিট করে পিছিয়ে যায়। কম লাভ ? সেই-वक्म नार्न मिनिवा यथन काह्न अरन माँ जाय आमता थ्नि इहे। आमारमव वन्तन থার্মোমিটার গু"ত্বে দের, মাথা ধুইয়ে গা স্পঞ্জ করে দের, আমাদের বিছানা সাজিরে দেয়। আমাদের পচা ফ্যাকাদে শরীরের অতি কাছে দরে আদে তারা। তাই ক্লফনগর কলেজের প্রফেসার স্থীর সেন, ভদ্রলোক থ্বই গম্ভীর, কম কথা বলে, কিন্ত এক একদিন রদের ফোয়ারা ছুটিয়ে দেয় এবং এককালে যে কাব্যচর্চা করত বোঝা যায়। সেদিন সিস্টারদের সম্পর্কে বলছিল, লাবণাময়াদের শেরীর থেকে নির্গত ফুগদ্ধী খাস আমাদের কর দেহে সালসার কাব্দ করে। ওনে সকলে হো-ছো করে হেদেছি। কথাটা উপভোগ করার মতন।

এভাবে ষতক্ষণ পারি, ষতটা পারি, আমরা এ ওকে হাদির কথা শুনাই। মৃত্যুচিস্তা ঠেকিয়ে রাখি।

এবং এই ব্যাপারে আমার উৎদাহও কম না। হাঁটতে কট হয়, তা হলেও এই

বেড সেই বেড-এর রেশিং ধরে ধরে কটেন্সটে এগোই এবং এক একটি বিছানার সামনে গিরে দাঁড়াই। আমাকে দেখে রোগীরা খুলি হয়। আদর করে বসতে বলে। আমি বিদি গল্প করি। তারা জেনে গেছে আমি তাদের দলের একজন। বা একটু বেলি হতভাগা। ঠনঠনের মহামায়া প্রেদ মাদান্তে যে কটা টাকা আমার হাতে তুলে দেয় তাতে কোনোকালে বিয়ে করে ঘরদংসার পাতা চলবে না। যে কারণে চল্লিশেও আমি অক্লভদার। এদিকে আত্মীর বন্ধু বলতে এমন কেউ নেই যে, নিজের শরীর থেকে রক্ত দিয়ে ভালবেদে আমাকে নীরোগ সজীব করে তুলবে। পুশুজর মধ্যে হাতঘড়িটা সম্বল। ঠিক করেছিলাম, ওটা বেচে দিয়ে রক্ত কিনব। এখন রক্তের বাজারের যা হালচাল দেখিতি।

কাজেই আমাদের সকলের অবস্থা এক। তবে একটি ঘুটি ভাগ্যবান আছেন এধানে। যেমন যোল নম্বর বেড-এর পেদেন্ট—মুড়াগাছার জ্বোতদার মহিম হালদার। না, মহাশরটি আমাদের সঙ্গে গরগুজব করা পছন্দ করেন না। কেন করবেন—মামাদের মতন রক্তের হুর্ভাবনা তাঁর নেই। পিতৃভক্ত হুই ছেলে রক্ত দিতে চাইছে। তু ছেলের বউ রক্ত দিতে চাইছে। তু' মেয়ের বিয়ে হয়ে গেছে ভাতে কি। তারাও দরকার হলে বাবাকে রক্ত দেবে। সেই সঙ্গে জামাইরা। তারপর শোনা যাচ্ছে, বিবাহিত ছুই শালীও মহিমবাবুকে রক্ত দেবার জ্ঞস্ত তৈরি হয়ে আছে। এবং সেই স্থবাদে ভাররা-ভাই ঘূটিও। এবং এদের প্রায় সকলের রক্তের সঙ্গে মহিমবাবুর গ্রুপ নাকি মিলে গেছে। কাজেই সবদিক থেকে লোকটির সোনার কণাল। না, আরও আছে। জোডদারের অমুচর অমুগৃহীতেরা। বেলায় বেলায় দল বেঁধে মহিমকে বারা দেখতে আসছে। মানুষটাকে বাঁচিয়ে তোলার জন্ম দরকার মতন তারাও যে রক্ত দিতে পিছপা হবে না এমন একটা ভাব সকলের চোখে-মুখে। তবে মহিম হলদার নাকি বলে দিয়েছেন ঘনিষ্ঠ আত্মীর-স্বন্ধনের রক্ত ছাড়া অন্য কারো রক্ত তিনি শরীরে ঢোকাবেন না। রক্তের ব্যাপারে তিনি कूलभर्गामा (भरत हरलन । अञ्चादात कथा वहेकि । किन्न हालमात्र भनारमञ्ज আরও একটা বড় অহন্ধারের কথা কাল আমাদের কানে এসেছে। হেড-ওয়ার্ডবয় বৈকুণ্ঠ হাজবার মূথে যা গুনলাম। কাল শোয়ার সময় মহিম নাকি বড় সিস্টারকে হাসতে হাসতে বলছিলেন, মামুবের মন কখন কোনদিকে মোচড় নেয় বলা যায় না—যদি এমন দিন আদে যে ছেলেমেরেরা বউরেরা শালীরা বা ভাররাভারেরা শেষ পর্যস্ত বিগড়ে যায়—মানে রক্ত দিতে গাঁইগঁুই করে, নিব্দের পরীরের রক্তের ওপর মামূবের সবচেরে মাষা বেশি-এটা কেউ অস্বীকার করতে পারে না-সেই অবস্থায়ও মহিম এতটুকু ঘাবড়াবেন না। কারণ তাঁর টাকার অভাব নেই। কলকাতার কোনো রাড-ব্যাঙ্কে বক্ত পাওয়া বাচ্ছে না তো বয়ে গেছে। দিল্লী থেকে বাঙ্কে থেকে—দিল্লী বোষেতে পাওয়া না যায় তো চণ্ডীগড় থেকে শ্রীলঙ্কা থেকে তিনি রক্ত আনাবেন। প্লেনে করে নিজের রক্তের স্থাম্পেল পাঠিয়ে দেবেন। আবার সেই প্লেনে উড়েই তাঁর জ্ব্যু বোতল বোতল রক্ত কলকাতায় চলে আসবে। ক' ঘন্টার মামলা! হালামা কিছুই নেই।

এপব শুনে এবং মামুষ্টাকে নিত্য দেখে আমাদের চৌখ ঝলসে যায়। এই ওয়ার্ডের ষোল নম্বর বৈড্ আমাদের কাছে রাজ্বসিংহাগনের মতন। সেই চৌখ নিয়ে আমরা সেদিকে তাকিরে থাকি। রাজার মেজাজ নিয়ে হালদার মশাই তাঁর ঐ সিংহাগনে শুষে বসে দিন কাটান। মাখাপিছু আট টাকা মজুরিতে চার চারটে অ্যাটেণ্ডেন্ট। ইয়াকি! রাত্রে ছ্জন দিনমানে ছ্জন তাঁর পরিচর্গায় রত। আর কত লোকের আনাগোনা। ছেলেরা মেয়েরা বউয়েরা জামাইরা শালীরা, অয়ং গিয়ী এবং মহিমের বাধ্যের মামুষ্বেরা কতবার করে তাঁকে দেখতে আসছে। ঘন্টায় ঘন্টায় তাঁর স্বাস্থ্যের থোঁজ নিছে। বখন যে আসছে হাতে করে ফলমূল সন্দেশ এবং ছোটবড় হরেক সাইজের মোড়ক বা টিনের কোটোয় প্যাক করা নানারকম থান্ত নিয়ে ঢুকছে। একটা মামুষ্ব কত থেতে পারে? না, মহিম হালদারকে দেখতে আসার জন্ত ভিজিটিং কার্ড বা ভিজিটিং আওয়ারের কড়াকড়ি একেবারে নেই। যখন যে খুশি ভিতরে ঢুকে পডছে—যতক্ষণ খুশি তাঁর কাছে থেকে যাছেছ।

যত কড়াক্তি আমাদের গরীবদের বেলায়—ক্ষিতীশ সামস্ত কাল আফসোস করছিল। আমাদের আত্মীয় বন্ধুদের ছটোর বেশি তিনটে ভিজিটিং কার্ড ইস্থ করা হয় না। তু' ঘণ্টার বেশি—তা-ও সকালে বা ছুপুরে তো নয়ই, বিকেলেও আমাদের লোকদের থাকতে দেওয়া হয় না। এই পক্ষপাতিত্ব কেন?

এই নিম্নে কাগজে লেখালেখি দরকার। বগলা মাস্টার বলছিল।

ব্যকেন, পরদা। ভূতু কবিরাজ ছ' আঙুলে টাকা বাজিয়ে বলছিল, এই যার আছে ঈশ্বরও ভাকে থাতির করে। হাসপাতালের লোকেরা করবে জানা কথা।

ভা এত যার পরসা সে কেন আমাদের মতন হরিজনদের সঙ্গে ক্রী-ওয়ার্ডে। কেবিনে থাকতে বাধা ছিল কি! কেদার পাতে প্রশ্ন তুলেছিল। উহু, বাধা কিছু নেই—দেই মৃহুর্তে হেড-ওয়ার্ডবয় বৈকুষ্ঠ আমাদের সামনে এসে দাঁড়ায় । মহিম হালদারের অনেক কিছুর খবর সে রাখে। বলল, জোতদার মশাই আমাদের বৃদ্ধি নিয়ে চলেন না। দেশে চাষবাস নিয়ে খাকেন। সাধারণ মাস্থবের সঙ্গে তাঁর কাজকারবার। এথানেও তিনি জেনারেল ওয়ার্ডে সাধারণ মাস্থবের সঙ্গে থাকতে চান। কেবিন পছন্দ করেন না।

দে কি ! কথাট। ইেয়ালির মতন ঠেকে। হা করে বৈকুষ্ঠের মূথের দিকে সকলে তাকাই।

তথন বৈকুণ্ঠ হাজ্ববা গুল্থ ব্যাপারটা ফাঁদ করে দেন। বিত্রিশ পাটি দাঁত ছড়িয়ে হাদে। মহিম হালদারের ছোট ভায়রার কাছ থেকে দে জেনে গেছে। সামনের ইলেক্শনে হালদার মশাই দাঁড়াচ্ছেন। তাই দর্বদা মুথে 'দাধারণ' 'দাধারণ' করছেন। আশা দেশের গরিবগুরবো সাধারণ মান্থ্যের ভোট পেয়ে জিতে বাবেন। তারপর মন্ত্রী হবেন।

আহা, এমন মামুষের সকলের আগে বেঁচে থাকার দরকার। ভুতু কবিরাজ্ব বলল, তিনি যে মন্ত্রী হবেন। মন্ত্রী হবার আগে ফুচ্ছুসাধন করতে হয় বৈকি। কথা শেষ করে ভুতু দেন বড় করে খাস ফেলতে যাচ্ছিল। নগেন পোদার বাধা দিল। ধুজুরি মশাই, আসল থবর আপনারা কেউ জ্ঞানেন না। ইলেক্শনে দাঁড়ানটাড়ান কিছু নয়। ওসব হল ওপর চালাকির কথা। ব্যাপার হল কি, হালদার মশাই-এর ভূতের ভয় বেশি। তার ছোট শালীকে কাল স্থ্যোগ পেয়ে আমি জ্ঞিজেস করেছিলাম। যে কাবলে হালদারের কেবিনে থাকা হয়নি।

কেন, বগলা মাস্টার প্রতিবাদ করেন। একলা থাকার অর্থ কি। দিনের বেলা বেমন, রাতের জন্ম ত্' তুটো লোক রাখা হয়েছে। এমন তুটো তরভাজা অ্যাটেণ্ডেন্ট থাকতে হালদারের ভূতের ভয়টা কোথায় ছিল!

এবার নগেন গলা খুলে হাসল। বলল, তবেই বোঝা যাচ্ছে হাসপাভালের হালহদিস কিছুই এখনো আপনাদের জানা হয়নি। রাতের জ্যাটেণ্ডেট কি আর মান্ত্র থাকে দাদা। রাত দশটার পর তারাও ভূত হয়ে যায়। ভূত এনে আগে তাদের কাঁথে চাপে। তারা ভূসভূস করে নাক ভাকায়—ভারপর ভূত বাবাজী রোগীকে নিয়ে পড়ে। বুরুন।

হাত নেড়ে ও চোথের মণি ঘুরিয়ে এমন চমৎকার রসাল করে নগেন বলতে লাগল—হাসতে হাসতে আমাদের পেটে থিল ধরার উপক্রম। সারাটা বিকেল এভাবে প্রাণখুলে হেসে সকলে উপভোগ করেছি। পরসার গরমে মহিম হালদার আমাদের কারো সঙ্গে কথা বলে না—এই ক্ষোভ আফসোস আমাদের শেষ পর্যন্ত আরু থাকে না।

এই জক্মই ওয়ং সাহেবকে আমাদের এত ভাল লাগে। বলেছি, বেণীং স্ট্রীটে তার প্রকাণ্ড জ্তোর দোকান। অনেক পর্যার মালিক। কিন্তু এক ফোঁটা অহংকার নেই। হাসপাতালে কেবিন ভাডা করে থাকলে হবে কি, যথন তথন আমাদের কাছে চলে আসে। যেন আমাদের সঙ্গে গল্পগ্রহুজ্ব না করলে চীনা সাহেবের খাওরা হজম হয় না। আর কী সাদাসিধে পোশাক। সাদার ওপর কালো ডোরাকাটা বালিশের খোলের মতন চলচলে পাজামা। গায়ে সন্তা স্তীর ফতুয়া। তা-ও হুটো বোতাম আছে, হুটো নেই। যেজ্ঞ বুকের নিচের দিকে জামাটা হা হয়ে থাকে সারাক্ষণ। যেমন চকিশে ঘণ্টা হা করা একটা হাসি সাহেবের মুখে লেগে আছে। আর ঐ হাসির জল্প হু পাশের হুটো সোনাবাধান দাত ঝকমক করে। তবে ওপর ও নিচের পাটির কটা করে দাত নেই। তাতে যেন আরও ভাল লাগে ওয়াংকে। দাত পড়া মুখের হাসিটাকে শিশুর হাসির মতন দেখায়। এবং মান্থবটা যে সরল নিরীহ সন্দেহ নেই। যথন হাসতে থাকে ছোট কৃতকুতে চোখ হুটো একেবারে বুজে যায়। আহলাদে আটখানা হয়ে শিশুরাও এমন চোখ বুজে হাসে।

দকলের সঙ্গে সাহেবের হাসি গল্প মেলামেশা। তবে আমার সঙ্গে থাতিরটা একটু বেশি জমে গেছে। কারণ কি ? না কি ওয়াং বুঝে গেছে এখানে আমি দবচেয়ে বেশি হতভাগ্য। জানি না।

মহিম হালদারের একটা লব্ধ ঝড টেম্পো আছে। সম্ভবত তার খামারবাড়ির ধান চাল আনা নেওয়ার কাব্ধে ওটা ব্যবহার করা হত। এখন দেখছি ছেলেরা ছেলে-বউরা এবং হালদার গিন্নী ঐ টেম্পো চডে হাসপাতালে মহিমকে দেখতে আসে। মেরে ছটিও তাদের বরকে নিয়ে ঐ একই গাডিতে কুমডোঠাসা হয়ে হাসপাতালে বাবাকে রোজ দেখতে আসছে।

একগদে অত ছোট গাড়িতে সকলের জারগা হয় না বলে বিভীয় দকায় ঐ টেম্পো চড়েই মহিমের শালীরা ও ভাররা ভারেরা হাসপাতালে আসে। আমাদের রোগীদের কাছে এমন দৃষ্টিকটু ঠেকে জিনিসটা! মহিমের আত্মীয়স্থকন বে কোনোদিনই ট্রেনভাড়া ট্যাকসিভাড়া দের না বোঝা যার। ভরানক কঞ্চ্ মাহ্বগুলি। আমরা নিজেদের মধ্যে আলোচনা করি।

কিছ ওয়াং-এর বেলা অক্সরকম। বিকেল চারটে বান্ধার সঙ্গে সঙ্গে সার দিরে গাড়ি দাঁড়ার হাসপাতালের লনে। সব কটা দামী, সব কটা নতুন গাড়ি। কি ডিজাইন সেসব গাড়ির। দেখে চোথ জুড়োর। মা বর্চীর রুপার ওয়াং সাহেরের সস্তানসংখ্যা একটু বেশি। পাঁচ ছেলে ছর মেরে। মেরেদের বিরে হরে গেছে। পাঁচ-ছেলের যেমন পাঁচখানা গাড়ি, ছর মেরের ছ'খানা গাড়ি। ওয়াং সাহেবের গিরীর আলাদা গাড়ি। বেশ বড় রাউন রং। নিউ-মডেলের ফিয়াট। মনে হর স্কন্থ অবস্থার ওয়াং ঐ গাড়ি চড়ে বেড়াত। এক ডজন গাড়ি গুরু বাড়ির লোকের। আরও দশ বারোটা গাড়ি রোজ বিকেল পড়তে হাসপাতালে ছুটে আসে। ওয়াং যে ভয়ানক বয়ুবৎসল তার প্রমাণ। বেলিং স্ট্রীট তো আছেই, টেরিটবান্ধার টেংরা তপসিয়া থেকে কম করেও বারো চৌদ্ধন্দন চীনা নাহেব ওয়াংকে দেখতে আসে। সবাই ভাল ভাল গাড়ি চড়ে আসে। সবাই ব্যবসা বাণিজ্য করে। দেশার পয়সার মালিক এক একজন।

কাজেই বিকেলে লনের দিকে তাকিরে মনে হয়, কোনো ভি আই পি বৃঝি অস্বস্থ হয়ে হাসপাতালে ভতি হয়েছে। তাঁকে দেখতে এই গাড়ির ভিড়। মহিম হালদারের রংচটা পুরানো টেম্পোটা দেখলে কি তা মনে হয়।

বে কথা বলছিলাম। হালদারকে রক্ত দিতে যেমন লোকের অভাব নেই, ওয়াং সাহেবরও লোকবল কিছু কম না। বরং বেশি। ছেলেরা বউরা মেরেরা জামাইরা ওয়াং-কে রক্ত দেবে। ওয়াং-এর কাছ থেকে দেদিন তেমন আভাস পেলাম। বেন্টিং স্ট্রিট টেরিটিবাজার তপদিরা টেংরার চীনা সাহেবরা ও তাদের মেমরাও নাকি ওয়াং-কে রক্ত দিতে চাইছে। তা বলে এই অহংকার নিয়ে মুড়াগাছার জোতদারের মতন ওয়াং ফুলে থাকে না। আর যদি বাইরে থেকে রক্ত আনাবার কথাই ওঠে, টাকার জোরে যা হয় মহিম হালদার বড় গলার দিন্টারকে যেমন বলছিল, ওয়াংও কি বোমে দিল্লী থেকে—চত্তীগড় বা শ্রীলকা থেকে রক্ত আনাতে পারে না! খুব পারে।

জোতদারের খেতের ধান তার পরিবারের পাঁচজনে খার, গাঁরের মাত্র কিছু কিনে থার। বাকিটা সরকারী গুলোমে জমা হরে পরে এই রেশন-সপে সেই রেশন-সপে বিশি হয়।

আর ওয়াং-এর ফলাও জুডোর কারবার। তার দোকানের জুতো কলকাতার

নগেন বদদ, অর্থ খুবই সহজ। পাঁজিটা জ্যোতিব জানে আপনাদের অজানা নেই। হারামজাদা টের পেরেছে, এবার টাকুস টাকুস করে আমরা এক একজন চোখ বুজব, আর আমাদের গিন্ধীদের এ-জন্মের মতন আঁব থাওয়াটা বন্ধ হবে। এখন গেরুত্ব বাড়িতে মাছ রালা বন্ধ হলে ওরই সবচেরে বেশি অস্থবিধে। সেই শোকে শয়তান আর ভেতরে ঢোকে না—দোরের কাছে একবার উকি দিয়ে একটা নৈরাশ্রের ভাক দিয়ে চলে যায়।

তনে সকলে ক্ষীণ গলার হাসি। এই হাসি মস্করা খ্ব অক্স সময়ের। আবার সব চূপ হয়ে যাই। যন্ত্রণায় আঃ উঃ করি। বলব কি, চারদিকের এমন রামধন্ত রঙের জমকালো দেওয়াল, হংসমিধূন ও পদাবন আঁকা বিশাল সিলিং নিয়ে সবটা হলমর একটা অন্ধকার ভয়ের সমুদ্রের চেহারা ধরে এবং থেকে থেকে ঐ সমুদ্রে দীর্ঘাদ ও হতাশার ঢেউ উঠতে থাকে পড়তে থাকে।

আমহা সবাই মৃত্যুপথবাত্রী। এথানে একমাত্র ব্যক্তিক্রম মৃত্যুগাছার জ্যোতদার মহিম হালদার। তিনি নিরাপদ ও স্থরক্ষিত। দীর্ঘধাস ও হতাশার তেউ তাঁকে স্পর্শ করে না। তাঁর রক্তের ব্যবস্থা হয়ে গেছে। কাল পরস্তর মধ্যে তো এসে যাবে। প্রচুর তাজা রক্ত শরীরে চুকিয়ে স্বস্থ হয়ে হাসতে হাসতে এখান থেকে বেরিরে যাবেন।

বোল নম্বর বেড্-এর দিকে চোখ পড়লে আমাদের মনে হর অন্ধকার সমুদ্রের বৃক্তে একটা আলোকস্তম্ভ হরে জোতদার তাঁর বিছানার তাকিয়া ঠেস দিরে পরম নিশ্চিন্তে বসে আছেন। হাসপাতালে তাকিয়া বালিশ ব্যবহার করার নিরম নেই। ডাক্তারবাবৃদের স্পেশুল পারমিশন নিয়ে হালদারের বাড়ির লোকেরা শিমূল তুলোয় ঠাসা মোটাসোটা হু'খানা তাকিয়া নিয়ে এসেছে। কেনই বা আনবে না। মাহ্মটা তো মরছে না। আর দশটা রোগীর মতন চেন্টা চামড়ার বালিশে ওয়ে কট্ট পাবে কেন। মহিম বাঁচবেন। তাই হাসপাতালেও তাঁর জারাম স্থের নানা আয়োজন। এই মাত্র আপেল আঙুর খেলেন। এখন হরলিকস্থাছেনে। একটু আগে নাণিত ক্বর দিয়ে মুখখানা ভাল করে কামিয়ে স্থান্ধী লোশন মাখিয়ে গেছে। একদিন অস্তর জোভদার দাড়ি কামান। আমাদের মতন খোঁচা খোঁচা দাড়ি নিয়ে ভৃত সেকে খাকায় ভার যোর আপন্তি। খাভাবিক। মমের হুয়ায়ে পা রেখে নিয়ম কয়ে গোঁক দাড়ি কামাতে আমরা ভূলে গেছি—কিন্তু মহিম ভূলবেন কেন। বরং চারদিকে একভলি মরণাকুথ মুখ দেখে জীবনের দাম তাঁর কাছে অনেক বেশি বেড়ে

পেছে। এই মাত্র অ্যাটেগুণ্ট ত্বন তাঁর শরীর ম্যাসেক্ষ করে দিছিল।
এখন পাউডার-টাউডার মাখিরে মাথা আঁচড়ে দিয়ে সিব্বের জ্বামা গায়ে পরিরে
দিয়েছে। সেজেগুল্কে তাকিয়া ঠেস দিয়ে হরলিকস্ খেতে খেতে মহিম অপেক্ষা
করছেন। তাঁর বাড়ির লোকেরা আত্মীয় বন্ধুরা এবং অন্ধ্রাহীতের দল এখনি
এসে বাবে। ঘড়ির কাঁটায় তিনটে চল্লিশ। বিকেল পড়ে গেছে।

বলেছি, গালগল্প আর জমছিল না। আমরা স্বাই অস্থ স্থান্ত বিষণ্ণ। তারপর এই অন্ধন্ধর মোলাটে দিন। একা বিছানার ওরে থেকে হাঁপিরে উঠছিলাম। তাই আন্তে আন্তে এক সমর বিছানা থেকে নেমে থাটের মাধা ধরে ধরে প্রথমটা বারান্দার, তারপর বারান্দার রেলিং ধরে ধরে ধ্রুক্তে ধূঁকতে ওয়াং সাহেবের কেবিনে গিরে চুকি। আমার দেখে সাহেব কী বে খূলি হয়। কাম অন, কাম অন বাবৃ! ছিট, ডাউন হিয়ার। কাগজের মতন সাদা শীর্ণ আঙুল দিয়ে ওয়াং তাঁর থাটের পাশটা দেখিয়ে দেয়। আমি হাসতে হাসতে বসেপভি। ওয়াং দামী সিগারেটের প্যাকেট বাডিয়ে দেয়। আমি একটা তুলে নিই। ওয়াং একটা তুলে নের। তারপর তার চকচকে গ্যাস-লাইটার জেলে আগে আমার, পরে নিজের সিগারেটে অগ্নিশংযোগ করে।

এবার বলো সাহেব, আন্ধ কেমন আছ ! মৃথ থেকে সিগারেট নামিরে আমি প্রশ্ন করি। জোমার শরীর ভাল জো ?

একজন রোগী আর একজন রোগীকে এ ছাডা আর কী প্রশ্ন করতে পারে!
শরীরের কথা স্বাস্থ্যের থবরাথবর এখন আমাদের কাছে দব।

একগাল ধে'ায়া ছেডে দাহেব পিটপিট করে তাকার। মিটমিট হাদে। তারপর মাথা ঝাঁকিয়ে বলে, ভিউ নি দিফুৎ, ভিউ নি দিফুৎ।

আমি চুপ। এই রসিকতাটা রোজ দে করে। অখচ ইংরেজী বলতে পারে হিন্দী বলতে পারে, বাংলাও বেশ ভাল শিখে গেছে কলকাভায় খেকে খেকে। কিন্তু ভার মাজভাবাটাই আমাকে আগে শোনায়।

বোকার মতন আমি হাঁ করে থাকি। তার ভাষা এক বর্ণও বৃথি না।
অসহারের মতন একভাবে তাকিয়ে আছি দেখে তথন বদি সাহেবের মারা হয়।
আমার কাঁথের ওপর একটা হাত তুলে দিয়ে ওয়ং শস্ত্র করে হাসে। তারপর
স্থার কাছে মুখটা সরিয়ে এনে বলে, ভাল আছি বাবু, আমি ভাল আছি।

ন্তনে খুশি হই। বেশ বেশ! এবং মনে মনে বলি, আমাদের রোগীদের একদিন।ভাল থাকার অর্থ একদিন বেশি বাঁচা। ভপ্ত মনে সিগারেট টানি। কিন্ত ওয়াং আবার মিটিমিটি হাসে। তারপর তুম্ করে তার চৈনিক ভাষায় প্রশ্ন করে, নি হাও মাঁ ?

আবার আমি অথৈ হলে পড়ি। ফ্যালফ্যাল করে চেরে থাকি। দেখে আবার সাহেবের মায়া হয়। তথন সে হাসতে হাসতে বলে, তুমি কেমন আছ, বাবু?

ভাল আমি ভাল আছি। ইচ্ছা করে ভাল শব্দীর ওপর কোর দেই। ভনে ওয়াং খুশি হয়। না হলে সে মুখ কালো করে।

কিন্তু এই লুকোচুরি ক'দিন চলে! আমি যে ভয়ানক অস্থ ভয়ানক ছুঃৰী। কারো কাছ থেকে রক্ত পাবার আশা নেই, স্থতরাং আমার বাঁচারও আশা নেই। এই জিনিস আমি কতকাল ঢেকে রাখতাম? সেদিন আমার মুখ থেকে আসল কথাটা বেরিরে পড়ল।

হাউ আর ইউ বাব্, তুমি কেমন আছ ? আজ আর তার মাতৃভাবা না। সরাসরি ইংরেজীতে তারপর বাংলায় আমাকে প্রশ্ন করল।

নো, নট গুড, আমি ভাল নেই সাহেব। অল্প করে একটা দীর্ঘাদ ফেলে ভন্নাং-এর প্রশ্নের জ্ববাব দেই। তারপর চূপ করে থাকি।

মুখে দিগারেট গুঁজে ওয়াং দেটা ধরতে ভূলে যায়।

তৃমি কেমন আছ সাহেব, তৃমি ভাল তো? আমি পাণ্টা প্রশ্ন করি।
সাহেব আন্তে মাথা বাঁকায়। অন্তাদিনের মতন উচ্ছাস নেই। কেননা
আমাদের হ'জনের একজনের কেবল ভাল থাকা তার মনঃপৃত না। ওয়াং
বেদনাবোধ করে। লাইটারটা তৃলে নিয়ে এবার আমি ওয়াং-এর সিগারেট
ধরিরে দেই, তারপর নিজে ধরাই। কতক্ষণ চুপচাপ কাটে। সামনের
দেওয়ালে একটা টিকটিকি হাঁটে। ওয়াং এক দৃষ্টে সেদিকে তাকিয়ে!

তার এতটা চুপচাপ আমার ভাল লাগছিল না।

ভোমার রক্তের কি হল সাহেব ? স্থাৎ ? আমি আন্তে ভ্র্ণাই।

এবার ওয়াং-এর মুখে হাসি ফুটল। কেননা তার সঙ্গে এতদিন মেলামেশা করে আমি তার মাতৃভাবার ঐ একটা শব্দ আয়ন্ত করতে পেরেছি। গ্রাং, রক্ত।

ইরেস স্থাৎ। অর করে হেসে ঘাড় তুলিয়ে ওয়াং বলল, মাই রাড ইন্ধ কামিং। শিগগির রক্ত এসে যাবে। তার ছেলেরা রক্ত দিতে চাইছে, মেয়েরা মেরে-ক্রামাইরা, দরকার হলে ওয়াং-গিন্নীও রক্ত দেবে। তাছাড়া টেরিটবাজার, বেণ্টিক স্ট্রীট, বৌবাজার ও তপসিয়ার অগুনতি চীনা সাহেব ওয়াং-কে রক্ত দেবার জন্ম প্রস্তাত। তার রক্তের ভাবনা কি। কিন্তু কথাটা বলার মধ্যে কতাবিনয়, নম্রতা। এ তো আর মহিম হালদার নয় যে গলা উচু করে দশজনকে ভানিয়ে এসব বলবে।

ভাল, খ্ব ভাল। ওয়াং-এর কথা শুনে খ্শি হই। মনে মনে বলি, তোমার মতন সং বিনয়ী বন্ধু-বংসল মামূৰের পৃথিবীতে বেঁচে থাকার প্রয়োজন আছে। চিলি সাহেব। বিছানা ছেডে আমি উঠতে যাচ্ছিলাম। কিন্তু ওয়াং তা হতে দেবে কেন। খণ্ড করে আমার হাত চেপে ধরল।

উছ, বদো বাবু, এখন উঠছ কেন। ছিট্ ডাউন। অর্ধাৎ আমাদের গল ফুরোয় নি। আরও জনেক কথা আছে। আমাকে বসিয়ে দিয়ে ওয়াং পিটপিট করে আমার মুখ দেখতে লাগল।

অ্যাণ্ড হোয়াট অ্যাবাউট ইয়োর ব্লাড ? স্থাং ? তোমার রক্ত যোগাড় হয়েছে ? ওয়াং প্রশ্ন করেন।

হুঁ, আমার রক্ত আসবে। আমার স্থাৎ শিগগির যোগাড় হয়ে যাবে। এতকাল সাহেবকে শুনিয়েছি। কিন্তু সেদিন আর মিছে কথা মুখ দিয়ে বেরোর না। একটা লম্বা নিঃশাস ফেল্লাম।

না, সাহেব। আমার রক্ত দেবার কেউ নেই। বললাম, আমি যে একলা মাহব। কলকাভায় রক্ত নেই—দূর দেশ থেকে রক্ত আনা সেই ক্ষমতাই বা কোধায়। পয়সা-কভি নেই।

তার প্রতিক্রিয়া কী হল ? দেখলাম ওয়াং একভাবে আমার হাতটা ধরে রেখেছে। দেখলাম চীনা মাটির পুত্লের মতন তার নীলাভ ফ্যাকাসে ছ-চোখে জল এসে গেছে। চট করে মুখটা ঘুরিয়ে নেয়। আমি জানি, আমি জানতাম এভাবে আন্তে বিকেল হত। বিকেল গড়িয়ে সন্ধ্যা নামত, তারপর রাত। তারপরও ওয়াং একভাবে আমার হাত ধরে চুপ করে বসে থাকত। বাধ করি এভাবে আমাকে সান্ধনা দিত। সমবেদনা জানত। না কি হঠাৎ তার মুখ দিয়ে বেরিয়ে পডত—ঠিক আছে বাবু, তোমার রক্ত যোগাড় হয়ে যাবে। আমার ছেলেরা আছে, মেয়েরা আছে। একজন তোমাকে রক্ত দেবে। বলত কি ? আমার যেন মনে হয় ঠিক এমন কিছু বলার জন্ম তার পাতলা ঠোট ছটো নড়ে উঠেছিল। যেন ততটা সরলতা ও মমন্থ মেশান একটা মহাপ্রবণতার ছবি আমি চীনা সাহেবের চোধের মধ্যে দেখতে পেয়েছিলাম।

কিছ কথাটা বলার সময় পায়নি ওয়া। তার হাত্যভিতে তথন কাঁটায়

কাঁটার চারটে। চোথ ফেরাতে দেখি ওয়াং-এর জ্বী, ছেলে-মেয়েরা জামাইরা কেবিনে ঢুকবে বলে সার বেঁধে দরজায় দাঁডিয়ে। চলি সাহেব। তাদের ভিতরে ঢুকতে পথ করে দিয়ে আমি আতে আতে বেরিয়ে আসি।

ভিঞ্জিটিং আওয়ারের সময়টা আমার কাছে তৃঃসহ। বেন করেক হাজার মান্ন্ব ভিতরে গিজগিজ করে। প্রভ্যেকটা বিছানার কাছে রোগীদের আত্মীয় কুট্ম বন্ধুরা ভিড করে থাকে। কত কথা কত রকম গত্র শোনা বায়। হা হতাশ কাল্লাকাটিও কানে আসে। আমার কাছে কেউ আসবার নেই। কাজেই একলা বিছানায় ভূত সেজে বসে থাকার কোনো মানে হয় না। হাঁপিয়ে উঠি। তাই বিকেলের এই তৃংঘন্টা বারান্দায় একটা বেঞ্চে বসে কাটাই। জ্মাদার ওয়ার্ডবয়দের গাল-গল্ল ভিনি। অথবা রেলিং-এর বাইরে উচু উচু গাছগুলি দেখি।

সেদিন গুয়াং-এর কেবিন থেকে বেরিয়ে বাবান্দায় আসতে দেখি মহি**ম** হালদারের বাডির লোকেরা দল বেঁধে ভিতবে চুকছে। হাতে হাতে ফলেব ঠোঙা কেক্ সন্দেশের বাক্স বিস্কৃটের টিন স্নো-পাউডারের ডিবি, আরও কত কি। ছ", জামাকাপডের বাক্সও কারো হাতে দেখলাম। এমনি অবশ্র রোজই দেখি। যেন নিত্য হালদার মশাইয়ের জন্মদিন লেগে আছে। আরু নিত্য তাঁব শতাযু কামনা করতে করতে আত্মীয়-মন্ত্রন অমুচররা হাসপাতালে ছুটে আসে। আর সবাই খুব সেক্লেগুকে আসে। গাঁয়ের মাত্র হলে হবে কি। গাঁয়ের পুরুষ্ঠাও এখন স্ফুটবুট পরতে শিখেছে। হাতে ঘডি গলায় পাউডারের ছোপ। তবে হালদার বাড়ির মেরেদের সাজসজ্জার বহরটা বেশি। দামী দামী শাভি জুতো। কত সোনাদানা এক একজনের গাযে। যদি কেউ আপনারা এই দৃশ্র দেখতেন চোথ কণালে উঠত। অণপনাদের মনে হত কি হালদার বাডির মেয়েরা অহুস্থ হালদারকে দেখতে আলে না, আলে বাইরের মাতুষকে শাড়ি গয়না দেখাতে। মনে মনে আপনারা হাসতেন। আমিও হাসি। সেই তুলনায়, এই মাত্র দেখে এসেছি, ওয়াং-এর বাডির মেযেদের পুরুষদের। কত সাদাসিধে পোশাক। ওয়াং-এর বন্ধুদের গায়েও অতি সাধারণ কামাকাপড। অথচ ভীবণ বডলোক अता नवारे। अतार-अत वाष्टित वर्षे-विरामत शास्त्र शत्तात्र हिर्हेटकाँहो । स्त्री হাতে একটা করে ওধু ঘডি। চুলে চিক্ননি গোঁজা। পাজামা বা ম্যাকনি পরা নিভাস্ত আটপোরে দাব্দ। ভা বলে ওদের দেখতে কি থারাপ লাগে। আমার তো ভালই লাগে। আর কী আশ্চর্ব রকম চুণচাপ দব। পুতুলের

মতন আসে। তারপর তাদের রোগীকে দেখে নি:শব্দে বেরিয়ে যার। আর তার ঠিক উন্টো মহিম হালদারের বাড়ির মামুবগুলি। সমানে কথা বলছে, অনর্গল হাসছে, কাশছে এবং আরও নানা রকম শব্দ করছে। হাস্ক্ক। ক্ষতি নেই, আমাদের মতন বিছানার ওয়ে জোতদার কিছু মৃত্যুর প্রহর গুনছে না। প্রচুর রক্ত পাচ্ছে। শরীর চান্ধা করে নিয়ে ঘরে ফিরে যাবে। তা বলে ওয়াং সাহেব কি মরে যাচ্ছে? তাকেও তার বাড়ির লোকেরা বন্ধুরা যতটা দরকার রক্ত দেবে। রক্ত পেয়ে ওয়াং-এর গায়ের সাদা ওকনো চামড়া আবার সবরী কলার বং ধরবে। তারপর ছেলেমেয়েদের সঙ্গে ঘরে ফিরে যাবে। কিন্তু তা वल कि बात वाष्ट्रित भाष्ट्रवर्शन इट्टेट इप्रेशान कत्रह् - हामाहामि कत्रह् । মোটেই না। এবং যেহেতু তারা চুপটি করে আসে এবং ওয়াংকে দেখে আবার চুপি চুপি বেরিয়ে যায়—তা বলে কি ভাবতে হবে যে, ওয়াংকে তারা ভালবাদে না! নিশ্চয় বাদে। মহিম হালদারের জন্ম প্রচুর ফল মিটি, এটা ওটা উপহার আসছে। ওয়াং-এর জন্মও আসে। কিন্তু যতটা রোগী থেতে পারবে, ব্যবহার করতে পারবে ঠিক ততটাই তারা ওয়াং-এর জন্ম নিয়ে আসে। বেশী নয়। আর ওদিকে রোজ দেখি হালদার মশারের জন্ম আনা কত জিনিস टक्ला याटकः। टक्ला ठिक नद्र। क्रमानात अवार्षतत्रतनत विलिख (नअवा इद्र। একটা মাত্র্য কত আর আপেল আঙুর কেক সন্দেশ খেতে পারে। মানে कि ! तर किছू हे यन लाकरमशाना वर्ष्माञ्ची ठाल । महिम हानमारतत কত টাকা আছে তোমরা দেখ।

আর একটা জিনিস দেখে আমাদের হাসি পায়। মহিম হালদারের বাড়ির লোকেরা থ্ব গন্ধটন্ধ ছড়াতে ছড়াতে হাসপাতালে ঢোকে। যেন শিশি কোটা উপুড় করে তারা আতর এসেন্স পাউডার হেয়ার ওয়েল গায়ে মাধায় ঢেলে আসে। তাদের গালগন্ধে কলরব ও উচু গলার হাসির মতন ঐ সব এসেন্স পাউডার হেয়ার অয়েলের গন্ধও যেন জ্বোরে টেচাতে থাকে। ওয়াংকে যায়া দেখতে আসে তাদের গায়ের গন্ধ টের পাওয়া যায় না। পুরুষদের তো নয়ই, মেয়েদের বেলাও তাই। যদিও বা এক আয়টু গন্ধ টের পাওয়া গেছে, খ্বই অস্পাই, খ্বই চাপা। ঝোপের আড়ালে ঢেকে থাকা কোনো বুনো ফুলের হালকা স্বাদের মতন।

এভাবে সারাটা বিকেল চুপচাপ বারান্দার বসে ছুটো পরিবারের কথা চিস্তা করি। আকাশ পাতাল তফাত। মুড়াগাছার জোতদার মহিম হালদার ও বেন্টিং স্ট্রীটের ক্রাদরেল স্থ-মার্চেন্ট চিং ওয়াং হো। ছক্কনেই বড়লোক। টাকার কুমার। তবু বেন ছই মেক্সর ছটি মাক্সব।

- -কোথায় ছিলেন মশাই, সারাটা বিকেল ?
- —ওয়াংকে দেখতে গিয়েছিলাম।
- গুদ্ধুরি মশাই ওয়াং। ভূতৃ কবিরাজের মতন বগলা মাস্টারও আমার দিকে মৃথ ঘুরিয়ে হাসল। কেবিনের মাহ্য কেবিনে থাকুক। এথানে কি দেখার কিছু কম জিনিস আছে!
- কি হয়েছে নগেনবাবৃ? আমি নগেনের দিকে ভাকাই। নগেন গুজগুজ হাসে। ঐ দেখুন, ওদিকে ভাকান। বোল নম্বর বেড্-এর দিকে নগেন পোদার আঙুল দেখায়।

দেখলাম মুখ অন্ধকার করে মহিম হালদার বদে আছে। আজ যেন আর আলোকগুল্প হয়ে জলজল করছে না এত বড় মামুষটা। একটা উই টিলি হয়ে চুল করে বদে আছে। কি ব্যাপার! অন্ত দিন এ সময় গলার পর্দা উচু করে আ্যাটেণ্ডেন্ট ঘূটিকে নানা রকম নির্দেশ দেন হালদার। অর্থাৎ বাড়ি থেকে এত সব খাবারদাবার ও পাঁচ রকম জিনিসপত্র এদে গেছে। সব গুছিয়েট্ছিয়ে তুলে রাখুক। সঙ্গে আটেণ্ডেন্টরা হাত চালিয়ে কর্তার ছকুম তামিল করে। আজ দেখা গেল আপেল আঙুরের ঠোঙা সন্দেশের বাক্স বিস্কৃটের টিন পাউভারের তিবি আরশি চিক্লনি জামাকাপড় বিছানায় ছড়িয়ে ছিটিয়ে আছে। ঘুই আ্যাটেগুন্ট খাটের ঘূঁণ পাশে ঘুটো টুলের ওপর বদে ঝিমোছে।

—বুঝেছেন, বগলা মাস্টার তথনও আমার দিকে তাকিয়ে। বলল, এর নাম হল বিষয়-আশয়। জোতদারের মনের অবস্থাটা হয়েছে এখন কি রকম জানেন ? বিষ থেয়ে ময়তে পারলে বাঁচি।

হেঁয়ালির মতন ঠেকছিল কথাগুলি। আমি নগেনের দিকে চোধ ফেরাই।
নগেন বলল, সারাটা বিকেল তুমুল যুদ্ধ হয়ে গেছে মশাই, ঐ বোল নম্বর বিছানা
ঘিরে। যেমন হালদার মশায়ের ছেলেদের গলা শোনা গেছে তেমনি মেরেগুলোর
গলা। যেন রণচণ্ডী মৃতি এক একটি। আর তাদের পেছনে খুটি হয়ে
দীজিয়েছিল তুই জামাই।

ভূতু কবিরাজ বলল, বস্থন, বদে কথাগুলো শুস্থন। কবিরাজের কথা মতন আমি আমার বেড,-এ উঠে বসি। তথন ক্বিরাজ আরম্ভ করল, হালদারের বড ছেলে বলছিল, আমি তোমাকে রক্ত দেব বাবা, তবে শর্জ—তোমার নাতির নামে আলাদা করে এখনি বিশ বিঘা হৃমি লিখে দিতে হবে। বড হয়ে তোমার নাডি বিলেত বাবে। তার থরচ। মেহ্লো ছেলে বলছিল, আমি রক্ত দেব বাবা, আর তার পুরস্কার হিসেবে তোমার নাতনীর নামে পঁটিশ বিঘা হৃমি লিখে দাও— ওর বিয়ের থরচ আছে। দাদার ছেলেকে বিলেত পাঠাবার চেয়ে আমার মেয়ের বিয়েটা হৃমেরী বেশি—কথাটা ভূলে বেও না। ছোট ছেলে তক্ষ্নি বলে, আমি তোমাকে রক্ত দিছি বাবা—তার হৃদ্য বাগান পুকুর সমেত আমাদের গোটা বসতবাটীখানা আমার নামে লিখে দিতে হবে তোমাকে। আমি সকলের ছোট। তোমার ওপর আমার রাইট বেশি। ছেলেদের হয়ে ছেলেদের বউয়েরা গলাবাহ্রিক বছিল প্রথম থেকে শেষ পর্যন্ত।

—তারপর? আমি পর পর ছটো ঢোক গিললাম। হেসে নগেন বলল, তারপর গাছ-কোমর বেঁধে এগিয়ে এল মেয়েরা। বিয়ে হয়ে গেছে বলে কি তারা পর হয়ে গেছে। সস্তান কোনদিন পর হয় না। দুরে চলে গেছে, কাজেই বাবার ওপর তাদের আবদার বেশি থাটে। তারা বাবাকে রক্ত দেবে। বিনিময়ে বাবা তাদের বিষয়ের ভাগ দিক। ছু মেয়ের পেছনে দাঁডিয়ে ছই জামাই দাঁহার গাইল। সব ভনে হালদার মশায়ের আক্লেশুঙ্ম।

## —তারপর ?

- —তক্ষনি রেগে গিয়ে জোতদার বলল, দরকার নেই কারো রক্ত দিয়ে।
  কলকাতার রক্ত পাওরা যার না, বাইরে থেকে—বোমে মাদ্রাজ্ব দিল্লি থেকে প্লেনে
  করে আমি রক্ত আনাব। শুনে সঙ্গে হালদার গিন্নী ফু'লে উঠলেন। এত
  দূর থেকে এককাঁড়ি টাকা থরচ করে রক্ত আনাবে। কোখায় পাবে তুমি এত
  টাকা! এ তো আর তু' পাঁচ টাকার ব্যাপার নয়—অনেক টাকা লাগবে।
- —বেশ ? নগেনের চোধে চোধ রেধে আমি প্রশ্ন করলাম, জোভদার মশার কি ব্যাঙ্কে কিছুই রাধেন নি ?
- —রাথবে না কেন। কথাবার্তায় ব্ঝলাম সবই গিন্ধীর নামে। টাকা তুলতে গোলে মহিলার সই চাই। তাই চোখ পাকিয়ে গিন্ধী বললেন, খবরদার, ব্যাক্ষ খেকে একটি পরসাও ভোলা হবে না। এ টাকা আমার। রক্ত দিতে হয় তোমার ছেলেরা দিক মেয়েয়া দিক। আমার টাকা নষ্ট কবে তুমি বাইরে থেকে রক্ত আনবে, তা আমি হতে দেব না। এ তো দেড তুলাখ মাত্র সম্বল। তুমি চোখ বুজলে আমার দেখবে কে! আলো চাল আলু ভাতে খেয়ে বাঁচতে হলেও আমার টাকার দরকার হবে মনে রেখো।

—ভারি মৃশকিলের কথা তো! বললাম, মহিম হালদারের অবস্থা দেখছি এখন প্রায় আমাদের মতন দাঁড়াল। রক্তের জন্ম জোতদার তবে কোধার বাবেন!

বগলা মাস্টার বলল, তারপর শুন্থন, আরো মন্তার ঘটনা ঘটেছে। বাড়ির লোকদের এই ঝগড়াঝাটি দেখে হালদার মশায়ের বাধ্যের লোকেরা—লক্ষকরেছন দল বেঁধে রোজ তারা জোডদারকে দেখতে আসে—হুঁ, তাদের একজন এগিরে এসে বলল, আমি রক্ত দেব। টাকা খরচ করে কর্তাবাবৃর জন্ম বাইরে থেকে রক্ত আনতে হবে না। কথাটা শুনে হালদারের ছেলেরা চোখ পাকিয়ে লোকটাকে এমন ধমক লাগাল। বলছেন কি এ সব আপনি! আমরা বেঁচে থাকতে বাবার গায়ে আপনার রক্ত ঢোকাব। কোন সাহসে বলছেন হু মানমর্যাদার কথা ছেড়েই দিলাম। রক্ত বড় সাংঘাতিক জিনিস। কেবল গ্রাপ মিললেই হয় না। এর শুদ্ধান্তজ্বের বিচার অক্যভাবে হয়। আমরা বেঁচে থাকতে রামা শ্রামা বেদো মেধাের রাড বাবাকে দেওরা হবে—তা হয় না, এ জিনিস আমরা এলাউ করব না।

কথা শেষ করে বগলা মাস্টার টেনে টেনে হাসতে লাগল। ভূতু কবিরাজ্ঞাসছিল। নগেন পোদ্ধার হাসছিল। ঘাটশিলার কেদার পাণ্ডে হাসছিল। হাসি জিনিসটা সংক্রামক। শেষটার আমিও হাসতে আরম্ভ করি। বলেছি, হাসি মন্ধরার স্থবোগ শেলে আমরা সহজে তা নষ্ট হতে দিই না। মৃড়াগাছার জোভদারকে রক্ত দেওয়া নিয়ে ভিজিটিং আওয়ারের সময় যে তাওব হয়ে গেল—হাসির ব্যাপার বইকি। যদিও মাত্র্যটার জন্ত আমাদের কট্ট হচ্ছিল। কিন্তু করা কি।

ইতিমধ্যে রাতের থাবার এসে গেল। দিনের ডিউটি শেষ করে এক ঝাঁক দিদিনিশি বেরিয়ে বেতে জুই ফুলের মতন ফুটফুটে নতুন এক ঝাঁক দিদি ভিতরে চুকল। এসেই আমাদের তাড়াতাড়ি থাওয়াদাওয়া সেরে সকাল সকাল ওয়ে পড়ার জন্ম হাঁকডাক ওফ করল এবং বার বেমন দরকার রোগীদের ক্যাপম্বল ট্যাবলেট ঘুমের ওষ্ধ বিলোতে লাগল। না হলে আমরা বুঝি সারা রাত হাসতাম। কারণ, আমরা বুঝে গিয়েছিলাম টাকা থাকার ছংথ টাকা না থাকার ছংথের চেয়েও ভয়াবহ। ছেলেমেয়ে থাকার ছংথ ছেলেমেয়ে না থাকার ছংথের চেয়েও

এবং আমরা কিছুতেই ভূলতে পারছিলাম না—রক্তের অভাবে হাদপাতালের

বিছানার শুরে পচে গলে মরার চেয়ে হাসতে হাসতে পেটে খিল ধরে মরে বাওরা ঢের বেশী গোরবের। তৃঃখের বিষয়, হেসে কেউ মরে না। পৃথিবীর ইতিহাসে তার নদ্ধির নেই।

পর্যাদন। অস্ত একটা দিন। আকাশের একেবারে উন্টো চেহারা। থমথমে ঘোলাটে ভাব কেটে গেছে। সোনালী ফুরফুরে রোদ নিম্নে নিষ্পাপ শিশুর মতন আকাশটা হাসছে।

তাই বলচিলাম, ঈশ্বর কত রকম রদিকতা করতে জানে আমাদের এই মরণাপন্ন রোগীদের সঙ্গে। তুলনাটা এভাবে দেওয়া যায়। কাল সকালে ঘুম থেকে জেগে উঠে যদি দেখছিলাম সর্বশক্তিমান স্থতোয় বেঁধে একটা মরা ঢোসকা ইত্বর আমাদের নাকের সামনে ঝুলিয়ে রেখেছে—মেঘলা বদথত চেহারার দিনের দলে এমন উপমা ছাডা আর কিছু মনে আগছিল না—আছ তবে বলতে হয়, সকালে জেগে উঠে চোধ মেলে দেখি, স্থতোয় বাঁধা মরা ইছুরের বদলে রঙিন ফুরফুরে একটা প্রজ্ঞাপতি। স্থতোটাকে প্রায় উড়িয়ে নিয়ে যেতে চাইছে প্রজাপতিটা। এমন চমৎকার দিনে শুশানের মডাও প্রাণ পেরে গা ঝাডা দিয়ে উঠে বদে। আমরা তো এখনও তদ্ধ পৌছাইনি। কাজেই ভয়ানক চান্ধা বোধ করছিলাম সকাল থেকে সবাই। আ: উ: শব্দ নেই, গোঙানি নেই কোনো বেড্-এ। কারো ঝিমোনি নেই। বেলায় ডাক্তাররা রাউণ্ড দিয়ে চলে যাবার পর স্থান-খাওয়া সেরে নিয়ে বেশ জমিয়ে গল্পজ্জব করছিলাম সব। হুপুর থেকে কেমন একটা বদস্ত বদস্ত ভাব মনে হচ্ছিল। কোকিলের ডাক শোনা গেল না যদিও। একটা পাপিয়া ডাকছিল দুরে। বে জক্ত কাকের কা-কা ও অনুকূণে বেড়ালটার আনাগোনা থ্ব একটা ধারাপ লাগছিল না। গল্প নিমে স্বাই মেতে গেলাম। কি নিমে গল ? বুঝতেই পারেন। যার কপালে ভাত জোটে না—ভাতের চিস্তা ছাড়া অন্ত চিস্তা তার মাধায় ঢোকে না। ভাতের কথা ছাড়া অক্ত কথা মূথে আদে না। আমাদেরও তাই। রক্ত। রক্ত নিয়ে গল্প যত জমে তেমন আর কিছুতে না। আরম্ভ করেছিল ডোমজ্র্রের পরেশ বাকুলী। বলছিল, আমরা রক্ত রক্ত করছি। হাসপাতালে রক্ত নেই, কলকাতা শংরে রক্ত নেই—এখন মনে করে দেখুন, রাম রাবণের যুদ্ধে কত বক্তপাত হয়েছিল। ও পক্ষে হাজার হাজার রাক্ষ্য মরল, এ পক্ষে হাজার হাজার বানর। যদি সে যুগের মাত্র্য হতাম পিপে ভরতি করে রক্ত বোগাড করে রাখা যেত। রক্তের জন্ম ভাবতে হত না। খনে কেদার পাণ্ডে ফ্যা ফ্যা করে হাসল। বলল, আরে মশাই, রাক্ষদের রক্ত দিয়ে আমরা করতাম কি। গ্রুপে মিলত না। আর বানরের রক্তই বা আমাদের কোন কাব্দে লাগত।

না, ও কথাটি বলবেন নি, দাদা। বগলা মাস্টার বলল, কাগজ পডেন নি? বাদরের ফুদফুদ, বাঁদরের কিডনি এখন হামেশা মহুন্ত শরীরে ঢুকিয়ে দেওয়া হচ্ছে। তা ছাডা, বাঁদর তো আমাদের খুব কাছাকাছি জীব। ডাকইন সাহেবের মতে, আমরা সরাসরি বানর খেকে এসেছি।

থপেন পোন্দার বলল, রাম-রাবণের যুদ্ধের চেয়ে অনেক বড মাপের যুদ্ধ হর কুরুক্ষেত্রে। তেরো দিনের যুদ্ধে আঠারো অক্ষোহিণী সৈক্ত মারা গেল। এখন ভাবুন ক'লাখ লিটার রক্ত ঝরেছিল।

তা আর বলতে! ভূতু কবিরাক্ত পরেশ বাকুলীর দিকে চোখ ঘুরিয়ে বলল, আঠারো অক্ষোহিণী—এ কি চাটিখানি কথা। এক অক্ষোহিণী বলতে কি পরিমাণ দৈক্তসামন্ত বোঝায় বলতে পারেন বাকুলী মশাই? না দাদা, অক্ষোহিণীর হিদেব আমার জানা নেই। বাকুলী সলজ্জ ভঙ্গিতে মাখা নাডল।

তা কি করে আর জানবেন। ভূতু কবিরাজ মিহি গলায় হাসল। এ যুগে কি আমরা রামায়ণ-মহাভারত পভার সময় পাই। নাটক নভেল নিয়ে মন্ত।

তা-ও পড়া হয় কোথায়, দাদা। বাকুলী সথেদে বলল, থবরের কাগজ্ঞধানার গুপর সকালে একবার চোথ ব্লাই। পড়ান্তনো বলতে এ। সারাদিন কাটে রুজিরোজগারের ধান্দায়।

ষদি রামারণ-মহাভারতের কথাই তুললেন, কাশী মিন্তির বলল, একা পরশুরাম কি কম রক্ত ঝাইয়েছিল! পিতৃবধের শোধ তুলতে গিয়ে একুশবার পৃথিবীকে নিঃক্ষত্রিয় করল। কুডুল দিয়ে কুপিয়ে কুপিয়ে খুন করল মামুখ-গুলোকে। আর সেই রক্তে কিনা বিশাল এক হ্রদ তৈরী হয়ে গেল। নাম হল পঞ্চ হ্রদ। এপন চিস্তা করুন, কত রক্ত জ্বমা হয়েছিল একটা জ্বায়ায়।

তাই তো! থগেন বলল, দেই আমলের মাহ্ব হলে বালতি ডুবিয়ে ডুবিয়ে রক্ত আনতে পারতাম। রক্তের জন্ম এভাবে আমাদের কান্নাকাটি করতে হত না।

ছ°, তাই বদি বলেন, এবার প্রফেসার মুখ খুলল, এ-ষ্গে আমাদের হিটলার সাহেব কী করেছিল একবার চিস্তাঃ করুন। গ্যাদ-চেম্বারে চুকিয়ে কী পরিমাণে ইছদী খুন করল! ছ', তা করল। ভূতৃ কবিরাজ বলল, কিন্তু গ্যাস চেম্বারে খুন হওয়া রক্ত আমাদের কাজে লাগত না। গ্যাসের বিষে সব রক্ত পুড়ে ছাই হয়ে গোল যে।

কথাটা শুনে, প্রফেসার কতকটা অপ্রশ্বত হয়ে গেল। কেদার পাণ্ডে বলল, মৃশকিল হচ্ছে কি, মাসুধের তাজা রক্ত না হলে আমাদের মতন অ্যানিমিক রোগীদের বাঁচান যায় না। তা না হলে ভেবে দেখুন, এই কলকাতা শহরে রোজ কত পাঁঠা-খালী-গরু ভেড়া জ্বাই হচ্ছে। আমরা কেবল মাংস কিনে থাই। রক্ত কেউ থাই না। সব রক্ত নর্দমায় চলে যায়। তার মানে হাজার হাজার লিটার রক্তের অপচয়।

কাশী মিত্তির বলল, হবে হবে—আপনারা ভাবছেন কি। মেডিকেল সায়ান্স অনেক দ্ব এগিয়ে গেছে। শুনছি জীবজন্তব রক্ত থেকে সিন্থেটিক ব্লাড তৈরি করার জোর চেষ্টা চলছে। ঐ রক্ত আমাদের মতন রোগীদের শরীরে ঢোকান হবে। রক্তের প্রব্রেম থাকবে না।

তা, থাকবে না। কেদার পাণ্ডে আফদোদের গলায় বলল, তবে আমরা এ জিনিস দেখে যেতে পারলাম না। আমাদের ফিউচার জেনারেশন যদি এর ফল ভোগ করে। আমরা মরব।

গল্পে গল্পে তৃপুর গড়ায়। বেলা প্রায় শেষ। এমন সময় একটা ঝাকুনি খেয়ে সকলের মুখ থেমে গেল। ওয়াং সাহেব নেই।

সে কি ! নেই মানে কি । ভগানক চমকে উঠলাম ।

মর গিয়া মর গিয়া। জমাদার পিয়াগী তু হাতের তেলো শৃত্যে ঘুরিয়ে, যেন থাড়া বোতল উন্টে গেছে, এমন একটা ভঙ্গি করল। আড়ষ্ট হয়ে গেলাম। পিয়ারীর মুখের দিকে হাঁ করে তাকিয়ে থাকি। পিয়ারী তথন দার্শনিকের মতন চোথ করে আমাকে বোঝাল, বাবু—ওপরওয়ালার মর্জি, হামি তুমি কিছু করতে পারি না। ওথান থেকে তলব এল—ব্যস্ চীনা সাহেব চলে গেল। আঙুল দিয়ে আকাশ দেখিয়ে পিয়ারী একটা লম্বা নিঃখাদ ছাড়ল।

একট। অক্টা গুঞ্জন উঠল। বড় ভাল লোক ছিল ওয়াং। সোনার মাত্র্য।
এত পয়দার মালিক! এক ফোটা অহংকার ছিল না। ওয়ার্ডবয় নবীনকে
ভেকে জিজ্ঞেদ করতে নবীন বলল, আজ তুপুরে রক্ত দেবার কথা ছিল
লাহেবকে।

ভারপর ? আমরা একদঙ্গে প্রশ্ন করলাম, বাড়ি থেকে কি রক্ত এসেছিল ?

তা বলতে পাবে না। নবীন মাখা নাড়ল। বলল, বেলা এগারোটায় সরকার কেবিনে ঢুকে সাহেবকে থাবার দিতে গিরে দেখে সাহেব চাদর মুড়ি দিয়ে শুয়ে আছে। ডাকাডাকি করে সাড়া না পেয়ে সরকার বড সিস্টারকে থবর দেয়। সিস্টার তক্ষ্নি কোবনে ঢুকে সাহেবের বিছানার কাছে গিয়ে চাদর সরিয়ে দেখে সাহেব মরে কাঠ হয়ে আছে। সকালের দেওয়া তুধ পাউরুটি যেমন টেবিলে ঢাকা ছিল সেভাবে পড়ে আছে।

খবর ভানিয়ে নবীন চলে শেল। পিলপিল করে ভিজিটারের দল ভিতরে চুকছিল। বোঝা গেল, চারটে বেজে গেছে। হাতমধ্যে ত্বার ঘাড় ঘুরিয়ে আর একটা মান্ত্রকে দেখলাম। যোল নম্বর বেড্-এর মহিম হালদার। বলেছি, রক্তহীনভার ভূগলেও মুড়াগাছার জোভদার যে খুব একটা শুকিয়ে গিয়ে আমাদের আর দশটা রোগীর মতন কন্ধালের মুভি ধরেছিল তা মোটেই নয়। গায়ের রংটা ফ্যাকাসে হয়ে গিয়েছিল—তা না হলে এখনও নাত্রসমূত্র চেহারা। কিন্তু আজ যতবার ওদিকে চোখ গেছে, মনে হচ্ছিল মাত্র কয়েক ঘণ্টার মধ্যে মান্ত্রটা আধ্রধানা হয়ে গেছে। যেন ঝডে বাডি খাওয়া একটা জাহাজ ভেঙে ছয়ড়ে একাকার হয়ে গেছে। চুপ করে একভাবে বসে আছে। শব্দ নেই মুধে। তখনও তার পরিবারের লোকেরা বা শুভাম্ব্রধ্যায়ীর দল এসে পৌছোয়নি। বিছানার চারপাশটা মরুভ্মির মতন খাঁ খাঁ কয়ছে।

সারাটা বিকেল নিজের বেড্ ছেড়ে নডলাম না। ভিজিটিং আওয়ারের ভিড ও গোলমালের মধ্যে একা একা বদে থাকতে খুব থারাপ লাগছিল যদিও। কিন্ত বেরিয়ে বেভাম কোথায়। বারান্দায় যাভয়া মানে ওয়াংকে দেখতে এক নম্বর কোবনে ঢোকা। রোজ যা করছিলাম। আজ কেবিনে ঢুকে কাকে দেখব, কার সঙ্গে গল্প করব ? বিছানায় বদে খবর পেলাম বেলা ত্টো নাগাদ ওয়াং-এর আজ্বীয়রা এদে ডেড বডি বার করে নিয়ে গেছে।

আপনারা ভূত বিশ্বাস করেন? করেন না। আমি করি। সেদিন খেকে করি। ওয়াংসাহেব মারা গেল, আর ঠিক সেই সন্ধ্যার আমি নিজের চোথে ভূত দেবলাম।

বলেছি, সারা বিকেল নিজের বেড ছেড়ে নডিনি। বাইরের সোনালী রোদ এক সময় প্লাটিনামের বং ধ্রদ। তারপর আছে আছে ধৃসর হয়ে গেল। ভিজিটাররা একে একে বেরিয়ে যেতে হলঘরটা ফাঁকা হয়ে গেল। অস্ত দিন লোকের ভিড ও চেঁচামেচির দক্ষন আমার মাখা ধরে। আজ সেরক্ম কিছু টের পেলাম না। অথবা বেন সে সব বোধটোধ একেবারে লোপ পেরে গেল। কারণ কি । ওয়াং-এর কথা ভেবে । আমাদের খ্ব কাছাকাছি এসেছিল চীনা সাহেব। আমার সঙ্গে বন্ধুড়টা এদিকে বেশ গাঢ় হয়ে উঠেছিল এটা ঠিক। সবাই একদিন যাবে। ঐ যে পিয়ারী জমাদার বলে গেল, ওপরওয়ালার ডাক এলে কেউ থাকতে পারবে না। আমি যাব, এগানকার অনেকেই চলে যাবে। ওয়াং চলে গেল। কিছু ওয়াং-এর যে রক্তের ব্যবস্থা হয়ে গিয়েছিল। আমার যা কোনদিনই হবে না। আমার মতন অনেকেরই হয়তো রক্ত যোগাড় করা হবে না। স্থতরাং, আমরাই আগে মরতাম। হয়ে গেল উন্টো।

এই একটা চিস্তা মাথায় নিয়ে বিকেলের ছ্-তিন ঘণ্টা যে কী করে কাটল!
কেমন জব্ধব্ হয়ে গিয়েছিলাম। দেখতে দেখতে সন্ধ্যা নামল। মাথার ওপর
সব কটা বাল্ব জ্বলে উঠল। বিকেলের দিদিমণিরা চলে গেল। রাতের দিদিরা
এদে গেল। এবং দঙ্গে বঙ্গে খাবারও এদে গেল। খেতে ইচ্ছা করল না।
খাবার ঢাকা দিয়ে রেখে ধ্কতে ধ্কতে বারান্দায় চলে এলাম। জুইফুলের
মতন ফটফটে জ্যোৎস্থা বাইরে।

এতক্ষণ পর মনে হল, রোজকার অভ্যাসমতন বাইরে না এসে এতটা সময় ভিতরে বদে থাকার দক্ষন কান মাথা গরম হরে গেছে। ফাঁপ ফাঁপ ঠেকছিল। ডাক্তারবাব্রা বলেন, তুর্বল শরীরে ভিটামিন বডিটডি থাওয়া হয় তাই কান মাথা সময় সময় গরম ঠেকে। হতে পারে। ডাক্তারদের কথার প্রতিবাদ করি না। তবে আমার মনে হয়, সারাদিন চার দেওয়ালের মধ্যে আটকা থাকার জন্য এটা হচ্ছিল। এবার ভাল লাগছিল। ভাল করে খাস ফেলতে পারলাম। তব্ ক্ট করে হেঁটে আমি এথনও বাইরে আসতে পারি। বেশির ভাগ রোগী এত ত্র্বল দে, বিছানা ছেডে উঠতেই পারে না। সারাদিন ওয়ে বসে কাটায়। কী ছর্ভোগ!

বারান্দাটা একেবারে ফাঁকা। এ সময় তাই হয়। রোগীরা খাওয়াদাওয়া করে। ওয়ার্ডবেররা জ্ঞমাদাররা এই ফাঁকে চা-জ্লখাবার খেতে এদিক ওদিক বেরিয়ে যায়। তুধের সরের মতন পাতলা জ্যোৎস্নায় দাঁডিয়ে আমি দেবদারু ও ঝাউয়ের সরসর শব্দ ওনছিলাম। বাইরের সবটা দৃশ্য, কেন বলতে পারব না, স্মামার কাছে কেমন অস্তুত অপ্রাক্তে ঠেকতে লাগল। অক্যদিনের মতন যদি

ওয়াং-এর কেবিনের দরজা খোলা আছে দেখতাম, তবে বোধ করি চারদিকের চেহারাটা এত অস্বাভাবিক ঠেকত না। কিন্তু অন্ত সব কেবিনের মতন এক নম্বর কেবিনের দরজা বন্ধ ছিল। বন্ধ দরজার মুখে সবুজ পদাটা বাতাসে অল্প আল কাঁপছিল।

প্রায় ত্ মিনিট একভাবে চূপ করে দাঁড়িয়ে থাকি। এই অবস্থায় লনের ঝাউ ও দেবদাক গাছের দিক থেকে পূব-দক্ষিণ কোণার গেট দিয়ে একটা মাহ্মর যদি আন্তে আন্তে বারান্দায় উঠে আদে অবিখাদ করার কিছু থাকে কি! কিন্তু যদি বলি মাহ্মরটা ওয়াং? রোগা শরীর নিয়ে এক পা তু পা করে আমার দামনে এদে দাঁড়াল—শুনে আপনারা প্রথম চমকে উঠবেন, তারপর হাদবেন। বলবেন, গাঁজা। বলবেন, আমার চোথের ভূল। আমি যদি প্রতিবাদ করি এবং গলায় জোর দিয়ে বলি যে না, মাহ্মরটা দেই চীনা সাহেবই, নিজের চোথকে অবিখাদ করি কেমন করে—আপনারা গন্তীর হয়ে যাবেন। এবং একটু ভেবেটেবে বলবেন, হতে পারে। তুর্বল শরীর, তুর্বল মাথা, এই অবস্থায় তুপুর থেকে ওয়াং-এর চিন্তা আপনার মগজে যুরছিল। এই অবস্থায় নবমীর জ্যোৎস্না ও বার্থান্দার রেলিং-এর দক্ষ লম্বা ছান্থানা মিশে একটা ফ্যান্ট্য-এর মতন কিছু যদি আপনার চোথের দামনে ভেদে ওঠে, আপনাকে থুব একটা দোষ দেওয়া যার না।

এর পর আমি আর কোনো কথা বলব না। কারণ, আপনাদের অবিশ্বাস আপনাদের কাছে, আমার বিশ্বাস আমার কাছে। আপনাদের অবিশ্বাসকে শক্ত খু\*টির ওপর দাঁড় করাতে নানারকম যুক্তি আমাকে দেখাবেন। এক্ষেত্রে আমার চুপ থাকাই বুদ্ধিমানের কাজ। তবে প্রসঙ্গটা যথন আরম্ভ করেছি শেষ করতে দিন।

দেখলাম, মাত্র চবিবশ ঘণ্টার ব্যবধান, আমাদের তৃজনের দেখা নেই। এর মধ্যেই ওয়াং কত বেশি নিল্ডেজ ও ফ্যাকাদে হয়ে গেছে। তবে শিশুর মতন স্থলর হাসিটা মুখে লেগেছিল। দেখে তবু খানিকটা আখন্ত হই।

আমি আগে কথা বলি। হাউ আর ইউ মি: ওয়াং, তুমি কেমন আছ ?

এবার সাহেবের হাসি নিবে গেল। গম্ভীর হয়ে গেল। তবে অগুদিন যেমন দেখা হলে তার মাতৃভাষায় কথা বলে প্রথমটা আমার সঙ্গে একটু রগড় করে, আজ্ব আর তা করল না ওয়াং। সোজাস্কি বলল, আমি ভাল আছি।

শুনে চুপ থাকি। কিন্তু পরক্ষণে মাধা নাড়ি। বলি, না সাহেব, তুমি ভাল নেই। তোমার শরীরটা বেশি থারাপ দেখাচেচ। ওয়ং শব্দ করল না। বলেছি, চারদিকের জ্যোৎসা হঠাৎ অস্বাভাবিক রকম স্বচ্ছ লাগছিল। যেন কাঁচের বোয়ামের মধ্যে জল টলটল করছে। সামান্ত কেশে গলাট। পরিষ্কার করলাম।

ইতিমধ্যে ওয়াং পকেট থেকে দিগারেটের প্যাকেট ও তার স্বদৃশ্য লাইটার বের করল। আমাকে দিগারেট অফার করছিল, আমি কিন্তু হাত বাডিয়ে ধরলাম না। তার চোধে চোধ রেধে বললাম, রাড ? হোমাট অ্যাবাউট ইউর রাড, মিঃ ওয়াং। আজ ভোমাকে রক্ত দেবার কথা ছিল যে ?

সাহেব একভাবে দাঁডিয়ে থেকে কিছু ভাবল।

কি হল সাহেব! আমি আবার বললাম, তোমার বাডি থেকে বক্ত এসেছিল?

এবার ওয়াং চটে গেল। তার ম্থ দেখে তাই মনে হল। জ্রুত হাত নেডে
মাথা নেডে ফু মা হোঁ পি চিং ফাং ইত্যাদি অনেকগুলি চীনা শব্দ একসঙ্গে বলে
ফেলল। কিছুই যথন বৃঝি না, আমার কাছে সব শব্দ একবক্ম। চুপ করে
থাকি। ওয়াং তার সিগারেট ধরিরে নেয় এবং থিতীযবার আমাকে অফাব না করে
সিগারেটের বাল্ল ও লাইটার একসব্গে পকেটে ঢোকায়। সাহেবের এই আচরণ
আমাকে বিশ্বিত করল। কিন্তু জিনিসটা গায়ে মাথলাম না।

বলব কি, ওয়াং-এর জন্ম আমার থ্ব কট হচ্ছিল। বললাম, তোমার শিগগির রক্ত নেওয়া দরকার। মনে হয়, ক ঘন্টার মধ্যে তুমি বড্ড বেশি উরীক্ হথে পডেছ। কালও তোমাকে এত বোগা দেখিনি, সাহেব।

এবার ওয়াং আরও বেশি চটে গেল। মাথা নেডে বলল, আমার রক্ত চাই না। আই ডোন্ট্ রিকোয়ার রাড।

দে কি ! ভাবনায় পডলাম। তবে কি বাডির কর্তাকে রক্ত দেওয়া নিয়ে ক্যোতদারের ছেলেনেয়েরা জামাইরা বেমন সম্পত্তির ভাগবাঁটোয়ারা চাইছিল, ওয়াং- এর বেলাও তাই হচ্ছে? আশ্চর্য কি । তাই হয়তো রাগ করেছে ওয়াং। রক্ত নিতে চাইছে না। অভিমান।

শোন সাহেব, ঠাণ্ডা গলায় ওয়াংকে বোঝাই, তোমার কত বড জুতোর দোকান। তুমি মরে গেলে ব্যবসাটা দেখবে কে! দেশের পক্ষে সেটা ক্ষতি। তুমি তো এ দেশেরই মাহুব হয়ে গেছ। আজ কত বচ্ছর কলকাতায়।

ওয়াং উত্তর করে না। এক মনে সিগারেট টানে। একটা জিনিস লক্ষ করলাম। সাহেব সিগারেট টানছে, কিন্তু ধে'ীয়া দেখছি না। এটা কি করে সম্ভব। অলক্ষ নিগারেট টানছে, অবচ ধেঁারা নেই। অবশ্ব তথন অতশত ভাববার সময় ছিল না আমার। আমার কেবল মনে হতে লাগল সাহেব এক্নি পালিরে বাবে। কাজেই তাডাতাড়ি কথাগুলি শেব করলাম। বললাম, ঠনঠনের একটা প্রোনো প্র্ডুড়ে প্রেসের কর্মচারী আমি। পুরোর মাইনে পাই, তুমি জান মি: ওয়াং। আমি বেঁচে থাকলে বা মরলেও তাই। কারোর কিছু ক্ষতি হবে না। আমার মতন লাখ লাখ গরীব রোজ্ব মরছে। আমি গেলে দেশেব আর একটা গরীব কমবে। তোমার বেঁচে থাকা দবকার।

নো নো, আই ভোণ্ট প্রাণ্ট ব্লাড। একপ্র'য়েমির স্থর প্রাং-এর।

বল্লাম, তোমার জুতোব কারবাব দিন দিন আরো বড় হবে, বাডবে। তোমার জুতো ইণ্ডিয়ার বাইরে যাচ্ছে। তাতে দেশে ফরেন মানি আসছে। তোমাকে হারাতে পারি না আমরা।

আই ভোন্ট এয়ান্ট ব্লাভ। হাম্ ব্লাভ নেহি লে গা। পিটপিটে চোধ হুটো একেবারে এইটুকুন কবে সাহেব খি'চিয়ে উঠল।

কেন এ কথা বলছ সাহেব। এবার না বলে পারলাম না। কথটা ক্রমাগত আমার মগজে থোঁচা মারছিল। তবে কি তোমার ছেলেমেরেরা রক্ত দিতে চাইছে না? তোমার ওরাইফ কী বলছে। তোমার বন্ধবা?

ওরাং নীরব। বাইরে দেবদারু গাছে একটা বাতজাগা পাখি টুইটুই কবে উঠল। হঠাৎ আমাব মনে হল যেন অনেক বাত হয়েছে। পরে ওরার্ডে ফিরে গিয়ে দেখেছিলাম মোটে আটটা বেজে দশ। ঠিক দশ মিনিটের জন্ম ওয়াং হাসপাতালের বাবান্দায় এসে আমার সঙ্গে কথা বলেছিল।

কি হল ওয়াং, চুপ করে আছ ?

সিগারেট শেষ করে ওয়াং পোডা টুকরোটা রেলিং-এব ওপারে ছুঁডে দিল। তারপর ম্থটা কঠিন কবে আমাকে দেখল। তার কপালেব সিটিয়ে যাওয়া চামডার অগুনতি চিরিবিরি নেথা জ্ঞাগল। ব্রুলাম যত বেশি রক্তের কথা বলছি ওয়াং ততঃ বিরক্ত হচ্ছে। নতুন করে রেগে যাছে। আমিও নাছোডবান্দা। বললাম, তোমাব ছেলেমেরেরা তোমার ওয়াইফ তোমাব দোকানের কর্মচানীরা বা তোমার বন্ধুরা যদি তোমাকে বক্ত না দের তাতে তোমার রাগ বা তৃঃখ কবার কিছু নেই। তোমার অনেক টাকা মিঃ ওয়াং। ব্লাড যোগাড করতে কোনো অম্ববিধেই নেই।

ব্লাড। স্থাৎ ? অনেকক্ষণ পর ওয়াং চীনা শব্দটা ব্যবহার করল। তারপর

শামার চোথে চোখ রেখে বিচ্ছিরি ভেংচি কাটল। কোনোদিন বা করতে দেখিনি।
তা কাটুক ভেংচি। গায়ে মাখলাম না। রাগ করলাম না। বরং গলার আব
একটু সহাত্ত্তি ঢেলে বললাম, টাকা থাকার তোমার এই স্থবিধে দাহেব—
হাসপাতালে রক্ত নেই, কলকাতার রক্ত নেই, দিল্লি বোখে মাদ্রাদ্ধ কাশীর থেকে
তুমি রক্ত আনাতে পার।

একটু থেমে থেকে আবার বলি, আর যদি মনে কর যে, ইণ্ডিয়া ভূথার দেশ।
দিল্লি বোমে মান্ত্রাছ বা কাশ্মীরেও কলকাতার মতন রক্তের ছণ্ডিক্ষ লেগেছে,
কোথাও এক ফোঁটা রক্ত পাওরা যাচ্ছে না, তাতেও তোমার কিছু যায়-আসে না।
টাকার কুমীর তুমি। ইংলণ্ড আমেরিকা ফ্রান্স দ্বার্মানী রাশিয়া—চাই কি তোমার
স্বদেশ চীন থেকে প্লেনে করে তুমি প্রাচুর রাড আনাতে পার।

তাং! আমাব মুখেব কাছে মুখটা সবিয়ে এনে সাহেব এত জোরে শব্দটা উচ্চারণ কবল। কেবল কি উচ্চাবণ। খাদা নাক চোথ সাংঘাতিক কুঁচকেম্চকে আবাব একটা বিকট ভেংচি কাটল। দেখে রীতিমত ভয় পেলাম। ছু পা পিছনে হটে দাঁডাই।

তথন সাহেব হাসল। যেন আমাব রাগ অথবা বিরক্তি অথবা ভয় পাওনা দেখে কুলকুল কবে হাসল। মাহ্বটা চিবকালই ভাল তো। আমাকে খুলি করতে সঙ্গে সঙ্গে আমার একটা হাত চেপে ধবল। উ:, ববফেব মতন ঠাণ্ডা লাগল ওয়াং-এব শীর্ণ শুকনো হাতের আঙুল। মনে হল, যেন ঐ ঠাণ্ডা আমার মেফ্লাডা ছুঁতে চাইছিল। কিন্তু ভাব ম্থেব হাসিটা এত অন্তবন্ধ এত উষ্ণ, ঠাণ্ডার বোধটাই আমাব চলে গেল।

শেন বাব্, শোন। চিং বৃহি, ফা মি শী—আবার একসপে কয়েকটা চীনা
শব্দ মৃথ দিয়ে বের করল ওয়াং। তারপর আমাকে সবটা মানে বৃঝিয়ে দিতে বলল,
শাই ডোল্ট ওয়াল্ট রাড—বক্ত চাই না আমি। অল ব্যাড রাড। অল পলিউটেড
—পৃথিবীর সব রক্ত খারাপ হয়ে গেছে। বৃঝেছ বাবৃ! দিস ইজ এ উইকেড
ওয়াল্ড—অল ম্যান করাপটেড হি—হি!

আমি চুপ, হতভম। তৃষাবেব মতন ঠাণ্ডা আঙুলগুলি বাডিয়ে আমার চিবৃক ছু'য়ে আবার একটু আদর করল ধয়াং। বলল, চলি—বাই বাই…

এবার আব পূব-দক্ষিণ কোণার গেট দিয়ে না, সোদ্ধা রেলিং টপকে সাহেব ওপারে চলে গেল। তারপর যেন মনে হল পালকের মতন পাতলা হালকা শরীরটা নিয়ে ঝাট গাছের দিকে উডে গেল। গাছের পাতাগুলি ক্যোৎসায় চিক্টিক করছিল। দেখলাম, ওয়াং-এর সোনা বাঁধান তুটো দাঁত পাতার স**দ্গে** মিশে গিয়ে ঝকমক করছে।

ধৃকিতে ধৃকতে ওয়ার্ড ফিরে আসি। ভিতরে পা দিয়ে আমার মনে হল, একটা খেলার জগৎ, প্রকাণ্ড খেলার আসরে ফিরে এসেছি। খাওয়াদাওয়া শেষ করে পুতৃলগুলি দিব্যি গালগল্ল জুডে দিয়েছে। বগলা মাস্টার তার লাল টুকটুকে বেড প্যানের গায়ে হাত বেখে মুখে একটা অবোধ হাসি ঝুলিয়ে কানী মিভিরকে ডেকে বলছে, আমার জিমায় এখন অনেক রক, উকিনবাব্। শিগগিব আর ময়ছিনা। ৻ই—৻ই।

## श्रुशी मानूय

মামুষটা এলো, বসল, কথা বলল, চা খেল, গল্প করল—অনেক কথা বলল, আনেকক্ষণ গল্প করল—আর গল্পের ফাঁকে ফাঁকে প্রচণ্ড শব্দ করে হাসল, প্রচুর দিগারেটের ধেশিয়া উদ্গীরণ কবল—ভারপর চলে গেল।

লুপ্ত বিশ্বতপ্রায় একটি মৃধ।

কিন্ত এতটুকু জার্ণ হয়নি নিশ্রভ হয় নি। বরং আরো বেশি উজ্জ্বল সপ্রতিভ ও প্রগল্ভ হয়ে উঠেছে। আরো বেশি ব্যক্তিত্বসম্পন্ন প্রাণবস্ত উচ্ছল।

প্রশাঢ় বিশ্বয় নিয়ে সায়দাবাব্ তাকিয়ে তাকিয়ে তাকে দেখলেন, তার কথা জনলেন হাসি জনলেন। তারপর যখন সে চলে গেল—অবশ্র মুরারী যখন চলে বায় সায়দা নিচের সি°ডি পর্যন্ত বন্ধুকে এগিয়ে দিয়ে আসেন—তারপর ঘরে ফিয়ে এসে কেমন যেন তার বিমৃচ হয়ে বসে পেকে চিস্তা করতে লাগলেন।

চিন্তা কবাটা তাঁর চিরকালের স্বভাব। মাহুষের হৃথ দেখলে তিনি চিন্তা করেন, অহুথ দেখলে চিন্তা করেন। হৃথ অহুথ। টাকার এপিঠ ওপিঠ। টাকাটা গভিয়ে গভিয়ে চলে। তারপব এক সময় এক দিকে কাত হয়ে পড়ে যায়। হৃয়তো তথন হুগের পিঠটা ওপর দিকে থাকে। হুংথের দিকটা চাপা পড়ে যায়। আমরা তথন ভাবি হুখটাই সব। হুংথটা কিছু না। হুংথ নেই। মাহুষ চিরহুথী। কিন্তু তঃ কি হয়। আবার গভিয়ে গভিয়ে চলা। এবং এক সময় কাত হয়ে পড়া। এবার অহুথের দিকটা ওপরে। আর তাই দেখে আমরা মাথার হাত দিরে ভাবি। হুংথা, চিরহুংথী এই মাহুষ।

কিন্তু মুরারী কি তার ব্যতিক্রম নয়!

এইজন্মই সারদা হঠাৎ একদিন বন্ধুকে দেখে বিশ্বিত হলেন, চিস্তান্থিত হলেন।
অত্যন্ত পরিচিত মানুষ কাছেব মানুষ। গোলপার্কে থাকে। এখান থেকে—
সারদাবাব্র বাডির এই রাভা থেকে ম্বারীর বাডি আর কতটা পথ। কিন্তু ইচ্ছা
করে সারদা সেখানে যান না।

হাা, মৃণারী একটা ভংষকর ব্যক্তিক্রম। চিরকালের নিয়মের বাইরে। যেন নিয়মটাকে ভেঙে হুমডে মুচডে পিছনে ফেলে রেখে সে এগিয়ে চলেছে।

তাই মান্ত্ৰটাকে দেখলে ব্কে ধাকা লাগে, চক্ স্থির হয়ে যায়। চক্ স্থির করে সারদা এতকণ বন্ধকে দেখছিলেন, কথা শুনছিলেন, হাসি শুনছিলেন। এথনও তিনি সে ভাবে তাকিয়ে আছেন। মুবারীকে নিচের সি'ভি পর্যন্ত এগিয়ে দিয়ে ঘরে ফিরে এসে স্থির দৃষ্টি মেলে শুন্ত চেরারটা শুন্ত চায়ের বাটিটা এবং পোডা সিগারেটার ট্ক্রো ও ছাইয়ে ভতি অ্যাশটেটা দেখছেন। যেন এথনও তিনি মুবারীর দরাদ্ধ গলার হাসি শুনতে পাচ্ছেন, কথা শুনতে পাচ্ছেন। তার হাত নাডা, চোখ নাডা, পা দোলানো ও গাল ফুলিয়ে ফুলিযে ধে'য়ার কুণ্ডলী ছডানোর ফুতিযুক্ত অনায়াস সহজ্ব ভঙ্কিটা সারদাব চোথের সামনে ভাসছে।

ছবিটা চিন্তা করে দারদা বিজ বিজ করে উঠলেন। মুরারী মাসুষ না। একটা জলজ্ঞান্ত অনিয়ম। যেন আশ্চর্য কোন জীব। অভুত তার প্রকৃতি, অস্বাভাবিক আচরণ। স্ক্রীটি বি দ্যানিটেরিয়ানে পড়ে আছে। একমাত্র মেয়ে। বছর্ব ই আগে বিয়ে হয়েছিল। বিধবা হয়েছে। ছোট ছেলেটা জন্ম থেকে বিকলান্ধ। আর বজ ছেলে—য়াকে দিয়ে মুরারীর আশাভরদা, যার উপার্জনের ওপর, সাহায্য ও সহযোগিতার ওপর নির্ভর করে এই পঞ্চাশ বছর বয়দে দে কতকটা নিশ্চিম্ত হতে পারত, সেই ছেলে—বাইশ-তেইশ যার বয়দ, এখন গুণ্ডা বধাটে ছেলেদের দক্ষে মিশে রাতদিন ইইহই করে কাটাচ্ছে। নিয়মমত বাভিত্তেও থাকছে না। কোধান্ব তার রাত কাটে, কোধান্ব দিন কাটে, মুরারী জানে না, থবরও রাখে না।

আর ম্বারী নিজেও তেমন কিছু একটা ক্বতী পুরুষ, সফল মাতুষ না। আইন পাস করে 'বার'-এ জয়েন করেছিল। কিন্তু কোনদিন মক্ষেল জোটাতে পারল না। অগত্যা চাকরিতে চুকল। সাধারণ চাকরি। সামান্ত মাইনে। কিন্তু সেই চাকরিও বেশিদিন থাকল না। ছাঁটাই কর্মচারীদের দলে পড়ে গেল। তারপর বেশ কিছুদিন বেকার হয়ে ঘরে বসে কাটাল। যেন তথনই ভবানীপুরের শৈতৃক বাড়িখানা বেচে দিয়ে গোলপার্কে একটা ভাডা বাড়িতে উঠে গিয়েছিল। তখন পর্বস্ত সারদা বন্ধকেই দেখতে পেতেন। তার থোঁজ খবর রাখতেন। স্বীকে স্যানিটেরিয়ামে পাঠানোর ব্যাপারে সারদা কিছুটা সাহায্য করেছিলেন বইকি। কিছ মুণারী বেন কারোর কোনরকম সাহাযোর প্রত্যাশী ছিল না। এক দিকে বন্ধু অন্ত দিকে নিকটতম প্রতিবেশী। পাশাপাশি বাড়ি। সারদার বাবাও মুবারীর বাবা একসঙ্গে জ্বমি কিনে ভবানীপুরে বাডি তুলেছিলেন। মুবারীর मात्रिप्रा मात्रमात्क नीष्ठिष्ठ कत्रछ। এবং এটা कत-छो कत्रा ठिक रूप ना ইত্যাদি অনেক রকম উপদেশ পরামর্শ তিনি বন্ধুকে দিয়ে ছিলেন বা দিতে চেয়েছিলেন। কিন্তু মুরারী কোন উপদেশ গায়ে মাধত না,কোন পরামর্শ কানে নিত না। হেসে তৃডি মেবে সবই উডিয়ে দিত। যেন তার কিছুই হয় নি-কিছুই হবে না, ছুর্ভাবনায় পড়ার মতন অবস্থা এখনও হয়নি এমন একটা ভাব দেখিয়ে দিব্যি ক্রিকেট খেলার মাঠের গল্প জ্বডে দিত বা একটা সরকারী বিল নিয়ে এসেম্পনী হাউদে আজ তুই দলেব মধ্যে কেমন মজার লডাই বেধেছিল অপর কোন বন্ধুর কাছে শুনে আসা গল্পটা বুসিয়ে বুসিয়ে সারদার কাছে বর্ণনা করতে লেগে বেত। বা গভীর সমুদ্রে মংস্য ধরার সরকারী পরিকল্পনা নিয়ে অমুক কাগজ কি-সব টিপ্লনী কেটেছে তার গল্প। সাবদা হাঁ করে তাকিয়ে থেকে মাত্র্যটাকে দেখতেন। সেই যে ছেলেবেলায় বাপ-কাকাদের মুখে শোনা বেত—অমূক লোকটার গাযে বাতাস লাগে ন'—মুরারীকেও তাই দেখতেন সারদা। থাক না মাধার ওপর ঝড-ঝাপটা, আমার গায়ে বাতাদটি লাগছে না। মুবারীর চোথ-মুখে দর্বদা যেন এই কথাটা লেখা থাকত।

শেব দিকে তিনি আর বন্ধুকে বিশেষ কিছু বলতেন না। কারণ উপদেশ দিতে গেলে মুরারী বিরক্ত হত সারদা টের পেতেন। এমন কি সারদা এসেছে টের পেল মুরারী অনেক সময় বাডিতে থেকেও সাডা দিত না। বা কোথাও কাজ আছে বলে তথনি বেরিয়ে পডত। বন্ধুর সঙ্গে বসে আর গল্প করবে কি, মুরারী তাকে ঘরে ঢুকবারই হুযোগ দিলে না চিন্তা করে সারদা কুল্ল মনে ফিরে আসতেন। তারপর থেকে তিনি আর মুরারীর বাডি যেতেন না। এবং মুরারীও এ-বাডি আসা বন্ধ করে দিয়েছিল। এর ঠিক ক'দিন পরেই শোনা গেল বাডি বিক্রিকরে দিয়ে মুবারী ভবানীপুর ছেডে চলে গেছে।

তারপর দীর্ঘদিনের অদর্শন।

আছ আবার মুরারীকে দেখে সারদা হোঁচট খেলেন। একটুও বদলার নি।
সেই পা-দোলানো, হাত নাডা—গাল ভর্তি করে সিগারেটের ধোঁরা ছড়ানো।

হাসি গল্প।' যেন আরো বেশি সজীব হয়ে উঠেছে, উজ্জ্বল হয়ে উঠেছে, আমৃদে হয়ে উঠেছে মান্থবটা।

একটা জিনিস আরো বিশ্বিত করল সারদাকে।

বেন আজ প্রথম তিনি এটা আবিদ্ধার করলেন। মাধার একটি চুলও তো পাকে নি মুরারীর। মুথের চামড়ায় এতটুকু ভাঁজ পড়ে নি। বরং, দেড-ভ্বছর পরে দেখা, শরীরটা বেন আরো শক্ত হয়েছে, হাতের কজি আরো পুরু হয়েছে। বাড়ে চিবুকে বেটুকু মেদ দেখা দিতে আরম্ভ করেছিল এখন আর তাও নেই, তার পরিবর্তে কেমন একটা উদ্ধৃত তারুণা উকি দিতে আরম্ভ করেছে। বেন নৃতন করে মুরারী ধুবক হতে চলেছে।

অথচ সেই তুলনায়, আয়নায় অহরহ নিজের চেহারা দেখছেন সারদা, মুরারীর সমবয়সী হয়েও কেমন যেন ঢিলেঢালা হয়ে গেছেন তিনি। মাধায় যে ক'টা চূল আছে সাদা হতে আরম্ভ করেছে এবং বাকি সমন্ত মাধা-জুড়ে সবিশাল টাক। তু বছর আগেই চুলের মাধার এই চেহারা হয়েছে। এদিকে আবার ভায়াবিটিসের লক্ষণ দেখা দিয়েছে। তাই শরীয়টা এই ক'মাসে আর একটু বেশি নরম হয়ে পড়েছে। চিবুকের চামড়া ঝুলে য়াছে, নাকটা হেলে গেছে। তথন মুয়ারীকে সিঁড়ে পর্যন্ত এগিয়ে দিতে গিয়ে সায়দা তার পাশে দাঁড়িয়ে কথা বলছিলেন। সায়দার লক্ষা করছিল। কেমন ছোট হয়ে গেছেন তিনি। আগে যেন তাঁর মাধা মুয়ারীর মাধাকে ছাড়িয়ে বেত। এথন দেখলেন মুয়ারীর প্তনির নিচে পড়ে আছেন তিনি। চিবুক তুলে ধয়ে সায়দাকে কথা বলতে হছিল।

আশ্চর্য স্বাস্থ্য ! স্বাস্থ্য মনের স্কৃতি। কোখা থেকে এত প্রাণ এত শক্তি এত উদ্দীপনা পাচ্ছে মাস্থবটা, কি তার উৎস সারদা ভেবে ঠিক-করতে পারছিলেন না। যার স্ক্রীর এমন অবস্থা, মেরে বিধবা হয়েছে, একটা ছেলে বিকলান্ধ, আর একটা ছেলে কুসংসর্গে পড়ে নই হয়ে গেল। এদিকে বাড়িখানা গেছে। নিজে কর্মহীন। বাড়ি-বিক্রির টাকার মেরের বিয়ে দিয়েছিল। হয়তো সবটা লাগে নি। বাকিটা দিয়ে সংসারের থরচ চলছিল। না কি এখনো চলছে। তা হলেই বা কত টাকা আর হাতে থাকবে। বলে খেলে রাজার ধনও কুরোর। কিছ ত্লিস্তার স্ক্রতম রেখাটিও কি মুরারীর মুখে দেখতে পেলেন সারদা? আজও খেলার মাঠের গল্প করের গেল, সমুদ্রে মাছ ধরার সরকারী পরিকল্পনা বানচাল হয়ে যাওয়ার দক্ষন অমুক কাগজ আবার কি-সব টিপ্পনী কাটতে আরম্ভ করেছে বা হাওড়ার পর শেষালদার লাইনে ইলেকট্রিক ফ্রেন চলতে ওক করার

ও-দিকে জ্বমির দর রাতারাতি কেমন বেডে যাচ্ছে রদিয়ে রিদয়ে ম্রারী কত থবর বলে গেল। তা ছাডা, কোন এক উকিল-বন্ধুর মুথে শোনা একটা চটকদার ডিছোর্সের মামলার কাহিনীও আর একটু বেশি রঙ চডিয়ে রস চডিয়ে সারদার কাছে বর্ণনা করতে ভূলে থাকল না বন্ধুটি।

এবং এটাও সত্য, অনেকদিন পর মুরারীকে দেখে, মুরারীর কথা ভাবতে গিয়ে সারদা নিজের দিকে তাকালেন। যেন তাকানো না, নিজের সম্পর্কে গভীরভাবে চিস্তা করতে লাগলেন। কই তিনি তো একদিনের জন্মও হাসতে পারলেন না। প্রাণখলে কেমন করে হাসতে হয় এবং সেই হাসির উৎস কি, আজও এই পঞ্চাশ বছর বয়সেও তাঁর কাছে অজ্ঞাত থেকে গেল। অথচ তিনি একজন কতী পুরুষ। পাঁচজন ঈর্যা করতে পারে, এমন অবস্থায় তিনি পৌছেছেন। তাঁর হই ছেলে উচ্চশিক্ষিত। একজন বিলাত থেকে যুরে এসেছে। আর-একজন আমেরিকায় আছে। মেয়ের বিয়ে দেননি। মেয়ে ভাক্তারী পডছে। এখনই বিয়ে করতে চাইছে না। না, মুরারীর জ্রীর মতন তাঁর জ্বী অস্কৃষ্থ নন। এই বয়সেও চমৎকার হেসে থেলে থেয়ে ঘুমিয়ে দিন কাটাছেন। আর বিষয় সম্পদ। মুরারীর পৈতৃক বাডি বেচে দিয়েছে আর সারদা তাঁর বাবার তৈরী ছোট একজলা বাডি বড করে বাডিয়ে প্রকাণ্ড তেতলা বাডিতে পরিণত করেছেন। তা ছাডা, য়াদংপুরের দিকে তিনি আরো কিছু জমি কিনে রেখেছেন। গাডি কিনেছেন। ব্যাঙ্কেও মোটা টাকা জমেছে। মুরারীর ডাইনে-বায়ে, অগ্র-পশ্চাতে ব্যর্থতা ছাডা কিছু চোখে পডে না। সারদার চতুম্পার্যে সাফল্যের আলো, সার্থকডার ইক্বিত।

অথচ তিনি সম্ভষ্ট নন। সন্তষ্ট নন, নিশ্চিম্ব নন, নিক্ষাধ্য নন। সর্বদাই কেমন বিমর্থ, বিষয়, নিষ্ঠিত, ক্লাম্ভ। তাঁর কেবলই মনে হয়, কি যেন তিনি পেলেন না, কি যেন হল না। প্রাণ খুলে হাসবার মতন আনন্দ করার মতন কিছুই তিনি খুজে পাচ্ছেন না। আবার আনন্দ খুজতে বেরোবার মতন সাহস্থ উৎসাহের অভাবও তিনি নিজের মধ্যে অমুভব করেন। এই জ্লফ্ত তিনি আরো বেশি হতাশায় ভূগছেন। ধর্মকর্ম করে পরমার্থ লাভের দ্বারা জীবনে পরিভ্রা হওয়ার ভ্রাকাজ্জা তাঁর অবশ্র নেই। কিন্তু তার্থ দেশনের কথা বাদ দিয়েও এমনি দেশ-অমণের তাগিদও তিনি বড় একটা অম্ভব করেন না। এখন তো ভাল, যৌবনেও থেলার মাঠ কি থিয়েটার বা সিনেমা তাঁকে আকর্ষণ করেল না। এসবের মধ্যে খুব একটা আনন্দ আছে তিনি বিশ্বাস করেন না।

তবে কোথায় আনন্দ, কিলে আনন্দ এবং কতটা আনন্দ লাভ করলে মুরারীর

মতন ব্যর্থ বিপর্যন্ত একটি মাত্র্য হো-হো করে হাসতে পারে। বন্ধুর বাডি চডাও হয়ে একটানা তু ঘন্টা বদে গল্প করতে পারে, দিগারেট টানতে পারে!

জাবনে অনেক কিছু পেরেছেন সারদা। অনেক দিকই তাঁর পূর্ণ হয়েছে।
কিন্তু তবু তিনি অপূর্ণ অসম্পূর্ণ মনে করেন নিজেকে। এমন না যে, আরও অনেক
কিছুর আকাজ্জা তিনি করছেন। আরু পর্যন্ত যা পেরেছেন, যতটা তিনি হয়েছেন.
ততটা না পেলেও যেন তাঁর হঃথ থাকত না। তিনি বুক চাপড়াতেন না,
দীর্ঘাণ ফেলতেন না, কাঁদতেন না। আবার এর চেয়েও যদি তিনি বেশি হন,
বেশি পান, তাঁর কি খ্ব একটা আনন্দ হবে—এখন আমি পূর্ণ প্রস্ফুটিত বলে
আহলাদে নৃত্য করবেন? না, তা-ও না। তিনি সেই মানুষ নন। তাঁর বিষম্নতা
তথনও থাকবে। অর্থাৎ এই জিনিস তাঁর কেমন যেন নিজম্ব। হয়তো তাঁর
রক্তের মধ্যে আছে সারাক্ষণ মান নিজীব ন্তিমিত হয়ে থাকা। নিরানন্দ মূতি
তাঁর চিরকালের। বৈষয়িক ক্ষেত্রে উন্নতি অবনতি, সংসার-জীবনের সফলতাব্যর্থতার সঙ্গে এর যোগাযোগ নেই।

তাই সারদা ভাবছিলেন। যেন এক দিক দিয়ে তুইজনের মধ্যে মিল আছে। কিছু না পেয়ে, কিছু না হয়ে মুরারী সদানন্দ পুরুষ।

আর অনেক কিছু পেয়ে, অনেক সফলতা লাভের পরেও সারদা ভরংকর অহথী। যেন ম্বারী তার পরেও হাসবে। যথন এর চেয়েও বেশি হৃংথে পডবে, চরম ত্দিন আসবে। চিরকাল সে এমন নিশ্চিস্ত। যেন নিশ্চিস্ততা তার রক্ষে। ত্টি মাহুষের প্রকৃতির মধ্যে এমন আকাশ পাতাল ব্যবধান কেন, সারদা ভেবে পেলেন না। মুরারীকে তিনি ঈর্বা করতে লাগলেন।

অবশু মুরারী সম্পর্কে তাঁর অপরিসীম বিশ্বয় বেশিক্ষণ রইল না। একটু পরেই মণিশংকর এলো ছডি ঘোরাতে ঘোবাতে। সারদার বন্ধু এবং মুরারীরও বন্ধু। অনেকদিন পর সারদা মণিশংকরের কাছে মুরারীর কথা তুললেন। আজও সে হো-হে। করে হাসছে। তেমনি ড্যামকেয়ার ভাব। যেন স্বথ তার হাতের তেলোর মধ্যে। কেউ তা কেডে নিতে পারবে না। চিব্লকাল সে স্থথের পাররা। ব্যাপার কি!

শুনে মণিশংকর চুপ করে রইল। চেটোর নিচে ছডির হাতলটা ঘোরাতে লাগল। কিছু একটা চিস্তা করছিল বোঝা গেল।

তারপর সারদার দিকে যথন চোথ তুলল দেখা গেল মণিশংকর ঠোঁট টিপে হাসছে। 'অনেকদিন পর মুরারী হঠাৎ তোমার বাড়ি ?'

'তা জানি না। তবে দেখলাম, একটুও বদলায়নি। বরং আগের চেয়েও 'যেন ফুভিতে দিন কাটাচ্ছে।'

'আমিও অনেকদিন দেখি না। আমার বাড়িও আসে না।' ছড়ির হাতলটা মুঠ করে ধরল মণিশংকর। 'তবে সে যে মহাস্থধে আছে—অনেক আগেই আমি টের পেরেছিলাম।'

'এথানে থাকতে ? ভবানীপুরে যথন ছিল ?' কেমন যেন সতর্কভাবে মণিশংকরের চোথের মণি ছটো দেখছিলেন সারদা।

মণিশংকর ঘাড় কাত করল।

'হাা, তাই তো। কেন, তথনও কি তাকে মনমরা হয়ে থাকতে দেখেছ? একদিন ?'

'না। মনমরাসে কোনদিনই না। চিরদিন একরকম। ভীষণ ফুডিবাজ, ভীষণ—'

'না, তা হলেও, হয়তো তুমি থ্ব ভাল করে লক্ষ করনি'—গলার স্বরটাকে খাটো করে ফেলল মণিশংকর। 'দ্রী অক্ষয় হবার পর খেকে মুরারীর ফুর্তির মাত্রাটা বেডে গিয়েছিল। এখন মনে করে ছাথো।'

সারদা হঠাৎ শুরু হয়ে গেলেন।

মণিশংকর মৃতু শব্দ করে হাসল।

'সেই ফুর্তি, সেই আনন্দ এখন চরমে পৌছেছে।'

কপালে রেথা জাগল সারদার। আঙুল দিয়ে তৃপাশের রগ টিপে ধরে মণি-শংকরের মুখটা দেখতে লাগলেন।

'কথা বলছ না ?' মণিশংকর একটু ঝুঁকে বসল।

'আমি ঠিক ব্রতে পারছি না।' কপাল খেকে হাত সরিরে সারদা সোজা হরে বসলেন। 'যদি তুমি সে কথাই বল, জ্ঞা অস্তম্থ থাকাতেই তার আনন্দ, তবে তো এমন বিপদ, এ ধরনের তুর্ঘটনা তার পরিবারে আরো ঘটেছে। জ্বয় খেকে একটা ছেলে বিকলাল। বিরে হওয়ার সঙ্গে মেরে বিধবা হল—বড় ছেলেটা কুসংসর্গে পড়ে—'

मात्रमारक कथा (भव कतरा किम ना भनिभःकत ।

'আশ্চর্য ! আমি কি বলছি একটার পর একটা বিপদ ও চ্র্র্যটনা ঘটছে দেখে মুরারী আনন্দ পাচ্ছে ? তা হবে কেন। বরং অস্কস্থ জীর জন্মও সে চুংখিড— ছেলেমেরের দিকে তাকিয়েও বেদনা পাচ্ছে—না তা নয়—আমি বলছিলাম স্ত্রী অক্সন্থ হওয়ার পর থেকে এমন কিছু এসেছে মুরারীর জীবনে, দে এমন কিছু পেরেছে, বা সত্যি তাকে আনন্দ দিছে—দে স্থা। এবং সেই স্থথ এত তীব্র ও প্রবল যে, তৃঃথগুলি বেমাল্ম চাপা পড়ে গেছে। পরিবারের কোন তৃঃথত্দিশা তাকে আর বিচলিত করতে পারছে না।' একটু থেমে মণিশংকর বলল, 'তুমি তার চেহারা দেখনি, চোথ তৃটো দেখনি? চোখ-মুখ দিয়ে যেন কেবল খুশী ঝরে পড়ছে, আনন্দ ঝরে পড়ছে—তাই না?'

সারদা মাথা নাড়লেন।

'সত্যি ওর চেহারা ভাল হয়েছে—যেন দশ দশ বছর বয়স কমে গেছে।' চেয়ারের পিঠে দেহটা এলিয়ে দিয়ে মণিশংকর গলার নিচে হাসল। ছড়ির ডগা দিয়ে মেঝেটা একটু ঠুকল।

'কমবেই, বয়দ কমতে বাধ্য—আমারও কমে যেত বয়দ, তোমারও কমত, ব্রলে বাদার—হেদে হেদে মণিশংকর মাখাটা দোলাতে লাগল। 'পঞ্চাশ আর বাইশ—মুরারীও, পঞ্চাশ পেরিয়েছে—কেমন না।'

সারদা আবার শুরু। যেন কুয়াশার ভিতর দিয়ে একটা কিছু দেখবেন বলে মণিশংকরের চোখের মণিত্টোর দিকে তাকিয়ে। তাঁর কপাল ও চোখের কিনারের চামড়া কুঁচকে রইল।

'হাা, বাইশ হবে। বা বড়জোর তেইশ।' দেওয়ালের দিকে চোখ ঘ্রিরে মিলশংকর থানিকটা নিজের মনে বলল, 'তার বেশি না। ম্রারী এ-পাড়ার থাকতে তার দ্রী অহথে পড়ার সঙ্গে সঙ্গে তো সে এসেছিল। চার বছর আগে। তথন কি আর আঠারো উনিশের বেশি ছিল তার বয়স। কিছুতেই না। ভরংকর কচি ছিল মুখখানা। তাই তো দেখেছি।'

দেওয়ালের দিক থেকে চোধ নামিরে সারদার মুধের দিকে তাকাল মণিশংকর।
'তৃত্বি তো দেখেছ মেয়েটিকে। বেশ ফুটফুটে চেহারা।'

সারদা ঢোক গিলে থ্তনিটা নাড়লেন।

'শুনতাম শালীর মেরে। মুরারীর বৌরের দূর-সম্পর্কের কোন্ বোনের মেরে যেন। জীর অফুথের সময় মুরারী নিরে এসেছিল সংসারের কাজকর্ম করবে বলে। গরীব। মেরেটারও একটা আশ্ররের দরকার ছিল, মুরারী বলত ভখন।'

'हैंगा, रमज, आभावे अक्षिन के रामहिल-अन्नान कारन नानोत सारव कि

আর কারো মেয়ে—তবে এখন আর নিছক আশ্রিতা হয়ে নেই। রীতিমত গৃহিণীর পদ পেরেছেন তিনি শুনলাম।'

শারদার চোখ বড হরে গেল।

'তবে কি মুরারী আবার একটা বিষে করে বদল ?'

মণিশংকর ঘাড় নাড়ল।

'না তা করতে বাবে কেন—অত কাঁচা ছেলে মুরারী না। এখনো দ্বী বেঁচে আছে। এই অবস্থার বিয়ে কবার হান্ধানা আছে। দরকার কি বিয়ে করার। কিছু দরকার পড়ে না। মুরারীর সংসারে আগে থাকতেই সে শিকড় গেডে বসেছিল। এবার ডালপালা মেলে, ফুল ফল ছড়িয়ে—বুঝলে না?' মণিশংকর চোখ ঘুরিয়ে একটু রসিকতা করল।

সারদা আবার নীরব হয়ে গেলেন।

'ভাই ভারার আমাদের এত হথ—হথের সমৃদ্রে হাব্ডুবু থাচ্ছে, এথন ব্রভে পাচ্ছ মুরারীর আনন্দের উৎসটা কোখার ?'

শারদা একটা গাঢ় নিখাস ফেলদেন।

'আমার অক্সরকম ধারণা ছিল মুরারী সম্পর্কে। বুঝি কোন ছঃখ তাকে কারু করতে পারে না। ভগবান তার ভেতর এমন একটা শক্তি দিয়েছেন, যার জোরে শত শোক-তাপ ছঃখ পেয়েও সে হাসতে পারে, আনন্দ করে বেড়াতে পারে। এমন শক্তিমান পুরুষ, ভাগ্যবান পুরুষ সংসারে দেখা যায় বইকি। অবশ্য খ্য কম। লাখে একটি। হয়তো তাও না। কিন্তু এখন যা দেখছি—তোমার মুখে যা শুনলাম—'

মণিশংকর আবার সারদার চোখের দিকে তাকাল।

'মুরারীর গোলপার্কের বাসার আমিও অবশু কোনদিন যাইনি। নানা কারণে বাওয়া হরে ওঠেনি। শুনেছি, ছোট ছোট ছুখানা কামরা ভাড়া নিয়ে আছে। আমার বড়মামা গোলপার্কে অনেকদিন বাড়ি করেছেন তুমি জান। সেদিন বড়মামীমা এসেছিলেন আমাদের বাড়ি। লব বললেন। মুরারীকে নিয়ে, ওই মেয়েটাকে নিয়ে বিশ্রী কানাঘুবা চলেছে ও-পাড়ার—একটা স্ক্যাণ্ডেল—ফুর্গদ্ধ পেলে মামুব কেমন নেচে ওঠে বুঝুতেই পারছ—'

'থাক—আমাদের আর এ-সব আলোচনা করে কি হবে—' বেন থুব আঘাত পেরেছেন সারদা। প্রসঙ্গটা সেখানেই শেষ করতে চাইছেন।

मिनश्कत हुन कवन।

সারদা কপালের বগ টিপে ধরে স্থাণুর মতন স্থির হরে বসে রইদেন। একটু পর মণিশংকর উঠে দাঁড়াল ও 'হুর্গা, হুর্গা' বলে হাতের ছড়ি ঘোরাতে ঘোরাতে বেরিয়ে গেল।

একদিন, ছ্দিন — তিনদিন পর্যস্ত সারদা ইতন্তত করলেন। কেবল ভাবলেন। আর-একবার তিনি মুরারীকে দেখতে চান। কি খেয়াল নিয়ে সেদিন এসেছিল, আবার হয়তো অনেকদিন সে এদিকে আসবে না।

কাজেই আবার তার দেখা পেতে হলে দীর্ঘকাল সারদাকে অপেক্ষা করতে হবে। বসে থাকতে হবে। কিন্তু ততদিন যেন অপেক্ষা করার ধৈর্ঘ থাকবে না।

সেদিনই, মণিশংকর চলে যাবার পর সারদা মনে মনে ঠিক করে রেখেছিলেন, পরদিন সকালে মুরারীর বাসার যাবেন।

किञ्च नकारन चूम (बरक উঠে कि ভেবে নিরন্ত হলেন।

ঠিক করলেন পরদিন যাবেন। সেদিনও যাওয়া হল না। কেবল ইতন্তত করতে লাগলেন। অথচ লোকটাকে আর-একবার না দেখে তিনি স্বন্তি পাচ্ছিলেন না।

তাঁর একটা ভর ছিল। যদি মণিশংকরের কথাগুলি সত্য হর ! মণিশংকরের কথা সত্য হোক তিনি চান না। তার মামীমার রিপোর্ট মিখ্যা হবে, এই আশাই সারদা হ্রদরে পোষণ করছেন। তাই তিনি সেই শিশুকে দেখতে চাইছেন, যেকেবল হাসতে জানে, আনন্দ করতে জানে—জগৎ সংসারের কোন তুঃখ দৈশ্য শোক তাপ বাকে এতটুকু স্পর্শ করে না। মুরারীর রক্তের মধ্যে অফুরস্ক আনন্দ উল্লাস ছড়িয়ে আছে। একটি তরুণীর ভালবাসা নৃতন করে তার রক্তে দোলা দিয়েছে তাকে উৎফুল করে রেখেছে, সারদা বিখাস করতে পারছিলেন না। মণিশংকরের কথা শুনে ভিনি তুঃখ পেয়েছেন, তার ওপর অসম্ভই হয়েছেন। যেন গায়ে পড়ে মুরারী সম্পর্কে কথাগুলি শোনাতে মণিশংকরের সেদিন ছুটে না এলে চল্ছিল না।

এই জন্মই সেদিন মণিশংকর বধন বেরিয়ে যায়, সায়দা তাকে এপিয়ে দিতে সি'জি পর্যন্ত ছুটে যাননি। নিজের আসনে চুপ করে বসে ছিলেন। মুরারী বধন চলে যায়, সায়দা সঙ্গে গিয়েছিলেন, সি'জিয় মুথে দাঁজিয়েছিলেন।

সারদা হতাশার ছবি, অন্ধকারের ছবি, শ্রিয়মানতার মৃতি।

মুরারী আশা আলো উত্তেজনা ও স্বাচ্ছন্দ্যের প্রতীক। তাই মুরারীকে দেখে শারদা দেদিন এত বিশ্বিত হন। আগে ব্যুতেন না, দেদিন ব্যুডিলেন, স্থী সবাই হতে পারে না। সব পেরেও একজন অহথী থেকে যায়। আবার কিছু না পেরেও আর-একজন মহাস্থী। আজ যদি একটার জায়গায় সারদার সাতটা বাড়ি হয়, সাতথানা গাড়ি হয়, তব্ তিনি ম্বারীর মতন হাসতে পারতেন না। আজ ম্বারী ভাড়া বাড়িতে আছে, কাল ভাড়া দিতে না পেরে যদি রান্তায় দাঁডায়, তব্ একটি বন্ধুর দেখা পেলে ম্থ কালো করে না থেকে সে হাসবে, বন্ধুর গলা জড়িয়ে ধরবে এবং পকেটে শেষ-সম্বল ত্-চার আনা থাকলে তাই দিয়ে আপ্যায়নকরতে বন্ধুকে নিয়ে তৎক্ষণাৎ একটা চায়ের দোকানে ঢুকবে। অর্থাৎ সেখানে বসে কিছুক্ষণ গল্প করা, হৈ-হৈ করে সময় কাটানো। ছিচ্ডা ও ত্র্তাবনাকে এভাবে সাত হাত দ্রে ঠেকিয়ে রাখতে ত্ঃথের ম্থে পাণর চাপা দিতে তার জুড়িনেই।

আর মুরারীর এই আশ্চর্য শক্তিকে খর্ব করতে কত কি চক্রাস্ত। ওপাড়ার মামুষ ভীষণ কানাঘুষা করছে। মণিশংকরের মামীমা দব শুনে এনেছে। মণিশংকরও এ-সম্পর্কে নিঃসন্দিশ্ধ।

মুরারী অকারণে খুশি নয় নিশ্চিস্ত নয়। তার স্থথী হওয়ার পিছনে একটা কারণ আছে।

কারণ। যেন মণিশংকর একটা কালো মাছি ছেডে দিয়ে গেছে, আর সেটা বার বার সারদার মনের ওপর উডে বসতে চাইছে। সারদা প্রাণপণে হাত নেড়ে মাচিটা ভাড়াতে চাইছেন।

চতুর্থ দিন আর ইতস্তত না করে তিনি বেরিয়ে পড়লেন। গাড়ি নিলেন না। গাড়ি চড়ে মুরারীর গোলপার্কের বাসায় যেতে মন উঠল না।

মুরারী তথন তার ছোট ঘরে জানালার ধারে চুপ করে বসে আছে। ওদিকটা ফাকা। জাকাশ দেখা যায়। মাঝধানে একটা ঝাউ গাছ।

যেন চুপ করে বদে জানালার বাইরে ঝাউ গাছের ফাঁক দিয়ে সে পশ্চিমের রক্তবর্ণ জাকাশ দেথছে। তথন বেলাশেষ।

এটা সত্য, সারদা একদিন খুব উপদেশ দিত, মুরারীর আজ আর মনে নেই।
মনে নেই বলে সেদিন সারদার বাড়ি গিয়ে বন্ধুকে দেখে এসেছে, ভার সঙ্গে বস্তে
গল্প করে এসেছে। আজও সারদাকে দেখে সে ভন্ন পেল না, তাকে এড়াতে
চেষ্টা করল না। বরং খুশি হয়ে সমাদর করে বন্ধুকে বসতে দিল।

মুরারীর মুখোমুখি আর একটা বেভের চেরারে সারদা বসলেন। 'কি করছিলে ?'

'এই তো, বনে আছি—আকাশ দেখছি।' পারের ওপর পা তুলে দিল মুরারী, চেয়ারের পিঠে শরীর এলিয়ে দিয়ে হাই তুলল। 'চমৎকার লাল হয়ে আছে ওদিকটা।'

কিন্ত ওদিকে তাকান না সারদা। মুরারীর চোখের দিকে চেয়ে মৃত্ মৃত্ হাসেন।
মুরারী একটু অবাক হল। সারদা তো এতাবে হাসে না। সারদাকে
কোনদিন সে হাসতেই দেখল না। এবং সঙ্গে সঙ্গে যেন বন্ধুর হাসির অর্থ ব্যতে
পেরে সে শব্দ করে হাসল।

'ভাবছ এমন একটা ঘরে থেকে, এমন ঘিঞ্জির ভেতর ব্রাস করে পূর্বান্তের সৌন্দর্য উপভোগ করছি, কেমন ?'

সারদা কিছু বললেন না। হয়তো চোখ ঘুরিয়ে একবার ভিতরটা দেখলেন। এইটুকুন কামরা। জিনিগপত্রে ঠাসা। নিধাস ফেলতে কট হয়।

কিন্তু মুবারী হেসেই চলেছে। যেন দারদা অবাক হওয়াতে তার আরো বেশি আনন্দ হয়েছে।

'আমার ভাল লাগার ভাল থাকার অসাম ক্ষমতা বুঝলে বাদার, এমন দম-বন্ধ-হওয়া ঘরে বদেও বিকেলের লাল আলো উপভোগ করছি, আনন্দ পাচিছ।'

'তা তো দেখতেই পাচ্ছি।' সারদা আর বন্ধুর দিকে না তাকিয়ে মেঝের দিকে চোথ রাখলেন। একটু গঞ্জীর হয়ে গেলেন। ম্থের মৃত্ হাসিটুকুও অদৃশ্য হল। 'স্থী মান্থ্য তোমার কথা আলাদা।' ধীরে ধীরে কেমন যেন চিবিয়ে চিবিয়ে বললেন তিনি।

'আমার কথা আলাদা! কেন, তুমি কি ঠাটা করছ! থোঁচা দিছে আমার একথা বলে?' মুরারা হাসি বন্ধ করল। তার কপালের চামডা কুঁচকে উঠল। কিন্তু মুহুর্তের জন্ম। সারদাকে নারব দেখে পরক্ষণে সে আবার হো-হো করে হেসে উঠল। 'হ্যা ভাই, সভ্যি আমি অন্ধ মাহ্যব আলাদা জ্বাতের মাহ্যব—আমি যত সহজে স্থা হই—যত চট করে একটা কিছুর মধ্যে আনন্দ পাই তোমরা তা পাও না। তা হলে একটা গল্প বলি শোন।' গল্প বলার উত্তেজনার, চিরকাল সে যা করে এসেছে, চেয়ারের পিঠ থেকে শরীর আলাগা করে সোজা হয়ে বসল, বড বড় চোখ করে সারদার দিকে তাকাল। 'কাল খ্ব রৃষ্টি হয়েছে এখানে, তোমাদের ভবানীপুরে হয়নি?'

'হয়েছিল।' সারদা মৃত্ররে উদ্ভর করলেন। 'তৃপুরের দিকে।'. 'হাা, তুপুরে। এথানে অবিভি বিকেলেও এক পশলা হয়েছিল। কিছ তুপুরে খুব জোরে বৃষ্টিটা এসেছিল, ভাই না! কেমন কালো করে ফেলেছিল আকাশটা বল দিকিনি!

সারদা কথা না বলে ওধু ঘাড় কাত করলেন।

'আমি তথন কোৰায় ছিলাম জান—ওখানে, ওই গাছটার নিচে।' আঙুল দিয়ে মুরারী জানালার বাইরে ঝাউগাছটা দেখাল।

'বিশজ্জনক।' সারদা কঠিন গলায় মস্তব্য করলেন। 'ঝডবৃটির সময় গাছ-তলায় দাঁড়ানোর বিপদ আছে—তথন বজ্ঞপাত হয়—হতে পারত।'

'ই্যা, তা পারত, কিন্তু আমার কি তথন বজ্রপাতের কথা মনে ছিল। এক ভাল লাগছিল বৃষ্টিটা, এত আনন্দ হচ্ছিল জলে ভিজতে।' মুরারির চোথের মণি চকচক করছিল। যেন কাল জলে ভেজার উৎসাহ আনন্দ আজও তার চোথে লেগে আছে। 'এমন না যে আমি বাইরে থেকে ফিরছিলাম আর বৃষ্টি এলে গেল আর আমি গাছের নিচে আশ্রয় নিলাম। ঘরে ছিলাম, তোমার এই বেতের চেরারটার বসে ছিলাম। ছড়মুড় করে বৃষ্টি আসতে ছুটে বেরিয়ে গেলাম।'

সারদা ভন্ধ হয়ে ভনছিলেন।

'পত্যি কেমন একটা ছেলেমাস্থবিতে পেরে গেল তথন। যেন আকাশের কালো মেঘগুলো আমার ডাকছিল—ঝমঝম বৃষ্টির শব্দ—দমকা হাওরা—কিছুক্ষণ মাঠিটার ছুটোছুটি করে গা হাত পা চুল ভিজ্জিরে তারপর যথন গাছের নিচে এসে দাঁডালাম তথন একটা মজার ঘটনা ঘটল—'

'অভূত মাহ্ব।' সারদা অক্ট গুঞ্জন করে উঠলেন। কিন্তু মুরারীর কানে তা গেল না। গল্প বলার উত্তেজনার সে হাত নাডছিল পা নাচাচ্ছিল এবং 'মজার ঘটনা' বলতে শুরু করে তৃই কাঁধে ঝাঁকুনি তুলে আবার প্রচণ্ড শব্দ করে হেসে উঠল।

'বৃন্নলে ভাই, ঝাউপাতার ফাঁক দিরে বৃষ্টির জল রুপালি ঝালরের মতন কেমন করে ঝরে ঝরে পড়ছে ঘাড় বেঁকিয়ে হাঁ করে ওপরের দিকে তাকিয়ে দেখছি, আর তথন, রোগা লিকলিকে লোম-ওঠা, পাগলা কুকুরই হবে, কেননা লেজ্কটা একটুও নড়ছিল না, কেমন যেন একটু বেঁকে গিয়ে দড়ির মতন ঝুলছিল—হঠাৎ পেছন থেকে এলে গাঁয়ক করে আমার পায়ে কামড় বিদয়ে দিয়ে টলতে টলতে মাঠের দিকে নেমে গেল—যথন চলে যায় তথন নজরে পড়ল—'

'কোথার—কোন পারে !' সারদা চমকে উঠলেন ও সামনের দিকে ঝুঁকে পড়লেন।

কিন্ত মুবারীর মধ্যে কোন চঞ্চলতা ব্যস্ততা নেই। হাসতে হাসতে কাপড় সরিবে ভান পারের হাঁটুর নিচে এক জারগার মাংস দেখাল। সামান্ত ফুলে উঠে লাল হয়ে আছে জারগাটা।

'কি আশ্চর্ব !' সারদা সোজা হরে বসলেন ও একটা চাপা নিখাস ত্যাগ করলেন। চোখ দেখে বোঝা গেল কেমন যেন বিরক্ত হরে উঠেছেন তিনি বন্ধুর ওপর। 'তা ওখানটার সঙ্গে দক্ষে ওষ্ধটব্ধ লাগিয়েছিলে কিছু? ইনজেকশন নিতে হবে—উপিক্যালে গিয়েছিলে ?'

'এই মাটি করেছে!' মুরারী একটু হতাশ হল। কাতর চোথে বন্ধুকে একবার দেখল। তারপর আবার নৃতন করে হাসতে আরম্ভ করল। 'তবে আর মজার ঘটনা বলচ্চি কেন।' না, কুকুরের কামডের কথা তখন একটুও ভাবিনি—রক্ত বেরোচেছ দাঁত বসিয়ে দিয়ে গেছে—সবই দেখলাম, কিন্তু এতটুকু ছিলস্তা হল না। বরং তেমনি স্থির হরে দাঁড়িয়ে খেকে হাইমনে হাওয়ার শোঁ-শোঁ ভনতে লাগলাম, মেঘের ছুটোছুটি দেখলাম আর ভিজতে লাগলাম।'

কিন্তু সারদার দৃষ্টি ক্রমণ কঠিন হরে উঠছিল। কাঠের মতন শক্ত হরে বদে আছেন। মুরারি এবার গন্তীর হল। আর হাসল না।

'হাা, ওষ্ধ লাগিয়েছিলাম বৈকি।' সরাসরি সারদার দিকে না তাকিরে অক্স দিকে চোধ রেথে মুরারী আন্তে আন্তে বলল, 'কিন্তু তথন না। আরো পরে। আরো কিছুক্ষণ বাইরে থেকে বৃষ্টি ভেজার আনন্দটা ধোল আনা উপভোগ করে ঘরে ফিরে আইভিন দিয়ে জায়গাটা পুড়িয়ে দিলাম।'

বেন বন্ধকে সম্ভষ্ট করতে মুরারী কথাটা বলল। সারদা তাতে খুশি হলেন মনে হল না।

'ভোমায় একটা প্রশ্ন করব মুরারী ?'

'বলো।' এবার মুরারী ঠোটের কোণার হাসল। ছুর্বল ক্ষীণ হাসি। অস্তর থেকে আর হাসতে পারছিল না বেশ বোঝা গেল। সারদার শুরু কঠিন চেহারার জম্মই যেন হঠাৎ এমন হয়ে গেল।

'প্রশ্ন করব' বলে সারদা আবার চুপ। চোথ বুদ্ধে কি খুব ভাবছেন। এবার বাঁ হাতের আঙ্কুল দিয়ে কপালের রগ টিপছেন।

মূরারী অন্বন্তিবোধ করল। কিন্তু তা হলেও অনেকটা বেন আন্তরিক হবার চেষ্টায় সামনের দিকে ঝু'কে বদে বন্ধুর দিকে তাকাল।

'বলো—তোমার বে-কোন প্রশ্নের উত্তর দিতে আমি প্রস্তুত।'

'না, প্রশ্ন তেমন কিছু না।' সারদা চোথ খুললেন। 'একটা কথা মনে এসেছে, জানতে চাইছি। শুধু বৃষ্টি দেখার আনন্দ কি তোমায় এতটা আনন্দ দিয়েছিল—এডটা আনন্দ দেয় কাউকে ?'

'হাা, কেন'! চমকে উঠল মুবারী। হঠাৎ তার মুখের রং পাংশু হয়ে গেল।
একটু চূপ থাকল। তারপর জাের করে হাসতে চেষ্টা করল। 'এতক্ষণ আমি
কি বললাম তােমায়—থ্ব সাধারণ জিনিস অত্যন্ত তুচ্ছ বিষয়ও আমায় আনন্দ
দেয় খুনী করে—এমন কি অনেক সময় এক একটা ত্র্টনার কথাও ভূলে থাকি—
কুকুরের কামড়ও একটা ত্র্টনা, তাই নয় কি ?'

সারদা আবার নীরব। আবার মৃদ্রিত-চক্ষ্। কপালের রগ টিপে ধরা বিষণ্ণ চিস্তান্বিত মৃতি।

'তুমি কি আমায় বিশ্বাদ করছ না, সারদা ?' আর ঝু'কে না থেকে ম্রারী সোজা হয়ে বদল। গলার স্বরে ঝাঁজ ফুটল।

'বিশ্বাস অবিশ্বাসের কথা হচ্ছে না। তবে কিনা বৃষ্টি তো আমরাও দেখি— অনেকেই দেখে—' অস্পষ্ট অপরিচ্ছন্ন গলায় সারদা বলতে আরম্ভ করেও থেমে থাকেন। যেন এর অধিক বলার দরকার পড়ে না।

মুরারী একটা গাঢ় নিশাস ফেলল।

'मात्रना !'

'কি ?'

'তবে কি তুমি আমায় সন্দেহ করছ—এত আনন্দ কেন মামুষটার, এত স্থা কেন সে ?'

এবার সারদা চমকে উঠলেন।

'না না, তা কেন হবে।' তিনি ব্যস্ত হয়ে মাথা নাডলেন। 'আমি বলছিলাম, কভ সহজে কভ চট করে তুমি—'

মেঝের দিকে তাকিয়ে ছিল ম্রারী। চোথ তুলতে দেখা গেল তার ছই চোথ ছলছল করছে। সারদা আঘাত পেলেন।

'না না সেসব কিছু না, বরং তোমার স্থথ দেখে আমি স্থণী তোমার আনন্দ আমার আনন্দ দেয়।' হাতু বাডিরে ভিনি বন্ধুর কাঁধে মৃত্ চাপড় দেন। সান্ধনা দেন।

মুরারী সন্তুষ্ট হল। বন্ধুর এই একটা কথায় সে সহজ স্বাভাবিক হয়ে গেল। কত ফ্রন্ত মুরারী স্বৃত্ব ও স্বাভাবিক হয়ে উঠতে পারে লক্ষ করে সারদা জার এক-বার বিশ্বিত হন। 'আসলে মাত্র আমায় কর্ষা করে, ব্রালে সারদা।' পূর্বের ন্থায় ম্রারীর চোথেমূথে হাদি ঝলমল করতে লাগল। 'আমার স্থী চেহারা আমার হাদি তাদের
কর্ষার বস্তু—কোন তৃঃথে কেন আমি বিচলিত হই না শোকে কেন মৃত্যমান হই
না—'

'তাই।' সারদা উৎসাহভরে মাথা নাড়লেন। 'তারা জানে না স্থথ তোমার মধ্যে সহজাত—ছঃখ তোমাকে কোনদিন—'

সারদা এখানে থামলেন। ম্রারীর সেই স্থনরী শালিকা, সম্প্রতি বিনি গৃহিণীর মধাদা পেরেছেন বলে মণিশংকর সন্দেহ করে, ধীরে ধীরে ভিতরে চুকলেন। সারদা এই সময়টা মেঝের দিকে তাকিয়ে রইলেন। চা সিন্ধাড়া এবং আরও কি যেন একটা খাবার টেবিলে সাজিয়ে রেখে যুবতী তেমনি নিঃশব্দ পায়ে ঘর থেকে বেরিয়ে গেল।

'থাও।' টেবিলের দিকে বন্ধুর দৃষ্টি আকর্ষণ করল মুরারী। সারদা নত দৃষ্টি তুলে ধরলেন।

'হাা, তুমি ঠিক বলেছ বন্ধু, সহজাত—।' উৎসাহের অতিশয়ে মুরারীর চোথ চকচক করছিল। 'ছোট ঘর—ঘিঞ্জি তো ভাল—আজ সকালে টেলিগ্রাম পেরেছি। রাধারাণী, আমার স্ত্রী ক' বছর ধরে স্যানিটোরিয়ামে পড়ে আছে তুমি জান। মাঝখানে একটু ভাল হয়ে উঠেছিল। আবার অস্ত্রন্থ হয়ে পড়েছে খবর পেলাম—কাল রক্তবমি হয়েছে—ফু:সংবাদ, কিন্তু তা বলে বিকেলের এই রক্তিম আকাশ আশ্চর্য রং আমি কম উপভোগ করছিলাম কি—তুমি আসার আগে পর্যন্ত চুপ করে বদে ওদিকটা দেখছিলাম—এত ভাল লাগছিল এত আনন্দ পাচ্ছিলাম—' আঙুল দিয়ে মুরারী পশ্চিমের জানালা দেখাল।

আনন্দটা প্রকাশ করতে আবার সে হো-হো করে হাসবে আশংকা করে সারদা তাড়াতাড়ি চোখ নামিয়ে চায়ের বাটি ধরতে হাত বাড়ালেন।

## সংহার

একবার তিনি সংহার শব্দটা ব্যবহার করেছিলেন। আর একবার বলেছিলেন 'সংহারক'।

অবশু সংহার যে করে সেই সংহারক, কিন্তু তা হলেও আমি অল্প হেসে মাথা নেড়েছিলাম। বলেছিলাম, 'পাথিওয়ালাকে আপনি ঠিক এই আখ্যা দিতে পারেন না।'

'নিশ্চর পারি, আমার চোথে ওই শরতানও তাই।' একটু উত্তেজ্জিত হয়ে উঠেছিলেন ভদ্রলোক, হু, কিশোরীবাবু, মেদ-ভারাক্রাস্ত দেহ, বড় বড় চোথ, চোথ হুটোও লাল হয়ে উঠেছিল।

'সিগারেট খান।' পরক্ষণে তিনি শাস্ত হয়ে গিয়েছিলেন। আমার দিকে সিগারেটের প্যাকেট ও দেশলাইটা বাডিয়ে দিয়ে আবার দেওয়ালের দিকে চোখ রেখেছিলেন।

আমি আর দেদিকে ভাকাইনি। সিগারেট ধরিয়ে নিলাম।

'শুমুন,' মনে হল কিশোরীবাবু কিছু যেন একটা চিস্তা করার পর আমার দিকে চোথ ফেরালেন। 'এটার মন্ত ওটাও যে একটা শরতান এ আপনি নিশ্চয় অস্বীকার করতে পারছেন না ?'

'হাঁা, শয়তান আপনি বলতে পারেন, শয়তান নিষ্ঠুর কুচক্রী হলয়হীন অনেক কিছু আখ্যা দেওয়া চলে, কিছু কথা হচ্ছে কি, লোকটা পাখি শিকার করে, তারপর খাঁচায় পুরে বাজারে নিয়ে সেটাকে বেচে দেয়—এই পর্যন্ত, সে তোকাউকে বধ করচে না. সংহার করচে না—'

কিশোরীমোহন মাথা বাঁকোলেন। যেন আমি শিশুর মতন কথা বলছি।
চোথ বুজে অল্ল হেসে নাক দিয়ে এমন একটা ক্ষীণ শব্দও করলেন। তারপর
আমার চোথে চোথ রেখে ডান হাতের তেলো প্রসারিত করে ধরলেন।

'পাথিটা বে কিনে নিয়ে যাচ্ছে সে নিশ্চয়ই ওটাকে আবার একটা খাঁচায় পুরবে, পায়ে শেকল পরাবে ?'

'হ্যা, তা তো পরাবেই,' বললাম, 'পাথি পুষতে গেলেই খাঁচা ও শেকলের'

শ্রশ্ন এসে যার। পাথিওরালার কাছ থেকে পাথি কিনে নিয়ে গিয়ে কেউ বনে: ছেড়ে দের না।

'কিছু আমি একবার তাই করেছিলাম।' কিশোরীবাবু স্থন্দর করে হাসলেন। টেবিল থেকে জান হাতটা গুটিয়ে নিয়ে কোলের ওপর রাথলেন। 'এক বেটা পাথিওয়ালার কাছ থেকে থাঁচাস্থদ্ধ পাঁচটা হীরামন কিনে ফেললাম, তারপর বিশ্বাস করবেন? সব কটাকে ছেড়ে দেই, আকাশে উডিয়ে দেই, তাদের তথনকার সেই মুক্তির উল্লাস আপনি যদি দেখতেন, তারা উড়তে উডতে বনে ফিরে গেল।'

বিশ্বাস না করার কিছু ছিল না, কিশোরীবাব্র চোথ ত্টোর মধ্যে সেই উল্লাস, বিশুদ্ধ জীব-প্রেম নতুন করে জল জল করে উঠতে দেখলাম আমি। তিনি থামলেন না।

'একটা পাথিকে বন থেকে ধরে এনে খাঁচায় পুরে রাখার অর্থ কি, সে তার সন্ধী বা সন্ধিনীকে হারাল, সম্ভানদের কাছ থেকে সরে এল, বনের পাথির সমাজে সে আর ফিরে যেতে পারছে না—এটা কি তার পক্ষে মৃত্যুর মতন না ? আপনি বলুন ?'

চুপ করে রইলাম।

'কাজেই বে লোকটির কথা বলছিলাম, মাঠের ওপর ফাঁদ পেতে বদে থাকে, পাথিটা ভিতরে ঢোকার দক্ষে দাঁড়টা ঢিলে করে দিয়ে খুট করে থাঁচার মুখ আটকে দের—বেদিনই দেখছি, একটা জহলাদ ছাড়া শয়তানটাকে আমি আর কিছু কল্পনা করতে পাবছি না।' কথা শেষ করে কিশোরীমোহন একটা দিগারেট ধরালেন।

ত্ তিন টান দিয়ে জলস্ত সিগারেটটা আঙুলের ফাঁকে ধরে রেখে তিনি শুতনি তুলে আবার সেই দেওয়ালের দিকে চোথ রাথলেন।

এবার আমিও সেদিকে চোধ ফেরাই। টিকটিকিটা আর একটা পোকা ধরে
গিলে কেমন হুজোর মতন সঙ্গ সুন্দ্র জিভটা, প্রায় চোধে দেখা যায় না, পিলপিল
করে ছবার নেড়ে, মনে হল যেন ঠোঁট চেটে নিয়ে আবার স্থির হয়ে আছে।
চোধ ছটো কড শীতল। যেন ছটো কালো পুঁতি, চোধের পাতি নেই, কাজেই
এই চোধ নড়ছে কি, নড়ছে না ব্যবার সাধ্য নেই. একবার মনে হতে পারে ওটা
আসলে জীবস্ত নয়, লোকান থেকে একটা প্ল্যান্টিকের টিকটিকি কিনে এনে
কিলোরীমোহন তাঁর ঘরের দেওয়ালে আটকে রেথেছেন। এত নীবব স্থির
নিম্পান্দ হয়ে থাকতে জানে সে! ছা, নিরীই উদাসীন অক্সমনয়।

এই তো একটু আগে ঘরের মেঝের ছিল। তথনই অবশ্র আঙল দিয়ে

কিশোরীবাব্ আমাকে দেখিয়েছিলেন। এমন এক একটা সময় গেছে, তুটো একটা মাছি শয়তানের গায়ে এসেও উড়ে বসেছে, কিন্তু একটু নড়াচড়া নেই, অস্থিরতা নেই, যেন খাসও ফেলছিল না তুই, মাছিবা ভেবেছে একটা কাঠের টুকরো, একটা ময়লা কাগজ। এক সেকেও পার না হতে দেখা গেছে। আঙুলের মতন সক্ষরোগা জিরজিরে মেটে রংয়ের কদাকার ভয়ংকর জীবটির রূপ ও পরাক্রম, তার হিংসা, হননের বিচিত্র বীভৎস রূপ ও কৌশল। এক মিনিটেরও কম সময়ের মধ্যে পাঁচটা মাছি অবলীলাক্রমে সে উদরসাৎ করল।

'এক সঙ্গে দশ দিক দেখতে পারে পাজি।' কিশোরী বলে উঠেছিলেন। 'আমার আপনার চোথ একই সময়ে আর ক'দিকে যায়—আমরা শুধু আমাদের সামনেটাই দেখি।'

কথা না বলে মেঝের দিকে চোখ রেখে ঘাড় কাত করেছিলাম।

'ঈশ্বরের মতন শরতানের দৃষ্টিও সর্বগামী, জানেন তো।' পরে কিশোরীবারু আমার কানের কাছে মুখ এনে ফিদফিস করে উঠেছিলেন।

তাই দেখছিলাম। পু\*তির মতন ক্ষ্পে চোখ ত্টো দিয়ে সে সামনের মাছিটাকে দেখছে, কেমন স্থির হয়ে আছে, কী অপরিসীম তার ধৈর্ঘ, অবুঝ, অন্থির মাছি, বার বার নড়াচডা করছে, চুপ করে এক জায়গায় বসছে না। কিন্তু তাতে কি, যত সময় লাগুক, সে অপেক্ষা করকে, যেন অনন্তকাল তার হিম দৃষ্টি একভাবে ধরে রেখে সে অপেক্ষা করতে পাৎবে:। পাকা লিকারী। কখন কোন মৃহুর্তে শিকারের ওপর ঝাঁপিয়ে পড়বে, তার চেয়ে এই জিনিস আর কে ভাল বোঝে।

তাই দেখছিলাম। মাছিটা এতক্ষণ পর এক জারগার স্বস্থির হয়ে বসেছে, তার ঘাড়ের ও পাথার নড়াচড়া, হাতপায়ের কিলকিল থামল। এইবার, এখন! বুকটা ত্রত্ব করছিল। অবুঝ জানে না, করাল মৃতি সাক্ষাৎ যম তার জন্ত অপেকা করছে, সেকেণ্ড শুনছে, মিনিট শুনছে—

কিন্তু একি ! হতবৃদ্ধি হয়ে গেলাম। কিশোরীবাবু বেন আমার মতন এতটা স্তম্ভিত হলেন না। তার চোধ দেখে বুঝলাম। এই জিনিস তিনি অনেক দেখেছেন। আমিও দেখেছি, আমিও আমার ঘরের দেওয়ালে মেঝের টিকটিকি কম দেখি কি—না, কিশোরীবাবু আঙু ল দিয়ে না দেখালে এবং এতক্ষণ এই পরম সহিষ্ণু কুদে অত্যাচারীটি সম্পর্কে দীর্ঘ বক্তৃতা না করলে এতটা মনোবোগ দিয়ে তার গতিবিধি লক্ষ্য করতাম না। সামনের দিকে গেল না। তুই ক্ষিপ্রগতিতে ঘুরে গিয়ে পিছনের একটা মাছিকে ধপু করে গিলে ফেলল।

'অবিশ্বাশু ব্যাপার!' বিড়বিড় করে উঠলাম। কথাটা কিশোরীবাবুর কানে গেল! আর একবার নাকের শব্দ করে তিনি হাসলেন। 'পামর কথনো কারো বিশ্বাস অমুথায়ী কান্ধ করেছে শুনেছেন ?'

'তা-ও বটে !' বলতে গিয়ে থেমে গেলাম, হঠাৎ টেবিল থেকে পেপার-ওয়েটটা তুলে নিয়ে কিশোরীমোহন মেঝের দিকে ছুঁড়ে মারলেন। বলাই বাছল্য, তাঁর হাতের ঢিল লক্ষ্যভাই হল। চোথের নিমেবে একটা লাফ দিয়ে টিকটিকিটা মেঝে ছেডে দেওয়ালে উঠে গেল।

'এমনি ওকে মারা শক্ত।' আন্তে বলেছিলাম।

কিশোরীমোহনের চোথেম্থে তীব্র ম্বণা ও কোধ সেই •সময় প্রকট হয়ে উঠেছিল। খ্ব অল্প সমরের জন্ম যদিও। ম্থের পেশী শক্ত হয়ে উঠেছিল, নাকের ডগা কুঁচকে উঠেছিল। পরক্ষণে আমার ম্থের দিকে তাকিয়ে তিনি হেদে ফেলেছিলেন।

'না, কোনোদিন আমি পারলাম না খচ্চরটাকে শেষ করতে।'

দেওরালের দিকে চোথ রেথে বললাম, 'কিন্তু এই বেটা যেমন এক মিনিটে পাঁচটা মাছি গিলতে পারে, আপনার সেই পাথিওয়ালা নিশ্চয় এত অল্প সময়ে এত পাথি ধরতে পারে না।'

'একটা ত্টো ধরতেই ও-বেটার সারাদিন কেটে যার।' কিশোরী উত্তর করেছিলেন, ভারপর একটু থেমে থেকে পরে বলেছিলেন, 'কিন্তু তবু ত্টোর মধ্যে আশ্চর্য মিল, চেহারায় চরিত্রে। ত্টোকেই আমি সমান ঘেরা করি।'

'আমি দেখিনি লোকটাকে।'

'খুব সহজেই দেখতে পারেন, আপনিও তো মনিং-ওয়াক করেন। পার্কের দিকে না গিয়ে একদিন লেকের ওদিকটায় চলে যান।'

তাই গিয়েছিলাম। কিলোরীমোহন আমার নিকট প্রতিবেশী। একটা বড় ফার্মের ন্যানেজার। এখানে জারগা কিনে বাড়ি করেছেন। গাড়ি কিনেছেন। একটু প্রেসারে ভারাবেটিজে ভূগছেন বলে সকালে-বিকালে পারে হেঁটে বেজান।

তাঁর কথামতন লেকের ধারের একটা পড়ো মাঠে পাথিওয়ালাকে আমি সেদিন দেখলাম। একটা প্রকাণ্ড শিমুল গাছের একেবারে মাথার দিকের ভালে খাঁচাটা বসিয়ে দিয়ে বেশ কিছুটা দুবে একটা আতাগাছের তলায় খাসের উপর চুপ করে দে বসে আছে।

কিশোরীবাবুর ঘরে টিকটিকিটার সঙ্গে পাথিওরালার চেহারার মিলটা কোথার সঙ্গে সঙ্গেই আমার চোথে পড়ল। খুবই ছোটখাটো একটি মানুষ, তেমনি রোগা কৃষ্ণ মেটেমেটে গায়ের রং, উদ্ধৃদ্ধ চূল, এবং চোথ ত্টো অসম্ভব ফ্যাকাসে, যেন এক কোটো রক্ত নেই।

কিশোরীবাব্র টিকটিকি সেকেণ্ডে সেকেণ্ডে পোকা-মাকড় মাছি খেরেও শুকনো জিরজিরে হয়ে আছে। বে পরিমাণ খাচ্ছে এতদিনে বেশ তেলতেলে মোটাগোটা লাবণ্যযুক্ত চেহারা হওয়া উচিত ছিল ওটার।

কিন্তু পাখিওয়ালাকে দেখে আমার মনে হল নির্মিত তুবেলা থাত ছুটছে না লোকটার, হয়তো অনেক দিনই তার উলোসকাপাসে কাটছে।

একটা ভীষণ ময়লা ছেঁড়া গেঞ্জি গায়ে, পরনে জেলজেলে গামছা। আমাকে দেখে পাধীওয়ালা যেন একটু বিরক্ত হল। স্বাভাবিক।

মাঠভরা সকালের মনোরম হলদে রোদ। অগুনতি চোরকাঁটার মাধার ফডিং এসে উড়ে উড়ে বসছে, মাধার ওপর চৈত্রের নীল আকাল, ঝিরঝির হাওয়া বইছে, উচু তুলো গাছের ভালে পাখীওয়ালার থাঁচা আর এখানে আতার ছায়ায় ফ্যাকাসে চোখ ছটো থাঁচার দিকে ধরে রেথে পাখিওয়ালা পাখির ধ্যান করছে—এই নির্জনে নিঃশব্দ ধ্যানের জ্বগতে আর একটি মাস্থবের আবির্ভাব তার কাছে যে খ্বই অবাস্থনীয়, অপ্রীতিকর ব্যুতে আমার কট্ট হল না।

ত্বার বিরক্ত হরে আমার দিকে সে চোথ ফেরাল। তারপর আর তাকাল না। থাঁচার দিকে চোথ তুলে চুপ করে বসে রইল।

না, প্রথমটা আমার নক্তরে পড়েনি।

একটু মনোযোগ দিয়ে দেখতে জিনিগটা বোঝা গেল। আগে বা ভেবেছিলাম, শাঁচাটা কিন্তু মোটেই শৃক্ত নয়। ভিতরে একটা পাধি। সবৃদ্ধ পাতার রং। বুঝলাম টিয়া। কিচকিচ করে ডাকছিল।

হ", ডাকছিল। একলা বন্দী হয়ে আছে। নিশ্চয় একটি সন্ধী কি সন্ধিনীকে চাইছিল।

দেখলাম আমার অসুমান মিখ্যা নয়। কিচকিচ শব্দ করতে করতে দুরের একটা অশ্বধ গাছ থেকে ছটো টিয়া উডে এনে শিম্লের ডালে বদল। এই ডাল

ব্বকে ঐ ভালে গেল। থাঁচার কাছে গেল। থাঁচার ভিতরের পাথিটাকে দেখল। ব্রুল এটিও টিয়া, হুতরাং খুবই আপনন্ধন।

উত্ত, অন্ত খাঁচার মতন এই খাঁচার দরকা কিন্ত এক পাশে নেই, ওপরের দিকে, কাছেই উড়ে এনে বদা টিয়া ছটো খাঁচার আশে-পাশে কতক্ষণ ঘোরাছুরি করে দরজাটরজা খুঁজে না পেরে একটু হতাশ হল, তারপর যেন বৃদ্ধি করে খাঁচাটার মাথার দিকে চলে গেল। হুঁ, এবার তারা রান্তা দেখতে পেল। এখন ফুকং করে ভিতরে ঢুকে পড়ে আর একটি দক্ষী কি দক্ষিনীর দলে মিলতে পারার কোনো অস্থবিধে নেই। কিন্তু দেখা গেল চট করে ছটির একটিও ভিতরে ঢুকছে না। নিশ্চয় তাদের মনে দলেহ ঢুকেছে, সত্যি এটা কি আর একটা পাখির বাসা, না খাঁচাটাচা কিছু? তখনি আবার ছটিতে নিচের দিকে নেমে এল। এই ভাল থেকে দেই ভালে উড়ে গিয়ে বসল।

কিন্তু থাঁচার পাখি তথন নতুন উৎসাহ নিয়ে তুজনকে ডাকছিল। ওরাও অবগ্র ডাকছিল। কিচকিচ কিচকিচ। তুলো গাছের মাথাটা শব্দে শব্দে ভরে উঠল। ভারি মন্ধার তো। আমার চোথের পলক পড়ছিল না।

সেই সঙ্গে লক্ষ্য করলাম, আর এক ক্ষোড়া চোখের পলক পড়ছে না।
শিকার ধরার আগে টিকটিকির কুতকুতে পু"তিচোধ ঘুটো যেমন দ্বির হরে থাকে,
এখানেও ফ্যাকাসে চোখ ঘুটো স্থির হরে আছে, এই অবস্থায় টিকটিকিটা যেমন
করে, রোগা জিরজিরে মামুখটাও খাল বন্ধ করে থেকে খাঁচাটা দেখছে। খাঁচার
মুখের দরজার সঙ্গে একটা লখা দড়ি বাঁধা। দড়ির মাখাটা একেবারে এখানে
চলে এসেছে। পাথিওয়ালার শূহাতের কাছে। আতা গাছের শুড়ির সঙ্গে
সেটা জ্বভান।

अमित्क की शिष्ट्रन ?

ভিতরের পাধি ক্রমাগত ভাকছিল, থাঁচার দাঁড়ের ওপর উঠে নাচানাচি করছিল, ওপরের দিকে বার বার গলাটা ঠোঁটটা তুলে ধরছিল, থেন ওদের তুজনকে ইন্দিত করছিল ঐ তো দরজা, ঐ তো ভিতরে ঢোকার পথ, এসো চলে এসো, আমার মতন তোমাদের গলার শ্বর, চোথ ঠোঁট, নাক, হলুদ পা সবুজ্ব পাথা ভর কি, চলে এসো—মিলেমিশে থাকা বাবে।

তাই, কিশোরীবাব্ব দেওয়ালের টিকটিকিটাকেও দেখেছিলাম, সব সময় শিকারের ওপর ঝাঁপিয়ে পড়ে না, ছুটে বার না, কখনও কখনও সামনের দিকের কদর্ধ রোগা লিক্লিকে পা ভূটো একটু একটু করে নড়তে থাকে, চোরের মতন সম্বর্গণে একটু একটু করে দে এগোয়, আবার স্থির হুয়ে দাঁড়ায়, আবার এক সময় পা তুটো নড়ে ওঠে। আবার সে এগোয়। পাথিওয়ালার কালো কিটকিটে শিরা বেরিয়ে পড়া হাত হুটো তাই করছিল, একবার দড়ির দিকে অগ্রসর হচ্ছে, আবার থেমে যাচ্ছে।

ছ", থাঁচার পাথি ক্রমাগত ডাকছিল।

যেন ওদের ছ্জনের একজন আব লোভ সামলাতে পারল না। ঐ ডাল থেকে নাচতে নাচতে এই ডালে চলে এলো। ওর ডাক শুনে এ ডাকল। তারপর আর বিধা নেই, শহা নেই। খাঁচার ওপরে উঠে গিয়ে বনের পাখি দরজার দিকে গলাটা বাডিরে দিল, ঠোঁটটা ভিতরে নিয়ে গেল, একটা পা, পাখিওয়ালার খাস পডছে না, ফ্যাকাসে চোথের পাতা নডছে না—দডির ওপর হাত রেখেছে, তার তুর্বল হাতটা কাঁপছে, আর একট্, আর একটা পা ভিতরে ঢোকালেই হয়ে গেল, এখান থেকে পাখিওয়ালা দডির বাঁধন ঢিলে করে দেবে। টুক করে খাঁচার মুখটি বন্ধ হয়ে বাবে।

একটা সাংঘাতিক মৃহুর্ত !

(यन कि इत्त, कि इत्त ना वला वात्रह ना।

একটা চাপা উত্তেজনা নিয়ে শিমূলগাছের মাথাটা দেখছিলাম।

না:, বনের পাথি থাঁচার ভিতর থেকে গলাটা সরিয়ে আনল, পাটা তুলে আনল। সে বুঝে গেছে, এটা আদৌ পাথির বাসা নয়, মামুবের তৈরী থাঁচা। ভিতরে একটা পোষা টিয়াকে বদিয়ে রেখেছে, বনের আরও ত্টো একটা টিয়াকে ভেতরে টেনে আনার চমৎকার ফাঁদ।

পাথিওয়ালার পাথি ধরার কৌশলটির মনে মনে আমি তারিফ না করে পারিনি। কিন্তু কোথায়, টিয়া ত্টো কিচকিচ শব্দ করতে করতে শিমূল গাছ ছেডে আবার দুরের সেই অথখ গাছটার দিকে উডে গেল।

'শালা!' পাথিওয়ালা দডি থেকে হাত তুটো দরিয়ে আনল। একটা বড় শ্বাস ফেলল। ঘাদের ওপর একদলা থুখু ফেলল।

'পারলে না ধরতে।' আমি আন্তে বললাম।

সহজে কি ধরা দেয়—চালাক হয়ে গেছে।' মুখটা কালো করে পাখিওয়ালা উদ্ভৱ করল। চুপ থেকে দ্বের অখখ গাছটা দেখল। তারপর আমার দিকে চোখ ফেরাল। 'বেবাক ত্নিয়া চালাক হয়ে গেছে—পাখিফাখি আর বাদ বাবে কেন?'।

খুব হতাশ হয়েছে পাথিওয়ালা বুঝতে পারলাম।
'কাল ধরা পড়েছিল কি এক আধটা ?'

'না:।' পাথিওয়ালা মাথা নাড়ল। 'আজ তিনদিন ধরে এই চলেছে। একটা তুটো উড়ে এসে গাছে বসে ঠিকই, দেখেশুনে আবার সরে যায়।'

উত্ব, তথনি চিন্তা করলাম, কিশোরীমোহনের ঘরের সেই ক্লুদে শরতানটির কাছে এই মান্থবটা কিছু না। শিশু। যতটা সময় আমি এখানে দাঁড়িয়ে আছি অস্তত কুডিটা মাছি বা পোকা থেয়ে সে শেষ করত। আর এই হতভাগা তিন-দিনেও একটা পাথি শিকার করতে পারছে না।

তবে কিনা চেহারার দিক খেকে চরিত্রের দিক খেকে, কিশোরীবাবু যেমন বলেছিলেন ত্টিরই যে কিছুটা মিল আছে, পুরোপুরি অস্বীকার করতে পারছিলাম না। খাঁচার দডিটা ধরে রাখার সময় ফ্যাকানে চোখ ত্টোর মধ্যে একটা তৃষ্টামি একটা কপটতা ওত পেতে ছিল না?

'দরকার কি তবে এভাবে নারাদিন গাছতলায় বসে থেকে।' গলা পরিকার করে বললাম, 'তাছাডা জিনিসটা খ্ব ভালও না, পাথিটাথি ধরা, আমার তো মনে হয় অক্ত কোনো কাজটাজ করলে ভাল হত।'

পাখিওয়ালা চুপ করে গুনল।

নিজের কানেই কথাটা কেমন বেথাপ্পা শোনাল। যেন মানুষটাকে আমি নীতি উপদেশ দিচ্ছি। পাথি ধরাই যদি তার পেশা হয় অন্ত কাছ সে করবে কেন, পারবেই বা কেন!

'হু, কথাটা বাবু বলেছেন ঠিকই, ও একটা জীব, জীবকে থাঁচায় আটকে রাথা ঠিক না।' আমার দিকে চোথ তুলে পাথিওয়ালা মাথা ঝাঁকাল। তারপর বড একটা নিখাস ফেলল। 'তবে কিনা আমার এই ব্যবসা ছিল না।'

'কি করতে আগে ?' কৌতুহল হল।

'কারখানার কান্ধ ছিল, কারখানা বন্ধ হরে বেকার হলাম।'

'আর কোনো কাজ জুটল না ?'

'নাঃ।' ঘাসের ওপর আর একদলা থুখু ছিটিয়ে পাখিওয়ালা কানের পিছন থেকে একটা পোড়া বিড়ি টেনে আনল। 'বাবুর কাছে আগুন আছে ?'

'না ভাই, আমি বিড়ি দিগারেট থাই না।'

'হু', কারথানার কাজ গিয়ে বেকার হয়ে তথন আর করি কি, বিনা পু'জির ব্যবসা, গাছের মাধার একটা খাঁচা বসিয়ে রেখেপাথি বরতে লেগে গেলাব।' লোকটা হাসল ৮ 'কিন্তু পাথিরা তো ভোমার খাঁচার চুকছে না।' আমি পান্টা হাসলাম। 'ঐ যে বললাম বারু,—পাথিওয়ালা সঙ্গে সঞ্জোর হয়ে গেল। 'ত্নিরার সব বেটা চালাক বনে গেছে, ওরা কি আর বাদ থাকবে—পয়লা পয়লা শিকার ভালই কুটছিল। আজ ক'টা দিন একটা পাথি ধরা পড়ছে না।'

'তবে কি অন্ত কোপাও গিয়ে থাঁচা বসাবে ?'

'নাঃ, এ আর পোষায় না, এই ব্যবদা একেবারে ছাড়তে হবে।'

'ভাই ভাল।' খুশি হয়ে ঘাড় নেড়ে বললাম, 'অন্ত একটা কাছটাজ যদি ছুটিয়ে নিভে পার—ভাছাড়া পাখি ধরাটা—' কথাটা আর শেষ করলাম না, আন্তে আন্তে মাঠ ছেড়ে রান্তার উঠে এলাম। তথন কিশোরীবাবুর সঙ্গে দেখা। তিনি সবে বেড়াতে বেরিয়েছেন। বেলা করে প্রাভন্তমণ তাঁর পোষায়। নিজের গাড়ি আছে। অফিসে লেট হবার ভয় নেই। আমাকে ট্রামে বাসে ঝুলে ঝুলে অফিস করতে যেতে হয়।

ক'দিন আর কিশোরীবার্র বৈঠকথানার যাওরা হরনি। যেন সেই মাঠে পাখি-ওয়ালাকেও আর দেখতাম না।

এক রবিবার সকালে কিশোরীমোহনের বসবার ঘরে চুকতেই তিনি ২ৈ-হৈ করে উঠলেন। সমাদর করে বসালেন। 'কি ব্যাপার! দেখতেই পাচ্ছি না?'

'কাজেকর্মে আসতে পারিনি। তারপর, আপনি কেমন আছেন বলুন ?'

'ভাল।' কিশোরীবাবু আমার দিকে সিগারেটের প্যাকেট বাড়িয়ে দিলেন। 'সিগারেট থান।'

সিগারেট ধরিয়ে এদিক-ওদিক দেখছিলাম। আরও ত্টো নতুন সোফা কেনা হয়েছে। টেবিলের ফুলদানিতে এতবড় একটা গদ্ধরাজের তোড়া। পয়সাওয়ালা মাকুষ, ভাবলাম, তাঁকেই এসব শোভা পায়। ফুল এবং সোফা দেখা শেষ করে ঘরের মেঝেটা দেখলাম, ভারপর দেওয়ালের দিকে চোধ রাথলাম।

কিশোরীবাবু আমার মুথের দিকে তাকিয়ে অল্ল অল্ল হাসছিলেন।

'আপনি কিছু খুঁজছেন নিশ্চয়ই ?'

'হু', কিশোরীবাব্র চোথের দিকে তাকালাম। 'আপনার ঘরের সেই কুদে শয়তানটাকে কিন্তু আৰু দেখছি না।'

কিশোরীবাবু এবারে হো-হো করে হেদে উঠলেন। 'আমি ব্রুতে পেরেছি, আপনার তাকান দেখেই ধরে ফেলেছি আপনি কাকে খুন্সছেন।'

'কোখাৰ গেল ওটা ?'

'শেষ হয়েছে, আপনা থেকেই শেষ হল।' কিশোরীবাবু সোফার পিঠে হেলান দিয়ে আরাম করে বদলেন। 'পেপার-ওয়েট ছুড়ে কট্ট করে আমাকে আর মারতে হল না।'

আমি তাঁর চোথত্টো দেখছিলাম। কিশোরীবার্ বললেন, 'কাল শনিবার ব্রেছেন, অফিন থেকে।ফরে ঘরে চুকভেই পায়ের নিচে কাঁাক করে একটা শব্দ ভানলাম। কি ব্যাপার ? তাকিয়ে দেখি আমার জুতোর চাপে বেটা চেপটা হয়ে গেল।'

'থ্ব মন দিয়ে মাছি থাছিল আর কি।' আমি হাসলাম। 'কাল আর অগ্ত কোনদিকেই ওর চোথকান ছিল না।'

'তার মানে পাপী এভাবেই একদিন শেষ হয়, পাপের বেতন মৃত্যু, আপনি জানেন তো।' কিশোরীমোহন গঞ্জীর হয়ে বললেন। আমি শব্দ না করে ঘাড় কাত করলাম।

'ভাল কথা মনে পড়ল।' কিশোরীবাবু একটু উত্তেজিত হয়ে উঠলেন। সেদিন তো আপনি পাথিওয়ালাকে দেখলেন, ভার পরে কি আর লোকটাকে দেখেছিলেন ?'

'না।' একটু থেমে থেকে বলসাম, আর কিন্তু তাকে আমি ওই মাঠে দোখনি আমার মনে হয় পাথিধরা সে ছেড়ে দিয়েছে।'

'হুঁ, মনে হর ছেড়েই দিয়েছিল, অন্ত ব্যবসা ধরেছিল—আপান শুনে অবাক হবেন, ওই শয়তানও এভাবেই শেষ হয়েছে।'

'কি রকম ?' চোথহুটো রাভিমত ছোট করে ফেললাম। কিশোরীমোহন পিঠ টান করে সোজা হয়ে বদলেন।

'এটা গেছে শনিবার দিন, ওটা গেল মন্ধলবার বিকেলে। শুন্থন মন্ধা, অফিস সেরে গ্রে স্ট্রাটে এক বন্ধুর সঙ্গে দেখা করে আমি গাড়ি নিয়ে রাজা দীনেন্দ্র স্ট্রীট ধরো বাড়ি ফিরছি, হু', প্রায় মানিকতলা পোলের কাছে এসে গেছি, হঠাৎ একটা হৈ-হৈ শব্দ কানে এল, ঠিক ব্রুতে পারলাম না, এমন হল্লা চিৎকার অবশু কলকাতা শহরে লেগেই আছে, ফাকা রান্ডা পেয়ে বেশ একটু স্পীড নিয়েই আমি গাড়ি চালাচ্ছিলাম। চিৎকারটার সঙ্গে সঙ্গেই দেখলাম একটা লোক, যেন পাশের কোন গলির ভিতর থেকে বেরিয়ে ছুটতে ছুটতে পড়বি তো পড় একেবারে আমার গাড়ির সামনে, সঙ্গে সঙ্গে ব্রেক করেছিলাম কিন্তু ততক্ষণে—'

'চাপা পড়ল লোকটা ?'

কিশোরীবাবু মাখা ঝাঁকালেন।

'প্রায় দশগন্ধ দূরে গিয়ে গাড়িটা দাড়াল, দরজা খুলে নেমে এসে দেখলাম, সেই বেটা পাখিওয়ালা।'

'এভাবে ছুটছিল কেন ?'

'ঐ যে, গলির ভেতর কাদের বাড়িতে চুরি করতে গিয়েছিল, টের পেয়ে পেছন থেকে পাড়ার মাহ্র্য তাড়া করল, ধরা পড়ার ভয়ে উল্লুকটা ছুটছিল, বদি রাস্তা ক্রশ করার চেষ্টা না করে রাস্তার কিনারা ধরে বেটা ছুটত তো আর যাই হোক, গাড়ির তলায় চাপা পড়ে মরত না।' কিশোরীবাবু সামান্ত হাসলেন।

'ভা ভো বটেই !' একটু থেমে থেকে বললাম, 'সঙ্গে সঙ্গে খুব ভিড় জ্বমে গেল নিশ্চরই ?'

'তা আর বলতে, কলকাতার রাস্তা, একটা লোককে চাপা দিয়েছি, আমার কেবল ভয় এবার আমায় ধরে সব ঠেঙাবে, গাড়িটাও নষ্ট করবে, কিন্তু সবাই তথন বলাবলি করছিল, বেটা চোর, চুরি করে পালাচ্ছিল, আমার কোনো দোব নেই, আমি তো সঙ্গে ব্রেকও কবেছিলাম, না এই ভন্তলোকের কোনো দোব নেই, রাস্কেলটা যদি ধরা পড়ার ভরে চোথ বুজে ছুটতে গিয়ে একটা চলন্ত গাড়ির নিচে চলে যায় তো এর জন্ম কেউ দায়ী নয়—'

'তারপর ?'

'আমি অবগ্র তথনি বেটাকে আমার গাড়িতে তুলে নিয়ে হাসপাতালে ছুটলাম। কিন্তু বাঁচল না।'

'পাথি ধরা ছেড়ে দিয়ে পেটের দায়ে লোকটা চুরি করতে শুরু করেছিল।' বিভবিড় করে বল্লাম।

(कारनावक्य यखना ना करव किरमावीवाव अकी निभारवि धवालन।

'থ্ব গ্রম পড়েছে।' কিশোরীমোহন আবার সোফায় হেলান দিয়ে বসলেন। আমি জানালার বাইরের আকাশটা দেখলাম।

'চৈত্র মাস, বৃষ্টি নেই।'

'বাজারে যান-টান ?'

আবহাওয়া থেকে কিশোরীবাবু বান্ধারে চলে গেলেন।

'ভা আর বদতে, দাঁড়ান আপনাকে একটা জিনিদ দেখাছি, আমি নিজে বড়

একটা বাজারে যাই না, আজ ইচ্ছে হল, রবিবার, চাকরটাকে দলে নিয়ে একটু খুরে এলাম।—হরিহর। কিশোরীমোহন তাঁর চাকরকে ডাকলেন।

হরিহর পিছনের দক্ষার উকি দিতে কিশোরীবাবু বললেন, 'বাবুকে মাছটা এনে দেখা।'

আমি ভাবলাম একটা আন্ত কাতল-ক্রই এনে তাঁর চাকর আমার সামনে হাজির করবে। হরিহর ত্ হাতে একটা প্রকাণ্ড গামলা ধরে নিয়ে এল। দেখলাম গামলা ভরতি কালো চকচকে মোট। মোটা মাগুর মাছ। এক একটা মাছ এক হাতেরও বেশি লম্বা।

'বাঃ, বেশ বড় মাগুর পেয়েছেন তো! সব কটাই খুব পুষ্ট—এত বড় মাগুর আমাদের এ-বাজারে আসে না।'

আমার কথা শুনে কিশোরীবারু হাসলেন।

'ঐ যে অগ্নিমূল্য বললেন, বারো টাকা কেজি নিয়েছে বেটা, একটা আধুলি ছাডল না।'

'তা হলেও বেশ মাছ হয়েছে।' যেন কিশোরীবাবুকে থুশি করতে বললাম, 'একদক্ষে অনেক মাছ নিয়ে এসেছেন দেখছি।'

'ছ, এবেলা চারটে খাব ওবেলা চারটে।' কিশোরীমোহনের চোখনুটো বড় হরে উঠল। 'অন্ত কিছুই তো খেতে পারি না, প্রেসার, ডারবেটিস ছ্টোই আছে, জ্যান্ত মাগুরের ঝোল আর চাটি ভাত, একবেলা ভাত একবেলা কটি, গুনে দেখলাম ত্রিশটা মাছ রয়েছে, বাড়িতে বলে দিয়েছি, এই মাছের ভাগ আর কেউ পাবে না—আমার একলার তিন চারদিন বেশ চলে যাবে, কি বলেন?'

'তা চলবে।' মাথাটা ঈষৎ নাড়লাম। মানুষ্টার চোথ ছুটো দেখতে আমার ভয় ক্রছিল।

## ডলি মলি, বসন্তকাল ও টি মজুমদার

আপনারা তাকে দেখেন নি? নিশ্চয় দেখেছেন। কলকাতার রান্ডায়-ঘাটে হরদম থারা চলাফেরা করেন ট্রামে-বাসে ঘোরাঘুরি করেন তাঁদের কথাই বলছি, যারা ঘরকুনো তাঁদের কথা এখানে ওঠেনা, তাঁরা এই শহরের অনেক কিছুই দেখেন না, দেখতে চানও না। কিন্তু আপনাগা যাঁরা কাজে কর্মে সর্বদা বাডি থেকে বেরোচ্ছেন, কোনো না কোনো সময়, এই রাস্তায় সেই রাস্তায় কি এই ট্রামে সেই বাসে টি মজুমদারকে দেখে থাকবেন। দেখতে হবেই। কেউ কেউ হয়তো মিঃ মজুমদার বলে তাকে চেনেন জানেন। বা মজুমদারবাব। কাউকে কাউকে মজুমদারমশাই ভাকতেও শোনা যায়। মামুষটা যে অসাধারণ কিছু তা নয়। বরং উল্টো। খুবই সাধারণ। আর পাঁচটি বান্ধালী ভদ্রলোকের মতন মাঝারি মাপের চেহারা। পোশাক-আশাকও সাদাসিধে। শার্ট ট্রাউজারস বেল্টের জ্বতো, শীতকালে গায়ে একটা কোট এবং আরও বেশী ঠাণ্ডা পড়লে গলায় মাফলার, তার অতিরিক্ত কিছু না। তবে যেটা তার নিত্য সন্ধী, শীতে গ্রীমে রোদে বর্ষায় সারাক্ষণ হাতে ঝুলছে, একটা অ্যাটাচি কেস । কালো রং চারধারে সোওয়া ইঞ্চি দেড় ইঞ্চি চওড়া সাদা বর্ডার। অনেকের হাতেই এই জিনিস দেখতে পাবেন। কিন্তু আটাচি এখানে বড কথা নয়, আসল হল মামুষটা, টি মজ্মদার – এই শহরে আপনারা চলাফেরা করেন অথচ মজ্মদারকে দেখেন নি-হতেই পারে না, তা হলে বলতে হয় ময়দানের মন্ত্রমেন্ট, বিড়লা প্ল্যানেট্যারিয়ামের বেঁটে গম্বন, হাওড়ার পোল, শেরালদার মোড়ের গাড়িঘোড়া ও মারুবের অকথ্য ভিড, এ জি অফিদের লাল বাড়ি, টালার ট্যান্ধ হ্যারিসন রোডের মহেন্দ্র কি লম্মীকান্তর ছাতার দোকান ইত্যাদি কিছুই আপনাদের চোথে পড়ে না। চোথ থেকেও আপনারা অন্ধ।

তা কি হয় ! সাদা বর্ডার দেওয়া কালো রঙের অ্যাটাটিটা হাতে ঝুলিয়ে টি মজুমদার মূর্ত্ মূহু আপনাদের সামনে পড়ে যাচছে। এই দেখলেন বাস থেকে নামছে, এই দেখলেন ভক্ষণি ছুটে একটা ট্রাম ধরছে, ট্রামটা যদি ধরতে না পারল সঙ্গে প্রকটা রিকশা ডেকে তাতেই চেপে বসল। হয়তো তথন মূষলধারে

বৃত্তি, হয়ভো ট্রামেনিচেপে কাছাকাছি কোথাও যাবার কথা, ভিড়ের দক্ষণ উঠতে না পেরে, বলা যায় না মজ্মদার হয়ভো হেঁটেই যেখানে যাবার সোজা চলে যেত, বৃত্তির জন্ম তা আর সম্ভব হল না বলে রিকশা, হয়ভো দেখছেন বাদলার জন্ম ক'দিন ধরেই তার কাঁধে একটা ছাই রঙের বর্ষাতিও ঝুলছে। কিন্তু কুকুর বেড়ালের ফোঁসানি নিয়ে বৃত্তি শুক্ত হলে বর্ষাতি করবে কি। ক' ফোঁটা জল আটকাবে!

তা না হলে অনেক দিন অনেক সময় থটথটে রোদ্ধুরের তুপুরেও টি মন্তুমদার আ্যাটাচি হাতে ধর্মতলার ফুটপাথ ধরে হাঁটছে কি হাতিবাগান বাজারের কাছে বাস থেকে নেমে গ্রে স্টাটের দিকে এগোচ্ছে বা হরিশ মুখার্জি রোডের এক সারি নোনা-ধরা পুরোনো বাডির সাঁতসেঁতে ছায়া ধরে বড় বড় পা ফেলে ওদিককার কোনো মেডিকেল স্টোর্স — ওষ্ধের দোকানের দিকে এগিয়ে যাচছে। এই দৃশ্য আপনারা অনেক দেখেছেন।

এটা বরাবরের দৃষ্ঠা। কুড়ি বছর ধরে এই এক ছবি।

কথনও ধর্মতলায়, কথনও হাতিবাগানের মোড়ে, কথনও হরিশ মুখাজি রোডে। বা শহরের আর কোনো রাস্তায়। বা বাদে করে আপনারা নার-কেলডাঙ্গার দিকে যাচ্ছেন, দেখলেন রাজাবাজারের মোড়ে লাফিয়ে কেউ গাড়িতে উঠল! ভিডের জন্ম প্রথমটা নজরে পড়ল না, ভিড় কমে গেলে পরিষ্কার দেখতে পেলেন কোণার দিকের একটা সীটে অ্যাটাচিটা কোলের কাছে ধরে রেখে চুপ করে টি মজুমদার বদে।

## ছ", গম্ভীর। চিরকাল একরকম।

ভবে কুজি বছর আগের চেহারা এখন থাকবে কেন! সেদিন মুখটা একটু গোলগাল ছিল। ময়লা রং। তা হলেও সেদিন গায়ের চামড়ায় একটা তেজী চকচকে ভাব ছিল। আন্ধ যেটা একেবারে নেই। কেমন ধৃদর ধৃদর দেখার। মাথার চুল কমে গেছে ভো বটেই, যেন আন্তে আন্তে একটা টাক দেখা দিতে আরম্ভ করেছে, গাল তুটো বসে গেছে, কপালের ত্' পাশে তুটো রগ কেগে উঠেছে।

সেদিন যদি কুড়ি-একুশ বয়স ছিল মজুমদারের, আজ চল্লিশ-বিয়াল্লিশ হয়েছে

এবং এই বয়সে যে একজন বান্ধালীর এই চেহারাই দাঁড়াবে এটা আপনারা সবাই আশা করতে পারেন। কাঁধের হাড় তুটো উঁচু হয়ে উঠেছে, ঘাড়টা সামনের দিকে সামাক্ত ঝুঁকে পড়েছে। যে জ্বন্ত চোখে মুখে একটা ক্লান্তির, অবসন্ধতার ছাপ এবং সময় সময় তা বেশ প্রকট হয়ে ওঠে।

তা বলে মামুষটা কি বদলে গেছে! সেই কাঠামো, সেই তাকান, হাঁটা চলা—কুড়ি বছর আগে যেভাবে ছুটে এসে ট্রাম ধরত, হাতল ঝুলে খেভাবে বাস থেকে নামত—সব একরকম আছে।

বা একটা স্ট্যাণ্ডে দাঁড়িয়ে বাসের জক্ত অপেক্ষা করা আজও মিনিটের পর মিনিট হরতো কখনও আধ্ঘণ্টা পঁরতালিশ মিনিট পার হয়ে যায়, দেখা গেল টি মজুমদার একভাবে বাসের জন্ম দাঁড়িয়ে। যখন অধৈর্ব হয়ে উঠছে ধারে কাছের দোকান খেকে বিগারেট কিনে ধরিয়ে নিচ্ছে। কুড়ি বছর আগেও তাই করত না ? যদি আপনারা কেউ সেখানে উপস্থিত থাকেন, বলা যায় না, হয়তো দেখবেন আপনার প্রায় গা খেঁষেই মাছ্মটা দাঁড়িয়ে, তখন একটু লক্ষ্য করলেই মজুমদারের বা কপালের কাটা দাগটা আপনার চোখে পড়বে।

আপনার তথন মনে হবে কুড়ি বছর কেন, তারও আট-দশ বছর আগে অর্থাৎ মজুমদারের বয়স যথন ন-দশ তথন থেকেই বুঝি কপালের এ দাগটা।

এটা হয়। কিছু কিছু কাটা ও ক্ষতের চিহ্ন আমাদের শরীরে চিরকালের মতন খেকে যায়, কোনোদিনই মেলাতে চায় না, বরং বয়স বাড়ার সঙ্গে দক্ষে দাগটাও যেন বড় হতে থাকে, বুড়ো হতে থাকে।

হাঁা, বাস-স্ট্যাণ্ডে দাঁড়িয়ে মামুষটাকে দেখছেন, সেই পুরোনো ক্ষতিছিল না তার জ্বামা জুতো হাতের এটাটিচি দাঁডাবার ভঙ্গি বিরল হয়ে আসা মাধার চূল, কক্ষ হয়ে আসা গায়ের চামড়া ও একটানা কুড়ি বছর শীতে গ্রীমে বর্ষায় হেমস্ত ছুটোছুটির দরুণ বিয়ালিশে পা দিয়ে একটা শরীরে একটা মনে যে পরিমাণ ক্লান্তি বিষাদ তিক্রতা নৈরাশ্য ও ভক্ততা-বোধ জ্মতে পারে, তার সব কিছুই একটু একটু করে আপনার চোথে পড়ছে, কিছ তারপর ?

বেহেতু আপনার বাদ এদে গেল, তাড়াছড়ো করে গাড়িতে উঠে পড়লেন অথবা আপনার আগেই নির্দিষ্ট বাদথানা পেয়ে টি মজুমদার চলে গেল—সঙ্গে দিকে আপনি মাহ্রবটাকে ভূলে গেলেন? আপনার মন থেকে মৃতিটা মুছে গেল?

কভকণ ? ক'দিন ?

হয়তো আর এক তুপুরে ক্রিক-রো ধরে যাচ্ছেন, আপনি তথন রিকশায়, দেখলেন ওদিকের শ্রীতুর্গা মেডিকেল হল নামে একটা ওযুধের লোকান খেকে টি মৃত্যুদার বেরিয়ে আসছে। অথবা এক বিকেলে গ্যাস স্ট্রীটের ফুটপাথ ধরে ইটিছেন, আপনার চোথে পড়ল সেই একই ব্যক্তি। টি মৃত্যুদার। এই মাত্র ইস্টার্ন ড্রাগ হাউদ নামে আর একটা ওষুধের দোকানে চুকে পড়ল।

হয়তো ইতিমধ্যে আপনি বুনে গেছেন কোনো ওষ্ধ কোম্পানীর চাকরি মাসুষ্টার। ওষ্ধের স্যাম্পল নিয়ে মজুমনারকে দোকানে দোকানে চুঁ মারতে হয়। হাতের ব্যাগটার নানা ওষ্ধের ফাইল ক্যাপঞ্ল, ট্যাবলেট ও কাগজপত্রে ঠাসা। যে জন্ম সর্বদা ওটা সঙ্কে।

যাই হোক আর একদিন, ঝিরঝির রুষ্টি পডছে তথন ঠিক সন্ধো, ধর্মতলার একটা চায়ের দোকানে বলে আপনি হয়তে। চা থাচ্ছেন, আন্তে আন্তে একজন ভিতরে চুকল, চোথ তুলে দেখলেন সেই চেহারা, হাত থেকে অ্যাটাচিটা নামিয়ে ভেজা বর্ষাতিটা গুটিয়ে নিয়ে টি মন্ত্র্নার উল্টো-দিকের একটা চেয়ারে বসল।

অস্বাভাবিক কিছু না, দোকানে ভিড় থাকা দত্তেও মন্ত্রুমদারের সঙ্গে আপনার এক সময় চোখাচোখি হয়ে যাবে। তারপর ? আপনি কি আগ বাড়িয়ে তার সঙ্গে কথা বলবেন ? সেই দিচ্ছা আপনার হবে ? আমার মনে হয় না। আমরা — আমি আপনি য়ত্মধুরাম শ্রাম দবাই, এ-য়ুগে যারা জয়েছি, ভয়ানক স্বার্থ-পার, ভীয়ন-য়কম আত্মকেন্দ্রিক য়ে! একটা মারাত্মক ব্যাধি বলতে পারেন এবং সংক্রোমক বটে। আমরা সকলেই এই রোগে সংক্রামিত। হাজার দিন একটা মান্ত্র্যকে এখানে-দেখানে দেখছি, কিছু যেহেত্ সাক্ষাৎ পরিচয়্ব নেই সেই কারণে গায়ে পডে তার সঙ্গে কথা বলি না, কি জানি যদি আমাদের আত্মশ্যান করে যায়।

অথচ দেদিন মাণিকতলার মোড়ে আপনাদের ত্জনের প্রায় মুখোমুখি দেখা। আর একদিন, ধরুন না গড়িয়াহাটের বাস স্ট্যাণ্ডে অন্তত কুডি মিনিট মাত্রটির পাশে দাঁড়িয়ে আপনিও বাসের জন্ম অপেকা করছিলেন। ঠিক তার পরদিনই মাবার গ্যাস দ্বীটে দেখা।

এখন এই চারের দোকানে। আপনার সামনে মানুষটা বদে। কিন্তু চোধা-চোধি হল কি অমনি আপনি মুখটা ঘুরিয়ে নিলেন। অথবা যেন দেখেও দেখছেন না। বা এমন চোথে তাকাচ্ছেন থেমন রাস্তার ট্রাম বাদ দমকল অ্যান্থলেন্স ট্রাফিক পুলিস ভিকিরি কি হিপি দেখলে নিস্পৃহ নিরাসক্ত দৃষ্টি নিয়ে আমরা এক-আধবার তাকাই, তারপর অন্যদিকে চোখটা বুরিয়ে নেই।

সজ্যি কি মানুষটা রান্তার ট্রাম বাস দমকল হিপি ভিকিরির পর্যায়ে পড়ে ?

বেহেতু সারাদিন একটা অ্যাটাচি হাতে ঝুলিরে এই রান্ডার সেই রান্ডার, এই ট্রামে সেই বাসে ঘোরাঘুরি করছে? পোশাক-আশাকের চটক নেই? নিভাস্তই আটপোরে সাদাসিধে চেহারা?

তা হলে ভিড়টা কমতে দিন। নির্জনতার মধ্যে মজুমদারকে দেখুন। জানি, সঙ্গে সজ্ আপনারা মাধা নাডবেন। কলকাতা শহরে কথনও ভিড কমে না, না সকালে না তুপুরে না রাত্রে। আর এ তো চায়ের দোকান। তা-ও আবার ধর্মতলার মতন জায়গা। কথায় বলে মানুবের মাথা মানুষ্যে থায়।

অস্বীকার করব না। সেদিন এমন খটখটে বোদের তুপুরেও ক্রিকরো'র মন্ডন নিরিবিলি রান্ডাটা চোখের নিমেষে লোকারণ্য হয়ে ওঠে! ওদিকের কোন্
বন্তিতে আগুন লেগেছিল। আগুন লাগার সঙ্গে সঙ্গে ওই তল্লাটের অবস্থাটা কী
দাঁড়ার আপনি স্বচক্ষে যদি দেখন্ডেন। দশটা দমকল ছুটে এসেছিল। পাড়ার মান্ত্র্য তো বটেই, যেন বেপাড়া থেকেও দশ হাজারের বেশি লোক হুড়মুড করে গলির
মধ্যে ঢুকে পড়ে। সেই সঙ্গে হাজারগণ্ডা চোর-ছাাচড়, গুণ্ডা বদমাশ। আর
তাদের শারেন্ডা করতে চোখে চোখে রাখতে পুলিস, পুলিসের পেছনে এক দঙ্গল
এন দি দি।

একটা খোলার ঘরে এক টুখানি আগুন। তা হলে হবে কি, এই শহরের যা দল্পর, অদরকারেও এমন হৈ-চৈ বেধে যায়, আবার দেখবেন দরকারের সময় কেউ কোথাও নেই, আগুন লেগে বা বসস্থ-টসন্থ লেগে চ্পিচ্পি গোটা পাডাটাই সাফ হয়ে গেল। মাছিটাও টের পেলে না।

না, সেদিনের ক্রিক রোর সেই জঘন্ত ভিড ও গোলমাল এমনভাবে শামাদের চক্রনের মাঝখানে এসে ঝালিয়ে পডল শার্টপ্যাণ্ট পরা, মাথায় চোটখাট টাক, সাডে গাঁচ ফুট লম্বা ময়লা চেহারার মানুষ্টি কোথায় যে হারিয়ে গেল! মজুম্দারকে আর খুঁজেই পাওয়া গেল না।

বাস-স্ট্যাণ্ডে? সেখানেও ষথেষ্ট ভিড ছিল। অবশ্য আগুন লাগার ভিড না। আমি আবার সেই গডিয়াহাট বাস-স্ট্যাণ্ডের কথা বলছি। প্রায় বিশ মিনিটের মতন গা বেঁষাবেঁষি হয়ে গাডিয়ে বাসের জন্ম আপনারা ছজন সেদিন অপেক্ষা করসেন। এটা কম কথা হল! খ্বই কাছাকাছি এসে ছিলেন একজন আর একজনের। কিন্তু তাতে বিশেষ কাজ হয়েছিল কি? এভাবে একটা মাম্বকে দেখা হয় না। সম্ভব না। বলছি এই জন্ম, আপনার মন তথন চঞ্চল ছিল। বাসের চিন্তায় সেকেণ্ডে সেকেণ্ডে আপনি নার্ভাস হয়ে পড়ছিলেন।

মনে রাখবেন এই অন্থিরতা, এই ত্রাসও আমাদের শহরে মাহুবের আর এক ছশিকিৎস্য ব্যাধি। বাস-স্ট্যাণ্ডে দাঁড়িয়ে একবার যদি টি মজুমদারকে দেখতে আপনি ঘাড় ঘুরিয়েছেন পর মুহূর্তে বাসের ত্র্ভাবনায় অন্তত্ত দশবার আপনাকে রাস্তার দিকে তাকাতে হয়েছে। আরও বেশি। এ অবস্থায় কি করে একট। মাহুবকে ভাল করে দেখা যায় বা বোঝা যায় বলুন!

এই জন্ম আমরা শহরের মানুষ পরস্পারের খ্ব কাচে এসেও অপরিচিত থেকে যাই। বাস-স্ট্যাণ্ডে কেন, বাসের ভিতর একজন আপনার কাঁধের ওপর কন্মইয়ের ভর রেখে দিব্যি দাঁডিয়ে থাকে না! সেথানে তৃজনের মধ্যে, কি বলব, সমুদ্রবং ব্যবধান কগনও ঘোচে কি? কারো সঙ্গে কারো মৌথিক পরিচয়টাও হয় না। আমরা হতে দেই না। বরং উলটো ঝগড়া কবে বাস থেকে নেমে পড়ি।

কাজেই টি মন্ত্র্মদারকে দেখতে হলে জানতে হলে আপনাকে ভিডের বাইবে বেতে হয়। শহরের রাস্তায় হবে না। শহর থেকে দ্রে, অস্তত কিছুটা দ্রে, মনে করুন জায়গাটার নাম বাঁশদ্রোণী. কাজে বা অকাজে—যে কারণে হোক আপনি হঠাৎ এক দিন সেখানে গিয়ে হাজির। এভাবে কোন না কোন সময় শহর পেরিয়ে আমরা কি কলকাতার প্রায় কাছাকাছি কোনো নির্জন জায়গায় যাই না! বামনগাছি হতে পারে। বেডাচাঁপা হতে দোষ কি। হয়ভো কাঁচা মাটির রাস্তা ধরে আপনি ইটিছেন। একটা মালুষ চোথে পডছে না। রাস্তার ছধারে বাঁশ ও বাসকের ঘন জঙ্গল। ছপুরবেলা ঝিঁঝে ডাকে ঘূঘু ডাকে। শেয়ালের ডাকও আপনার কানে আসতে পারে। আর টের পাবেন গাছের কিপাতা ও বুনো লভার অপূর্ব গন্ধ। আপনি কবি হলে দারুণ উত্তেজনা পাবেন, শিহরণ জ্বাগবে মনে।

त्म मव जानाना वराशांत्र यनि ।

আসল কথায় আসা যাক। মনে করুন খানিকটা এগোবার পর একটা নালা ডিক্লোতে গিয়ে আপনাকে একটা বাঁশের সাঁকো পার হতে হছে। অতি সাবধানে পা ফেলে একট একট্ করে এগোছেন, সাঁকোটা নডছে. বাঁশের মচমচ শব্দ হছে, কিছু সাঁকোর মাঝামাঝি পৌছে আপনাকে থমকে দাঁডাতে হল। বিপরীত দিক থেকে একজন আসছে, যে জন্ম সাঁকোটা বেশি নডছে তুলছে শব্দ করছে। মাথুবটাকে দেখে আপনি অতিমাত্রায় বিশ্বিত হলেন। গায়ে আধময়লা টেরিলিনের শার্ট, পরনে ছাইরক্ষের ট্রাউজার্স, হাতে অ্যাটাচি।

কিছ আমি যদি বলি আপনার বিস্মিত হবার কারণ নেই ? আপনার কাছে

জারগাটা দ্ব — অনেক দ্ব, কালেভন্তে হয়তো এখানে আদেন, অথবা আজ এই প্রথম এলেন। টি মজুমদারকে হপ্তায় ছদিন ভিন দিন আগতে হয়। এখানেও ওষ্ধের দোকান আছে। গাঁকো পার হয়ে আরও থানিকটা এগিয়ে গেলেই ভালপালা ছডান প্রকাণ্ড ছাতিম গাছ বা তেঁতুল গাছের নিচে টিনে ছাওয়া একটা বর দেখা যাবে — দরজার মাথায় বেশ বড সাইনবোর্ড ঝুলছে। হয়তো ভাতে লেখা রয়েছে মহামায়া ড্রাগ-হাউস, শিবগোরী ফার্মেসী বা কালিকা মেডিকেল স্টোর্স। অবিখাস করার কিছু নেই। পাডাগাঁর মান্ত্রেরও অন্থখ করে, তানেরও ওষ্ধ কিনে খেতে হয়। যে জন্তু কোম্পানির ওষ্ধের স্যাম্পল নিয়ে ছদিন পর পর মজুমদারকে এখানে ছুটে আসতে হয়।

সাঁকোর একটা খ্টি ঘেঁদে আপনি চুপ করে এক পাশে দাঁভিয়ে পড়লেন।
সক্র পথ পাশাপাশি হয়ে ছজনের চলার উপায় নেই, কাজেই আর একটা মানুষকে
চলে যেতে দেবার জন্ম আপনি পথ ছেডে দিয়ে সরে দাঁডালেন। কিন্তু দেখা গেল
টি মজুমদার ঠিক আপনার সামনে এসে দাঁডিয়ে গেল। আপনি অস্বস্থিবাধ
করবেন জানা কথা। আমিও করতাম, যে মানুষটাকে এতকাল শহরের ডিডের
রাস্তায় ট্রামে বাসে রিকশায় চায়ের দোকানে দেখতে অভ্যন্ত, অথচ বার সঙ্গে
একেবারেই বাক্যালাপ নেই, সেই মানুষ কিনা হঠাৎ এমন নিরালায় একটা
প্রোনো বাঁশের সাঁকোর ওপর ঝিঁঝির ডাক শেয়ালের ডাক বুনো লতাপাতার
গজের মধ্যে চলে এসে আপনার মুখোম্খি দাঁডিয়ে। সমস্ত পৃথিবীটা আপনার
কাছে তখন বেখাপ্লা ঠেকতে পারে, মনে হবে বিশ্বপ্রকৃতির কোথায় যেন ভাল কেটে
গেল, চরাচরে সব কিছু অস্বাভাবিক অসংলগ্ন লাগছে। কতকটা বোকা হয়ে গিয়ে
বোবা হয়ে গিয়ে আপনি ক্যালফ্যাল করে লোকটার মুখের দিকে তাকিয়ে
আচেন।

টি মন্ত্র্মদার কিন্তু সেভাবে তাকাল না, বরং বেশ একটা সপ্রতিভ ভঙ্গি নিয়ে আপনার কাছে দেশলাই চাইল। শব্দ না করে পকেট খেকে দেশলাই ভূলে আপনি তার হাতে দিলেন। সিগারেট ধরিয়ে মন্ত্র্মদার দেশলাইটা ফারুরে দিল।

অথবা দেশলাই চাইল না। 'এখন কটা বাজে' জিজেস করল। হাতের ঘডি দেখে আপনি সমর বলে দিলেন। সঙ্গে সঙ্গে মজুমদার কাটা ঘুরিয়ে তার বডি ঠিক করে নিল। বোঝা গেল ঘড়িটা বন্ধ ছিল বা লো যাচ্ছিল বা ঘোড়ার গতি নিয়ে আগে ছুটছিল। ষাই হোক, আপনি একবার একটা কথাই শুধু বদদেন। সময়। সেটা প্রায় চূপ থাকারই শামিল। অবশ্য সেই মৃহুর্তে আপনার চূপ থাকা বা কথা বলা সমান। তথন আপনার চোখ ত্টো ভীবণ কাব্দ করছে। দেশলাই ব্রেলে মকুমদার যখন সিগারেট ধরাচ্ছে কি ঘাড় গুল্পে ঘড়ির কাঁটা ঠিক করছে তথন আপনার ত চোখ খুঁটিয়ে তার মাথার বল্প চূলের ফাকে চকচকে টাক কাঁধের চোখা হাড ত্টো এবং একদিকে হেলে থাকা লখা নাকটা দেখছে। কিন্তু সবচেয়ে বেশি দেখছে কপালের সেই কাটা দাগটা। চামড়ার সঙ্গে যা কামড় থেয়ে লেগে আছে।

আমি জানি, আমার একদিন এমন হয়েছিল, বাঁ কপালের পুরোনো ক্ষতিচিক্টা দেশতে দেশতে আমার মতন আপনিও মজুমদারের শৈশবের কথা, বাল্যের কথা ভাবছেন। অর্থাৎ মাত্রুষটা কি চিরকালই এমন শার্ট প্যাণ্ট পরে হাতে অ্যাটাচি মুলিয়ে রান্ডায় রান্ডায় ঘুরছে? থেলাধুলা করত না। বাবা মা ছিল না! কবে কোথায় কপালটা কেটেছিল? থেলার মাঠে! না কি আম জাম পাডতে গিবে? না কি পুকুরে সাঁতার কাটার সময় কাদায় পোঁ ভা বাঁশের থোঁ চাটোচা লেগেছিল! একটি প্রাপ্তরম্বন্ধ মাত্রুষের আট দশ বছরের কচি জীবনের ছবি চিন্তা করতে গিয়ে আপনার বুকের ভিতর তিরতির করে উঠবে। বেদনার ছোট ছোট টেউ উঠবে। কেননা, তথন আপনার নিজের শৈশব, পিছনে ফেলে আসা কোমল দিনগুলির কথা মনে পডতে পারে। পড়বেই। সব শিশু সব কিশোরই এক রকম থাকে যে! আপনি গাড়ি চডে বেডাচ্ছেন বড় চাকরি করেন, আমি মাঝারি চাকরি করি, মাঝে মাঝে ট্যাক্সি চডি, মজুমদারের ছোট চাকরি, হেঁটে বা ট্রামে বাবে বা কথনও-সথনও রিকশায় এই ওমুধের দোকান সেরে সেই ওমুধের দোকানে ছুটছে—কিন্তু ছেলে বেলায় সবাই আমরা আছাড় থেয়েছি কপাল কেটেছি পাথির বাদা ভেকেছি, তারপর সন্ধ্যায় ঘরে ফিরে মারের হাতের চড়চাপড় থেয়েছি।

তাই বলছি, বাশদ্রোণী বা বামনগাছির সেই বনের পথে, দাঁকোর ওপর
মজ্মদারকে খুঁটিয়ে দেখতে গিয়ে একটি স্নেহশীল শাসনরত মায়ের মুর্তির সঙ্গে আর
একটি মায়ের মুখ আপনার চোখের সামনে ভেসে উঠবে। আপনার বুকে ব্যথা
জাগবে। এবং অন্তও কিছুক্ষণের জন্ত মামুষটার সঙ্গে আপনি একাত্মতা অন্তব
করবেন।

সিগারেট ধরিয়ে দেশলাইটা ফেরত দেবার সময় বা ঘড়ি মেলানোর পর টি
মন্ত্র্যদার আপনাকে একটা মৌথিক ধক্ষবাদ জানাতে পারে, নাও-পারে তাতে বে

-আপনি খুশি বা অখুশি হবেন তা নয়—কারণ এগুলি লঘু জিনিস, নিছক পোশাকী ব্যাপার ! আপনি গভীরভাবে মাহ্রষটা সম্পর্কে তথন চিস্তা করছেন। টি মজুমদার চলে গেল। সেদিকে চোখ রেখে, আমি জানি, আপনি বাঁশের খুঁটিটা ধরে কিছু-ক্ষণ চুপ করে দাঁভিয়ে থাকবেন। তারপর এক সময় গাঢ় নিখাস ফেলবেন। এটা হয়। কোনো মাহ্রষ সম্পর্কে গভীরভাবে ভাবতে গেলে আমাদের বুক ঠেলে দীর্ঘাস উঠে আসে।

বেমন একদিন—উন্ত, আপনার মতন শহর ছাড়িয়ে আমি দুরে যাইনি, এই শহরেই আশ্চর্য নির্জনতা পেয়েছিলাম, আকাশ্মকভাবে যদিও, এই কলকাতার রাস্তায়। আপনারা লক্ষ্য করেন কিনা জানি না, মাঝে মাঝে এক একটা গলি বা লেন এত বেশি চুপচাপ, এমন ভাষণ জনশৃষ্য হয়ে পড়ে—দেখলে রীতিমত গা ছমছম-করে।

ভরত্পুর। ডিক্সন লেন। রোদ খাঁ খাঁ করছিল। কিন্তু এত নীরব, এত নির্জন — মাপনার মনে হতেপারত মধ্য রাত্রির জ্যোৎসা নিয়ে বুঝি রান্তাটা টলটল করছে। তবে তা মনে হত না বেহেতু দেটা চৈত্র মাস, রোদের ঝাঁঝ ছিল দেদিন বেয়াডা রকম, গা মাথা পুডে যাচ্ছিল, কি একটা কাজে আমাকে প্রাক্ত হয়েছিল, ধরদর করে ঘামছিলাম, একটা ডাস্টবিনের এইটুকুন ছায়ায় শুয়ে ছালবাকল প্রঠা একটা বেওয়ারণ কুকুর ধুঁকছিল। এ ছাডা আর কোনো জনপ্রাণী আমার চোথের সামনে ছিল না। হঠাৎ জুতোর শব্দ কানে আসতে চমকে উঠলাম। ঘাড় ঘুরিয়ে দেখি টি মজুমদার। ভাল রে ভাল, এই মাহ্রষটা এথানে! কেউ বেন স্বডয়্রিড দিয়ে আমায় হাসাতে চাহল, হাসলাম না যদিও, তবে আমার মনের অবস্থা তথন প্রায়্থ তাই দাাডয়েছিল। ছানয়ায় এত জায়গা থাকতে আর এত লোক থাকতে কিনা এই গালির ভিতর গাট প্যান্ট পরা, মাথায় টাক, আ্যাটাচি হাতে সেই কক্ষ ধুসর মূর্তি! হাাস পাাচ্ছেল, আবার ভিতরে ভিতরে, কেন বলতে পারব না, যেন একটু বিরক্ত হয়েছিলাম, রাগও পাচ্ছিল — কই, এথানে তো কোনো কালিকা মেডিকেল স্টোর্স কি চণ্ডীমাভা ফার্মেদী কি ইস্টান ড্রাগ হাড্স নজবে পডছে না! তা হলে?

সঙ্গে শবশু পাশের একটা বাডির দরজার মাথায় টাঙ্গান বং-চটা ছোট সাইনবোর্ডটা চোথে পড়ল। টি মজুমণার এইমাত্র যেথান থেকে বেরিয়ে এসেছে। মহামায়া ভোজনালয় —পাইস হোটেন।

(क्यन (यन जन्म इलाय। (यन निः भन्म फिक्मन त्मन आयादक श्यक मिन,

চোথ রাঙ্গাল। মাসুষটার কি ক্ষুধাতৃষ্ণা পেতে নেই হে, তাকে খাওয়া-দাওয়া করতে হয় না! সারাদিন কোম্পানির ওয়ুধ নিয়ে কেবল রাস্তায় ঘুরবে ?

হাঁ করে তাকিয়ে দেখলাম টি মজুমদার ততক্ষণে মোড়ের কাছে চলে গেছে।
একটা পান সিগারেটের দোকান থেকে সিগারেট কিনছে। লাইট পোস্টের দড়ির
আপ্তনে সিগারেট ধরিয়ে আবার হাঁটছে।

মনটা খারাপ হয়ে গেল। বুকের মধ্যে একটা ধাকা অন্তত্তব করলাম। তাই তো কোনদিন কি এই লোকটাকে চিনতে বা বুঝতে আমি চেটা করেছি! কুডি বছর যাকে দেখছি?

যেহেতু এক ছপুরবেলা, তা-ও তথন বেলা ছটো, অসময়, ভাত খাবার পক্ষে খুবই অবেলা, একটা হোটেলে ছটো খেয়ে মজুমদার আবার রান্ডায় বেরোলো, সঙ্গে সঙ্গে আমার মনে পডল মামুষটার কি ঘরবাড়ি বলে কিছু নেই! বউ ছেলে-মেয়ে?

দিনের বেলা কাজেকর্মে ব্যস্ত থাকে, হয়তো ঘরে যেতে পারল না, বাইরেই মধ্যাক্রের আহারটা সেরে নিল, কিন্তু রাত্রে? নিশ্চয় একটা আন্তানা আছে! সেথানে তার আপন জনেরা অপেকা করে, জানলায় দাঁডিয়ে রান্তার দিকে তাকিয়ে থাকে। থাকে কি? চবিবশঘটা কেউ কিছু পথে কাটাতে পারে না।

ভিক্সন লেনের মহামায়া ভৌজনালয়ের সামনে একলা চুপ করে দাঁডিয়ে প্রামি একটা ঘরের অন্তরক ছবি দেখলাম, দেখতে চেটা করলাম, এই প্রথম অন্তরকরলাম কেবল ভিড়ের মানুষ বলে টি মজুমদারকে উড়িয়ে দেওয়া যায় না, রান্তার ট্রাম বাস ট্রাফিক পুলিস দমকল বা হিপি ভিকিরিদের সমগোত্র ভেবে তার দিক থেকে চোথ ফিরিয়ে থাকলে অবিচার করা হয়, একটা স্বতন্ত্র অন্তিত্ব আছে মানুষটার, থাকা উচিত।

অস্বীকার করব, না, তার এই বিয়ালিশ বছরের জ্ঞীবনে টি মজ্মদার কতটা স্থেছ মমতা সেবা যত্ন পাচ্ছে, ভালবাদা স্থ্য, বয়দ বাড়ার সঙ্গে সঙ্গে যে জিনিদ-গুলির জ্বন্ত আমরা সবাই কম বেশি কান্ধাল হয়ে পড়ি, দেখতে জ্ঞানতে আমার মন ব্যাকুল হয়ে উঠল।

যেমন বাশদ্রোনী বা বামনগাছির বাঁশের পোলের ওপর মজুমদারের থুব কাছাকাছি দাঁড়িয়ে কপালের কাটা দাগটা দেখে তার স্থকুমার শৈশব, সবটা কৈশোর জ্ঞানতে আপনি একদিন আকুল হয়ে উঠবেন। যেহেতু জায়গাটা থুব বেশি নির্জন। অথবা আর একটা বিকেলের কথায় আস্থন, চারটে বেজে গেছে তথন, বাডির মাধার মাধার হলদে রোদ, গিরীশ পার্ক, এই সময়টার কেমন চেহারা ধরে জারগাটার বলুন ভো, কলকাতার মাহ্রব, নিশ্চর জাপনাদের জদেখা নেই, মাছির মতন লোক গিসগিস করে, বায়্সেবী শ্রমণবিলাসীর দল থেকে আরম্ভ করে চোর দালাল গাঁজাখোঁর পলিটিক্যাল দাদারা, তাদের ভক্ত লিয়রা, তাস-পাশা নিয়ে বার্দের বাডির বাম্ন চাকরের দল, তিন তাস নিয়ে জ্য়াড়ীর আড়ো, বাচ্চা-কাচ্চা সক্ষে গণ্ডার গণ্ডার ঝি আরা—তার ওপর বাদামভাজা আইসক্রীম ব্টপালিশ তেল-মালিস, এমন কি হাত দেখে ভৃত ভবিয়ৎ বলে দেয় এমন ত্ চারটি সাধু সত্তেসীরও দেখা পেয়ে যেতে পারেন, রীতিমত হরিহর ছত্রের মেলা। একটা কোণার আমি চুপচাপ বলে আছি, হঠাৎ দেখি সেই মান্ত্র, হাতে অ্যাটাচি টি মজ্মদার পার্কে ত্কল, কিন্তু কেমন যেন খ্র্ডিরে হাটছে, ব্যাপারটা ঠিক ব্রলাম না, রেলিং পার হয়ে ভিতবে ঢুকে এদিক-ওদিক তাকাচ্ছে, কোথাও জায়গা পাচ্ছে না, ব্রলাম একটু বসতে চায়, জিরোতে চায়, শেষ পর্যন্ত আমার পাথের কাছে ফাঁকা একটুখানি হাস দেখতে পেয়ে খোঁডাতে খোঁডাতে ছুটে এসে ধপ করে বসে পডল।

আমি নিঃশন্ধ। কেবল তাই না, পাছে চোথাচোথি হয়, চট করে মুখটা অক্স দিকে ঘ্রিয়ে রাখলাম। একটু পরে, এবং তা-ও খুব ভরে ভবে, ঘাডটা সামাক্ত বৈকিয়ে চোথ আড করে দেখি ডান পারের জুভো খুলে মজুমদার তুলো দিয়ে ডেটল লাগাচ্ছে, গল্পে টের পেলাম ডেটল, গোডালির দিকে থানিকটা জ্ঞায়গা ছডে গিয়ে রক্ত বেরোছে।

'শালা, উদ্ধবৃকের মতন সাইকেল চালায় আঁা, আমার গায়ের ওপর সাই-কেলটা তুলে দিলে ।' বিড়বিড করে মজুমদার নিজের মনে বলছিল, অনেক গোলমালের মধ্যেও কথাটা কানে এল, কেননা কানটা আমি সেদিকে ধরে রেখে-ছিলাম। তারপর দেখলাম ডেটলের শিশি ও কটনের বাণ্ডিলটা অ্যাটাচির মধ্যে ঢুকিয়ে রেখে মজুমদার পকেট থেকে দেশলাই ও সিগায়েট বের করে সিগায়েট ধরাছে। প্রায় মিনিট ত্তিন চুপ করে থেকে সিগায়েট টানার পর অ্যাটাচিটা তুলে নিয়ে তেমনি খোঁড়াতে থোঁডাতে এক সময় পার্ক থেকে বেরিয়ে গেল।

প্রায় পঞ্চাশটা মাহ্ব সেথানে উপস্থিত ছিল। তার মধ্যে আমি একজন।
মানে মজুমদারের ধারে কাছে যারা বসে ছিলাম দাঁডিয়ে ছিলাম তাদের কথা বলছি,
তা না হলে সবটা পার্কের মাহ্ব গুণতে গেলে ত্ তিনশ'র ওপর দাঁড়াত। যাই
হোক, আমরা যারা মজুমদারের এত কাছাকাছি ছিলাম তাদের মধ্যে কেউ কিছ্ক
একটা কথাও বল্লাম না। দেখলাম তার পা ছড়ে গেছে, বক্ত বেরোছে বেমকা

সাইকেল চালিয়ে কেউ ভার পা-টাকে হুধম করেছে, সব হ্বানার পর দেধার পরেও জামরা কেমন চমৎকার মুধে কুলুপ এঁটে থাকতে পারলাম।

তবেই দেখুন ভিড়ের মধ্যে একটা মামুষকে আমরা কতথানি অবহেলা করতে পারি, তার সম্পর্কে কী পরিমাণ উদাদীন কঠিন হান্য না হরে উঠি! কিন্তু একলা কোখাও দেখা হলে—

এই জন্মই বলছি ওয়েলিংটন দ্বীটের গরটা শুরুন। এই গর না শুনলে টি মজুমদার আপনাদের চোখে অস্পষ্ট, অপরিচিত, চিরকাল ভিড়ের মাতুষ থেকে যাবে!

গেল শনিবারের ঘটনা। রাভ তথন কটা ? আটটা সোওয়া আটটা হবে, আর একটু বেশি। কিন্তু কী অবিখাশু রকম শুরুতা সারাটা রান্তার ও লাগোয়া পার্কটার একটা প্রাণী নেই, চারদিক থমথম করছিল।

আমি জানি আপনারা চমকে উঠবেন, বলবেন, সে কি মশাই, রাত বারোটা সাড়ে বারোটার আগে ওপাড়ার ট্রাম বাসই যে বন্ধ হয় না, ট্রাম বাস বন্ধ হল তোট্যাক্সি রিকশা ট্রাক লরী হাজার গণ্ডা প্রাইভেট গাড়ির ছুটোছুটি সমানে চলতে থাকে তথনও রাস্তার কত শত লোক, তাদের পারের শব্দ গলার শব্দ হাঁচি কাশি—এদিকে ধর্মতলা ওদিকে বউবাজারের মতন তুটো বড় বড় হই-হল্লার জারগা রাত তুটোর আগে ওরেলিংটন ঠাণ্ডা হরেছে কবে!

না, ঠাণ্ডা হয় না, আমিও স্বীকার করি, রাত ত্রটো আড়ইটে পর্যন্ত ওপাডা ভয়ংকরভাবে জ্বেগে থাকে।

কিছ আপনারা কি জানেন না এই শহরটাকে মাঝে মাঝে ভূতে ধরে! বলা কওরা নেই গাড়ি ঘোড়া অদৃশ্য হয়ে বায়, রান্তার চরছিল হাজার মান্ত্রর, হঠাৎ সব হাওয়ার মিলিরে গেল, দোকানপাট ভূকাড় বছ হয়ে গিয়ে বড় বড় তালা ঝুলতে লাগল, পথের ভূ পাশে বাড়িগুলিকে মনে হয় তথন সালা সালা কছাল, লাইট-পোস্টের মাথার আলোগুলি ভূতের চোখ হয়ে জলতে থাকে, ধারেকাছে গাছটাছ থাকলে মনে হবে গাছের মাথার ভূতের ফিসফিসানি চলছে, আপনার গায়ে এক ফোটা বাতাল লাগছে না, অথচ পাতাগুলি কেমন স্থরফুর করে নড়ছে। রকমনকম দেখে আপনার খাস বছ হয়ে আসবে, আড়াই হয়ে যাবেন, বেদিকে চোখ ফেরাবেন সব খাঁ খাঁ করছে।

কেন ? তার উত্তর আমিও দিতে পারব না, আপনারাও পারবেন কিনা, স্থানি না। তবে আপনারা দেখেছেন, রাত আটটা তো ভাল, বেলা দশটার, কি বিকেল তিনটেরও এভাবে কতবার যে শহরটাকে ভূতে ধরেছে, এখনও মাঝে মাঝে ধরে, এবং আগামী পঞ্চাশ বছরেও কলকাতার এই ভূতে ধরা রোগ সারবে বলে আমার মনে হয় না।

ছ" বা বলছিলাম, প্রথমে ট্রাম বন্ধ হল তারপর বাস, ধর্মতলা থেকে ধিরছি, দেখতে দেখতে সব ট্যাক্সি উধাও, তারপর রিকশা এবং সেই সঙ্গে বাবতীর ট্রাক লরা প্রাইভেট —চোথের নিমেবে রাস্তাটা মক্ষত্মি হরে গেল, মান্ত্র দ্রে থাক একটা কুকুর বিড়ালও চোথে পড়ছিল না। একা একা হাঁটছিলাম, নিজের পারের শব্দে নিজেই চমকে উঠছি, আর ঐ বে, পথের তু ধারে বাড়িগুলি—মন্ত মন্ত করালের মতন দেখাছিল, খুটির মাথার মাথার আলোর ডুমগুলি অবিকল ভূতের চোথ হরে জলছে। ওদিকে গাছটাছ বেশি, ওরেলিংটন পার্ক, বেটাকে এথন আমরা রাজা স্থবাধ মল্লিক স্বোরার নাম দিয়েছি—শ্রশানের মতন লাগছিল, গাছের পাতার পাতার কিসের ফিসফিস চলছে, ফুরফুর করে পাতাগুলি নড়ছে, অথচ আমার গারে বাতাদের আঁচড়টি লাগছে না; আরও মজা, ঘাড় ফেরাতে দেখি ক্রম্বা বিতীয়ার, বিতীয়া কি তৃতীয়া হবে এত বড় একটা টাদ পূব আকাশে ঠেলে উঠে ফিকফিক হাসছে।

আমি কবি নই, তা হলে দিব্যি কবিতা-টবিতা মাধার আগত, বা যদি চিত্রকর হতাম, নিরিবিলি গাছের সারি, শ্মশানের মতন গা ছমছম-করা রাস্তা পার্ক, ত্থারের কন্ধালের মতন ঘরবাড়ি ও তামার পিগ্রের মতন চাঁদটাকে দেখে ছবি আঁকার জন্ম আঙুশ চুলবুল করত।

জলতেটা পেয়েছিল, থিদেও পেয়েছিল মন্দ না, অনেকটা রাস্তা হাঁটার দকণ এটা হচ্ছিল বদিও, কিন্তু জলই বা পাই কোথায়, খাগুই বা তথন আমাকে কে দেয়, কতকটা নিকপায় হয়ে কুধা তৃষ্ণার কথা একদম ভূলে থাকলাম, তবে যেটা বেশী অক্ষন্তি দিচ্ছিল, আগুনের অভাবে দিগারেট থেতে পারছিলাম না, বুকের ভিতরটা, ফুসফুসটা শুকিরে থরথরে হয়ে যাচ্ছে টের পাচ্ছিলাম, পকেটে দিগারেট আছে, দেশলাই নেই—এদিকে দোকানপাট সব বন্ধ।

আর একটা জিনিস, হাত খুরিরে দেখি ঘড়িটা বন্ধ হয়ে গেছে। অকৃস সমৃত্রে পড়লাম—অথবা খুরিরে বললে বলা বেত, এক অন্তহীন সময়হীনতার সমৃত্রে আমি তথন হার্ডুবু থাচ্ছি, বেন একটু পরেই তলিরে যাব, ভরে আমার হাত পা ঠাগু হরে এল। অথচ, এটা খুব মনে ছিল, ফ্রাম বাদ বন্ধ হয়ে বেতে ধর্মতলার মোড় থেকে যথন হাটা শুক করি তথনও আমার ঘড়ি চলছিল, তথন আটটা বেজে তিন

মিনিট—কিছ তারপর ? কডটা রাস্তা ইটেলাম, কডকণ ইটেছি ? এখন রাড কটা গ দশটা ? এগারোটা ? বারোটা ? সব কেমন গোলমাল হয়ে যাচ্ছিল। ছড়ি বন্ধ থাকলে তু মিনিটকে তু ঘণ্টা মনে হয় না কি!

ছ\*, ঘড়ি বন্ধ, করালের মতন ঘরবাড়ি চতুর্দিকে শ্মশানের নৈঃশস্ব্যা, দিগারেট খেতে পারছি না, প্রকাণ্ড একটা ঠাট্রার মতন তামাটে রঙের চাঁদটা ফ্যা-ফ্যা করে হাসছে, এই অবস্থায় প্রস্রাবের বেগ পায়, আমার পেয়েছিল, আপনাদের পেড কিনা জানি না, সামনেই একটা ডাস্টবিন ছিল, সেটাকে আড়াল করে ঝুপ্ করে বসে পড়লাম।

দেখন কেমন নার্ভাগ হয়ে পড়েছিলাম, মাহবজন দুরে থাক যেথানে আর-সোলা টিকটিকিটাও চোথে পড়ছিল না, সেথানে কিনা ভদ্রভাবে জল ছাড়বার জন্ম আমি একটা আবক্ষ খুঁজলাম, রাস্তার মাঝখানে ঠ্যাং ফাঁক করে দাঁড়িয়ে গেলে তথন আমাকে আটকাত কে।

যাই হোক, কাজটি শেষ করে উঠে দাঁড়াতেই চোথে পড়ল রাজা স্থবোধ মল্লিক কোয়ারের একটা বেঞ্চিতে বদে কে একজন বেশ আরাম করে সিগারেট টানছে, বেন হাতে ঘড়িও রয়েছে; গাছতলা, জায়গাটা অন্ধকার মতন, তা হলেও ঘড়ির ডায়ালটা এক একবার বেশ চকচক করে উঠে তথনি আবার অন্ধকারে ভূবে যাছিল, তবে জন্ত জানোয়ারের চোথের মতন সিগারেটের মাথার লাল আগুনটা দারুণ বাক্মক কর্মিল।

ব্রুতে পারেন, ঐ অবস্থায় আমার ধ্যপানের পিপাসাটা কেমন নতুন করে মাথাচাড়া দিয়ে উঠল। এক লাকে ডাস্টবিনটা ডিলিয়ে পার্কে ঢুকে পড়লাম।

'ভার, দেশলাই আছে<u>ৃ</u>?' 'ভ"।'

একটা হাত আমার দিকে সরে এল। সঙ্গে সঞ্জে ভীষণ চমকে উঠলাম। সেই ব্যক্তি না! কোলের ওপর অ্যাটাচিটা শুইয়ে রাখা, গায়ে শার্ট প্যান্ট, আবছা অন্ধকারেও টাকপড়া মাখাটা পরিষার চোখে পড়ল।

পর পর ত্টো কাঠি নষ্ট করলাম। আমার হাত কাঁপছিল। তিনবারের বার বিগারেট ধরিরে দেশলাইটা ফিরিয়ে দিলাম।

'কটা বাজে, ভার, এখন ?' চোধম্থ বৃজে প্রশ্ন করলাম। 'আটটা কুড়ি ?'

ভকুণি ঘাড় গুঁছে কাঁটা হুটো ঘুরিরে সিগারেটের আগুনে হাতের ঘড়ি ঠিক

করে নিলাম। আমার মুখ থেকে একবারও 'ধন্তবাদ' শব্দটা বেরোল না। কি জানির বাশদ্রোনী বা বামনগাছির পোলের ওপর সিগারেট ধরিয়ে কি ঘড়ি মিলিয়ে টি মজুমদার যদি আপনাকে ধন্তবাদ না জানার! চিস্তা করে ছ' তুটো উপকার পাওয়া সন্তেও আমি কোনো রকম ক্লভজ্ঞতা প্রকাশ না করে গন্তীর মুথে পার্কথেকে বেরিয়ে আসছিলাম।

'আহা চলে যাচ্ছেন, শুরুন মশাই।'

সাঁকোর ওপর আপনি তাকে ডাকবেন না, আমি জানি। চুপ করে দাঁড়িয়ে কেবল তাকিয়ে থাকবেন। ডিকদন লেনের এত নির্জনতার মধ্যে পেয়েও আমি তাকে ডাকি নি, পাইদ হোটেল থেকে ভাত থেয়ে বেরিয়ে যাবার পর পিছন থেকে তাকিয়ে মায়্র্রটাকে তুর্ দেখেছি। কাজেই বেশ অবাক হয়ে ভনলাম কেমন দরাজ গলায় আমায় ডাকছে টি মজ্ম্দার বেচে আমার দঙ্গে কথা বলতে চাইছে ? বিরক্ত হয়ে ঘুরে দাঁড়ালাম।

'कि वनून !'

'আপনাকে যেন কোখায় দেখেছি মনে হচ্ছে ?'

'তা আমি কি করে বলব, আমি আপনাকে চিনি না।' মাধা নেড়ে অক্লেশে বলে ফেললাম।

'আমি কিন্তু আপনাকে চিনতে পেরেছি মশাই, এখন এখানে দেখেই ঠিক চিনে ফেলেছি।' মজুমদার থিকথিক করে হাদল। 'আদলে নির্জনতা ছাডা একটা মাসুষকে ভাল চেনা যায় না বোঝা যায় না, ভিড়ের মধ্যে চিনতে অন্থবিধে হয়, হয় কিনা বলুন ?'

'কি চিনেছেন, শুনি ?' রুক্ষ গলায় উত্তর করলাম।

'হেঁ হেঁ, একটা কাটা দাগ, একটা ক্ষত চিহ্ন নিয়ে আপনি সর্বদা রাস্তায় ঘোরাঘুরি করেন।'

ক্ষতিহিছ ! শুদ্ধিত হয়ে গিয়ে প্রথমটা কোনো কথা বলতে পারলাম না, পরক্ষণে অবশু মারমুখো হয়ে উঠলাম। 'কোণায় আপনি আমার কাটা দাগ দেখতে পাচ্ছেন, মশাই!'

'এ আর কি, এখন চৈত্র মাস, বসস্ত কাল, ডলি মিলিরা সেক্তেকে হামেশা রাস্তার বেরোয়, তাদের পিছুপিছু, চবিংশ ঘণ্টা চরকির মতন আপনি—'

'তার অর্থ ! খুব যে আবোল তাবোল বকছেন—কাকে দেখতে কাকে দেখেছেন, কার ক্ষত কার ঘাড়ে চাপাচ্ছেন শুনি ?' দাঁত থিঁটিরে উঠলাম। 'আমি ঠিকই দেখছি, এত কাছে এসেছেন, আপনাকে ঠিক চিনেছি, ভলি মিলি কি লিলির দল যখন এলোমেলো বাস্তায় ঘোরাফেরা করে —'

'খবরদার, তুমি বাব্দে বকবে না।' এবার আমি সরাসরি 'তুমি'-তে চলে গেলাম। 'ফ্যামিলিম্যান আমি, আমার কাজকর্ম আছে, মেয়েছেলের পেছনে ঘোরার মাত্মব আমি নই।'

'ছঁ, ছঁ।' গলাটা আমার দিকে বাড়িয়ে দিয়ে টি মজুমদার দাঁত ছড়িয়ে হাদল, অন্ধকারে তার ময়লা দাঁতের দারি চোথে পড়ল। 'আমিও মশাই ফ্যামিলিম্যান, আমারও ওষ্ধ কোম্পানির চাকরি, দেদব কথায় যাচ্ছে কে, চাকরি ফ্যামিলি-এর মধ্যে আদে না, হি-হি, ডলি ।মলি বা লিলিরা যখন বাহারের পোশাক পরে প্রজাপতি হয়ে ফরফর করে এদিক ওদিক ঘোরে, আপনি তখন—'

'ইতর। ছোটলোক।' লোকটার মাথায় তু ঘা বদিয়ে দিতে পারলে আমার প্রাণ ঠাণ্ডা হত। 'চল্লিশের ওপর আমার বয়স হয়েছে।' অসম্ভব জোরে চেঁচিয়ে উঠলাম, উত্তেজনায় আমি থরথর করে কাঁপছিলাম। 'দারা দিন কাজকর্ম করে এখন ঘরে ফিরছি, আমার জ্বী আমার জ্ব্য অপেক্ষা করছে, আমার ছেলেমেয়েরা—'

'আহা', ছেলেমেয়েরা, আপনার স্ত্রী—মশাই আমারও তাই, কথন ঘরে ফিরব পথ চেয়ে দব বদে আছে, আমারও চল্লিশ ওভার, এখন ফরটি টু, মাথায় টাক দেখাছন তো—তা হলে হবে কি, যত বয়দ বাড়ছে অস্থ্যটা বাড়ছে, কতটা বড় হড়ে কাটাটা ছড়িয়ে যাছে—'হো হো করে হাদছিল মজুমনার, তার হাদির শব্দে কানে তালা লাগল, মনে হল শ্বাশানের মতন শৃত্ত পার্কটা বৃঝি হঠাং ঝমঝম করে বাজছে, মনে হল গাছপালার ভিতর দিয়ে তার প্রচণ্ড হাদি বড় বড় টেউ হয়ে রাতার ওপারে ছটে গিয়ে কল্পালের মতন এক একটা বাড়ির গায়ে জ্লোরে আছাড় খেয়ে পড়ছে। 'ব্রেছেন মশাই,' মজুমনারের কথা থামছিল না। 'মেড়মেড় করে বয়দ বাড়ে, বয়দের দক্ষে পাল্লা দিয়ে আমানের অস্থ্যটাও বাড়ে, কানের কাছে য়াতদিন শিত্তা ফুকে কে যেন কেবল চেটিয়ে বলছে, গেল গেল আর একটা বসস্ত গেল, আর একটা চৈত্র কাবার, কিছুই পেলে না তুমি চাঁদ, কেউ কাছে এল না, ভিনি, মিলি, জুলি, লিলি, নেলি, চামেলিরা ফুরফুরে প্রজ্লাপতি হয়ে ভাইনে বায়ে গামনে পেছনে—'

'ভোমার অহুথ নিম্নে তুমি মর শালা।' বলতে চাইছিলাম, মুখ দিয়ে

হঠাৎ শব্দ বেরোল না, তা হলেও লোকটার মুখে যদি থুখু ছিটোতে পারতাম খুশি হতাম। কিন্তু কোথার থুখু ছিটোতাম! তার মুখের নাগাল পেতাম কোথার! ভয়ে চুপসে গেছি। আপনারা বিশ্বাস করবেন কিনা জানি না, দেখি চোখের পলকে পাঁচ ফুট লম্বা রোগা মান্ত্র্যটা একটা বটগাছের মতন বিশাল প্রকাণ্ড মুর্তি ধরে আমার সামনে দাঁড়িরে, কপালটা গিয়ে আকাশে ঠেকেছে, হাত ঘটো এত লম্বা দেখাছিল, ধর্মভলার মোড়ের সাল্ভেলী চায়ের দোকানের উচু ছাদটা অনায়াসে সে ছুঁতে পারে তথন, পা বাড়ালেই সোজা ওয়েলেস্লি চলে যায়, কী কাগু। পায়ের জুতো জ্বোড়া আর জুতো মনে হচ্ছিল না, যেন ত্ব পায়ে ঘটো লাইফবোট পরে আছে, হাতের আটোচিটাকে মনে হচ্ছিল গদরেজ মার্কা একটা ঢাউস আলমারি।

এখন এসব বলে আপনাদের বিশ্বাস জন্মানটা খুবই কঠিন জানি, নিজের চোথকেই আমি তথন বিশ্বাস করতে পারছিলাম না। আমার হৃৎপিণ্ডের নড়াচড়া থেমে গিয়েছিল, শ্বাস বন্ধ হয়ে আসছিল।

হু, নিজের চোধকে বিশ্বাস করতে পারছিলাম না, আবার জিনিসটাকে বে দেখার ভূল, আমার চোথের ভ্রম বলে এককথার উড়িয়ে দেব সেই শক্তিও কি তথন ছিল! ভাবলাম একটু আগে বেথানে যাবতীয় হই-হলা সব কিছু শক্ষটক বেমে গিয়ে এত বড় কেটা শহর রাত আটটার মধ্যেই তুপুর রাতের গুৰুতা নিয়ে থা খা মক্ষভূমি হয়ে গেল, মহাশানের চেহারা ধরতে পারল, সেখানেটি মজুমলারের মতন একটা রোগা লোক অতিকায় দৈত্য হয়ে উঠবে, বটগাছের মতন বিশাল আকার ধারণ করবে এ আর অসম্ভব কি! হয়তো এটাই সত্য, জলস্ত সত্য। আমার দৃষ্টিভ্রম না, অ্যাপরিশন না, ম্যাগ্নিফাইং গ্লাস দিয়ে ছোট জিনিসকে যেমন বড় দেখান হয় তেমনি টি মজুমলারও আমাকে ভাল করে দেখা দেবার জন্য চেনা দেবার জন্য, তার আসল রণ্টা আমার চোথের সামনে প্রকট করে তোলার জন্য ইচ্ছে করে নিজে থেকে এমন বড হরে উঠল বিরাট হরে উঠল, তার এই মৃতি আসল মৃতি।

একটু একটু করে পিছু হঠছিলাম। বলেছি, আমার খাস বন্ধ হয়ে আসছিল, গলা শুকিরে যাচ্ছিল, অন্তদিকে যে মুখটা ঘুরিয়ে নেব সেই শক্তি তথন লোপ পেয়েছে, মনে হচ্ছিল চুম্বকের মতন মন্ত্র্মদার আমার চোথ ছটোকে তার দিকে টেনে ধ্রেছে। কাজেই পালাবার জন্তে পিছু হঠা ছাড়া আমার তথন উপায় ছিল না। এক সময় রেলিংটার নাগাল পাওয়া গেল। রেলিংটা পিঠে ঠেকল। ভর্পন আর দেরি করপাম না, খুরে গাঁড়িরে নেংটি ইত্রের মতন সেটা টপকে রাস্তায় পড়ে দে ছুট।

কৈছ ছুটতে আরম্ভ করে মনে হল লোকটা আমার পিছু নিয়েছে, ছুটছে, তার জুতোর ভরকর চবচব আওয়াজ কানে আসছিল, সেই সলে উদ্দাম হো হো হাসি
—কেবল তাই নয়, জুতো ও হাসির শব্দ ছাপিয়ে চেউ ভালা সাদা সাদা ফেনার মতন, অফুরস্ত ফুলের মতন সেই সব নাম: ডলি, মিলি, জুলি, লিলি, পলি, মিলি
আমার কানের কাছে অনবরত উপছে পড়ছিল।

মিখ্যা বলব না, কান পেতে নামগুলি শুনতে ইচ্ছে করছিল খুব, কিন্ত ঐ যে ভয়—ভীবণ আতঙ্ক নিয়ে আমি ছুটছি, আমার হৃৎপিগু দবদব করছে, কেবলই মনে হচ্ছে যেমন দৈত্যের চেহারা ধরেছে মজুমদার, তার ওপর এমন চটিয়ে দিলাম, লম্বা হাত বাড়িয়ে খপ করে না আমায় মাটি থেকে তুলে নিয়ে বলের মতন আকাশে ছুঁড়ে দেয়।

কিন্তু আপনাদের বলতে বাধা কি, ত্রাস আতত্ব ও অস্থিরতার সেই সাংঘাতিক করেকটা মূহুর্ত আমার এক হিসেবে মন্দ লাগছিল না, যেন বুড়ো বরুসে একটা রোমান্টিক উন্মাদনা নিরে প্রাণপনে ছুটছি, শ্মশান হয়ে কলকাতা ধাঁ খাঁ করছে, মাধার ওপর রুক্ষা তৃতীয়ার চাঁদ ঝুলছে, রাজ্যের স্থান্দর স্থান্দর মেয়ের নাম—নামগুলি যথন স্থান্দর মনে হচ্ছিল মেয়েগুলি স্থান্দর না হয়ে যায় না—কানের কাছে ক্রমাগত বাজ্বছে, এবং পৃথিবীতে টি মজুমদার ও আমি ছাড়া তৃতীয় প্রাণীটি নেই। অন্তুত্ত পরিবেশ।

ত্ত্বীয় প্রাণীটি নেই, যে জন্ম ভর ঘেরা ও উত্তেজনা নিয়েও ঠিক এ সময়টার মান্ত্রটার সঙ্গে আমি বেশ একটু একাত্মতা অন্ত্রত করছিলাম। যেমন বাঁশদ্রোনীর বাঁশের সাঁকোর ওপর দেখা হলে তার গালের কাটা দাগ দেখে তাঁর শৈশব ভাবতে গিয়ে নিজের শৈশব মনে পড়ে আপনি মজুমদারের সঙ্গে এক ধরনের অন্তর্গতা, আত্মীয়তা অন্তর্গ করবেন। তবে আপনার ভাবনাটার মধ্যে বেদনা থাকবে, দীর্ঘ্যাস থাকবে, আমারটার মধ্যে ছিল একটা স্থাকর স্বর্ধার মিশেল।

আহা, দব স্থাধেরই শেষ আছে, দব আতক্ষের অবসান আছে। ছুটতে ছুটতে সামনে একটা উঁচু রক, ভাল কথার আপনারা রোরাক বলেন, দেখতে পেরে লাফিয়ে দেটার ওপর উঠে দাঁভালাম।

আৰু মনে হচ্ছে নিয়নের আলোর ঝলমলে পরিচ্ছন্ত নির্জন রকটা না পেলে

অনস্তকাল আমি ছুটতাম, টি মজুমদার আমার পিছু পিছু ছুটত। থারাপ- ছিল কি। ছুটতে ছুটতে চ্জন এই কলকাতা ছেড়ে কোথায় কোন পাহাড় সমুদ্রের কাছে চলে যেতাম কে জানে!

যে জন্ম, অস্বীকার করব না, ওয়েলিংটন স্ট্রীটের ডক্টর রায়ের বাড়ির চওড়া চৌকোণা সেকেলে রোয়াকের ছবিটা মনে হলে আমার বুকের ভিতরটা উদাস হয়ে যায়, মন বিবাদাছের হয়ে পড়ে।

কেননা রকে উঠে দাড়িয়েছি কি সঙ্গে সঙ্গে সব আবার অক্স রকম, রান্তাঘাটের চেহারা বেমালুম বদলে গেল। বলেছি আপনাদের, ভূতুড়ে শহর মায়াবী শহর, মোহিনী কলকাতা। বস্তুত ব্যাপারটা যে এত ভাড়াতাড়ি ঘটবে জানা ছিল না। দারুণ হকচকিয়ে উঠলাম। আবার বেপরোয়া গাড়ি ঘোড়া ছুটছে, লোকের মাথাগুলোকে থাছে, যেদিকে চোথ ফেরাও হল্লা চিৎকার ছুটোছুটি মোটরগাডির হর্ন রিকশার ঠুনঠুন, ফেরিওয়ালার চেঁচামেটি ফিনিক দিয়ে রক্ত ছোটার মতন সেকেণ্ডে সেকেণ্ডে চা কফি দিগারেট সাবানের লাল নীল হলুদ বেগুনি বিজ্ঞাপনের ঝলসানি—অর্থাৎ চিরকাল আমরা যা দেখি, কলকাতা শহরের সন্ধ্যা রাতের শাসরোধী মন্তবা। দরজা জানালা খুলে যাছে, বড় বড় ফটক, ভারি ভারি কলাপদিবল গেট খুলে গিয়ে ঘরবাড়ি দোকানপাট রেন্ডর"। আবার গমগম করছে।

ভাল। কিন্তু টি মজুমদার?

নতুন করে মাস্থটাকে মনে পড়ল। আর তথনই রক থেকে লাফিরে রান্ডার নামলাম। হালুইকরের গোকানের সামনে উড়ে-এসে-বসা কাকের মতন চকিতে ঘাড় ঘ্রিরে এদিক-ওদিক ভাকাই। কোথার! চেহারাটা চোখে পড়ছে না ভো!

হতাশ হলাম। ভিড়ের মা**রু**ব আবার ভিড়ের মধ্যে মিশে গেল ? অপরিচিত হরে গেল ? এটা কি একটা কথা হল! যাকে এত কাছে পেলাম, এই মুহুর্তে যাকে এত বড় করে দেখেছি—

আপনাদের বলে বোঝাতে পারব না, মনের মধ্যে কেমন একটা শৃক্ততা, হাহাকার নিরে ফুটপাথ ধরে হাঁটতে আরম্ভ করলাম। ট্রামে বাসে উঠছিলাম না, কি জানি বদি ধারে কাছে কোথাও মাসুবটাকে পেরে যাই।

বলেছি, গত শনিবারের ঘটনা, হাঁটতে হাঁটতে আমার মনে হচ্ছিল কি একটু আপের অন্তহীন নির্জনতা, আলো আঁধারে মেশান শৃষ্ক পার্কটার চমৎকার ভরাবহ দৃশ্য ও টি মজুমদারের সেই বিশাল মহান মৃতি—আমি মহানই বন্মতন হারিয়ে গেল, এই ছবি আর কোনোদিন দেখব না।

ভা না হলে কাল বিকেলের কথায় আন্ত্রন না—কাল বিষ্কাদবার গেছে না ? স্থান গ্রে ষ্ট্রীটের মোড়, এই ধকন তিনটে লাডে তিনটে বাদ্ধে তথন শার্ট ট্রাউজারস-পরা মাথার টাক হাতে অ্যাটাচি, আমার আপনার দেখা নিত্যিকার সেই মূর্তি ঠিক আবার চোথে পডল।

কিন্তু মনে কোনো রেখাপাত কবল কি ! একটুও না।

বলা ভূল হল, অ্যাটাচিটা হাতে ছিল না, বগলে ধবা ছিল, একটা তেলেভাবা দোকানের সামনে লোকটা দাঁভিয়ে, হাতে এত বড ঠোঙা বোঝা গেল তেলেভাবা খাচ্ছে, হয়তো ঠোঙায় মৃডিও ছিল, ঘোঝাবুরি করে থিদে পেতে রাস্তায় দাঁভিয়ে জ্বল-খাবারটা সেরে নিচ্ছে অমুমান করতে কষ্ট হল না।

দে যাই হোক, আমার দকে চোথাচোথি হতে টি মজুমদার দাঁত ছাডিয়ে হাসল। চমকে উঠলাম, আমায় চিনতে পারল? বৃক্টা ধক্ করে উঠল। না, গলে দলে ঢোঁক গিললাম, আমাব ভূল ভালল, ভিডের বান্তা, কত লোক আসছে যাচ্ছে, লক্ষ্য কবলাম যার দকেই চোগাচোথি হয় মজুমদাব দাঁত ছডিয়ে একবার হেদে নেয়, তারপর আধ্থানা তেলেভাজা মুথে পুবে বাকি আদ্থানা অনারাদে পেভমেন্টের একদিকে ছুঁডে দিয়ে আবার হিছি করে হাসে।

কি ব্যাপার। এত ফুর্তি মনে? কাকে তেলেভান্ধা খাওয়াছে ! ঘাডটা একটু যুরিয়ে ওদিকে তাকাতে আমার হু' চোথ বড হয়ে গেল। ডলি মিলি লিলি? অবশু তিনটিই যুবতী। দলে হু' তিন গণ্ডা আণ্ডাবাচ্চা। ইটের উনান। মাটির হাঁডি-কুডি। নেতা পাতা। আমাদের আ মবি কলকাতা শহরের সোনার অঙ্গে খোদ-পাঁচডার মতন এই দ্বিনিদ কী পরিমাণ হেয়ে থাছে আপনারা রোদ্ধ দেগছেন। মন্ত্র্মদারের তাই ভাল লেগে গেল। কিন্তু তেলেভাদ্ধার বৃষ্টি হছেে দেখে ফুটপাতের সংসারের তথন দারুণ উত্তেজনা। বাচ্চাগুলির মধ্যে মারামারি কাটাকাটি লেগে গেছে। তা লাগুক। মেয়ে তিনটি অনর্গল খিলখিল হাসছে, মন্ত্র্মদারের কাগু দেখে হাসছে, মন্ত্র্মদার চোখ টেপে, তথন তারা রীতিমত হাসির ফোরারা হয়ে ওঠে, এ ওর গায়ে ঢলে পডে, দেখে মন্ত্র্মদার ভীষণ আমোদ পায়। ঘাড বেকিয়ে একটু কুঁজো হয়ে সামনের দিকে ঝু'কে মন্ত্র্মদার যথন চোখ টিপছিল সাকাদের ক্লাউনের মতন দেখাছিল তাকে এবং আমার মনে হল আমোদটা পথ-চারীদের মধ্যে ছড়িয়ে দিতে যার গরে হালেই চোখাচোখি হছিল, একবার করে হেলে

নিরে ফুর্তিবাব্দ মাহ্রবটা আবার ঠোপ্তা থেকে একটা তেলেভাব্দা তুলে নিরে আধখানা থেরে বাকিটা ছুঁড়ে দিচ্ছে।

খুবই অল্প সময়ের আনন্দ, বুঝতে কট হল না, জলখাবার খেতে খেতে খডটা মজা করা যায় কারণ রান্তার ওধারে বডসড় সাইনবোর্ডটা তথন আমার চোখে পড়েছে: লক্ষ্মীনারায়ণ মোডকেল স্টোর্স। খাবারটা শেষ করেই আটোচি হাতে টি মজুমদাব সেখানে চুকবে বা এ-ও হতে পারে ভাবলাম ওখানকার কাজ সেরে তেলেভাজা মুডির ঠোঙা হাতে এখানে দাঁডিয়ে বীতিমত মেজাজ নিয়ে আনন্দ করছে।

আমি আর দাঁডাইনি, চৈত্র মাস। তবু যদি একটা রান্ধা শিমুল कি পদাশ গাছ ধারে কাছে থাকত, এতটা একথেঁয়ে গতান্থগতিক অফটিকর ঠেকত না লোক-টাকে, ভিড়ের মধ্যেও অস্তুত একবার ঘাড ঘুরিয়ে আপনারা তার দিকে তাকাতেন।

## SILE

একটা গাছ। অনেকদিনের গাছ। গাছটা স্থন্দর কি অস্থন্দর কেউ প্রশ্ন তোলেনি।
গাছের মনে গাছ দাঁডিয়ে আছে। এর প্রয়োজন আছে কি নেই তা নিয়েও কেউ মাধা ঘামায় না।

যেমন মাহ্ব মাথার ওপর আকাশ দেখে মেঘ দেখে, পারের নিচে ধুলো দেখে ঘাস দেখে, তেমনি তারা চোথের সামনে একটা গাছ দাঁডিয়ে আছে দেখছে। সন্ধ্যায় দেখছে তৃপুরে দেখছে সকালে দেখছে। কেবল চোথ দিয়ে, হৃদর দিয়ে অমুভূতি দিয়ে দেখা নয়, বোঝা নয়।

বা এমন কবে একটা গাছকে বুঝতে হবে কেউ কোনদিন চিন্তাও করে না।
দিনের পর দিন যায়, ঋতুর পর ঋতু কাটে, বছরের পর বছর যায় আদে—
গাছের জায়গায় গাছ দাঁভিয়ে।

বর্ষার পাতাগুলি বড হয় পুষ্ট হয়, শরতে পাতাগুলি ভারি হয় মোটা হয়, সবুক্ত রং অতিথিক্ত সবুক্ত হয়ে কালোর কাছাকাছি গিয়ে দাঁড়ায়, হেমস্তের মাঝা-মাঝি হঠাৎ সেই সবুক্ত-কালো গভীর ধূসর হয়ে ওঠে তারপর শীতে হলদে ফ্যাকাসে নির্ক্ত শ্রেস্তির পাণ্ডুর চেহারা ধরে পাতাগুলি ঝরে ঝরে পড়ে। গাছ রিক্ত হয়।

তথনও গাছ গাছই থাকে।

গাছের চেহারা তথন শুধু কাঠের চেহারা হয়।

ছোট কাঠ বড় কাঠ চিলতে কাঠ সরু কাঠ পাতলা চিকন—মামুবের আঙুলের মতো টুকরো টুকরো অজত্র কাঠ কাঠির একটা জবরজ্ঞ কাঠামো হরে গাছ দাঁড়িয়ে থাকে।

কিছ তা বলে কি মাত্র্য তথন তার ওপর রাগ করে? করে না। কারণ মেঘ-মেছর আকাশের নিচে অরণ্যের চেহারা ধরে গাছ যথন দাঁড়িয়ে থাকে তথন মাত্র্য তাকে যে চোথে দেখে শীতের শুকনো আকাশের নিচে সরু মোটা কতকগুলি কাঠ কাঠির বোঝা মাথায় করে দাঁড়িয়ে থাকলেও মাত্র্য তাকে সেই চোথে দেখে। তাই বলছিলাম ওপর ওপর দেখা। মন দিয়ে দেখা নয় বোঝা নয়। তাহলে ফাছনে লালে সবুদ্ধে মেশানো নতুন পাতার সমারোহ দেখে মাত্র্য নাচত অথবা বৈশাথ পড়তে অজম্ম মঞ্জুরী মাথায় নিয়ে গাছটা আশ্চর্য গোলাপী আভায় আকাশ আলো করে তুলেছে দেখে আনন্দে চিৎকার করত। তা কেউ করে না, এ পর্যন্ত করে নি।

ত্-তিনটা বাড়ির মাঝখানে এক ফালি পড়ো জমির ওপর একটা গাছ ডালপালা ছড়িয়ে দাঁডিয়ে আছে বলে তাদের একটু স্থবিধা হয়, এই ভধু তারা জানে। এবাডির মামুব জানে ওবাডির মামুব জানে, আলেপালের আরো গোটা ত্-তিন বাড়ির মামুবগুলিও একটু-আধটু স্থবিধা আদায় করতে গাছের কাছে আসে বৈ কি, যেমন সকাল হতে থবর কাগজ হাতে করে ত্-চারজন প্রোট্ ব্ডো গাছতলায় একত্র হয়ে রাজনীতি সমাজনীতি অর্ধনীতি আলোচনা করে, যেমন ত্পুরের দিকে এবাড়ির বৃড়ি ও বাড়ির বৃড়ি, এবাড়ির বৌ ও বাড়ির মেয়েকে গাছের নিচে সক গালিচার মতন ঘাসের ওপর পা ছড়িয়ে বসে রামার কথা সেলাইয়ের কথা ছেলে হওয়ার কথা ছেলে না হওয়ার কথা বলে সময় কাটায় আর বিকেল পড়তে ছুটে আসে ছেলে-ছোকরার দল। গাছটাকে ঘিরে হৈ-হল্লা ছুটোছুটি, গাছে উঠে ভাল ভাঙা পাতা ছেঁড়া, বা কোনদিন গাছের ভালে দোলনা বেঁধে দোল খাওয়া।

বা শীতের তৃপুরে গাছের ছায়ায় মাথা তেথে শরীরটা রৌদ্রে ছডিয়ে দিয়ে কারো কারো গল্পের বই পড়া। আবার গ্রীত্মের রাত্রে ঠিক এই গাছের তলায় শীতল পাটি বিছিয়ে হারিকেন জেলে পাড়ার পাঁচ-সাতজন গোল হয়ে বসে তাস থেলছে এই দৃক্তও চোথে পড়ে।

যথন মাসুষ থাকে না তথন গাছতলায় ছাগলটাকে গরুটাকে মাথা গুঁজে মনের আনন্দে বাস ছিঁড়ে থাছে দেখা গেছে। আর ওপরে নানাজাতের পাথির কিচির-মিচির কলরব, ডানা ঝাপটান, ঠোঁট ঘসার শব্দ।

আর মাঝে মাঝে হাওয়ায় পাতা নডে, ডাল ছলে ওঠে।

বা এমনও এক-একটা সময় জাসে যথন পাথি থাকে না, বাতাস নেই। গাছ স্থিব শুকা। পড়ো জমিতে নিবিড ছায়াটুকু ফেলে অনন্তকালের সাক্ষী হয়ে নিঃসঙ্গ গাছ যেন যুগ যুগ ধরে দাঁডিয়ে আছে। বা মনে হয় কোন দার্শনিক। নীরব থেকে অবিচল থেকে জগতটাকে দেখছে। সংসারের উত্থান-পতন লক্ষ্য করছে। পাপের জয় পুণারে পরাজয় দেখে বিমৃত্ বিশ্বিত হয়ে আছে।

চিস্তাশীল মাস্থবের মনেব অবস্থা যেমন হয়। চিস্তাশীল মাস্থব যেমন চূপ কবে থাকে। পত্যি গাছটাকে সময় সময় এমন একটি মাস্থব বলে করনা করা যায়। তথন তার ধারেকাছে অত্য মাস্থব পশু-পাথি হাওয়ার চাপল্য করনা করতে কট হয়।

হয়তো এমন করে কেউ গাছটাকে দেখছিল গাছটাকে নিম্নে ভাবছিল। এতদিন জ্বানা যায় নি, এতদিন বোঝা যাচ্ছিল না। কে জ্বানে হয়তো গাছটাব সেই অন্তর্দৃষ্টি ছিল, গাছ বুঝতে পাবছিল পুর্বদিকের একটা বাডির সবুজ জানলায় বদে একজন তাকে গভারভাবে দেখছে লক্ষ্য করছে। না, আগে হয়তো দে আর দশটি মান্তবের মতো দাণা চোথে গাছের পাতা ঝরা দেখত নতুন পাতা গজানো দেখত। এখন আর তার চোথ সানা নেই। কাজল পরে গভীর কালো হয়েছে। এখন সার হালা নে বুলি লা ফ্রক উডিয়ে সে ছটফট করছে না যে, বাডির সামনের পড়ো স্থমিতে একটা গাছ আছে কি বাঁশের খুণ্টি দাঁডিয়ে আছে ওপর ওপর দেখে শেষ করবে ! এখন সে শাস্ত গম্ভীর, মাথায় দৃঢ়বন্ধ সংযত কঠিন থোঁপার মতো তার মনও বুঝি সতর্ক স্থসংবদ্ধ স্থিব ও নিবিড হয়ে উঠেছে। আর সেই নিবিড মন সভর্ক দৃষ্টি নিয়ে সারাক্ষণ সে গাছের দিকে তাকিয়ে আছে। গাছটাকে নিয়ে ভাবছে। যেন ভাবতে ভাবতে একদিন তার দৃষ্টি কেমন ভীত সন্তুম্ভ হয়ে উঠল। চোথের কালো পালকগুলি আর নডছে না, কালো মনি ছটি পাথরের মতো স্থির কঠিন হয়ে আছে। গাছ বুঝতে পারল একটা ভয়ন্বর ভাবনা ভাকে পেয়ে বসেছে, ওই কালো পালক দেগা চোথ ছটোর তাকানোর মধ্যে কেবল ভর না বিদেষও যেন মিশে আছে। গাছ ভয় পেল, দেখল, কেবল দিনের আলোয় না রাত্রির গভীর অন্ধকারেও ঘুটি চোধ জানালায় জেগে আছে। নিরাকার অম্পষ্ট ছারা-ৰুভি হবে বাত্ৰির গাঢ় ভমপায় লুকিবে খেকেও যেন গাছ ওই দৃষ্টি খেকে নিজেকে

বক্ষা করতে পারছে না। আতঙ্কের সঙ্গে পুঞ্চ খুণা ছু"ডে দিচ্ছে একজন তার দিকে।

তারপর কথাটা জানাজানি হয়ে গেল। বুঝি সবুজ জানালার ওই মাত্র্বটি সকলকে জানিয়ে দিল।

এই গাছ ছষ্ট। এই গাছ শয়তান। একে এখান থেকে সরিয়ে দাও। পড়ো জমির আশে-পাশের মাতুষগুলি সন্ধাগ হয়ে উঠল।

মান্তবের মতো শয়তান হয়ে একটা গাছ মান্তবের মধ্যে মিশে থাকতে পারে তারা এই প্রথম শুনল, জানল।

তাইতো, সকলে ভাবতে আরম্ভ করল, বুড়োর দল গাছের নিচে বসে পলিটিকস আলোচনা করে, বুড়িরা-যুবতীদের সঙ্গে বসে ছেলে হওয়া না হওয়ার গল্প করে, ছেলে-ছোকরার দল গাছের কাছে এসে খেলা করে এখন গাছটা যদি ভাল না হয়, যদি তার মধ্যে তুষ্ট বৃদ্ধি লুকিয়ে থাকে তবে তো—

কেটে ফেলতে হবে, পুডিয়ে দিতে হবে, মূলগুদ্ধ উপড়ে ফেললে সবচেয়ে ভাল হয়। সাদা ফুলের মালা জড়ানো স্ফীত শক্ত খোঁপা নেড়ে জানালার মান্তবটি বলল, তা না হলে এই গাছ কথন কি বিপদ ঘটায় বলা যায় না।

नवारे खनल नवारे कानल।

শিশুরা থেলা করে। এই গাছের একটা বড় ডাল তাদের মাথায় ভেঙে পড়তে কভক্ষণ। বজুপাত হতে পারে এই গাছের মাথায়। আর তার নিচে তথন যে দাঁড়িয়ে বা বসে থাকবে সঙ্গে তার অবধারিত মুক্যা। অর্ধাৎ গাছই বজুকে ডেকে আনবে। শয়তান কী না পাবে! শুনে মানুবগুলির চোথ বড় হয়ে গেল।

কিন্তু সেই সবুজ জানালার মামুষটি চুপ করে থাকল না। গাছ সহজে এত-কাল যারা উদশ্দীন ছিল তারা আরো ভয়ংকর কথা শুনল।

কেবল বজ্ঞ কেন, শয়তান মধ্যরাত্রে যে কোন একটি মান্ত্রকে ডেকে নিজের কাছে আনতে পারে।

় **ছ**ঁ, সকালে উঠে সবাই দেখবে সেই মাহৰ ওই গাছের কোন না কোন একটা ভালে ঝুলছে।

গলায় দড়ি দেবার পথে গাছের ভাল বৈ একটি চমৎকার অবলম্বন কথাটা নতুন করে সকলের মনে পড়ে গেল।

ওই গাছ পুড়িরে ফেলতে হবে, কেটে ফেলতে হবে, সম্ভব হলে মূলস্ক। হয়তো গাছের জানা ছিল না, পড়ো জমির পশ্চিম দিকের আর একটা বাড়ির লাল রং-এর জানালার বলে আর একজন তাকে গভীরভাবে দেখছিল। সেদিকে
দৃষ্টি পড়তে গাছ চমকে উঠল। এবং খুলি হল। লাল রঞ্জের জানালার মাস্ত্রটির চোখ ছটি বড় স্থলর। সেই চোখে ভর আতক স্থলা বিষেব কিছুই নেই।
আছে স্নেহ প্রেম মমতা সহাস্কৃতি। দেখে গাছ বিশ্বিত হল। কেননা কদিন
আগেও মাস্ত্রটির দৃষ্টি কশান্ত ছিল চলার বলার চাপল্য ছিল। হাফ প্যান্ট পরে
সময়ে অসময়ে তার কাছে ছুটে এসেছে, টিল হুঁড়েছে ডালপাতা লক্ষ্য করে,
পাতার আড়ালে পাবির বাসা খুঁজে বার করে ভেঙে দিয়েছে আর যথন-তথন
দোলনা বেঁধে দোল খেয়েছে। আজ সে মার্জিত ভন্ত স্নিশ্ব স্থলর। আদির
পাঞ্জাবির হাত ছুটো কম্বই পর্যন্ত গুটিয়ে ছ্ হাতের তেলাের চিবৃক রেখে জানালার
ধারের টেবিলের কাছে বসে গাছের দিকে গাঢ় দৃষ্টি মেলে চেয়ে থাকে। গাছটাকে
নিয়ে ভাবে। ভাবতে ভাবতে টেবিলের ফুলদানি খেকে একটা গোলাপ নাকের
কাছে তুলে ঘরে গন্ধ শোঁকে, যেন গাছটাকে যত দেখছে যত ভাবছে তত সে
পরিত্বপ্ত হচ্ছে আনন্দিত হচ্ছে। যেন গাছকে নিয়ে ভাবনার সঙ্গে গোলাপের
গল্পের একটা আশ্বর্য মিল রয়েছে। বুঝি গাছ তার কাছে গোলাপের মতো
স্থলর।

গাছ নিশ্চিম্ব হল আখত হল। লাল জানালার মাত্রটার মুখে সবাই অক্ত কথা ওনল।

এই গাছ ঈশবের আশীর্বাদের মতো আমাদের মধ্যে দাঁড়িরে আছে। একে বাঁচিয়ে রাখতে হবে। এই গাছের নিচে সকালে বিকালে মাস্থবগুলি একতা হয়। একটি মাস্থবকে আর একটি মাস্থবের মনের কাছে টেনে আনছে গাছটা। তার অর্থ আমাদের সামাজিক হতে শেখাছে। গাছটা আছে বলে ছেলেরা খেলাখুলা করতে পারে। মারের মতো শিশুদের স্নেহ ও আনন্দ বিভরণ করছে মাঠের ওই বনম্পতি।

সত্যি সে স্থন্দর।

তার ছাগ্রা স্থলর, ভাল স্থলর। তাই না নিরীহ স্থলর পাথিগুলি তাকে আশ্রয় করে সারাক্ষণ কৃত্তন গুঞ্জন করছে। প্রজাপতি ছুটে আসছে।

পাড়ার মামুষগুলি নতুন করে ভাবতে আরম্ভ করল।

পশ্চিমের লাল জানালার স্থন্দর মাস্ষ্টি সেইখানেই চুপ করে থাকল না।

ইট, লোহা, সিমেন্টের মধ্যে বাস করে আমরা ক্লাস্ত হয়ে পড়েছি। আমাদের চোখের সামনে একটি সবুজ গাছ আছে বলে প্রকৃতিকে আমরা মনে রাখতে পারছি। আমরা বে এখনো পুরোপুরি কৃত্রিম হরে যাইনি মিধ্যা হরে যাইনি তা ওই গাছের কল্যাণে। এই গাছ থাকবে। এই গাছ আমাদের ক্লান্ত জীবনে একটা কবিভার মতো।

তবে কি লাল জানালার মাস্ত্রটি কবি ? গাছ ভাবল। রাত্রে জানালার খারে টেবিলে বদে মাস্ত্রটি কাগজ কলম নিয়ে কি যেন লেখে যথন লেখে না চুপ করে বাইরে গাছের দিকে তাকিয়ে থাকে।

মন্দ কথা গুনে মান্ত্র ধেমন বিচলিত হয় তেমনি ভাল কথা গুনে ভারা নিশ্চিস্ত হয় খুশি হয়।

তাই একজন গাছটাকে মন্দ বলতে মামুবগুলি যেমন ক্ষিপ্ত হয়ে উঠেছিল, আবার আর একজন গাছ তাদের ওনেক উপকার করছে ওনে শান্ত হল।

তাই তারা গাছ নিমে আর মাথা ঘামাল না।

গাছের মনে গাছ দাঁড়িয়ে রইল।

ি কিছু পুবের জানালার মাত্র্যটি চুপ থাকল না। গাছ শুনল, দাঁতে দাঁত ঘদে দে প্রতিজ্ঞা করছে, যদি আর কেউ তাকে সাহায্য না করে তো দে নিজেই কুড়ুল চালিয়ে গাছটাকে শেষ করে দেবে। এই গাছ দে কিছুতেই সহ্থ করতে পারছে না। শয়তানকে চোখের সামনে থেকে যেভাবে হোক দুর করবে।

গাছ শুনে তু:খ পেল, আবার মনে মনে হাসল। যেন পুবের জানালার মানুষটিকে তার তেকে বলতে ইচ্ছে হল, তোমার খোঁপার ফুলের মালা শোভা পার, তোমার চোথের কাজল, কপালের কুমকুমটি চমৎকার, তোমার হাতের আঙুলগুলি চাঁপার কলির মতো স্থলর। স্থলর ও নরম-এই হাতে কুড়ুল ধরতে পারবে কি?

বেন পশ্চিমের জানালার মামুষ্টির কানেও কথাটা গেল। তার স্থন্দর আঙুলগুলি কঠিন হরে উঠল। গাছের বেশ জানা আছে ওই হাত, হাতের আঙুল
দরকার হলে ইস্পাতের মতো দৃঢ় দৃগু হতে জানে। আজ ওই হাত দিয়ে—লে
কবিতা লিখছে বটে, গোলাশ ফুলকে আদর করছে—একদিন ঐ হাতে টিল ছুঁড়ে
দে অনেক পাধির বাসা তছনছ করে দিয়েছে, গাছের ভাল ভেঙেছে, পাতা
ছিঁড়েছে আর ক্ষয়ের মতো হাতের ঘটো মুঠো কঠিন করে দোলনার দড়ি আঁকড়ে
ধরে দানব শিশুর মতো দোল খেয়েছে। তাই বৃঝি আজ বক্সমৃষ্টি শৃক্তে তুলে সে
প্রতিজ্ঞা করল, এই গাছকে বেমন করে হোক রক্ষা করবে। যদি কেউ এই গাছ
নষ্ট করতে আগে তাকে ক্ষমা করবে না। জীবন থেকে কবিতাকে নির্বাসন

দেওরা চলে না। যদি কেউ গাছের গায়ে হাত তুলতে আসে শরীরের শেক রক্তবিন্দু দিবে সে তাকে প্রতিহত করবে। গাছের গায়ে আঁচডটি পডভে দেবে না।

গাছ নতুন করে ভর পেল! তাকে কেন্দ্র করে পুবে ও পশ্চিমের জানালার ছটি মান্তবের মধ্যে সংঘর্ষ বাধবে না তো!

সে দিন তুপুর গডিয়ে গোল। তুটো বাচচা নিয়ে একটা ছাগল নিচের ছায়ায়
ঘুরে ঘুরে ঘাদ খেল। বিকেল পডতে শিশুর দল ছটোপাটি করল। অগুস্তি
পাখি কিচিরমিচির করে উঠে তারপর এক সময় চূপ হয়ে গোল। রাজি নামল।
নির্মেঘ কালো আকাশে অসংগ্য তারা ফুটল। হাওয়া ছিল। গাছের পাতার
সরসর শব্দ হচ্ছিল। রোজ যেমন হয়। পড়ো মাঠের চারপাশের বাড়িগুলিতে
নানারকম শব্দ হচ্ছিল, আলো জলছিল। ক্রমে রাত য়ত বাডতে লাগল এক
একটি বাডি চূপ হয়ে য়েতে লাগল, আলো নিভল। তারপব চারদিক নিঃসীম
অক্ষকারে ছেয়ে গোল। অক্ষকার আর অমেয় শুরুতা। মাথার ওপর কোটি কোটি
নক্ষর নিয়ে গাছ চূপ করে দাঁডিয়ে রইল। এক সময় হাওয়াটাও মরে গোল।
গাচের একটি পাতাও আর নডছিল না।

এমন সময়।

নিরদ্ধ অন্ধকারে দিনের আলোর মতো গাছ সব কিছু দেখতে পায়। গাছ দেখল পুবদিক থেকে সে খাসছে। অীচলটা শক্ত করে কোমরে বেঁধেছে। মালাটা খোঁপা থেকে খুলে ফেলে দিয়েছে। যেন যুদ্ধ করতে আসছে। এখন আর ফুলেব মালা নয়। হাতে ধারালো কুঠার। গাছ শিউরে উঠল।

কিন্তু সঙ্গে আর একদিকে মান্তবেব পারের শব্দ হল। পাছ সেদিকে চোথ ফেরাল। এবার গাছ নিশ্চিন্ত হল। সে এসে গেছে। পশ্চিমের জানালার সেই মান্তব এসে গেছে। তাব হাতে এখন কলম নেই। হাতকাটা গেঞি। তার চোয়াল শক্ত। দৃষ্টি নির্মম। যেন এখনি সে বজ্জের ছন্ধার ছাড়বে।

গাছ কান পেতে বইল।

বিষয় স্তৰতা। অনিশ্চিত মুহূৰ্ত।

গাছের মাধার একটা পাধির ছানা কিচমিচ শব্দ করে উঠল। বেন কোন দিক থেকে একটা নাম না জানা ফুলের গন্ধ ভেলে এল। আকাশের এক প্রান্তের একটা ভারার কাছে ছুটে গেল। একটু হাওয়া উঠল বৈ কি। নরম শাধাগুলি ছুলভে লাগল। —বেন ভিতরে ভিতরে গাছ এমনটা আশা করেছিল। তাই খ্ব একটা অবাক হল না।

শাড়ি জড়ানো মামুষটির অধরে হাসি ফুটেছে।

পশ্চিমের জানালার মাস্থবের শক্ত চোয়াল নরম হয়েছে। বজ্ঞ নির্ঘোষ শোনা যাচ্ছে না।

একজন আর একজনের দিকে তাকিয়ে আছে। ছজনের মাঝখানের ব্যবধান এত কম যে গাঢ় অন্ধকারেও তারা পরস্পারের মুখ পরিষ্কার দেখতে পাচ্ছিল। যেন একজন আর একজনের খাস-প্রখাসের শব্দ শুনছিল।

'হাতে কুড়ুল কেন ?'

'গাছটাকে কাটব।'

'লাভ কি ?'

'গাছটা শয়তান।'

'গাছটা দেবতা।'

'শয়তানকে যে দেবতা মনে করে সে মূর্থ।'

'দেবতাকে যে শয়তানের মতন দেখে সে পাপী। তার মনে পাপ তার হাদরে হিংসা। তাই সাদাকে কালো দেখে—আলো থাকলেও তার চোখে সব কিছু অন্ধকার।'

'তবে কি পৃথিবীতে অন্ধকার বলতে কিছু নেই ? কালো বলতে কিছু নেই ?' 'নেই ।'

'এ কেমন করে সম্ভব।' হাত থেকে কুড়ুলটা খদে পড়ল ওর। ভাবতে লাগল। গাছ খুলি হল। গাছ দেখল একজন কুড়ুল ফেলে দিতে আর একজন হাতের লাঠি ফেলে দিল। 'এ কেমন করে হয়!' ভাবতে ভাবতে পুবের জানা-লার মান্ত্রটি মুখ তুলে গাছের পাতার ফাঁকে ফাঁকে তারার ঝিকমিকি দেখতে লাগল। তারপর এক সময় বিড়বিড় করে বলল, 'সব আলো সব ফুন্দর—কিছু কালো নেই কোখাও অন্ধকার নেই এমন কখন হয়!'

'নিজের ভিতরে যথন আলো জাগে।'

'সেই আলো কী ?'

'প্ৰেম'।

মেয়েটির চোথের পাতা কেঁপে উঠল। গাঢ় নিখাস ফেলল। তার গলার স্বর করুণ হয়ে গেল। 'আমার মধ্যে কি প্রেম জাগবে না ?'

'অভ্যাস করতে হবে, চর্চা করতে হবে।' ছেলেটি স্থন্দর কবে হাসল। 'ভাল-বাসতে শিখতে হবে।'

'তুমি আমায় শিথিয়ে দাও।'

গাছ চোধ বৃজ্জ । তার ঘুম পেরেছে। গাছও ঘুমার। কত রাত তৃশ্চিঞ্ভার সে ঘুমোতে পারে নি। অথবা বেন ইচ্ছা করে সে আর নিচের দিকে তাকাল না। মাছুব বেমন গাছ সম্পর্কে উদাসীন থাকে, গাছকেও সময় সময় মামুষ সম্পর্কে উদাসীন থাকতে হয়, অভিজ্ঞ গাছকে তা বলে দিতে হল না।

# बिष्ठि काना

রমেন আমার বন্ধ। এই জীবনে বন্ধ অনেক পেয়েছি, কিন্তু রমেনের মতন কাউকে নয়। যেন আমার জন্ম প্রাণ দিতে দে প্রস্তুত। এতটা সহামুভূতি এতটা মমতা আমার প্রতি।

বেকার। ইদানিং আমার জামাকাপডের যা জীর্ণ দশা হরেছিল—রমেন সন্থ্
করতে পারেনি। সেদিন আমাকে ধরে নিয়ে গিয়ে কলেজ স্ট্রীট মার্কেটের একটা
দোকানে ঢুকে এক প্রস্তু নতুন শার্ট প্যাণ্ট কিনে দিয়ে তবে সে ঠাগু হয়।
পূজার আগে রৃষ্টিটিষ্ট ভেজার দক্ষন কদিন খুব কাশিতে ভূগেছিলাম। রমেন
আমাকে টেনে নিয়ে যায় তার পরিচিত্ত এক ডাক্তারের চেম্বারে। আমার গলা
বৃক্ব পরীক্ষা করে ডাক্তার এক হাত লম্বা প্রেসক্রিপশন লিখে দেয়। ডাক্তারের
ধ্বনান খেকে বেরিয়ে রমেন আবার আমার টানতে টানতে একটা ওষ্ধের দোকানে
নিয়ে বেয়ে কুড়ি টাকার ধ্বর্ধ কিনে দেয়।

আপন্তি করিনি। আগে আগে করতাম। রমেন ক্ষুর হড, রেগে থেড, এমন কি আমার সঙ্গে কথাটথা বন্ধ করে দিড। বুঝতাম বন্ধু আঘাত পার। আমার উপকার করে, আমার দৈয়দশার আমাকে সাহায্য করে সে ভৃপ্তি পার। এই ভৃপ্তির স্রোতে বাধা পড়তে দেওরা উচিত নর। বুঝতে পারার পর আমি আর আপত্তি করতাম না। তার সবরকম সাহায্য ও উপকার মাধা পেতে নিতাম। এখনও নিচিহ। তা ছাড়া আপন্তি সংরাচ কজ্জা—এসব আমাকে মানারও না। বছরের পর বৃছর বেকার খেকে দরিন্ত খেকে কারো কোনো

বক্ম সাহায্য না নিয়ে মাথা উচু করে চলব—দেই মনের বল আমার কোথায়। এমন সময় আসে ধবন, রাস্তায় বেরিয়ে এক কাপ চা থেতে বা একটা সিগারেট থেতে হলেও আমাকে অন্তের মুখের দিকে তাকাতে হয়। অধিকাংশ সময় দ্রীম বাসের পয়সা সঙ্গে থাকে না। অন্তের কাছে হাত পাততে হয়। এই অবস্থায় কথায় অন্তের দেখাটা আমি পাচ্ছি কোথায়। কে আর পয়সা নিয়ে দাঁড়িয়ে আছে আমাকে আদর করে চা থাওয়াবে, চা থাওয়াবার পর হাতে সিগারেট তুলে দেবে বা বরানগর থেকে ধর্মতলা আসব কি বালিগঞ্জ থেকে বরানগর ফিরব, বাসের পয়সা দিয়ে আমাকে সাহায্য করবে?

একমাত্র রমেন। একজনই আছে পৃথিবীতে ধার কাছে চাওয়ার আগে আমি সাহায্য পাই, এবং আমিও চোধ বুজে ধখন তখন এই একটি লোকের কাছে হাত পাততে পারি। এখানে আমার কোনোরকম লক্ষা সঙ্কোচ বিধা থাকে না।

বাবার হোটেলে ছু'বেলা ভাত খাই। বছরে একটা প্যাণ্ট ও একটা জামা জোটে। ছু'বছর অস্তর একজোড়া চটি। ব্যস্, ঐ পর্যন্ত। কেবল এই সম্বল করে আজকের দিনে কোনো ছেলে, ছাব্বিশ সাতাশ যার ব্যেস হল চলতে পারে? আমার ব্য়সী রমেন এটা বোঝে বলে সারাক্ষণ আমার দিকে ছু' হাত বাড়িয়ে আছে। কারণ সে চাকরি করে।

এবং এ-ও সত্য, ঐ যে তৃপ্তির কথা বললাম, দরকার হলে আমার জামাটা প্যাণ্টটা সে কিনে দিচ্ছে, ডাক্তারের ভিজিট ওর্ধের দাম চালিয়ে ই্যাছে, চা দিগারেটের ধরচ জোগাছে, ডাইং-ক্লিনিং-এর বিল মেটাছে কি ব্লেডের অভাবে ফ্রিন আমার শেভ করা হছে না দেখতে পেলে একদঙ্গে তু' তিনটে ব্লেড কিনে দিছে—এসবের পিছনে তার মানদিক ভৃপ্তি যেমন আছে, একটা অহংকারও যে কাজ করছে এ বিষয়ে কোনো সন্দেহ নেই। কারণ, লক্ষ্য করেছি, আমার বা রমেনের পরিচিত কোনো মাস্থ ধারেকাছে থাকলে আমার ওপর তার সহাত্তুভি দরাদাক্ষিণ্য বা করুণা—যা-ই আখ্যা দেওরা যাক, মাত্রাটা যেন বেড়ে যার। যেমন একদিন তার অফিসে গিয়ে তার সঙ্গে দেখেই দে রীতিমত চেঁচামেচি শুরু করে দেয়। কি রে, চা থাবি, বোস বোস, পাধার নিচে বোস, মুখটা শুকিয়ে গেছে এই নে সিগারেট, তারপর ? বাসের প্রদা ছিল তো, না কি হেটেই শ্রামবাজার টু ভালহোণী মেরে দিলি। রমেনের কথা শুনে তার অফিসের লোকেরা হা করে তাকিয়ে আমাকে দেখছিল। আমি চা থাছিলাম, রমেনের দেওয়া দামী সিগারেটের প্যাকেটটা তুলে নিয়ে একটা সিগারেটও ধরিয়ে-

ছিলাম মনে আছে। দেখে খুশি হয়ে রমেন তার অফিলের লোকদের শুনিরে শুনিরে শুনিরে শুনিরে শুনিরে শুনির আবার আমাকে বলছিল, তারণর ? টাকাকড়ির দরকার আছে আজ ?

হয়তো দরকার ছিল, ধার কর্জ করার উদ্দেশ্য নিয়েই অফিসে তার সলে দেখা করেছিলাম। কিন্তু যেমন চেঁচামেচি করছিল দে ও সঙ্গে পলে পকেট থেকে একটা দশ টাকার নোট বের করে আমার দিকে বাড়িয়ে দিয়েছিল, হঠাৎ কেমন যেন অপ্রস্তুত হয়ে গিয়ে তার মুখের দিকে তাকিয়ে ছিলাম। ওদিকে চোখেমুখে উৎকট কৌতুহল নিয়ে রমেনের সহকর্মীরা আমাকে দেখছে তখন। এই অবস্থায় আমি চুপ করে আছি দেখে রমেন ভীবণ চটে যায়। তাখ, আমি তোর ফ্রেণ্ড বেস্ট ক্রেণ্ড— চেঁচিয়ে অফিসভদ্ধ লোককে শুনিয়ে সে আবার বলন, আমার কাছে ধার চাইতে যদি লজ্জা করে তবে তোর মরে যাওয়াই উচিত। তোর চাকরি-বাকরি নেই, এই অবস্থায় আমার কাছে এসেও এমন মুখ বুক্তে থাকা মানে আত্মহত্যার পথ বেছে নেওয়া…

ঠিক আছে। চোথ মৃথ লাল হয়ে উঠেছিল আমার। রমেনের বক্তৃতা বন্ধ করতে তাতাতাতি টাকাটা টেবিল থেকে তুলে পকেটে পুরলাম। রমেন তথন ঠাণ্ডা হয়।

আর একদিন। মনে আছে চৈত্র মাদ। শাস্ত্রে বলে মধুমাদ। কলকাতার রান্তার অবগ্র মধুটা বোঝা ষায় না। ব্ঝেছিলাম বোটানিক্যাল গার্ডেনে। রমেনের কথার তার দক্ষে দেখানে বেড়াতে ষাই। আমি কি জানতাম রমেন আর একজনকেও নেমস্তর্র করেছিল। তাঁর নাম মীনাক্ষী। আমার মতন রমেন ব্যাচেলার। আমি বেকার। কোনো মেয়ের সঙ্গে বন্ধুত্ব করার সাহস ও সামর্থ্য আমার ছিল না। তা বলে রমেন চুপ করে ছিল না। কেনই বা থাকবে। তার একাধিক গার্ল-ফ্রেণ্ড জুটছিল। এখনও জুটছে। কিন্তু এক সঙ্গে মীনাক্ষীকে ও আমাকে সেই চৈত্রের তুপুরে বোটানিকস-এর জন্মলে ডেকে নিয়ে যাওয়ার কোন মুক্তি আমি খুজে পাইনি। পরে কারণটা ব্ঝেছি। রমেন মুহুর্ম্ভ তার গোল্ড-ক্লেকের প্যাকেট ও স্থদৃত্ত লাইটারটা আমার দিকে বাড়িয়ে দিচ্ছিল। টিফিন ক্যারিয়ার ভরতি করা প্রাচুর থাবারদাবার সঙ্গে নিয়ে গিয়েছিল সে। মীনাক্ষীও অনেক সন্দেশ টন্দেশ নিয়ে যায়। মীনাক্ষী না, যেন এই জন্মই জিনিসটা আমার চোথে অভ্ত ঠেকছিল, রমেন নিজের হাতে কাগজের প্লেটে আমার থাবার বেড়ে দিচ্ছিল। এবং লক্ষ্য করছিলাম, ওদের ত্ত্রনের জন্ত যত না রাথছিল তার চেমে দের বেশি সে আমাকে দিয়ে দিছিল। কেমন ফাপড়ে পড়লাম। হাত তুলে

যাত বলছি, আর নর, অত থেতে পারব না, আমি রাক্ষণ নই রমেন—রমেন আমার কথা কানে তুলছিল না। হেলে বলছিল, থা থা, মীনাক্ষী ভীম নাগের কড়াপাক এনেছে। কতকাল ভীম নাগের সন্দেশ থাস না বল তো ? আমি তু বছরের মধ্যেও একটা সন্দেশ থেতে পারলাম না, অথচ আমি চাকরি করি—আজ মীনাক্ষীর দৌলতে—বিধ বলো মিসু ?

চোথ আড় করে দেখছিলাম আমার দিকে একবার তাকিরেই রমেনের বান্ধবী তৎক্ষণাৎ মুখটা অন্তদিকে ঘূরিয়ে নিয়েছে। দৃশ্যটা দেখে মাথাটা কেমন ঝিম-ঝিম করে উঠল। মুখের সন্দেশ তেতো ঠেকল। অর্থাৎ মেয়েটির চোখে এমন কিছুছিল—আমার বেন মনে হল সেই মুহুর্তে সেখান থেকে পালাতে পারলে বাঁচি। কিন্তু তার উপার ছিল না। মুখ কালো করা ঘাড় গুঁছে পাতের সন্দেশ খুঁটি আর লুকিয়ে নিজের জীর্ণ ময়লা জামা প্যান্ট ও পায়ের নোংরা জুতোটা দেখি। রমেনের গায়ের দামী ঝকমকে পোশাকের ব্ঝি সেদিন তুলনা ছিল না। সোনালী সিজের শাড়িও কচি কলাপাতার রঙের ব্লাউজে মীনাক্ষীকে বসস্তের রানীর মতন দেগাছিল। সেখানে আমার ঐ দীনদরিস্ত বেশ। দেখে রমেনের বান্ধবী আমাকে অমুকন্পা করত না তো কে করত।

এই, অমন ঘাড় গুঁজে আছিদ কেন। থাচ্ছিদ না? রমেন টেচিয়ে উঠেছিল।
বেন দে আমার মনের ভাব ব্ঝতে পেরেছিল। ব্ঝতে পেরে গলা চড়িরে
গন্ধীর হয়ে উপদেশ দিতে আরম্ভ করল: ভাথ নবেন্দু আমি তোর ফ্রেণ্ড—বেস্ট
ফ্রেণ্ড—তোর গোমড়া চেহারা আমি একদম সহ্থ করতে পারি না। তোর মুথ
কালো দেখলে আমার মাথা থারাপ হয়ে যায়। তুই ভাল করে জানিদ তোকে
চীয়ার আপ করতে আমার চেষ্টার ক্রটি নেই। আর পাঁচটা বেকারের মতন
সারাক্ষণ নৈরাশ্রে ভ্গবি, এ আমি কথনো হতে দিতে চাই না, যে জন্ম মীনাক্ষীর
সঙ্গে বেডাতে এসে তোকেও আজ্ব এখানে ডেকে আনলাম।

মীনাক্ষী তথন আবার আমার দিকে মুখ ফিরিয়েছিল কিনা, চোথ তুলে সেদিকে তাকাতে সাহস পাইনি। রমেনের কথা মতন আর একটু সন্দেশ ভেকে তাড়াতাড়ি মুথে পুরেছিলাম। তা না হলে, স্কানতাম সে কিছুতেই চুপ করত না।

কালকের আর একটা ঘটনা। কালই আমি রূপাকে প্রথম দেখি। তিন মাস আগের মীনাব্দীর জারগায় এখন রূপা। আগেই বলেছি, ঋতুতে ঋতুতে ফুল ফোটার মতন নতুন নতুন বান্ধবী আসছে রমেনের জীবনে। আহক। কিন্তু আমাকে গুদের সামনে টেনে নিয়ে যাওয়া কেন। মীনাব্দীর সঙ্গে আমাকে বোটানিক্যাল গার্ডেনে বেডাতে নিরে গেল। আর কাল রবিবার ছুটির দিন তার রূপার সঞ্চেরমেন আমাকে ধরে নিয়ে গেল লাইটহাউলে ইংরেজী বই দেখাতে। ছবি দেখার সময় অন্ধকারে জিনিসটা তত বুরতে পারিনি। শো ভাঙবার পর হল থেকে বেরিয়ে তিনজন একটা রেন্ডোর মর চুকেছি, তথন। দোকানের নীলাভ রাক্মকে আলোর লক্ষ্য করলাম রমেনের নতুন বান্ধবী আমাকে দেখে মীনাক্ষী যেমন করত নাক কুঁচকে ঘাডটা মোটেই ঘুরিয়ে নিছে না। বরং বেশ মনোযোগ দিয়ে একবারের জারগার ছ তিনবার করে আমাকে দেখছে। ওব এভাবে তাকানটা রমেনের চোখে পভবে জানা কথা। তাই বুঝি রমেন মিটিমিটি হাসছিল। তারপর আর দে চুপ থাকতে পারল না।

এটা তোব দেই জামাটা, আমি ষেটা কিনে দিয়েছিলাম। তাই না নবেন্দু ? 
है। মাটির দিকে চোধ নামিরে তৎক্ষণাৎ উত্তর করলাম।

যা দশা করেছিস না জামার ! রমেন আবার বলল, তা জামার দোষ কি। মাসের পর মাস একটা শার্ট একটা প্যাণ্ট গারে থাকলে এই অবস্থা দাঁডাবে জানা কথা। ঠিক আছে, কালই আবার একটা শার্ট একটা প্যাণ্ট তোকে কিনে দেব।

তা দিও। ঠোঁট থেকে চারের কাপটা সরিবে রূপা বলল, তা হলেও এই আধামরলা ছেঁডা পোশাকে তোমার বন্ধকে একটুও থারাপ দেখাছে না। মুখটা ভারি মিষ্টি তো।

চমকে উঠলাম। বুকের মধ্যে চিপ করে উঠল। ঘাড তুলে দেখি চা খাওরা ভূলে গিয়ে লম্বা পালকেব বড বড় চোখ মেলে রমেনের বান্ধবী সেই একভাবে কেবল আমার দিকে তাকাছে । কিন্তু অবাক লাগল, রমেন যেন জিনিসটা মোটেই গ্রাহ্ম করছে না। আমরা চুটি পুরুব টেবিলের এধারে পাশাপাশি চুটো চেয়ারে। কপা বসেছে আমাদের মুখোমুখি হয়ে। রমেনকে ফেলে কপা সারাক্ষণ আমাকে দেখবে, এ কেমন কথা। আমার ভর ভর করছিল। ঠিক সেই মৃহুর্তে, আমার ভরটাকে প্রায় ঝডের মতন্ উডিয়ে দিতে রমেন হোহো করে হাসল।

রূপা তোকে ঠাট্টা করছে নবেন্দ্। ময়লা ছেঁডা পোশাকেও তোকে নারক নারক দেখাছে।

রূপা কথা বলন না। আমি নীরব থেকে ঘাড গুলে চা থাই।

তা বলে রমেন চুপ থাকল না। আমার দিকে চোথ ঘূরিয়ে বলল, মুখটাও তো একেবারে জলল করে রেখেছিল। সেই যে তিনটে ব্লেড কিনে দিয়েছিলাম— শেস চরে গেছি বৃঝি ?

## ছ, ঘাড় ওঁছে উত্তর করি।

আমার কিন্তু ধারাপ লাগছে না। রূপার রূপালী গলার স্থর আমার কানে এল। রমেনকে ও বোঝাচ্ছিল, পুরুষের গাল চিবুক সাধারণ ডিমের মতন পালিশ চকচকে হয়ে আছে দেখতে মোটেই ভাল লাগে না। থোঁচা খোঁচা দাঁড়িতে নবেন্দুকে স্থন্দর লাগছে।

হো হো। রূপার কথা শুনে রমেন ভারি উদ্বেক্তিত হয়ে উঠল। চোধটা কাত করে আমি রমেনের মুখটা দেখলাম। এত জোর হাসছিল সে! আমার বুক কাঁপতে লাগল।

বেকার মাতৃষ পেয়ে নবেন্দুকে এভাবে ঠাট্টা করা ভোমার উচিত নম্ব রূপা। রূপার দিকে চোখ রেখে রমেন বলল, আমি আছই ওকে এক ডছন ব্লেড কিনে দেব।

রূপা চুপ। আমি চুপ। রূপার চোখ দেখে ওর চোখের ভাষা আমি এত বেশি বুঝতে পারছিলাম! রমেনের কাছে এই জিনিস ত্র্বোধ্য ছিল। ততক্ষণে আমাদের চা থাওয়া শেষ। রমেন বিল মিটিয়ে দিল। তারপর তিনক্ষন রান্ডার নামলাম।

এবার কোনদিকে ? রমেন বলল।
গড়ের মাঠে—তারপর গদার ধারে। রূপা প্রস্তাব করল।
আমি না। সন্তুচিত হয়ে রূপাকে বললাম, এবার আমি কাটব রূপা।
না, না, সে কি! তুমি না থাকলে আমাদের বেড়ানটা মাটি হবে।

বলে শক্ত করে রূপা আমার হাত চেপে ধরল। আমার কোন আপত্তি ও মানবে না। চৌরন্ধীর হাজারটা লাল, নীল, বেগুনি আলোর ছটা ওর চোথে মুখে এসে ছিটকে পড়ছিল। পরিন্ধার দেখছিলাম রূপার মুখের রং মুহুর্ম্ভ বদলে বাচ্ছে। অথচ মুর্থের মতন রমেন তথনও হোহো করে হাসছে। রূপার রংকরা ঝকঝকে কটা নথ আমার হাতের চামড়ার বসে বাচ্ছে দেখে যেন সে ভীষণ মজ্য পেল।—শক্ত মেয়ের পাল্লার পড়েছিদ আজ তুই নবেন্দ্। চোথ নাচিয়ে রমেন বলছিল, হিপিদের মতন তোর লম্বা চুল দাড়ি ও ময়লা পোশাক দেখে রূপার খুব পছন্দ হয়েছে। হিপিদল করতে ইচ্ছে হয়েছে ওর। কিছুতেই তোকে ছাড়বে না।

ছঁ, কিছুতেই ছাড়বে না। মনে মনে বললাম, তারপর করুণ করে রূপার চোখের দিকে তাকালাম। বললাম, আন্ধ নয়, রূপা, আর একদিন, আন্ধ আমার ভাড়া আছে। জোর করে ওর মুঠোর বাঁধন থেকে হাতটা ছাড়িয়ে নিমে বড বড় পা ফেলে রাস্তার ভিড়ের মধ্যে মিশে গেলাম। রমেনের বোকা হাসিটা তথনও কানে বাজ্বছিল। এও কট লাগছিল বেচারার জন্ম। সে জানে না বেকার বাউপুলে একটি পুরুবের হাতে কথন একটি মেয়ে নথের আঁচড় বসায়, আর ভার জল্নি কী মিটি!

### বাবু

শীতের রাড। জ্যোৎসা থিকথিক করছে। হঠাৎ দেখলে মনে হয় বসস্ত এসে গেছে।

তার মানে কি। হাওয়া আছে বলে কুরাশা ধেশিয়াশা জমতে পারে নি। অপচ শহরতলি। বন্তি কলকারখানায় গিজগিজ চারদিক। ফুরফুরে বাতাস না পাকলে জ্যোৎসার বারোটাই বাজিয়ে দিত।

ছ°, হাওয়া নেই। তাই চাঁদের আলোর এই চাকচিকা। বরবাডি রাস্তাঘাট নালা-নর্দমা ছবির মতন সাগছে।

তা বলে কি কাঁচা নর্দমার তুর্গন্ধ নাকে লাগে না। খুব লাগে। এদিক ওদিক খাটাল আছে কয়েক গণ্ডা। গোময় গো-মুত্রের কটকটে গন্ধ টের পাওয়া যায়।

তবু ভাল লাগে।

রাস্তার ত্থারে মন্ত-মন্ত দেবদারু গাছ মাথা উচ্ করে সৈক্তসামন্তের মতন দাঁড়িরে। শহরতলির রাত বারোটার নির্জন রাতা পাহারা দিছে। আর কি তোমাদের ভরভর করার কোনো কারণ নেই ছে আমরা আছি। ঝুপদি পাতার ঢাকা মাখা নেডে দেবদারু গাছেরা চৌকিদারের মতন থেকে খেকে জানান দেয়।

নির্জন তো হবেই। আজ ছুটির দিন। ঈদের ছুটি। কলকারখানার কাজ বন্ধ। তার ওপর সন্ধ্যার পর থেকে কনকনে হাওয়া। বন্ধির মান্থ্য থেরেদেরে কখন কাঁখা কখলের তলায়। বাইরে একটা মান্থ্য চোখে পড়ে না। ত্-একটা বেওয়ারিশ কুরা এ পাড়া থেকে ওপাড়ার যাবার সময় রান্ধাটা পার হয় ওখু। ওরাও শক্ষ্টুকু করে না। আর চোখে পড়ে একটি ছুটি বেড়াল। যেন কোন গেরন্থ বাড়ির মাছের কাঁটা গিলে এসে এখন ফাকার কাঁচা ঘালপাতা থেরে বমি

করতে বেরিয়েছে। গলায় কাঁটা আটকে থক থক কাশছে না যদিও। গরগর শব্দ করছে।

আর মাঝে মাঝে শেরাল ছুটছে হাঁদ মুরগি চুরি করতে। মোটের ওপর চরাচরের দৃশুটা স্থলর। কালো পিচ ঢালা লখা রান্তা শহরতলির চোইন্দি ছাড়িরে ফিতের মতন দুর গাঁ গঞ্জের দিকে চলে গেছে। তুখারে দেবদারু পাতা হাওয়ায় কাঁপছে ঝিলমিল করছে। পাতার ফাঁক দিয়ে চাঁদের আলো মাটিতে পড়ে নানা-রকম নকশা কারুকাজ তৈরী করছে। আর কুকুর বেড়াল যথন যেটা রান্তা পার হয় এইসব ছায়া ও জ্যোৎসার ছাপ তাদের গায়ে পড়ে স্থলর দেখায়। যে জ্ঞা জ্বাংটা এখন অন্তরকম মনে হতে পারে।

এমনিও অবশ্র জ্বগৎটা অন্তরকম হয়ে গেছে। কেবল রিকশার ঠুনঠুন ও গাছের পাতার সরসর ছাড়া আর কোনো শব্দ নেই।

তাই যেন রিকশার বদা বাবৃটি জড়ান খুশির গলার রিকশাওয়ালার সঙ্গে স্থতঃথের কথা কইছে। বাবৃর গায়ের দামী শালের আঁচল কাঁধের ওপর দিয়ে
নিশানের মতন পতপত করছে। বাবৃর ত্ হাতের আঙুলে নানা সাইজের নানা
রঙ্কের পাথরের আংটি। জ্যোৎস্না লেগে কোনোটা বেগুন ফুলের মতন দেখাছে।
কোনটা টুকটুকে লাল ডালিম দানা হয়ে জলছে। একটা আংটি থেকে জোনাকির
আলোর মতন কপালি সবৃদ্ধ ত্যুতি ঠিকরে বেরোছেে জ্যোৎস্না লেগে বাবৃর
পায়ের জুতো চকচক করছে কম কি।

স্থান কাৰ্য প্ৰতি, গ্ৰম পাঞ্চাবি ও তার ওপর কাশ্মীরী শাল চাপিয়ে জামাইবাব্টি সেজে কেন বাবু আজ বেরিয়েছে রিকশাওয়ালার মাথায় আসছে না। তা ষাই করুক। বাবু তার রিকশায় চেপেছে এটাই বড় কথা।

আর একটু হলে কসকে যাচ্ছিল। জগা যেমন হাঁ হাঁ করে দামী সওয়ার পাকড়াও করতে ছুটে এসেছিল। নিদানও কম যাচ্ছিল কি। হাসিমের রিকশার সামনে বাবু এসে পরলা দাঁড়ার। দাঁড়ালে হবে কি। গাঁজা টানলে হাসিম রাজা বাদশা বনে যার। পর্যা-কড়ি রোজগারের দিকে মন থাকে না। রিকশার গদীতে পিঠ ঠেকিয়ে আধশোয়া: হয়ে ঠ্যাং-এর ওপর ঠ্যাং তুলে দিয়ে গাড়ির পাটাতনের ওপর আঙুল ঠুকে সে গান গাইছিল। হাসিম যে এই সময় তার গাড়িতে সওয়ার তুলবে না, সবাই জানত। মৌজে আছে। বাবুকে দেখে সেমাধা নাড়তেই পিছনের সারির জগা, তারপর নিদান ছুটে আসে। 'আসেন—বাবু আসেন! নয়া রিকসা।' ওরা খ্ব ডাকাডাকি করছিল।

কিছ বাবুরা নিয়মকাছন মেলে চলে। হাসিমের রিকশা পাওয়া য়াবে না বুঝতে পোরে জগা ও নিদানের ডাকাডাকি কানে না তুলে বাবু হাসিমের রিকশার পিছনেই যে রিকশা দাঁডিয়ে—সরাসরি তাতে চেপে বসে। নিদান ও জগার তথন কী রাগ। মুথে কি আর তা প্রকাশ করছিল। বোঝা গেছে তাদের কাশির শব্দে। নানারকম শব্দ করে হুজনে কাশছিল। গলা খাঁকার দিছিল।

তা রাগ হবার কথাই তুজনের। হাসিম ইচ্ছে করে সওয়ার ছেড়ে দিলে। তারপর যে থূশি সওয়ার ধরতে পারে। এখানকার বিকশার এই নিয়ম। তা কিনা এমন দামী ঘড়ি আংটি পরা গায়ে শাল চাপান এক বাহারের বাবু।

বাবুও যে তথন হাদিমের মতন মৌজে ছিল। বাবুর টলোমলো অবস্থা দেখে রিকশাঙ্রালারা ব্ঝতে পারে। দিনেমা হল থেকে বেরিয়ে বাবু ট্যাকদি স্ট্যাণ্ডের দিকেই আগে যার। ত্থানা মোটে ট্যাকদি ছিল আজ স্ট্যাণ্ডে। ত্থানার একথানা বাবু ধরতে পারল না। তার আগেই ত্ই বাবু ট্যাকদি ত্টো ধরে কেলে। এক বাবুর দলে জেনানা ছিল। আর এক বাবুর দলে জেনানা ছাড়াও তিন চারটে গুঁড়াগাড়া ছিল।

এই বাবু একলা। ট্যাকসি না পেয়ে শেবটায় রিকশার কাছে আনে।
বাড়ি ফিরতে হবে তো। রাত প্রায় সাড়ে এগারোটা তথন। আরও বেশি।
ভয়ানক লম্বা রীলের ছবি ছিল। সাড়ে এগারোটায় শো ভাঙে। তার
পরেও পনেরো কৃড়ি মিনিট পার হয়ে গেছে। তার মানে এখন বারোটা
বাছবে।

'তুই বোদপাড়া চিনিদ তো ?'

'হাঁা বাবু। বোসপাড়া, হালদারপাড়া, কাজীপাড়া—সব আমার চেনা— আমি কি নতুন রিকশা টানছি এই ভলাটে।'

'মাঝেদাঝে দরকার হলে আমি ট্যাক্সিতেই চলি। আমার নিজ্ঞের গাড়ি আছে। বুইক।' বাবু জড়ান গলায় বলল, অনেকদিন পর আৰু রিকশায় চাপছি—হি-হি।' বাবু হাদে।

'গাডি কোথায় ?' বিকশাওয়ালা খুব একটা অবাক হয় না।

'সারাই করতে গ্যারেজে গেছে। সেদিন অ্যাকসিডেন্ট করেছিলাম। নিজেই ড্রাইড করি কিনা। আমার বিশেষ কিছু হয় নি। ডান হাঁটুতে সামাক্ত চোট লাগল। এখন ঠিক হয়ে গেছে। রান্তার ধারে একটা গাছের সঙ্গে গাড়িটা ধাকা লাগল। ইঞ্জিনটা জধ্ম হরেছে।' মাল টেনে গাড়ি চালালে গাছের সঙ্গে ঠোকাঠুকি লাগবেই। রিকশাওয়ালাঃ যনে যনে বলল।

'ব্ঝিলি',, বাবু আবার বলল, 'চৌদ্দ বছর পর রিকশায় চাপলাম। তোদের রিকশাওয়ালাদের দেখলে আমার খুব ছুঃখ হয়, কারা পায়।'

আহ! রিকশাওয়ালা মনে মনে বলল, মুখে মুখে তোমরা বাব্রা অনেক তৃঃথ কর। তারপর এক টাকার জায়গায় পাঁচসিকে ভাড়া চাইলেই বাবুদের চোথ লাল। বিকশাওয়ালাকে ধরে মারতে আস।

'বুঝলি রিকশাওয়ালা—গরীবের হৃ:খ আমার একদম সহু হয় না—তোদের:
অবস্থা দেখে আমার বুকের ছাতি ফেটে ুযায়। আমার প্রাণটা যে তথন কেমন
করে না।'

চুপ কর চুপ কর। রিকশাভ্রালার টেচিয়ে বলতে ইচ্ছে হল। তোমার এই শথের কারা শুনলে হাসি পার। কত টাকা রোজ মাল থেয়ে ওড়াও চাঁদ। আজ তো তোমার একেবারে বেসামাল অবস্থা। তোমাকে দেখেই নিদান ও জগা টের পেয়েছে। হাসিমের কথা আলাদা। গাঁজা টেনে ব্যোম। আজ তার কজিরোজগারের দরকার নেই। কিছু আমাদের চোথকান সজ্ঞাগ। তুমি বাবু প্রাণভরে মাল টেনে গাড়ি নিয়ে সিনেমা দেখতে আস। যেদিন গাড়ি থাকে না ট্যাকসি। আমরা রিকশাভ্রালারা তোমাকে দেখি আর হায় আফশোস করি। বলতে হবে আজু আমার জার বরাত। নিশুতি রাতে তোমায় নিয়ে মোদকপাড়ার থালপোলের কাছে চলে এলাম।

'এটা কি মোদকপাড়া ?'

'না না এটা নন্দীপাডা।' বলে বিকশাওয়ালা চুপ করে বিকসা নিয়ে পোলের ওপর ওঠে। ঠুন ঠুন শব্দ হয়।

হ", নন্দীপাড়া, ঠিক বলেছিস।' আধবোজা চোথে বাবু ঘাড় দোলায়! নন্দীপাড়ায় নতুন ব্রীজ্ঞ হয়ে কি স্থবিধে না হয়েছে। গাড়ি নিয়ে চোঁ করে খাল পার হতে আর কোনো কট্টই রইল না। কি বলিস!'

'হ', হ',' ঘাড় নেড়ে রিকশাওয়ালা মনে মনে হাসল। মালের দৌলতে মোদকপাড়া আর নন্দীপাড়া বড়বাবুর চোথে এক হয়ে গেছে। নন্দীপাড়ায় কবে খাল ছিল গো বড়বাবু।'

'ঐ যে রিকশাওয়ালা!' বাবু আঙুল তুলে দেখায়। 'হালদারপাড়ার সেনচক্রবর্তীদের ফ্লাওয়ার মিলের চিমনি দেখা যায়।' 'তাই তো !' রিকশাওয়ালা মহানন্দে খাড় বেঁকায়। কান্ধীরঘাটের ভাল গাছ ঘুটো সেনচক্রবর্তীদের ময়দা কলের চিমনি হরে গেছে। তা না হলে আর মাতাল।

'আজ আমি একলা। বুঝলি রিকশাওয়ালা।' বাবু বলল, 'অক্সদিন আমার সঙ্গে জেনানা থাকে।'

হঁতা থাকে। রিকশাওয়ালা মনে মনে বলল, স্থলর মুখের একটি জেনানা তোমার সঙ্গে থাকে। আজ তুমি একা বলেই তো আমার স্থবিধে হরেছে। পোলের নিচে নেমে রিকশাওয়ালা এক মিনিট দাঁড়ায়। ঠাগুার হাত থেরে নিচ্ছে। তু হাত একত্র ঘবে গরম করে নেয়।

'একটা দিগারেট থাবি ?'

'না' রিকশাওয়াঙ্গা আবার রিকশার হাতল চেপে ধরল। একেবারে আপনাকে বাড়ি পৌছে দেই—তারপর একটা ধরাব।'

'इँ जारे जान।' र्र्न र्र्न विक्ना हला।

'হাারে, বাড়ি পৌছে কি এই ঠাণ্ডার তোকে আমি এমনি এমনি ছেড়ে দেব।' বাবু আবার বলে 'আমার চাকর চা করে দেবে ডিমের মামলেট ভেজে দেবে, চা ডিম থেরে শরীর চাঙা করে ওথান থেকে ফিরবি।'

'ছঁ তাই থেতে দিও রাজা।' রিকশাওয়ালা ঘাড় নাড়ল।

'এত রান্তিরে হরিপদ যদি চা করতে ডিম ভাব্ধতে গাঁইগুঁই করে তবে বেটাকে ব্যুতোপেটা করে ছাড়ব না। ছুঁ আমি মনিব—আমার কথামতন তোমাকে চলতেই হবে—ঠিক কিনা বিকশাওয়ালা ?'

'ঠিক ঠিক।'

'রিকশাওয়ালারা মাহ্রষ গরীবরাও মাহ্রষ। ব্রালি রিকশাওয়ালা? আমার ইচ্ছে করে ছনিয়ার সব গরীবের ছৃ:খ একদিনে ঘোচাই—সবাইকে খেতে পরতে দেই। মালকড়ি একটু বেশি টানি—তা না হলে আমার ভেতরটা, আমার এই মনটা যে কত ভাল তোকে বোঝাতে পারব না।'

আহ! মাল গিলে কত স্থথের আলাপই না বাবুরা করতে পারে। বিকশাওয়ালা চিস্তা করল। তারপর বাড়ি পৌছে নায্য ভাড়াটি চাইতে গেলেই চোথ লাল। আড়াই টাকার জায়গায় পাঁচ সিকে পকেট থেকে-বার করবে। সোরগোল করতে গেলে বাড়িভছ লোক বিকশাওয়ালাকে মারতে আসবে। তোমাদের বাবুদের ঐ হাডিডচামড়ার নিচে কোন জিনিস

লুকোনো থাকে—আর কেউ না জাত্তক—আমরা রিকশাওয়ালারা টের পাই।

'এই যে এই যে !' গদির পিঠ থেকে পিঠ আলগা করে সোজা হয়ে বসল বাব্। এই বেল গাছটার সঙ্গে সেদিন—আমার গাড়ির ঠোক্কর লেগেছিল।' আঙুল দিয়ে বাব্রাস্তার ধারের একটা শিরীষ গাছ দেখার। রিকশাওয়ালা হেসে বাঁচে না।

আর হাসবে কি। মাতালের চোথে শিরীষ গাছ, বেল গাছ সমান।

'আমরা তাহলে কদমধালির কাছে এসে গেছি রিকশাওয়ালা।' পিঠ এলিয়ে দিয়ে আবার চুলুচুলু চোথ করে বাবু বলল 'ঠিক এই খানটায় সেদিন আ্যাক্সিডেন্ট করলাম—'

কদমথালি পথস্ত তোমাকে আজ্ব আর থেতে হচ্ছে না। রিকশাওয়ালা নিজের মনে বলল কাজীরঘাট বাঁরে রেখে রিকসা ঘুরিয়ে তোমাকে নিয়ে সোজা কাঁটাপুকুরের রাস্তায় চলে এসেছি।

'দেখলি তো।' বাবু তথনও কদমথালির বেলগাছের কথা ভাবছে। 'গাছটার কিছুই হয়নি। একটু ছালবাকল উঠল না পর্যন্ত। আর শালার আমার গাডির ইঞ্জিন বিগড়ে গেল। ড্যাসবোর্ডে বাডি থেয়ে আমার হাঁটুতে চোট লাগল। ঐ বেলগাছে নির্বাত বেক্ষদৈত্য আছে।'

'হুঁ', হুঁ' এবার রিকশাওয়ালা গলা ছেডে হাসল। 'বেক্ষণৈত্য, বেক্ষণৈত্যানি—' উনারা চুজনেই আছেন ঐ গাছে।'

'তুই হাসছিস! কিন্তু তথন কি হল। গাড়িটা এমন জোরে ঝাকুনি খেল। উছ ইঞ্জিনের দিকে আমার চোধ নেই। হাটুর দিকে মন নেই। তথনি ঘাড ফিরিয়ে পেচনের সীটে বদা মান্ত্র্যটাকে দেখলাম।

'ক্ষেনানা।' রিকশাওয়ালা আবার দাঁড়িয়ে পড়ে। ঠাণ্ডা হাত ঘষে ধষে গ্রম করে।

'আমার ওয়াইফ—আমার স্ত্রী—বৃশ্বনি, আমার ধর্মপত্নী।' বাবু আকাশের দিকে চোথ তুলে দিল। 'মালকড়ি মেলাই থাই। কিন্তু নিজের ওয়াইফ ছাডা অক্ত মেরেছেলের দিকে নজর দেই না—কোনোদিন না।'

'তো গাছের সঙ্গে গাড়ির ঠোকর লাগল। উনার গায়ে কোন চোটটোট লাগেনি তো, রিকশাওয়ালা সমবেদনা জানায়।' গাড়ি নিয়ে আবার এগোয়। ঠুনঠুন শব্দ হয়। 'দেই তো ভর ছিল রে।' বাবু বলল, পেটে ন মাদের বাচ্চা—দেখলাম না গিন্নী ঠিকই আছে। তবে ভর পেরেছিল দেদার। মুখটা কাগছের মতো সাদা হয়ে গিয়েছিল।'

'তা তো ভর পাবেনই —এতবড় ঝাঁকুনি। গাড়িটা যে উন্টে যায়নি।'

'তা আমিও চুপ করে থাকিনি। এই শুকুরবারের ঘটনা। পরদিনই ওয়াইফকে নিয়ে ডাঃ রামেধরমের কাছে ছুটে গেলাম। নাম শুনেছিদ? ডাঃ রামেধরম। কলকাতার সেরা গাইনি।'

'আছো।' চলতে চলতে রিকগাওয়ালা ঘাড় ফেরায়। কি বললেন গাইনোবাবু?'

'গাইনোবাব্ কি রে! ত্থাল ছড়িয়ে বাব্ হাসল। তা না হলে আর রিকণা টানিস। বল ডাক্তারবাব্। ছঁরামেশ্রম গিন্নির পেট টিপেটুপে দেখল। বাচ্চা ঠিক আছে। সেদিনই গিন্নীকে তার নার্সিংহোমে ভতি করে নিলে।'

'যাক গে — মন্তবড় ফাঁড়া কাটল। এমন জোর ঝাঁকুনির পর বাচচা ঠিক আছে। যেন রিকশাওয়ালা খুশিতে বাঁচে না। 'আজ বড়বাবুর বাড়ি যেরে কেবল চা ডিম না — মেঠাই মণ্ডা খাব।'

'থাবি, থাবি।' রিকশার ঝাঁকুনিতে বাব্ব আালকোহলিক ভূঁড়ি নাচতে থাকে। বাব্ গুজগুজ করে হাসে। 'আরো স্থবর আছে। আজ সকালে গিন্নীকে দেখতে গিরেছিলাম। ছেলে হরেছে। পাক্কা আট পাউণ্ড ওজন। এই বড বড় চোধ। অবিকল আমার মতন।

হুঁ তোমার মতন। রিক্শাওরালা মনে মনে বলল তার মানে তোমার গিল্পী আর একটা মনের পিপের হুল্ম দিল। মাতালের বেটা মাতাল হবে হুলাক্থা।

ঠূন ঠূন শস্ত্র করে সমানতালে রিকশা ছোটে। বাবুর নেশাত্র চোধের সামনে জ্যোৎস্থা কাঁপে। কাঁটামাদারের ঝোপে ঝোপে জোনাকি নাচে।

'বুঝলি রিকশাওয়ালা। আজ আমার এমন ফুর্ভি লাগছে। দশ পেগ চুকিয়েছি পেটে। ইচ্ছে করছে তুনিয়ার গরীব তৃঃধী কাঙাল ঠেলাওয়ালা রিকশাওয়ালাদের এক জায়গায় ডেকে পেটভরে মেঠাই মতা থাওয়াই আর তৃ'হাতে তাদের টাকা-প্রসা কাপড় চোপড় বিলাই।'

বিলাবে বিলাবে। সব কিছু বিলিয়ে দেবে বলেই তো কাঁটাপুকুরের শ্বশানের কাছে ভোমাকে নিয়ে এলাম। বিকশাওয়ালা নিজের মনে হাসল।

'এই রিকশা!'

'वलून वलून।'

'চারদিকে এত ফণিমনসা পাধরকুচির জঙ্গল কেন রে। আঁ্যা, গাছের মাধার পেঁচা ডাকছে! কোথায় নিয়ে এলি তুই। এতক্ষণে তো আমাদের বোসপাড়ার ধানক্ষেত পাটক্ষেতের কাছে এসে পড়ার কথা।'

'বোসপাড়ার ধানক্ষেত পাটক্ষেত তোমাকে আর দেখতে হবে না বারু। এইবেলা রিকসা থেকে নেমে পড়।'

একটা নেড়া মাদার গাছের নিচে গাড়িটা দাঁড়ায়।

'পাগলের মতন বিজবিজ করে কী বকছিস !' বলতে গিয়ে বাবু থমকে যার। গদির পিঠে পিঠ ঠেকিয়ে তথনও হেলান দিয়ে বলে। হঠাৎ যেন নেশার চাপটা কমে গেছে বাবু টের পায়। মাথাটা হাস্কা ঠেকে। অপার নিঝ্রুম নিশুভি চোথের সামনে। কানের কাছে মশা পিন-পিন করে।

রিকশার হাতল দুটো মাটিতে ঠেকিয়ে রিকশাওয়ালা সোদ্ধা হয়ে দাঁড়ায়। পুতু ফেলে। হাতে হাত ঘষে নতুন করে গরম করে।

এতক্ষণে বাবু সবটাই আঁচ করতে পারল। তাই বাবু খুকখুক হাসল।
'আমার নেশা কেটে গেছে। তোকে জোর নেশার ধরেছে এবার তাই না রিকশাওয়ালা?'

'হু'' রিকশাওয়ালা কোমর থেকে ছোরা বার করল। 'এমন চাঁদনি রাত, আর তোমার অত থ্শির মেজাত্ব। এবার সব থ্লেটুলে দাও—'

'এর জন্ম একেবারে কাঁটাপুকুরের শাশানে আমাকে নিয়ে এলি !' মুথের হাসিটা বাবু তথনও ধরে রাখে।

তা নয়তো কি ! রিকশাওয়ালা মনে মনে বলল, ওদিকটায় কিছু করতে গেলে চেঁচামেচি করে তুমি লোক জড়ো করতে ঠিক। নিদান ও তুগা অবিখ্যি তোমার চেঁচামেচি গ্রাহ্ম করত না। ওদের সাহস বেশি। মোদকপাড়ার খালপোলের কাছেই তোমাকে ন্যাংটা করে ছাড়ত।

'শামি তো তোকে বলেছি, আৰু বেজায় ফুণ্ডি আমার মনে। দশ পেগ টেনে এয়েছি।' বাবু ধীরেস্থস্থে রিকশা থেকে নামল। পা ছটো তথনও বেশ টলছে। 'আমার ছেলে হয়েছে বুঝলি, কিছুই তোকে চাইতে হত না। সব দিয়ে দিতাম।'

বা-গাল খ্রিয়ে রিকশাওয়ালা এইমাত্র খৃত্ ফেলেছিল। এবার ভান গাল খ্রিয়ে কাঁটাঝোপের গায়ে থৃতু ছিটোল। চাঁদের আলোয় এখন বান ভেকেছে। বদখত গদায় পেঁচাটা আবার ডাকল। 'দাও দাও—এত বফ্তাক্স দরকার কি।'

ছোরাটা বাঁ-হাতে চালান দিয়ে রিকশাওয়ালা ডান হাত বাড়িয়ে দেয়। .

'নে—ধর।' বাবু, হাতের ঘড়ি খুলল। টেনে টেনে লাল বেগুনি পাথরের আংটি খুলল। খুলে রিকশাওরালার হাতে তুলে দিল।

'ওটা চাই—দামী কাপড়।' থুতনি নেড়ে রিকশাওয়ালা বাবুর গায়ের শালঃ দেখার।

'দব দিচ্ছি ভাবছিদ কি তুই। ছেলের বাপ হয়ে আমি আজ্ব দাতাকর্ণ হয়ে গেছি না!' বাবু গাথের শাল তুলে রিকশাওয়ালার পায়ের কাছে ছুঁড়ে দেয়। সোনার বোভামস্থক পাঞ্চাবিটা খুলে ছুঁড়ে দেয়। এই নে বিরাশী টাকার ক্রোম-লেদারের পাম্পন্ত ভোকে দিলাম।' বাবু পা খেকে জুভো জ্রোড়া আলগা করে ফেলে।

জ্যাব জ্যাব করে রিকশাওয়ালা চেয়ে থাকে। মাতালের কাণ্ড। ক পিপে গিলে এলে মাহুবের এই দশা হয়, ভাবে সে।

উহু\*, ছোরার ভয়ে যে সব দিচ্ছে বাবু তা নয়। হাসতে হাসতে দিচ্ছে। যেমন রাস্থায় আসতে আসতে বলছিল।

আর একদলা থুতু ফেলে রিকশাওয়ালা ছোরাটা কোমরে গুঁজল। যেন হঠাৎ ভার মন থারাপ লাগে।

'এই নে একেবারে দিগম্বর হয়ে সব তোকে দিলাম।' বাবু একটানে পরনের কাপড়টা খুলে ফেলল। আগুরিওয়্যার খুলে ফেলল।

'এই এই — করছ কি !' রিকশাওয়ালা হৈ-হৈ করে উঠল। দঙ্গে সঙ্গে মুখটা অন্তদিকে ঘুরিয়ে নিল।

পেঁচাটা স্বার ডাকে না। টলটলে চাঁদের আলো গায়ে মেথে প্রকৃতি টিপে টিপে হাসে। বারু থিকথিক হাসে। হাসতে হাসতে ধমক লাগায়।

'এই বেটা এদিকে তাকা—ঘাসের ওপর থেকে দব তুলে নে—দামী জামা-কাপড় হিমে ভিজে নষ্ট হচ্ছে।'

'আমার দরকার নেই ওসব।' রিকশাওয়ালা ঘাড় কেরায় না। তুমি কাপড়-চোপড় পরে নাও। আমার লজা করছে তোমাকে দেখতে।'

বাবু হো-হো করে হাদল।

'লজা! লজা ধুরে ছল থাবি—মারের পেট থেকে ন্যাংটো এগেছিলি না ? মরে সেলে বধন শ্রশানে পোড়াবে তথন আবার ন্যাংটো হবি যে।' विक्णा श्वामा कथा वरम ना। मूथिंग चूर्ति द वारथ।

'বাক এক হিসেবে ভালই হল। আমার উদোম দেহধানা দেখে তোর নেশাটা কাটল।' বাবু আর হাসে না, মাটি থেকে তুলে নিয়ে ধুতি পাঞ্চাবি পরে। শালটা গায়ে জড়ায়। বিরাশী টাকা দামের জুতোর মধ্যে ধীরেক্ত্রে পা গলায়।

এবার রিকশাওয়ালা ঘাড ফেরাল।

'নাও, এখন গাড়িতে উঠে বোদো। আর এই নাও তোমার ঘড়ি আংটি।'

'অঁয়া! বাবুর মুখে খুশি ধরে না। কি রে বেটা—তুই যে আমার তাজ্জব বানিয়ে ছাড়চিদ।' রিকশাওয়ালার হাত থেকে বাবু ঘড়ি আংটি তুলে নের। এই ছোরা ধরেছিলি—এই এখন একেবারে ধম্মপুত্তর যুধিষ্টির। ব্যাপারখানা কি!'

শ্বশানের গা ঘেঁষে আদস্যাওড়ার ঝোপের মাথায় জ্যোৎসা চিকচিক করে। রিকশাওয়ালা চূপ করে সেদিকে চেয়ে থাকে।

'নে—একটা আংটি অন্তত রাখ।' যেন নিজের মনে বাবু চোখ টিপল, বলল, 'আমি আদর করে দিচ্ছি, নিয়ে আমার প্রাণ ঠাণ্ডা কর।' বলে বাবু হাতে ঘড়ি বেধে নেয়। একটা একটা করে আংটিগুলি আঙুল ঢোকায়।

'থাক বাবু, আমার আংটির দরকার নেই।' রিকশাওয়ালা মাথা নাড়ল। তোমায় বাড়ি পৌছে দেই। আমায় চা ডিমের বড়া থাইয়ে দিও।' বলে ঝুপ করে হাতের পিঠ দিয়ে সে চোথ মৃ্ছল।

'আ মলো! তুই যে একেবারে নাটক শুরু করে দিলি।' বাবু এবার হৈ-ছৈ করে উঠল। 'আজ আমার ছেলে হয়েছে। কত আহলাদের দিন। কেমন একখানা অস্পিশাস্ ডে। আর তুই কিনা চোখের পানি ফেলছিস—কি হয়েছে তোর শুনি ?'

রিকশাওয়ালা একটা লম্বা নিখাদ ছাড়ল।

'বাবু, ছেলে হয়ে তোমার এত আহলাদ আর ঐ ছেলে হতে গিয়ে-আমার খোকার মা মরে গেল—কথাটা মনে হলে এখনো বুকটা কাঁপে।'

'তাই নাকি!' তালুর সঙ্গে জ্বিভ ঠেকিয়ে বাবু চুকচুক শব্দ করল। 'ভারি আফসোশের কথা ভো।'

'হাঁা বাবু—এই কাঁটাপুকুরের শ্বশানে এনে বউকে পুড়িরেছিলাম !' রিকশা-ধরালা আবার চোধ মুছল। 'তবে তো খুব ভাল জারগারই আমার টেনে এনেছিলি খুন করতে।' বাবু থিক্থিক হাসল। 'এখানে এলে সব বেটার মনে বৈরাগ্য আসে তুই কি জানতিস না—নে এখন গাড়ি চালা। অনেক রাত হল।'

রিকশাওয়ালা এবার উন্টো পথে রিক্শা ঘুরিয়ে টানে। ঠুন ঠুন শব্দ হয়। 'আসল কথা কি জানিস—'

বাবু গদীর পিঠে আরাম করে পিঠ এলিরে দের। 'তোরা, রিকশাওরালারা বেজার বোকা। এই জন্মই তোদের কিছু হল না। সারাজীবন মাহ্ব টেনে টেনে মরলি।'

'হ্যা, বাবু আমরা বেকুব।'

'বেকুব নয়তো কি!' বাবু ভেংচি কাটল। 'এমন নিরিবিলি শ্বশানমশান জারগা—আমার ঘড়ি জাংটি জামাকাপড় শাল জুতো কেড়ে নিয়ে টুকরো টুকরো করে আমার কেটে রেখে দিলেও কেউ টের পেড না—আর হ্ম করে কিনা তোর মরা বৌয়ের কথা মনে পড়ে গেল—আরে মামুষ ভো মরেই—আমি মরব তুই মরবি —চিরকাল কে বেঁচে থাকে।'

'হাা, বাবু মাহুব মরে।'

'ভবে আর কি।' বাবু বোঝাল, আসলে ভোরা রিকশাওয়ালারা গরু-ছাগলের মতন। ঐ যে সেদিন রাজাবাজারের রাস্তায় টাকার থলে কুড়িরে পেল ভোদের এক রিকশাওয়ালা। আর তক্ষ্নি বেটা ছুটল খলেন্ড্র টাকাটা জ্বমা দিতে খানায়। বেকুব নয় ?'

সরু রাস্তা ছেড়ে রিকশা বড় রাস্তায় ওঠে। কনকনে হাওয়া। বাবু জম্পেশ করে শালটা জড়িয়ে নেয়। ছেঁড়া গেঞ্জি গায়ে বিকশাওয়ালা ঠিরঠির কাঁপে। ছুটতে পারে না। রিকশা নিয়ে হেঁটে হেঁটে এগোয়।

'বুঝলি !' বাবু আবার বোঝায়, 'থলের ঐ তু হান্ধার তনথা পেলে বেটা ক্দিন পায়ের ওপর পা তুলে মৌন্ধ করে খেত। ঠিক কিনা ?'

'হাা, বাবু।' রিকশাওয়ালা একটা মর্মডেদী নিখাস ছাড়ল। 'কিন্তু এখন আমি টাকাকড়ি ভাবছি না—ভাবি আমার মন্দ নসিব।'

'ঐ আবার তোর মরা বোষের চিস্তা মাধার এল।' মুখ দিয়ে বাবু চুকচুক শব্দ করল।

'না বাবু—ভাবি ঐ হারামজানা ছেলের কথা। তোকে বিয়োতে গিয়ে আমার বৌ চোধ বুজন। তুই এখন পোন্টাপিনের পিওন। মাস গেলে তো কড়কড়ে মাইনে। বাপকে দেখিদ না। বৌ নিয়ে মজা করে খাদ। বাপ পৌবের রাতে রিকশা টানে।

'অ, এই তুঃধ! বাবু হি-হি করে হাসল। 'আরে এটাই জগতের নিয়ম। ছেলে হয়েছে বলে আজ আমি আহলাদে নাচি। বড় হয়ে ঐ সোনারটাদ ছেলে পিপে পিপে টানবে—কিছু বলতে গেলে জুতোপেটা করে আমায় বাড়ি থেকে ভাড়াবে। ঠিক কিনা!'

'কিন্তু, ধন্ম বলে একটা বাক্যি আছে বাবু—'

'ধুন্তরি ধন্ম—ধন্ম ধুরে জ্বল থাবি—ভাগ আগ একটা ট্যাকসি বার —হেই ট্যাকসি।' তু হাভ উচিয়ে বাবু চেঁচার। তারপর ঝুপ করে রিকশা থেকে নেমে ছুটতে থাকে: ট্যাকসি দাঁড়াল। বাবুকে তুলে নিয়ে তথনি আবার ছুটে চলল।

প্রথমটা বোকা হয়ে গিয়ে হাঁ করে হাওয়া গাড়ির পিছনের লাল আলোর ফুটকিটা দেখল বেস্থ। বাবু কি ভাড়া দিয়েছে। রিকশা-ভাড়া দিতে বাবু ভূলে গেছে। তাই এত জুঃখের মধ্যেও ঐ ফুটকি আলোর মতন ঘেমুর শুকনো পুরু ঠোটের মাঝখানে একটা হাসি উকি দেয়। কিন্তু উকি দিয়েই খেমে থাকে না। হাসিটা বাড়তে থাকে, ক্রমে বড় হয়ে হয়ে সারা মুথে ছড়িয়ে পড়ে। তথন বাবুর মতন থিকথিক শব্দ করে সে হাসতে থাকে। হাসতে হাসতে এমন হয় তার পেটে খিল ধরে যায়। সেজ্ফা রিকশা ছেডে দিয়ে রান্তায় ধারে ঘাসের ওপর বসে পড়ে। তবু হাসির ধমক কমে না। চিৎ হয়ে শুয়ে পড়ে ঘেমু। হেসে হেসে তার চোখে জল এসে গেল। সে বুঝতে পারল বাবুর তথনকার মুণ্ডিটা মনে পড়ে তার মধ্যে এই হাসির ভূমিকম্প। তাই এবার দাঁতমুথ থিচিরে হাসিটা ক্রথতে চেষ্টা করল। আকাশ দেখল। শীতের ত্র্ধপুলির মতন চাঁদটা ঝুলছে!

মনে মনে সে বলল, ছেলে হয়েছে যখন বেঁচে থাক। খোকা কোলে নিষে
গিন্ধীমা ভালয় ভালয় হাসপাভাল থেকে ফিরে আহক। আমরা রিকশাওয়ালারা
বার বার ঠকে গিয়েও বাবুদের ভালটাই দেখি—ইটটো চাই।

#### চাওয়া

প্রভুদয়াল তার বৌকে নিয়ে কি করবে দিশা করতে পারছিল না।
এত রূপ ! তানাকাটা পরী বিয়ে করে ঘরে এনেছে দে।

ঘরে আনার পর থেকে নিজে তো দে হকচকিয়ে গিয়েছেই, দশটা মুখ দশবার করে বলছে, হাা, রূপদী বটে! একশটা ঘর খু'জে ছাখ, এমন স্থলর বোঁ কারো পাবে না।

শুনে শুনে প্রস্থারো কেমন যেন হয়ে গেছে। ভাবে সে, এই জীর জন্তু, অর্থাৎ হেনাকে নিয়ে শেষটায় না সে পাগল হয়ে যায়।

বস্তুত যতক্ষণ অফিসে থাকে, মোটামূটি মাখাটা ঠাণ্ডা থাকে তার, বেশ একটা স্বন্তির মধ্যে সময় কাটায়। যেই মৃহুর্তে ঘরে পা দিল, প্রাভূ অশান্ত হয়ে উঠল, একটা অস্থিরতা তার বুকের ভিতর দাপাদাপি করতে আরম্ভ করল, চেহারা দেখলেই বোঝা যাবে বাস থেকে নেমে বাড়ি পর্যন্ত এই অল্প একটু রান্তা আসতে আসতেই কী ভীষণ উদ্ভেজিত অসহিফু হয়ে উঠেছে দে।

হয়তো হেনা তথন একটা হলদে শাড়ি গায়ে জড়িয়ে জানালায় দাঁড়িয়ে আছে বা নীল রঙের একটা ব্লাউজ কাঁধে ফেলে গা ধুতে বাধকমে যাছে বা গা ধুয়ে এনে চুল আঁচড়াচ্ছে বা গা ধোয়া প্রসাধন করা চুল বাঁধা দব কিছু দেরে স্বষ্টমনে বারান্দার টব থেকে একটা যুঁইফুল তুলে নিয়ে থোঁপায় গুঁজছে।

অধিস থেকে ফিরে এক অবস্থায় কথনও সে হেনাকে দেখে না। দেখবে সেটা আশাও করে না। ছড়ি ধরে অফিস ছুটি হয়। কিছু ছড়ি ধরে কারো বৌ কিছু বিকেলের পোশাক বদলায় না বা গা ধোয় না বা চুলে ফুল গুঁজে জানালায় দাঁড়ায় না। সময়ের একটু এদিক ওদিক হবেই।

যাই হোক, প্রভুদরাল কিন্তু অন্থির হরে পড়ে, চোথে মুখে প্রবল উবেগ, দৃষ্টির মধ্যে ভয়ানক চাঞ্চল্য, এমন কি তার খাদ প্রখাদের মধ্যেও একটা অনিয়ম ও বিশৃত্বলার আলোড়ন ক্লেনেছে টের পাওয়া যায়।

সেক্ষেগ্রক্তে বে জানালার দাঁড়িরে আছে দেখা মাত্র তার মুখে একটা উত্তেল হাসি ফুটে ওঠে। হাসির আগার কামনার ফেনা। যেন এখনি ছুটে গিয়ে বেকি জড়িরে ধরে সে চুমো থাবে। খারও। কিছ কোনো কোনো দিন সেটা।

আবার এক এক দিন এমনও হয়, বৌ বাধক্ষমে চুকছে, তুপদাপ শব্দ করে বোড়ার মতন ছুটে প্রভু ঘরে চুকল। ঘন ঘন খাস পড়ছে তার। শব্দ পেয়ে হেনা চকিতা হরিণীর মতন ঘাড় ফিরিয়ে কালো ডাগর চোখ মেলে খামীকে দেখল, কিন্তু প্রভু তৎক্ষণাৎ বিষয় ন্তিমিত হয়ে গেল, হাসল না, কথা বলল না।

ধপ করে সোফার ওপর বসে পডল।

আধফোটা গোলাপ কলির হাসি মুখে নিয়ে হেনা কাছে এসে দাঁডাল। এই 'আধফোটা' কথাটা প্রভুর দেওয়া। সেই বিয়ের রাতে। প্রভুর এত ভাল লেগেছিল। এর চেয়ে বেশি হাসলে, অর্থাৎ হাসতে গিয়ে হেনার গোলাপী পাতলা ঠোট ছটি যদি আর একটু বেশি ছড়িয়ে পড়ত, তবে যেন সেই হাসির মাধুর্য কমে যেত। তেমনি যদি সে একটু কম হাসত, ঠোট ছটি আর একটু বুদ্ধে থাকত, তাতেও হেনার হাসির সৌন্দর্য যেন তেমন খুলত না।

হেনা যখন চুলে ফুল গু'জে জানালার দাঁড়ার তখন এই আধফোটা গোলাপ কলির হাদি তার ঠোঁটে লেগে থাকে, বা যখন বারান্দার নিঃশব্দ তুপুরে নিজের মনে একলা পারচারি করে। ছ', রাতে শোবার সময়ও হেনা গোলাপ কলির হাদি হাদে, বা ঘুম থেকে প্রথম জেগে ওঠার পর। এই হাদি দৈখে অন্থির হয়ে প্রভু কতদিন বৌয়ের হাদিমুখে চুমু খেয়েছে।

ঘড়ি ধরে প্রাভূর অফিস ছুটি হয়, ঘড়ি ধরে অফিস বসে। কিন্তু আগেই য়া
বলা হয়েছে, ঘড়ির কাঁটার সময় মিলিয়ে বাড়ির বাে কিছু চূল আঁচড়ায় না বাধকমে
ঢোকে না। তুপুরের আলশুভরা হাই তোলার মতন ধীর মছর এলোমেলো তার
সাজগোজের সময়, খাওয়ার সময় বিশ্রামের সময়—সময়ের কিছু ঠিক থাকে না।
সময়টাকে নিজের হাতের মুঠোয় পায় বলে সময় নিয়ে মাছের মতন খেলা করতে
হেনা ভালবাসে। কিন্তু এটাই সবচেয়ে অভূত, অবিশ্বাশুও বটে, হেনার ঠোঁটের
আগায় হাসির একচূল অললবদল নেই।

ওর আধ্যোটা গোলাপ কলির হাসিটাই একটা মনোহর ঘড়ি। কোনদিন এর দম বন্ধ হর না। হেনার বুকের ভিতর কেউ ঠিক ঠিক সময়ে চাবিটা দিয়ে যাচ্ছে। ফলে গোলাপ কলি হয়ে তার হাসি নিভূলি নিয়মে ফুটছে। এবং এই জ্যুই বলা হচ্ছিল, চঞ্চল উন্মাদ হয়ে ঘরে ফিরে প্রভূ যদি হেনাকে এক এক দিন জ্ঞানে ধরে চুমো ধার, বা আর একদিন বিষণ্ণ তিমিত হয়ে সোফার ওপর বঙ্গে পড়ে—হেনা তার অবিশ্বাস্ত রকম স্থলর হাসিটি অধরোঠে ফুটিয়ে তুলে প্রাভূকে উপহার দিতে উন্মুখ হয়ে উঠবেই।

আৰু পৰ্যন্ত এই নিয়মের ব্যতিক্রম ঘটল না। দেড়-ছু'বছর তাদের বিরে হয়েছে। হেনা হাসছে না, প্রভু এমন একদিনও দেখেনি।

কি হল, মাথা ধরেছে? হেনার সাদা ধবধবে গ্রীবা ঈবং ঝুঁকে পড়ে। বিষণ্ণ স্থিমিত প্রভূ তথন হয়তো মনোযোগ দিয়ে জুতোর লেস খুলছে। কথার উদ্ভর দিচ্ছে না। তার বুকের ভিতর প্রচণ্ড আলোড়ন।

ঠিক এই অবস্থায় অন্য মেয়ে, অন্য ঘরের বৌ মুখ কালো করবে ? অভিমান নিয়ে কাঠ হয়ে চুপ করে দাঁড়িয়ে থাকবে ?

প্রভুর জানা নেই। অক্স কারো স্থীর সঙ্গে তার দেখা হয় না, বা এই অবস্থায় তারা কে কি করে, কাউকে সে জিজ্ঞেদ করে না।

কিন্ত এখানে, নিজের ঘরে, যখন সে জুতোর ফিতে খোলা শেষ করে ঘাড় তুলে তাকার, দেখে ডানাকাটা পরীর মতন তার আশ্চর্ষ রূপদী বৌ সেই আধফোটা হাসি ঠোঁটে নিয়ে অগাধ কালো চোথ ছুটো মেলে একভাবে তাকে দেখছে।

কিছু হয়নি, আমার কিছু হয়নি। প্রাত্ম গা ঝাড়া দিয়ে সোফা থেকে উঠে দাঁড়াল। তার চোথেমুথে বিরক্তি, অসস্তোষ। ঠোট বেঁকাল সে, চেহারাটা বিরুত করে ফেলল।— ত্বার ত্টো চিঠি টাইপ করতে গিয়ে ছোড়া এমন ত্টো ভূল করল, সেই তথন থেকে মেজাজ খিচড়ে আছে। সংশোধন করে দেবার পরেও যদি একই ভূল চোথে পড়ে—বুঝতে পারছ?

হেনা কথা বলে না। নীরব থেকে তেমনি হাসে। অফিস থেকে মেজ্রাজ্ব খারাপ করে এসেছে স্বামী। সন্তিয় তো এই নিমে তার বলার, সান্ধনা দেবার কী আছে। স্থানর হাসিটি ঠোটের আগায় ঝুলিয়ে সে বাধরুমে চুকে পড়ল।

পিছনে তাকিয়ে সে দেখল না আবার পুরুষটির কপালের চামড়া ভূরু ও চোথের ধারগুলো কী ভয়ংকর কুঁচকে উঠেছে। দেখল না, হাতের বন্ধ মৃষ্টি তুটো কোমরের পিছনে ধরে রেখে বুকের মধ্যে অসহা রকমের একটা যন্ত্রণা নিয়ে প্রভূদরাল প্রায় ধরথর করে কাঁপছে।

হয়তো গুনগুনিরে তথন গান করছে হেনা। দরজার ছিটকিনি আটকে দিছে গারে সাবান মাধছে।

প্রভুদয়াল তুমতুম করে পাল্লার ওপর আঘাত করল।

कि इन ! ठठें करत वाधकरमत पतका धूरन राम, शनाय मूख नावास्तत रमना

নিবে হেনা সেই আধফোটা হাসি হাসছে। ভোরাদেটা বুকে জড়ানো। চমৎকার দেস লাগানো শারার এথানে ওথানে জলের দাগ, আর সেইসব দাগের ভিতর দিয়ে হেনার তলপেটের চামড়া, কোমরের থানিকটা, উক্লর কোন কোন মস্থশ অংশ বিকেলের বাদামী রোদ-লাগা আপেলের লোভনীয় ত্যুতি নিমে ফুটে বেরিরেছে।

কি হল! প্রভাগ এমন চোথ করে, এমন নীরব থেকে এবং আচমকা এমন অসহায় ভক্তি নিয়ে তার দিকে তাকিয়ে থাকল, হেনা অবাক হল না যদিও, মাঝে মাঝে প্রভু এমন তো করেই, কাজেই ঠোটের হাসিটা একটু বাড়তে বা কমতে না দিয়ে অন্দর মাজা গলায় বলল, কিছু চাইছ ?

সবচেয়ে অভ্ত, প্রভ্র চোথ মৃথ কুঁচকান একেবারে থেমে গেছে। এই মৃহুর্তে শিশুর অনির্বচনীয় সরলতা তার মৃথে। একটা অসহায় ভাব। প্রায় কায়ার মতন। দেখলে মায়া হয়।

এমন কি শিশুর মতন তার ঠোঁটটাও ত্বার কেঁপে উঠল।

কি চাইছি তুমি কি জান না ?

আমি ঠিক ব্ঝতে পারিনি—একটু থেমে হেনা আবার বলন, দেখলাম অফিন থেকে মন মেক্সাক্ত থারাপ করে ফিরছ—

না না না, তা নয়। কোথায় গেল শিশুর মায়া ধরানো চেহারা, আবার সেই উত্তেজিত কিপ্ত অসহিঞ্ পুক্ষ। প্রভূ প্রায় চিৎকার করে উঠল, তুমি আমার ওপর রাগ করেছ।

অ মা, সে কি! আকাশ থেকে পড়ল হেনা, কিছ হাদিটি ঠিক আছে, কেবল ভূক ছটো ধহুকের মন্তন বেঁকে উঠেছে।—রাগ করব কেন, কখন রাগ করলাম!

এই তো একটু আগে। ছুতোর ফিতে থুলছিলাম, আর তুমি চলে এলে। ইস, তাখো, কী অভ্ত ছেলে তুমি—মেজাজটা থারাপ ভোমার, তাই ভাবলাম গা-টা ধুরে আসি।

না না না, তা নয়। তুমি অভিমান করেছিলে।

ও মা! তোয়ালের একটা কোণা এক সেকেণ্ডের জন্ম কামড়ে ধরে হেনা তথনি আবার দাঁত আলগা করে ঠোঁট ত্টো আধফোটা গোলাপ কলির মতন করে সেই স্থলর অভিনব হাসিটা হাসল।—কেন অভিমান করব । তোমার ওপর আমি কোনদিন অভিমান করেছি কি । এখন করেছ, আৰু করেছ। হাত বাড়িয়ে সাবান মাখা হাতটা মুঠোয় তুলে নিল প্রান্থ ।—আমি চুপ করে ছিলাম, কথা বলিনি, তুমি চলে এলে।

না না, সত্যি বলছি। অমুনয়ের গাঢ় মধুর রস হেনার গলা থেকে ঝরে পড়ল। অফিসে তোমার স্টেনো চিঠি টাইপ করতে ভূল করেছে—ভাবলাম—হেনার মুখের কথা আটকে গেল।

প্রভূ চিৎকার করে উঠল, অফিস অফিস, এখানে, এই মূহুর্তে, একটু আগে, আমার ঘরে, ভোমার কাছে, ভোমার সামনে ছুটে এসে রোজ রোজ আমি কী চাই তুমি কি জান না ?

প্রভুর মোটা ভারি গমগম গলার স্বরে দরজা জানালা দেওয়ালে ঝুলানো আয়না প্রায় থরথর করে কাঁপছিল। ঝনঝন শব্দ হচ্ছিল।

গোলাপ কলির হাসি নিয়ে হেনা চুপ।

বল বল, তুমি কি জান না—তার নরম কজি ধরে প্রভু প্রচণ্ড ঝাঁকুনি দিল। হেনার চোখে প্রায় জল এসে গেল, যেন হাতে একটু লাগল, তবু ঠোঁটের হাসি নিবতে দিল না।—আমি ঠিক বুঝিনি, সত্যি তুমি কী চাইছিলে—

প্রভূ তাকে কথা শেষ করতে দিলে না।—

কোনদিনই তুমি ব্রবে না, কোনকালে তুমি ব্রতে চাও না। প্রমন্ত অব্রথ অত্যাচারী দক্ষ্যর মতন প্রত্ন স্থাকে ব্কের মধ্যে টেনে নিল, চুমোর চুমোর কাঁচের টুকরোর মতন শরীরটা চুরমার করে দিতে চাইল। প্রভূর গলার গোঙানির মতন শব্দ আরম্ভ হল। যেন রক্ত চুষতে চুষতে পশু শব্দ করছে।—আমি কি চেয়েছি, কি চাইব তুমি রোক্ষ না বোঝার ভান করে থাক তুষ্টু।

চুল থেকে নথ পর্যন্ত হেনা লাল হয়ে উঠল, অভিনিক্ত পিষ্ট হবার পর ঝাঁকুনি খাওয়ার ফলে একটি রূপনী তরুণীর যে অবস্থা হয়।

হেনা হাঁপাচ্ছিল। বােকে ছেড়ে দিরে প্রস্থ হাঁপাচ্ছিল। হেনার চােধেও শীতের হিমকণার মতন জলের আভাল জেগেছে। তবু দে হাসছিল।

ও, এই এজন্যে, কিন্তু আমি কি ফ্রিরে গেছি, ফ্রিরে যাচ্ছিলাম ?

প্রতি মৃহর্তে তুমি আমার কাছে ফুরিরে যাচ্ছ শেষ হবে যাচছ। হাতের পিঠ দিয়ে ঠোটের কিনারের সাবানের ফেনা মৃছে ফেলল প্রভূ।—শেষ হয়ে গিরে আমার বুক শৃক্ত করে দিচছ।

কিছ তথনি আবার আমি ভরে উঠছি, আবার আমাকে বোল মানা ফিরে পাছে। তোরালেটা নতুন করে বুকে ছড়িয়ে নিল হেনা।—তাই না ?

## প্রভূ হঠাৎ কথা বলতে পারল না।

এবার আমায় গা ধুরে শেব করতে দাও লক্ষীটি। সান্ধনা দেবার মতন গলার বার করে আন্তে দোরটা আটকে দিল হেনা। জ্বল পড়ার ছপছপ শব্দ হতে লাগল। কিন্তু তার চেয়েও স্থন্দর একটা স্থর করে ছন্দ নিয়ে ভিতরে থেকে হেনা বললু, গা ধুরে নতুন করে ভরে উঠে আমি তোমার কাছে আসব, আবার আমাকে নিঃশেষ করে দিও।

এই জন্মই তো আমি দিশেহারা হয়ে যাচ্ছি, পাগল হয়ে যাব। বন্ধ দরজাটার দিকে হিংম্ম মসহায় চোখে তাকিয়ে প্রভু মনে মনে বলল, এত রূপ আমি সম্ব্যুকরতে পারছি না, তুমি কবে আমার কাছে শেষ হবে, শৃত্য হয়ে যাবে, আর আমি শাস্তি পাব আমাকে বলতে পারো?

অফুরস্ত ফেণা ও গন্ধ ছড়িয়ে হেনা ভেতরে বসে সাবান মাথছিল। আর প্রভু ছটপট করছিল। একদিন না। এমন রোজ। যতক্ষণ অফিস—মফিস। বাকি সবটা সময়, হেনা যতক্ষণ তার সামনে, সে চঞ্চল ক্ষুক্ক হিংস্তা বিপন্ন। তার যে কী ইচ্ছা করে সে বুঝতে পারে না।

रमिन की कांख कंत्रल !

তাদের বিয়ের ভারিখে ঘরোয়া উৎসব পরামর্শ করে ত্রনেই ত্রনের বর্দ্ধ্রাদ্ধবীকে বাড়িতে ডেকে এনেছিল। মাঝের হলঘরে খাওয়ালাওয়া শেব করে গোল হয়ে বসে সকলে গল্প করছিল আনন্দ করছিল। ঠিক সে মৃহুর্তে প্রভূ উস্থূশ করতে লাগল। ঘন ঘন হাতের ঘড়ি দেখছিল। একবার উঠে গিয়ে হেনার কানে কানে কা বলেও এল। ঠোঁটে হাসি নিয়ে হেনা ক্রক্টি করল। ত্বকজন দেখল। কিন্তু তারপর প্রভূ আবার কেমন অন্থত্তি নিয়ে এদিক ওদিক করছে, কারো কাছে দ্বির হয়ে বসতে পারছে না, কথা বলতে পারছে না। তথন সকলেরই জিনিসটা চোখে পড়েছে—

আজ আমরা উঠব, প্রস্তু। প্রায় এক সঙ্গে দকলে গাত্রোখান করার ভঙ্গি করল। হেনার দিকে চোখ রেখে তার বান্ধবীরা বলন, আজ চলি রে হেনা।

হেনা নীরব।

প্রভূ তার বন্ধুদের দিকে তাকিরে ক্ষমা চাওয়ার মতন চেহারা করল।—নাইট শো'র টিকিট কেটেছিলাম ভাই। ত্রুনে একদক্ষে দিনেমায় যাচ্ছি।

নিঃশব্দে সকলে দর থেকে বেরিয়ে গেল।

হাসছিল হেনা ঠিকই। কিন্তু মুখটা কেমন সাদা হয়ে গিয়েছিল। হঠাৎ এমন করলে যে !

ভিড়। প্রভুর গলার শ্বর বিক্বত হয়ে উঠল। এত লোকের মধ্যে আমি তোমাকে কাছে পাচ্ছিলাম না হেনা, কেমন যেন বার বার হারিয়ে যাচ্ছিলে।

ওক্, আবছা একটা শব্দ করল হেনা, গাঢ় নিঃশ্বাদ ফেলল, তারপর সেইআধফোটা গোলাপের হাসিটা ঠোঁটে ধরে রেথেই ধ্যকের হুরে বলল, এই তো
আমি কাছে আছি—ওরা কতক্ষণ থাকত ? থামোকা মিছে কথা বলে—তারপর
হেনা দেওয়ালের দিকে চোখ ফেরাল। পাগল, বদ্ধ পাগল তুমি—তোমায়
নিয়ে যে কী করব আমি ব্রুতে পারছি না।

আমিও ব্ঝতে পারছি না। হেনার পাশে সোফার ওপর ভেঙে পড়ল প্রভু, ছ-হাতে মুখ ঢেকে কেঁদে ফেলল।—সভ্যি আমি পাগল হয়ে গেছি।

এভাবে ঘরে, যতক্ষণ দে আছে, বৌ থাকবে—একটা ভয়ংকর উচ্ছল আলোর মতন চোথের সামনে, তার শরীরের কাছে হেনা অবিরত জলবে, আর সেই প্রচণ্ড তাপ লেগে পুড়ে পুড়ে ছাই হয়ে যাবে।

তা না হলে, হেনা ভাবে, এই পুরুষ এমন করবে কেন! কেবল দেদিন বন্ধুদের সঙ্গে এই ব্যবহার না, যেন বাইরের জগত, বাইরের আলো, বাইরের সব মামুবের চোথ তার কাছে অসহ। যেন স্বাই তার প্রতিশ্বনী, সকলের ওপর তার হিংসা, সকলকে তার দ্বী সন্দেহ।

আর একদিন কি তাই হল না! হেনাকে নিয়ে পুরী বেড়াতে যাচ্ছিল। ট্রেনের দীট রিজ্বাভ করা, টেলিগ্রাম করে ওধানকার হোটেলের ঘর ভাড়া করা, জিনিসপত্র কেনাকাটা—সমস্ত আয়োজন স্থলরভাবে সম্পন্ন হয়েছিল। এমন কিট্যাক্সি ডেকে হাওড়া স্টেশনেও পৌছে গিয়েছিল।

কিছ ঐ যে ট্রেনে উঠবে বলে তারা প্ল্যাটফর্মে দাঁড়ানো মাত্র হাজারটা মান্ত্র্ব গাড়ির জানালা দিয়ে গলা বাড়িয়ে চোথ বড় করে প্রভুর আশ্চর্য রগদী দ্রীকে দেখছিল। সঙ্গে প্রভুর কপালের রগদপদপ করে উঠল। ভক্ষ্নি পুরী শ্রমণ বানচাল করে দিয়ে হেনার হাত ধরে প্ল্যাটফর্ম থেকে বেরিয়ে ট্যাক্সি করে সে সোক্ষা ঘরে ফিরে আগে।

বিশ্বর না, বিরক্তি না—কোতৃক, সেই সদে এক আঁজলা অন্নকলাও থেলা করে উঠেছিল হেনার গভীর স্থলর চোথ ছুটোর মধ্যে। তাই ঘরে ফিরে গোলাপ কলির হাসি ঠোটের আগায় অন্ধুন্ন রেথেই দে প্রভুকে কথাটা শুনিরেছিল। এভাবে আমাকে চারটে দেয়াদের মধ্যে আটকে রাধার বন্দী করে রাধার কোন মানে হয় না। এতে ভোমার যন্ত্রণা আরো বাডবে।

আমি এই যন্ত্রণাই চাই, এই যন্ত্রণার মধ্যেই আমার স্থধ। প্রভু প্রায় অট্টহাক্ত করে উঠেছিল।

তাই তো বলছি, এত অব্ঝ তৃমি, এত অন্থির। সারাক্ষণ কেবল আমার চিস্তা আমার ধ্যান। এভাবে চিরে চিরে হৃৎপিণ্ড থেকে রক্ত ঝরিয়ে তৃমি ক'দিন বাঁচবে শুনি ?

আমি তো মরে বেভেই চাইছি হেনা, তোমার আকর্ষ চোধ ভূক চুল, অসামাস্থ স্থলর মস্থা উজ্জ্বল গারের চামড়া, কোমর উক্ত পা, হ°, পারের নথ সব নিংড়ে রস থেরে—বিবাক্ত কোন ফলের রস থেরে বেমন মাস্থ্য মরে, আমি মরে বেডে চাই। আমি মুক্তি চাই।

কিন্তু মূশকিল হরেছে কি, তুমি মরে যাবার পরেও আমি বেঁচে থাকব, এই চুল চোথ চামড়া নথ দিয়ে একটি রসালো ফলের মতন আমি ভরে থাকব। তথন কে আমার রূপের গুণ করবে, বা ডোমার ভাষায় আমায় নিংড়ে নিংড়ে রস থাবে ? তুমি যদি তথন চলেই গেলে—

প্রায় শুম্ভিত হয়ে গিয়ে প্রভূ গোল গোল চোথ করে হেনাকে দেখল। তারপর অন্তুদিকে চোথ ফেরাল। একটা গভীর নিধাস ফেলল।

তাই তো, নিজেকে ধ্বংস করা যায়, হৃৎপিগু চিরে রক্ত দিয়ে রূপের পুজো করা যায়, কিন্তু তার পরেও তো রূপ বেঁচে থাকে—এই তুর্ভাবনা যে আরও গভীর, এর যন্ত্রণা যে আরও মারাত্মক।

চেহারাটা বিকৃত করে সে হেনার দিকে তাকাল। তা হলে আমার কী করতে বল শুনি ? আমার একটা বৃদ্ধি দাও, পরামর্শ দাও হেনা। আমি সভিয় আর পারছি না। শিশুর মত কাঁদল না সে, হিংল্র অত্যাচারী পশুর মতন গর্জন করল না, ঠোটটা কামড়ে ধরে মাথার চুল ছি ডুভে লাগল।

মনটাকে উদার কর বড় কর, বাইরের দিকে একটু তাকাও, শান্তি পাবে। আদর করে প্রভুর পিঠে হাত বুলোল হেনা।—আমি তো রয়েছিই। এত বড় আকাশেও সন্ধ্যাতারাটি ঠিক জলজল করে—করে না কি?

প্রভু শুনল। কিছু সান্ধনা পেল কি। ত্-দিন খ্ব ভাবল। অতিরিক্ত গন্তীর হয়ে থাকল। দাড়ি কামাল না। সিগারেট থাওয়া বাড়িয়ে দিল। এমন কি পুরো একটা দিন অফিস কামাই করে ফেলল। বেন সেদিনই, বেদিন অফিসে গেল না, সারাত্বপুর টো-টো করে বাইরে বাইরে বুরল। বেন বাইরে থেকে বুরে এসে মনটা একটু স্থির হল, অস্তত হেনা তাই দেখল। প্রত্ জিনিসপত্র বাঁধা-ছাঁদার মন দিয়েছে।

তা হলে आমরা পুরী যাচিছ! খুলি হয়ে হেনা প্রশ্ন করল।

পুরী না হেম্ব। আমরা পাহাডে যাব। সমুদ্রের চেরে পাহাড় অনেক বেশি স্থলর। অত্যাচারী দস্থা না, আদেখলা শিশু না, প্রেমিকের মতন প্রভু স্থলর করে হেনার ঠোঁটে চুমো খেল।—কাল সকালেই আমরা রওনা হচ্ছি।

আহলাদে হেনা প্রায় হাততালি দিয়ে উঠল।

যেন হেনার উপদেশে কাজ হল। রান্তায় স্টেশনে ওয়েটিং রুমে ট্রেনে লক্ষ্
মান্ত্র্য লক্ষ্বার করে হেনাকে দেখল। প্রভু গ্রাহ্থই করল না, একটু মাধা ঘামাল না এই নিয়ে। সারারান্তা গাড়ির জানালার ধারে বলে ছজন গল্প করল, আর, একটু পর পর ধাবার থেল।

চমৎকার ডাকবাংলো পেয়ে গেল তারা। দেবদারু আর ইউক্যালিপটাসের ঘন বন চারিদিকে। সারাক্ষণ পাথি ডাকছে। বাতাদের মর্মর। শুকনো খটখটে নীল আকাশ। আর তিনদিক ঘিরে স্থপ স্থপ পাহাড়। খাওয়া-দাওয়ার খুব স্থখ। হাত বাডালেই তিতির মুর্গি মিলছে। থরগোদ। ঘন ছধ।

ত্-দিন—তিন দিন—চার দিন। চার দিনের দিন হেনা আর লোভ শামলাতে পারল না। পাহাডের চুড়ায় উঠবে।

প্রভূ প্রথম থেকেই যা চাইছিল। হেনার ভয়। চারদিন ক্রমাগত পাহাড দেখে দেখে হেনা ভয়টা কাটিয়ে উঠল।

একদিন বিকেলে প্রভূর হাত ধরে ঘেমে হাঁপিয়ে অতিকটে একটা চ্ডায় উঠল।
ছজন একটা পাধরের ওপর বসল। একটু বসে বিশ্রাম করল। তারপর আবার
উঠে গাঁড়াল।

এপাশটার ভয় নেই। ওপাশটাই ভয়ের। ভীষণ থাড়া। সো**জা অদ্ধ**কার থাদের দিকে নেমে গেছে। আশ্চর্য, হেনার হাত ধরে প্রভু সেদিকেই চ**লস**।

ছ-পা এগিয়ে হেনা দাঁডিয়ে পড়ল।

कि रन! श्रेष्ठ जूक कूँठरकान।

আর যাব না। হেনা আন্তে বলন।

ওদিকেই যেতে হবে, প্রভু রীতিমত গর্জন করে উঠল।—তোমার নিরে ওধানটার যাব বলে কট্ট করে এতটা ওপরে উঠলাম।

দেখতে দেখতে বীভৎস বিকৃত হয়ে উঠল তার চেহারা।

হেনা অপলক চোধে স্বামীকে একবার দেখল।
এল। কঠিন সবল হাতে হেনার নরম কজি ধরে প্রভূ ঝাঁকুনি দিল।
ভথানে গেলে কী হরে ? ছোট করে একটা ঢোক গিলে হেনা প্রশ্ন করল।
ভোমায় ধাকা দিয়ে থাদের অন্ধকারে ঠেলে ফেলে দেব, তারপর আমি এখান
থেকে নেমে যাব, তারপর আমার মৃক্তি। অক্লেশে প্রভূ উত্তর করল। কিন্তু
ভথনি দে ভক্ক হয়ে গেল।

কেননা ভর পেরে হেনা চেঁচাল না, মুখটা একটু ফ্যাকাসে করল না, কাঁপল না, ঋজু স্থঠাম ভক্রণ দেবদারু গাছের মতন স্থন্দর শরীরটা নিয়ে অবিচল দাঁড়িয়ে রইল। তারপর আন্তে আন্তে রক্তাভ পরিপুষ্ট অধরোষ্ঠে আধ্যোটা গোলাপের হাগিটা ফুটিয়ে তুলল।

ভন্ন পেল প্রভূ। হেনার হাত ছেড়ে দিল। যেন হেনা মামুধী না, দেবী। আমার কাছে তুমি কা চাইছ, বলতে পার প্রভূ? হেনা সামনের দিকে গলাটা বাড়িয়ে দিল।

না, না, বলতে পারছি না, এই জন্মই তো এত যন্ত্রণা। কোনদিন বলতে পারব না বলেই তো আমি পাগল হয়ে গেছি। ঘাসের ওপর বসে পড়ল প্রভূ। তারপর পাথরটার গায়ে মাথা কুটতে লাগল, হাউ হাউ করে কাঁদতে লাগল। ওঠ, শোন। হেনা তার হাত ধরে টেনে তুলল। সান্ত্রনা দিল। প্রবাধ দিল।

## -এমন করে কাঁদে না।

প্রভূ আর কাঁদল না ঠিকই। কিন্তু চোথের জল মৃছল না, কপালের রক্ত মৃছল না। হেনার হাত ছাড়িয়ে পাহাড়ের ওদিকটায় ছুটে যেতে পা বাড়াল।

কি হচ্ছে! হেনা শক্ত করে তার হাত চেপে ধরল।

আমি মরব, আমি থাদের অন্ধকারে ঝাঁপ দিয়ে সব যন্ত্রণা শেষ করব।

শোন। হেনা তার হাত ছাড়ল না, অনিন্দা স্থন্দর গোলাপের হাসি ঠোঁটে নিমে প্রভুর চোথের দিকে তাকাল।—আমার কাছে তোমার কী চাওয়ার ছিল, মৃহ মৃহ কী চাইছিলে তুমি কোনদিনই বলতে পারবে না, কিন্তু তোমার কাছে আমার কী চাওয়ার আছে, তা তো শুনছ না।

কী! হঠাৎ বেন মুমূর্ কাতর শৃক্ত দৃষ্টি নিম্নে প্রভু তাকাল। বেন একটু আশা এল তার মনে, একটু বল পোল। বেন এমন কিছু হেনা তার কাছে- চাইছে বার ওপর তার জীবন নির্ভর করছে, এমন কিছু হেনার মুথে তনবে বাতে তার সব অস্থিরতা সব বন্ধণা অবসান হবে।—বলো, বলো আমার কাছে তোমার কী চাওয়ার আছে। একটা ভীষণ আবেগ নিরে সে হেনার কাঁথে হাত রাখল।

হেনা হাত ছটো নামিয়ে দিল না। আকাশের দিকে তাকাল। তারপর ঠাণ্ডা মহুণ গলায় বলল, ডিভোর্গ। তবেই আমার সব যন্ত্রণার শেব হবে, আমি মুক্তি পাব।

গোরুর মতন চোথ ছটো করে প্রভু আন্তে আন্তে ঘাদের ওপর বদে পড়ল।

### নিঃশব্দ নায়ক

কাঁঠাল খেতে খ্ব ভালবাদে স্থাদিনী। জ্যৈষ্ঠ মাস পড়তে এঘরে-ওঘরে বধন পাকা কাঁঠাল আগতে আরম্ভ করে তথন স্থাদিনীর রসনা সজল হয়ে ওঠে বললে সবটা বলা হয় না, কেমন উদ্ভেজিত হয়ে পড়ে মাহ্যটা। ফ্যাকাশে চোখ ছটো বড হয়ে ওঠে, একটা অস্বাভাবিক চাকচিক্যও দেখা যায় তার চোখে, জোরে জারে খাস টানতে আরম্ভ করে, ছটফটও করতে থাকে খ্ব। চোখে কিছু দেখতে না পেলেও এদিক ওদিক তাকায়—বলতে কি তথন স্থাদিনীর ঐ অবস্থা দেখলে যে-কেউ ধরে নিতে পারে স্থাদিনী বৃঝি তার প্রেমিকের গলার শন্ধ ভনল। প্রেমিক—যারা স্থাদিনীকৈ জানে, যারা তাকে বরাবর দেখে আসছে, তারা অবশ্য কথাটা ভনলে ঠোঁট টিপে হাসবে। তা হলেও, পাকা কাঁঠালের গন্ধ নাকে লাগলেই স্থাদিনীর এমন বেসামাল অবস্থা উপস্থিত হয়। এত ভালবাদে দে কাঁঠাল, এত প্রিয় তার কাঁঠালের গন্ধ।

ভেমনি আনারস। পাকা আনারসের গদ্ধ কম চড়া না। কারো ঘরে আনারস এল কিনা স্থাসিনী নিদ্ধের ঘরে বসে টের পার। আর টের পাওয়ার সলে সলে স্থাসিনীর জিভে জল আসে। আনারসও স্থাসিনীর প্রির। ভেমনি পাকা কলা পাকা আম। বা চৈত্র মাসে যদি কেউ ফুটি নিয়ে আসে। বাড়িভে হয়ভো আনল না। পাশের গলি দিয়ে কোন ফেরিওয়ালা যদি পাকা ফুটির স্থাড়ি মাথার করে কোনরকম হাঁক-ভাক না করেও চলে বায় ভো, আর কেউ বলতে না পাক্ষক, স্থাসিনী ঠিক বলে দেবে, ফুটি নিয়ে যাছে। ফুটি, আপেল আছুর, স্থাসপাতি যা-ই লোকটা নিয়ে যাক।

এবার মাছের কথার আসা যাক। কোন ঘরে ইলিশমাছ রালা হচ্ছে টের প্রেশেও স্থহাসিনী কম ছটফট করে না। ইলিশ বা চিংডিমাছ। রালা চাপালে ছটোর গন্ধই বাড়ি মাত করে। আর সবচেরে বেশি মাতাল হয় স্থহাসিনী। বেন প্রেমিকের গলার আওয়ান্ধ পাওয়ার মতন—ইলিশ চিংড়ির গন্ধ তার মগজ্বের ভিতর চুকে তাকে অস্থির উন্মনা করে তোলে।

অবশ্য সব মাছেরই গন্ধ আছে। বন্ধি-বাড়ি। লাগালাগি ঘর। এক ঘরে ইলিশ আসে, আর এক ঘরে হয়তো চুনোমাছ রান্না হয়। স্থাসিনী ঠিক টের পাবে। শোল বোয়াল রান্না হলেও স্থাসিনী বলে দিতে পারে।

মোট কথা, গন্ধটাই তার বেঁচে থাকার প্রধান অবলম্বন হয়ে দাঁড়িয়েছে। গন্ধের মধ্য দিয়ে নিজের অন্তিত্তকে দে যত বেশি অমূভব করে, একটা কিছুর গন্ধ তার ইন্দ্রিয়কে যত বেশি সন্ধাগ সচেতন করে তোলে তেমন আর কিছু না।

এই জন্মই পাকা কাঁঠালের কথা বলা হল, ইলিশ মাছের কথা বলা হল। গন্ধ যত তার, স্থাদিনী তত রোমাঞ্চিত, অভিভূত, উল্লসিত!

তা বলে কি আর থারাপ গন্ধ তার নাকে লাগে না! খুবই লাগে। ময়লার গন্ধ, কাঁচা ডেনের গন্ধ, ইত্র পচা বেড়াল পচা—অথবা সন্তায় পচা ভুসভূসে মাছ বান্ধার থেকে কিনে এনে কার ঘরে রান্ধা হচ্ছে—তথনও বাড়ি মাত হরে ওঠে। তথন আঙুল দিয়ে নাকটা চেপে ধরে রাখা ছাডা অহাসিনীর উপার থাকে না। তথন আর সে রোমাঞ্চিত না, উৎফুল্প না। বিরক্ত বিষণ্ণ হয়ে ভাবতে থাকে কখন একটা দমকা হাওয়া এসে হুর্গন্ধটা উড়িয়ে নিয়ে যাবে।

আম-কাঁঠালের কি চিংডি-ইলিশমাছের স্থগদ্ধ যদি তার ইন্দ্রিয়কে একভাবে নেড়ে-চেড়ে দেয় তো এদব ছুর্গদ্ধও তাকে কম বিব্রত করে না।

আরো কতগুলি গদ্ধ আছে, নাকে লাগা মাত্র স্থহাদিনীর অমুভূতি ধারালো লচকিত হয়ে ওঠে। যেমন কেউ বেশ চড়া গদ্ধের সাবান গামে মেখে চান করছে, কি কোন ঘরের কোন মেয়ে কি বৌ স্থাদ্ধ তেল মেখে চুল বাঁধছে বা সুখে স্নো ঘরছে পাউডার মাখছে।

তথনও স্থাসিনী জোরে জোরে খাস টানে, এভাবে খাস টেনে বেশ কিছুটা

শৌধিন গদ্ধ বৃকের ভিতর হুমা করে নিরে তারপর এক সমর, দীর্ঘশাস বলকে কথাটা ঠিক হবে না, ঝড়ো হাওয়ার মতন প্রচণ্ড হোরালো একটা খাস বৃক্ষেকে বের করে দিয়ে এসব তেল সাবান স্নো পাউডারের গদ্ধ থেকে নিক্রেকে মৃক্ত করে। যেন আছু আর এসবের তার দরকার নেই। তারপর চূপ করে থাকে। ভাবে। স্বহাসিনীর এই ভাবনাগুলির কথা পৃথিবীর কেউ টের পায় না। একমাত্র সে নিজেই ছানে কী নিয়ে সে ভাবছে, কেন ভাবছে।

গছের কথা গোল। এখন শব্দের কথায় আসা যাক। বাড়িতে এতগুলি ঘর।
রান্ধার শব্দ হাঁচি-কাশির শব্দ ঝগড়ার শব্দ হাসির শব্দ—ফটফট খড়মের আওয়াজ
করে কেউ ঘরে চুকছে, রাগ করে কেউ কাঁসার বাসন ছুড়ে ফেলছে, কেউ গান
গাইছে, ছেলের পিঠে ছুম ছুম কিল বসাচ্ছে কোন ঘরে, ছড়া কেটে ছেলেকে
ঘুম পাডাচ্ছে কেউ—তা ছাড়া রেডিওর শব্দ, কয়লা ভাঙার শব্দ, টিন পেটাবার
আওয়াজ, পোয়াতি নৌ বমি করছে—তার প্রচণ্ড ওয়াক্ ওয়াক্, অথবা পেটের
বেদনায় কেউ টেচাচ্ছে—জলে ছোট-বড় ঢেউ ওয়ার মতন বাড়ীর সর্বত্র সরু
মোটা ছোট বড় মাঝারি নানারকম শব্দ এখন তথন জেগে উঠছে, আবার ঢেউরের
মতন সে ব এক সময় মিলিয়েও যাচ্ছে।

কিন্তু শব্দের মধ্যে স্থহাসিনী তেমন কোন বস পায় না প্রেরণা পায় না। তার এক কান দিয়ে সব ঢোকে, আর এক কান দিয়ে বেরিয়ে যায়। কে থড়ম পরে হাঁটছে, কোন পোয়াতী বমি করছে, কে রাগ করে কাঁসার বাসন ছুঁড়ে মারল তাতে স্থহাসিনীর কিছু এসে যায় না। এসব শব্দ ভনে কোন ছবি তার মনে জাগে না, কোন বং স্কেটি হয় না। স্বই তার কাছে প্রনো একছেরে।

তাই বলা হচ্ছিল, পাকা কাঁঠালের গন্ধ বা ইলিশমাছ রান্নার স্থান্ধ যেমন সরাসরি তার হান্বয় মন রসনা—এমন কি জঠরকেও স্পর্শ করে, গন্ধটি নাকে লাগার সঙ্গে কাঁঠাল-কোয়ার সোনালী হলুদ রং বা বেশ লাল করে ভাজা তেল-চুপচপে ইলিশমাছের লোভনীর টুকরোগুলি তার চোথের সামনে ভাসতে থাকে, নাচতে থাকে এবং মনে মনে ক্লীরের মতন ঘন মিষ্টি কাঁঠালের রস গরম ইলিশ ভাজা খেতেও তার আটকার না, সেখানে শন্ধ তাকে কিছুই দিতে পারে না, এই ধরনের কোন মোহ বাসনা বা অঞ্বরাগ তার মনে স্পষ্টি কংতে পারে না।

অথচ প্রতি মৃহুর্তে কভ রকম শব্দ হচ্ছে এ-বাড়িতে। কোন কোন গছের মন্তন ষদ্দি অস্ততঃ একটা শব্দের প্রতিও তার টান থাকত লোভ থাকত সমতা. থাকত। শব্দকে স্থাসিনী প্রাহ্ম করে না। সুথের ওপর মাছি বসলে বেমন বিরক্তি ধরে, তেমনি শব্দগুলি যথন একটার পর একটা কানে আসতে থাকে তথন তার কোধ বিরক্তি ও ক্লান্তির শেষ থাকে না। হাত দিয়ে মাছি তাড়ানো চলে, কিন্তু এতগুলি ঘরের এত সব শব্দ সে দূর করবে কেমন করে। তথন কানের ছিদ্রের মধ্যে মাঙ্কুল ঢুকিয়ে চুপ করে বসে থাকা কি ভারে থাকা ছাড়া উপায় থাকে না। সময় সময় তাই করতে হয় তাকে।

অথচ একটা আঘটা শব্দ যে একদিন স্থহাসিনীর ভাল না লাগত এমন না।
শব্দ শুনতে সে কান পেতে থাকত, কথন শব্দটা হবে তার জন্ম ঘন্টার পর ঘন্টা
আপকা করতেও আলতা করত না।

এবং মজা এই যে, আজ যেমন গদ্ধ ধরে ধরে স্থাসিনীকে একটা কিছুর ছবি মনে মনে আঁকতে হয়, শব্দের ওঠা-নামা ধরে একটা জিনিসের রূপ চোথের সামনে কল্পনা করতে হয়, পাঁচ বছর আগে তা তাকে করতে হত না। তথন পৃথিবীটা তার কাছে বড় সহজ্ব সরল ছিল। কেন না চোথ দিয়ে সব কিছু সে দেখতে পেত। কট্ট করে অঙ্ক ক্যার মতন কেবল শব্দ দিয়ে গদ্ধ দিয়ে তাকে আম কাঠাল গরু ছাগল পোকা-মাকড় কি মাসুষের চেহারা চোথের সামনে ফুটিয়ে তুলতে হত না।

কিন্তু ঈশ্বর কি আর সকলকে এক রকম স্থা দেয়। ছট করে দেবার বসস্ত হয়ে স্থাসিনীর চোধ ত্টো গেল। প্রাণে বাঁচল, কিন্তু চোধের জগৎ অন্ধকার হয়ে গেল।

বুঝুন, মাত্র উনিশ বছর বরস, রূপ রস যৌবন নিয়ে গন্ধ নিয়ে, বাসনা বিলাস সোহাগ নিয়ে পৃথিবীটা চোথের সামনে জলছিল। জলতে জলতে একদিন দপ্ করে নিভে গেল। তথন মনের অবস্থা কী দাঁড়ায়!

না, দোষ দেবে কাকে। ভাগ্যকে দোষ দিয়ে স্থহাসিনী আজ এই পাঁচ বছর শুম হরে আছে। ঘরের কোণার আশ্রয় নিয়েছে। একটা ময়লা বিছানা, একটা জানালা। এই তার পৃথিবী।

চোধ যাবার পর গোড়ায় ক'দিন যে হাতড়ে হাতড়ে সে চৌকাঠ ডিঙিয়ে বাইরে উঠোনে গিরে না দাঁড়াত এমন না। তারপর সেটাও বন্ধ হয়ে গেছে।

কেন না স্থাদিনী ব্যতে পাবল, পোড়ার বসম্ভ কেবল তার চোখ ছটে। নিয়েই ক্ষান্ত থাকে নি, তার মুখটাকেও পোড়া বেগুনের মতন কালো কুৎদিত করে রেখে গেছে। স্থাসিনী কি আর আরশি দিরে নিজের চেহারা দেখেছিল ?

কথাটা তার কানে এসেছিল। বন্ধি-বাড়ি। কত রকম কথা এবরে ওবরে হয়। তা বলে গলা টেচিয়ে কি কেউ এমন একটা কথা বলে! তা হলেও, যত ফিসফিস করেই বলুক, স্থাসিনী ঠিক শুনতে পেয়েছিল।

তাই তার এক এক সময় ভাবতে ইচ্ছে করে, ঈরর তার সঙ্গে বেশ ভাল রিসিকতাই করল। উনিশ বছরে চোখের আলো নিভিয়ে দিল, কিন্তু কান ত্টোকে কেমন প্রথম করে তুলল, নাকটাকে কী ভীষণ ধারালো করে দিল। কোন ঘরে এখন আলপিন পড়লেও সে ভানতে পায়, একটা ঘরে কেউ যদি, আম-ইলিশমাছ দূরে থাক, হোমিওপ্যাথি শিশি থেকে একফোটা ওষ্ধ ঢেলে খায় তো স্থহাসিনী ঠিক গছ পাবে।

রসিকতা ছাড়া কী। যার চোখ নেই তার নাকের কানের এত ধার কেন ? এতে তার কট্ট বাড়ল কি কমল ? খ্ব কট্ট পেয়েছিল সে পোড়া বেগুনের উপমাটা শুনে। যদিও তুঃখ করেই ফিসফিসে গলায় তারা বলাবলি করছিল— আহা, কী চোখ ছিল গো, মেয়েটার কী স্থন্দর ভূরু ত্টো ছিল, গোলাপের মতন টুসটুস করত তুটো গাল, ঠোঁট—আছু আর চেনাই যায় না, এমন মুখখানা এমন হয়ে গেল।

বুকের ভিতর একটা ধাকা লেগেছিল স্থহাসিনীর, খুব ভয় পেয়েছিল সে।
কানত তার চোথ হুটো গেছে, কিন্তু মুথেরও যে এমন সর্বনাশ হয়ে গেছে, সেদিন
সে প্রথম কানল। তথনই হাতড়ে হাতড়ে ঘরে এসে চুকেছিল। তারপর আর
একদিনও উঠোনে নামে নি, দরক্ষায় দাঁড়ায় নি। এই বিছানা আর এই ক্ষানালা।
আরু পাঁচ বছর। এখন তার বয়স চব্বিশ।

ভন্নটা আর নেই, অথবা এই ক'বছরে ভন্নটা পুরনো হরে গেছে। এখন আর চেহারা নিয়ে সে মাখা ঘামার না। পোড়া বেগুন হলে একটা মেয়ের মুখ কেমন হয় তার একটা ছবি ক্রমাগত ভেবে ভেবে সে মোটামুটি ঠিক করে নিয়েছে। অনেক দিন আগেই ঠিক হয়ে গেছে ছবিটা, এখন সেই ছবিও তার কাছে পুরনো।

কাজেই নতুন করে ভর পাবার কোন প্রশ্ন ওঠে না।

হ্যা, কথা হচ্ছিল শব্দ নিয়ে। আজ যেমন কোন কোন গল্পের ওপর তার ভীষণ টান, প্রেমে পড়ার মতন সে-সব গন্ধ নাকে লাগা মাত্র সে তুর্বল হয়ে পড়ে, জোর জোর খাস টেনে গন্ধগুলি বুকে পুরে নের, তেমনি কোন কোন শব্দ একদিন তাকে খুব টানত। আজকের মতন সব রক্ম শব্দের প্রতি ষে তার বিষেষ ছিল তা নয়, একটা হুটা শব্দ শু,তে ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করতেও লে আলশু বোধ করত না।

অথচ সেদিন চোখেও দেখতে পেত। আমটাকে দেখত কাঁঠালটাকে দেখত
—পোকা মাকড় মাত্মৰ ছাগল গরু গাড়ি ঘোড়া—উনিশ বছর ধরে সবই সে
দেখেছিল। তাদের শব্দ শুনেছে, তাদের গন্ধ তার নাকে লেগেছে। তথন শব্দ গন্ধগুলি তার উপরি পাওনা ছিল।

ষেমন যুগলকে সে চোখে দেখত, এ বাড়ির ছেলে, না-দেখার কোন কারণ ছিল না। মুগল বাজার নিয়ে ফিরছে, তাড়াহড়ো করে গায়ে তেল মাখছে, কলতলায় গিয়ে বস্তি-বাড়ির আর পাঁচটা মামুষের সঙ্গে ঠেলাঠেলি করে চান করছে, ৰুগল ভাত থেতে বদল, থেয়ে উঠে বিড়ি টানতে টানতে গায়ে জামা চড়াল, গত তিন দিন নীল রঙের জামা চড়িয়ে কাজে বেরিয়েছে, আজ সাদার ওপর ফিকে বাদামী ভোরা-কাটা একটা শার্ট গায়ে দিয়ে সে বেরোল। স্বহাসিনীও বাড়ির দদরে গিয়ে দাঁড়িয়েছে। যতকণ চোখে দেখা যায়, মামুবটাকে সে দেখল। যেন এতকণ বাডির ভিতর তাকে ফেলে হুহাসিনীর আশ মেটেনি, এখন (कमन लक्षा लक्षा भा (करल मूगल (इंटि हरल मास्क्र, कारता मरक कथा वलह না. কোন দিকে তাকাচ্ছে না—চোথের পলক না ফেলে তাকিয়ে তাকিয়ে দেখতে হুহাসিনীর এত ভাল লাগত। তেমনি যুগল যথন সন্ধেবেলা কান্ধ সেরে বাডি ফিরেছে। তার পায়ের শব্দ শুনতে স্থহাসিনী কান পেতে থাকত। কান পেতে থেকে যুগলের হাসি ওনেছে কথা ওনেছে। যুগল যথন তাদের দক্ষিণের ভিটের ঘরে বদে বিড়ি টানত, জানালাটার কাছে গিয়ে স্বহাসিনী চুপ করে দাঁড়িয়ে থাকত, বিভিন্ন ধেশায়ার গন্ধটা স্থহাদিনীর ভাষ লাগত। এ বাড়ির আরো কত মামুষ তো বিডি খায়—দেদিনও খেত, কিন্তু কারো খেলায়ার গন্ধ ভাকতে কোন ঘরের कानानात कारह शिख कि तम माफ़िखह ?

অর্থাৎ যুগলের সব কিছুই তার ভাল লেগেছিল। সকালের দিকে সাবান মেথে যুগল চান করতে পারত না। তাড়াহুড়োর সময়। সন্ধেবেলা কলতলায় বসে ধীরে-সুস্থে গায়ে সাবান ডলে সে চান করত আর গুনগুনিয়ে গান করত। গেলাসটা বাটিটা ধোওয়ার অছিলা করে স্থহাসিনীও তথন পাটিপে টিপে কলতলায় চলে গেছে। বুক ভরে সে যুগলের গায়ের সাবানের গন্ধ নিরেছে, ছু'কান ভরে তার গুনগুন গান গুনেছে, আর চোথ ভরে মানুষটাকে দেখেছে। চোথের দেখার সঙ্গে শব্দ-গদ্ধগুলি তার উপরি পাওনা হত। ছঁ, সেদিন—
যেদিন রূপ নিয়ে রঙ্গ নিয়ে যৌবন নিয়ে—লোভ বাসনা আর প্রচুর রং নিয়ে
শব্দ নিয়ে পৃথিবী তার চোথের সামনে জলছিল, য়ুগলের পৃথিবীও জলছিল,
ছ্জনের চোথ-ঠারাঠারি হয়েছে, শব্দ না করে হাসাহাসি হয়েছে, খাটো গলায়
কথা-বলাবলি হয়েছে, এমন কি গা ছোঁয়াও। তারপর, ঐ যে মাথার ওপর বসে
আছে এক রসিক পুরুষ, ফুঁ দিয়ে স্বহাসিনীর চোথের আলো নিভিয়ে দিল,
পৃথিবীটা অন্ধকার হয়ে গেল।

তারপরও স্থহাসিনী একটা মান্তবের হাঁচি-কাশি শুনেছে, হাঁটা-চলার শব্দ শুনেছে, তার বিভিন্ন ধেশায়ার গন্ধ সাবানের গন্ধও স্থহাসিনীর নাকে লেগেছে— কিন্তু হাত পা নাক চোখ নিয়ে লম্বা ছিপছিপে গড়নের গৌরবর্ণ মান্ত্রটা চিরজন্মের মতন স্থহাসিনীর চোখের আড়ালে চলে গেল।

থেন এই জন্মই, নিজের চোথের জন্ম থত না, একটা মামুধকে কোনদিন আর চোথ ভরে দেখতে পাবে না বলে স্থহাসিনী বেশি কেঁদেছিল।

তার পর আন্তে আন্তে তার এই কায়া পুরনো হয়ে গেল। কেননা ক্রমেই দে বুঝতে পারছিল, চোথের আজালে চলে গেছে তার অর্থ যুগলকে চিরকালের জন্ত দে হারিয়েছে। এক মাসের মধ্যে যুগল বিয়ে করে ফেলল। এই বাজির উঠোনেই কুশাসন কলাপাতা বিছিয়ে অনেক লোকজন নেমস্তর থেয়ে গেল। সারাদিন শুধু হৈ-চৈ হল। রাজে ফুলশখা হল। বড় স্থলর বৌ হয়েছে যুগলের, রাঙা টুকটুকে বৌ হয়েছে—অনেক শব্দ অনেক কথা স্থহাসিনীর কানে এল।

স্থাসিনী বেশ ব্ঝতে পারছিল, তার চোথ গেছে পর থেকে নানারকম শব্দ গন্ধ দিয়ে তার মন ভরিয়ে তুলতে পৃথিবীর কোন কোন মাহ্য উঠে পড়ে লেগেছিল। যেন এ-ও এক ধরনের রসিকতা।

বেন আগের চেয়েও বেশি সাড়া-শব্দ করে যুগল কাজ দেরে বাড়ি ফিরড, দেড়ি-ঝাঁপ করে কলতলার ছুটে যেত, ঝপ-ঝপ করে মাথার জল ঢালত, আগের চেয়ে অনেক বেশি চড়া গল্পের সাবান গায়ে মাথত। আর সারাক্ষণ কমলা কমলা। ছাঁ, তার বৌরের নাম। তা-ও হুহাসিনীর কানে এমেছিল। কমলা রালা হল ? কমলা আমাকে একটু চা করে দাও। কমলা, দেথ তো এই মাথার তেলটা কেমন হল, ভারি স্থপন্ধ, তোমার জন্ত নিয়ে এলাম। কমলার খুশি গলার থিলখিল হাদি এই উত্তরের ভিটের অন্ধকার বরে বসে

স্থহাসিনী **ড**নেছে। এবং একটু রাভ হতে ও ঘরের **ভূরভূরে তেলের গছ** এ ধরে ভেসে এসেছে।

কিন্তু ক'দিন এসব শব্দ গন্ধ নতুন থাকে ? একদিন পুরনো হয়ে গেল।

পুরনো হতে হতে এখন এমন হয়েছে, এই সব শব্দ-গদ্ধে ঘেরা ধরে গেছে হংগিনীর। যেন তার পুথু ছিটোতে ইচ্ছা করে। সময় সময় একলা ঘরে বসে সে পুথু ছিটোয়। বা দরকার হলে, যাতে কোনরকম শব্দ-গদ্ধ এ ঘরে না আসে, হাততে হাততে উঠে গিয়ে জানালার পালা ত্টো ভোজয়ে দেয়। তারপর শুম হয়ে বসে থাকে।

তবে হাঁ, কোন ঘরে যদি কাঁঠাল আসে, ইলিশ মাছ রান্ধ। হয়, স্থহাসিনী তথন জোর জোর খাস টানে। এই একটা ছুটো গন্ধ তাকে ভুপ্তি দেয় সান্থনা দেয়। তাছাডা এ বাডির অন্ত সব গন্ধ, গন্ধ এবং শন্ধ তার কাছে বিষের মতন।

জ্যৈষ্ঠ মাস। এ ঘরে ও ঘবে আমটা কাঁঠালটা ত্-চার টুকরো ইলিশমাছ, ত্টো চারটে হলেও বাগদা চিংড়ি আসছে। বস্তির মামুষ পর্দা কোথার যে, রোক্তই এসব ভাল ভাল জিনিস পাবে, বেশি করে থাবে। তা হলেও এক-আধ দিন করে সব ঘরেই এটা-ওটা আসছে।

আর স্থাসিনীর নাকও এমন হয়ে গেছে, কোন্ ঘরে কোন্টা এল তার এই কোণার ঘরের ময়লা বিছানায় শুয়ে বসে থেকে সে ঠিক টের পায়। ঠিক বলে দিতে পারে—এ ঘরে আজ আনারস এসেছে, ও ঘরে চিংড়িমাছ এল।

একটি ঘর ছাড়া। তাই স্থহাদিনী ক'দিন ধরে ভাবছে। যুগলের ঘরে এ বছর এখন পর্যন্ত আম কাঁঠাল, একটু চিংডি কি ইলিশমাছ এল না। গত বছরও আদে নি। সে-রকম কোন গছাই ওদিকের ঘর থেকে আসছে না। একদিনও না। ব্যাপারটা কী? এসব ভাল ভাল থাড়, কথায় বলে বছরের নতুন জিনিস, সব ঘরেই একদিন ছিনি করে যথন আসছে, যুগল কেন তার আদরের বৌকে এনে খাওয়াছে না? খটকা লাগার মতন কথা। গেল বারই স্থহাদিনীর চোথ ছটো নট্ট হবার সঙ্গে সঙ্গে বিয়ে করে ফেলে প্রথম বছর ছই যুগল বৌষের জ্বন্ত খ্বই খরচায় নেমে গিয়েছিল। রোজই একটা না একটা নতুন জিনিস বৌকে এনে দিয়েছে। কেবল কি তেল সাবান স্বো ক্রিম, ছদিন পর পর নতুন শাড়ি নতুন ব্লাউজ নতুন সায়া এসেছে কমলার জন্ত। হাক-ভাক শোনা গেছে কত—কমলা, আসছে মাদে তোমার পাথর-সেট তুল গড়িয়ে দেব, পুজোর সময় নতুন

হার গড়িরে দেব। আর থাওয়া-দাওয়া? যেন কী এনে বােকে থাওয়াবে দে দিশা করতে পারত না। রােজ কাঁঠাল এসেছে ল্যাংড়া আম ফজলি আম এসেছে ওবরে। ইলিশমাছ চিংড়িমাছ মাংস দৈ রাবড়ি রসগােলা—ভাল পরসা পার, চাকরিটা মােটাম্টি ভাল, মা আর ঐ এক ছেলে—ঘরে আর থাইরে কে, তারপর তাে বৌ এল—যেন ত্ হাতে থরচ করে ব্গলের আশ মিটত না। হু, বিরের পর প্রথম ত্ বছর। এঘরে বসে স্থাসিনী সব টের পেরছে।

কিছ তারপর সব যেন কেমন ফিকে হয়ে গেল। কমলা, এটা এনেছি ভোমার জন্ত, কমলা কাল তোমাকে ওটা এনে দেব—এসব হাঁক-ডাক কমে গেল। যেন হঠাৎ বৌয়ের আদরটা কমে গেছে। যেন একটু সকাল সকাল বৌ পুরনো হয়ে গেল। তাই কি ?

তাই মাজ ক'দিন ধরে খুব ভাবছে স্থহাসিনী। কারণ কি ? একটা তো মোটে বাচনা হয়েছে ওদের। তা-ও এদিকে হয়েছে। বিয়ের পর প্রায় পাঁচ বছর পার করে। ট্যা টা শালটা স্থহাসিনী খুব শোনে। চিংকারটা যথন অসহু লাগে, তথন হাতডে হাতড়ে উঠে গিয়ে ওদিকের জানালার পালা চুটো বন্ধ করে দের। যুগলের ছেলের চিংকার বলে না, সব চিংকারের বেলারই স্থহাসিনী ভা করে।

কিন্তু কথা হচ্ছে, এত সহজে কারো বৌ পুরনো হয় ? ওঘরের ম্মো পাউডার তেল সাবানের গন্ধও আর নাকে লাগছে না।

না লাগুক, বোঝা যায় যুগল বোকে এসব কিছু আর এনে দিছে না।
অবশ্য স্নো ক্রিম হৃগন্ধী তেল সাবানটা বড় কথা না। এ সব ছাড়াও মাহুবকে
ভালবাসা যায়। এসব না মেখেও মাহুবের দিন কাটে। কডন্ডনই তো বোকে
এসব কিনে দিতে পারে না, পয়সার অভাব, বোষেরা সাদা নারকেল তেল
মাধার মাথে। মুখের চামড়া নরম রাখার জন্ম সর্ধের তেল মাখে। তা বল্যে
ভাদের স্বামী-জ্বীর মধ্যে কি ভালবাসা চলে যায় ?

কিছ যুগলের তো তেমন একটা অভাব নেই।

আচ্ছা, না দিক এনে স্নো ক্রিম তেল পাউডার, স্থহাসিনী চিস্তা করে, এসব নিরে খুব একটা ভাববার কিছু নেই। ছেলের মা হয়েছে, এখন হয়তো যুগলের বৌ আর এত সাজগোজ পছল করে না। কিন্তু তা বলে, বছরের আমটা কাঁঠালটা, একটু ইলিশমাছ একটু চিড়িমাছ—এক আধ দিনও যুগল বৌকে এনে থাওরাবে না? ব্যাপারটা কেমন যেন অভুত লাগে স্থহাসিনীর।

মন্ত অভাবের সংসারেও তো এমনটা হয় না। ধার-কর্জ করে হলেও মালে অস্তত একদিন বৌকে ছেলেমেয়েকে এটা ওটা এনে খাওয়ায়। কিন্তু যুগল এ কী করছে, হঠাৎ এমন কঠিন হয়ে গেল মামুষটা ?

ভাবনাটা গুরুতর। গুরুতর এইজন্ম, ভাল করে পাঁচ বছর না ঘুরতেই যদি বোষের ওপর অরুচি ধরে যায়, বৌ পুরনো হয়ে যায়, বোকে একফোঁটা আদর করতে ইচ্ছে না করে তো আর ঘু বছর কি চার বছর পরে যুগল এই বোকে কী করবে, মেরে ভাডিয়ে দেবে ? আর একটা বিষ্ণে করবে ?

কথাটা ভাবতে কেমন গা শিরশির করে। না, স্থাসিনী স্বার্থপর না—
হিংস্কটে না। তার অন্ধ হওয়ার এক মাসের মধ্যে মুগল বিয়ে করে এই
বৌকে ঘরে এনেছিল, তা বলে স্থাসিনী কি চাইবে যে বৌটা হৃংথে থাক,
মুগল তাকে অনাদর অবহেলা ককক? এতটা নীচ আত্মা স্থাসিনীর না।
তার কপাল ভেঙেছে ভাঙুক, ঈরর তার সঙ্গে রসিকতা করেছে ককক, তা বলে
কমলা হৃংথে থাকবে, স্থামীর আদর সোহাগ পাবে না, এর মধ্যেই পুরনো
ভাতার মতন মুগল তাকে হাত দিয়ে তুলে ছুঁডে ফেলে দেবে—এ একটা কথাই
নয়। যদি এমন হয়, মুগল অন্তায় করছে, ভয়ানক পাপ করছে।

চিন্তা করে হুহাসিনী গুম হয়ে থাকে। তার হাত পা কেমন অসাড় হয়ে যায়। বুকের ভিতর চিপ-চিপ করে।

ক'দিন ধরেই এমন হচ্ছিল। এটা কি অহুথ ? যদি অহুথ বলা হয় তো মাহুঘটা যে বেশ কিছুকাল থেকেই অহুত্ব। চোথের সামনে ভাল ভাল অন্ধকার নিয়ে পাঁচ বছর একটা ঘরে বাটকে থাকা, একটু আলো না বাভাস না, কারো সঙ্গে একটা কথা না। দেউলে কি মনে হবে এই হুহাসিনী পঁচিশ বছরের যুবভী ? দাঁভ-পড়া মাহুবের মতন গাল হুটো তুবড়ে গেছে, চোথ ছুটো গর্ভে পড়েছে, দড়ির মতন হাত পা, একটু বেশি নড়াচডা করতে গেলে মাথা ঘোরে, পা-হাত ঝিন্-ঝিন্ করে, একটু বেশি সমন্ব বসে থাকলেও যেন হাঁপ ধরে—কাক্ষেই অধিকাংশ সমন্ব শিশ্বরে একটা জানালা দিয়ে মন্ধলা বিছানাটার সে ভারে থাকে। ভারে থেকে ভার আকাশ-পাতাল ভাবনা।

তা এভাবে তো কেটে যাচ্ছিল দিন।

কিছ কাল থেকে, কাল না পরশু থেকেই যেন এই উপদর্গগুলি দেখা দিরেছে। স্থ্যাসিনী ঠিক বুঝতে পারছিল না, এমন হল কেন। তবে ক'দিন থেকে দক্ষিণের ভিটের ঘরের একজোড়া স্বামী-স্ক্রীকে নিয়ে সে থ্ব মাথা স্বামায় নি । এ স্থালকে নিয়ে, ম্পালের বৌকে নিয়ে, এত মাথা স্বামাছিল বলে কি তার মাথার ভিতরটা শৃত্ত হয়ে গেল, মরুভূমির মতন হয়ে গেল, না কি বাড়িটা হঠাৎ ফাঁকা হয়ে গেল ? বেন কোন লোকজন নেই, ঘর ম্বার ছেড়ে সব কোথার চলে গেছে। কেন না একফোটা শব্দ ভনতে পাছে না সে। টিকটিকিটা পর্যন্ত ভাকছে না। টিকটিকিটা ভাকছে না, চড়ুইপাথিগুলির কোন শব্দ শোনা বাছে না। অথচ দিন-ভর ওরা উঠোনের ওপাশটার পেলে-ঝোলের কাছে কিচমিচ করত। ব্যাপারটা কী ? এবাড়ির লোকজনের সঙ্গে চড়ুই-টিকটিকগুলিও কি কোথাও সরে গেল ?

তাছাডা স্থান্ধ হোক তুর্গন্ধ হোক, কোনরকম গন্ধও তো স্থাসিনী টের পাচ্ছে না। তেল দাবানের হোক, রান্নার গন্ধ হোক, কি নর্দমার গন্ধ হোক— রাতাদিন যেখানে বস্তি-বাড়ির বাতাদ গন্ধে গন্ধে বোঝাই হয়ে থাকে দেখানে কোন গন্ধ স্থাসিনীর নাকে লাগছে না ? এ কখনো সম্ভব ?

কেমন ভয় করছিল তার। এমন তো তার কোনদিন হয়নি। চোখ ত্টো যাবার পরেও তো ত্বার বড় বড় অস্থা সে ভূগে উঠেছে। একবার টাইফরেড হয়েছিল, একবার কলেরার মতন হয়েছিল। ত্বারই খ্ব ত্র্বল হয়ে পড়েছিল। কিছু মাখার ভিতরটা তো এমন ফাঁকা ত্র্বল মনে হয় নি। সব রকম শব্দ তার কানে এসেছে, সব রকম গন্ধ নাকে লেগেছে।

আর এই ছিনি যাবং তার কী হয়েছে। তার যেন মনে হচ্ছে সমুদ্রের তলায় সে বসে আছে। জ্বলের সোঁ সোঁ শব্দের মতন কানের ভিতর একটা বিশ্রী শব্দ ছাড়া আর কোন শব্দ নেই। কোন গন্ধও সে টের পাচ্ছে ন।। পরীক্ষা করার জ্বস্ত বাঁ হাতের তেলোটা কয়েকবার নাকের কাছে তুলে ধরেছে। জ্বোরে জারে খাস টেনেছে। তার বাঁ হাতের তেলোয় সর্বলাই একটা লেবু লেবু গন্ধ লেগে থাকে। এমনি। লেবু না ধরলেও এমন একটা গন্ধ টের পাওয়া যায়। কিছু আজু স্বহাসিনীর নাকে কোন গন্ধই লাগল না। অথচ নিজের হাত। বিমৃত হয়ে গেল সে।

জিনিসটা আরো বেশি পরিষ্কার হরে গেল টে পির কথা ভনে। টে পি আন্ধ সকালে বাজার থেকে ছোট দেখে একটা পাকা কাঁঠাল কিনে এনেছে দিদির জন্তে, আর আট টাকা কেজীর দেড়শো ইলিশমাছ। তিন টুকরোর বেশি ওঠেনি। টে পি ঘরে ঢুকেই বলছিল, 'দিদি ভোর জন্ম কাঁঠাল এনেছি, ইলিশমাছ এনেছি।' কিছ ফ্যাকাসে চোথ ছুটো স্থহাসিনী এমন করে মেলে ধরে রেথেছিল, টে পি বে ঘরে ঢুকল, কথা বলল, তার পায়ের শব্দ বা কথা, কোনটাই বেন স্থহাসিনীর ভনতে পাছিল না। তা না হলে কাঁঠাল ইলিশমাছের নাম ভনলেই স্থহাসিনীর মূথে হাসি ফোটে, শোয়া ছেড়ে উঠে বসে। বছরে ঐ একদিন তৃদিনই দিদিকে এনে এই ছটো জিনিস থাওয়ায় টেঁপি, এই ছটো জিনিস দিদির প্রাণ। তার বেশি সে এই দিদিকে থাওয়াতে পারে না। সাবানের কারখানায় সামায় চাকরি। কত আর মাইনে। ছ বোনের কোনরকমে ভাল-ভাত থাওয়া জোটে।

'শ্রবশ্য এই ছোট বোনটা আছে বলেই স্থহাসিনী কোনরকমে থেম্নে বেঁচে আছে। ত্টিবোন ছাড়া তিন কুলে তো আর কেউ নেই তাদের। টেঁপি না খাকলে কবে স্থহাসিনী মরে হেদ্ধে ভূত হয়ে যেত।

যাই হোক, এখন টেঁ পি ঠিক ব্যুতে পারছিল, দিদি তার কথা বোঝেনি।
'এই দিদি!' বিছানার ওপর হুমডি থেয়ে টেঁ পি প্রায় চিৎকার করে উঠল।
'কি বলছি, শুনছিদ ?'

থেন এগার স্থহাসিনী ব্রুতে পারল টে পি ঘরে ঢুকেছে, তাকে কিছু বলছে। 'কি বলছিস ?' স্থহাসিনী ঘাড়টা তুলে ধবল।

'হোর কাঁঠাল এনেছি, ইলিশমাছ এনেছি।' এত জোরে টেঁপি কথাটা বলল, বন্ধির দব মাস্থবের শোনার কথা। 'কাঠাল, কাঁঠাল, ইলিশমাছ ইলিশ-মাছ।' তারপরও টেটিয়ে ত্বার তিনবার করে টেঁপি শব্দ ত্টো উচ্চারণ করল।

এবার স্থহাসিনী ব্রুল। হাত বাডিয়ে দিল। কাঁঠালটা দিদির বিছানার পাশে রাখল টেঁপি। মাছের ঠোঙাটা অবগ্য হাতেই ধরে রাখল। কিন্তু সেটাও হাত বাডিয়ে ধরতে চেষ্টা করল স্থহাসিনী। টেঁপি তখন ঠোঙাটা স্থহাসিনীর নাকের কাছে ধরল। স্থহাসিনী জোরে জোরে খাস টানল। তারপর ফ্যাকাসে চোখ হটো অসহায়ের মতন মেলে রেখে স্থহাসিনী মাথাটা হুবার নাডল।

'কোন গন্ধ পাচ্ছি না রে টে'পি।'

'কাঠাল ? কাঁঠালটার গন্ধ পাচ্ছিদ না ?—পাকা কাঁঠালের গন্ধে তো ঘর ভরে গেছে।' কেমন যেন একটা উৎকণ্ঠা নিয়ে টে'পি কাঁঠালটা দিদির নাকের কাভে তুলে ধরল।

স্থাসিনী জোর খাস টানল। তারপর ঘাড়টা সরিয়ে নিয়ে মাথা ঝাঁকাল। 'নাঃ কোন গন্ধই লাগছে না আমার।'

মৃথটা কালো হয়ে গেল টে পির। 'গন্ধ টের পাচ্ছিদ না, কানের কাছে মুখ নিয়ে চিৎকার না করলে কোন কথাও যে বুঝতে পারছিদ না দেখছি।' একটা গাঢ় নিশাস ফেলল স্থহাসিনী। তারপর আন্তে বলল, 'মনে হয় চোখের মতন নাক কান চুটোই আমার নষ্ট হয়ে গেল।'

'না; তা হবে কেন।' মুখ ভার করে টেঁপি বলল, 'শরীরটা একটু বেশি থারাপ হয়েছে, মাথাটা তুর্বল হয়েছে, এই জন্মই এমনটা হচ্ছে।' একটু চুপ খেকে পর টেঁপি বিভবিভ করে উঠল 'দেখি, সামনের মাসে টাকা পেলে একবার ডাক্তার দেখাতে হবে।' কথাটা সে খুব আন্তে বলল বলেই স্বহাসিনী আর গুনল না। না হলে স্বহাসিনী তখন বলত, কী হবে আর আমাকে ডাক্তার দেখিরে, একটা অন্ধ মেরের জীবনের দাম কী।

রাশ্লাবাশ্লা করে তাবপর নিজে খেয়ে দিদির ভাত-তরকারিটা তার বিছানার পাশে বেডে রেথে ঢেকে-ঢুকে, রোজ যা করে টেঁপি, কারখানায় চলে গেল।

স্থাসিনীর থেতে অনেক বেলা হয়। সে তো আর কাজে যার না। কাজেই খাওয়ার তাডা থাকে না।

কিন্তু আজ তার থেতে একেবারেই ইচ্ছে করছিল না। অথচ হাতডে হাতডে ঢাকনা সরিয়ে দে টের পেয়েছে, তিন টুকরো ইলিশমাছের তু টুকরোই তার জন্তে রেথে গেছে, একটা বাটি ভরতি করে কাঁঠালের কোয়া রেথে গেছে।

স্থাসিনী ত্বার মাছের বাটি থেকে মাছ তুলে নাকের কাছে ধরেছে, জােরে জােরে খাস টেনেছে, তারপর আবার মাছটা বাটিতে রেখে দিয়ছে। তুটা কাঁঠালের কােয়া তুলে নাকের কাছে নিয়ে গদ্ধ ভাঁকতে চেষ্টা করেছে, তারপর আবার বাটিতে রেখে দিয়েছে।

কেমন যেন পাথরের মতন স্থির বোবা হয়ে শুয়ে রইল সে।

তার হাত নডছিল না, মাধা নডছিল না। পাধরের মতন স্থির হরে ধেকে দে ভাবছিল, যদি গদ্ধই না পোলাম তো এই ইলিশমাছ, এই কাঁঠাল খেয়ে লাভ কী। বেদনার হতাশার তার ফ্যাকাদে চোধ দ্টো জ্বলে ভরে উঠল। চোধ দুটো চকচক করতে লাগল।

তার চেয়ে যদি যুগলের বোকে এই মাছ কাঁঠাল পাঠিয়ে দেওয়া বেত! তার নাক আছে চোথ আছে জিভের স্থাদ আছে—কিছুই নষ্ট হয়নি, কত রস করে খেত মেয়েটা। যুগল যে কিছুই এনে দিছে না কমলাকে।

ৰুগলের চিস্তার কমলার চিস্তার স্থহাসিনীর ফাকা মাপাটা ভরে উঠল।

বেলার মনে বেলা গড়াতে লাগল। বিছুতেই যুগলের চিস্তাটা তার মাধা থেকে সরছিল না। বেন যুগল তাকে আচ্ছন্ন করে রাখল। অবশ্র বৌটার খারাপ অদৃষ্টের কথা ভাবতে গিয়েই সে সঙ্গে সঙ্গে যুগলকেও এত ভাবছিল। অক্সায় করছে যুগল। পাপ করছে।

তারপর এক সময়, তথন বেলা আর বড় নেই, গাছের মাধায় রোদ উঠে গেছে, পেটের ক্ষ্ধার জ্বন্তই হোক বা নিরম রক্ষার জ্বন্তই হোক, স্বহাসিনী হাতড়ে হাতড়ে থালার ঢাকনা সরিষে ঝোল দিরে ভাত মেথে তু গরাস মুথে তুলল। এক টুকরো মাছ ভেঙে মুথে দিল। কিছুই স্বাদ পাচ্ছিল না। ঢোখ কান নাকের সঙ্গে জ্বিভটাও অসাড় হয়ে গেছে। অর্থেক থেল অর্থেক ভাত পাতে পড়ে রইল। তু টুকরো মাছের দেড় টুকরোই বাটিতে থেকে গেল। কাঁঠালের কোয়া থেল ঠিক তিনটা। বাকি সব থেকে গেল।

চোথ নেই, তাই স্থহাদিনী দেখল না ভাতের ওপর কাঁঠালের ওপর মাছি বিজবিদ্ধ করছিল।

কিন্তু সেটা বড় কথা না, তথন একটা অবিশ্বাস্থ ব্যাপার ঘটে গেল স্থ্যাসিনীর ঘরে, তার মধলা বিছানার কাছে, অলৌকিকও বলা চলে। অবিশ্বাস্থ হত অবশ্য বাইরের মান্ত্যের চোথে। যদি তারা কেউ দ্বিনিসটা চোথে দেখত। কিন্তু স্থাসিনীর মনে যেন ক্রমেই এমন একটা বিশ্বাস দানা বেঁধে উঠেছিল। ধুগল আসবে, একদিন না একদিন স্থাসিনীর কাছে আসবে। যদিএ ঘরে বৌ রেথে তার কাছে চলে আসা মুগলের অন্তায় হবে পাপ হবে—তা হলেও স্থাসিনীর মাধায় এই চিস্কাটা প্রায় শিক্ত গেডে বসেছিল।

**डार्ट इन डबन। श्राय मन्द्रा इर्य (ग्रह्र**।

ষুগল তার বিছানার ওপর কেমন যেন ছমড়ি থেয়ে পড়ল। উত্তেজনার উচ্ছাসে স্থলাসিনী কাঁপতে কাঁপতে রোগা হাত ত্টো বাড়িয়ে দিয়ে তার গলাটা জড়িয়ে ধরল। যুগল জিভ দিয়ে স্থাসিনীর ঠোঁট চাটছিল পুতনি চাটছিল। তার মুখে গাল ঠেকিয়ে স্থাসিনীও তাকে একটু আদর করল, চুমু খেল, কিন্তু আবার অনুযোগ করতেও ছাড়ল না। 'এটা ঠিক হচ্ছে না যুগল, এমনটা করা কিন্তু তোমার উচিত না। আমি হিংম্ক নই, স্বার্থপর নই, —তা হলে তোমাকে এত কথা বলতাম না। কমলাকেও আদর করবে। পরেব মেয়ে ঘরে এনেছ—তুমি যদি তাকে না দেখ, কে দেখবে—আমার লন্ধী আমার লোনা, আমার তো কিছু নেই, অন্ধ মাছব, স্বান্থ্য গেছে রূপ গেছে—তা বলে ঘরের বেকি—'

কথাটা দে শেব করতে পারল না, টে'পি ঘরে চুকল। কারথানার কাব্দ

সেরে এই তার ফেরার সময়। কিন্তু ঘরে পা দিয়েই কপাদে চোখ তুলে টেঁপি চিৎকার করে উঠল! 'কী করছিদ দিদি, এ তুই কী করছিদ!'

কেমন ভ্যাবাচেকা থেরে স্থহাসিনী তার দিকে ঘাড়টা ফিরিরে ধরল।

'ওটা ভোষলদের কুকুর।' দিদির কানের কাছে মুখ নিয়ে টেঁপি সমান জোরে চেঁচাতে লাগল। 'ইস্, এটার গায়ে ঘা আছে, এমন করে গলা জভিয়ে ধরছিস, যা যা—'টেঁপি কুকুরটাকে তাড়া করল। 'মাছের গন্ধ পেয়ে একেবারে তোর বিছানায় উঠে এসেছিল।' তাড়া খেয়ে কুকুরটা বেরিয়ে গেল।

স্থাসিনী কিছুই বলছিল না। তার শিথিল রুগ্ন হাত ত্টো বিছানায় নেমে এল। ফ্যাকাসে চোথের কোণা বেয়ে ত্ ফোঁটা গ্রম জল টপ টপ করে ঝরে পডল।

## বন্ধুপত্নী

এই গল্প আমার স্ত্রী রেশকে নিয়ে হওয়া উচিত ছিলো, কিন্তু তা হয়নি। হলো আর-একজনকে নিয়ে, বিশ্বাস করা যায় না এমন অভুতভাবে। এক বর্ধার রাত্রে।

বলবেন, এমন হওয়া উচিত না। উচিত-ছয়ুচিতের তত্ত্ব আলোচনা করলে অবশ্র গল্প হয় না। উচিত তো না-ই আমার স্থ্রী রেবার কাহিনীও আপনাদের কানে তোলা। কিন্তু উপায় কি।

রেবাকে নিয়ে আরম্ভ করা যাক।

ই্যা, এক গ্রীমের ছুটতে ও আমার কাছে এসেছিলো। এই শেষ আসা।
আমাদের বিষের পর এক বছরের মধ্যে অবশু আরো তৃ-তিনবার রেবা ছোটো-বড়ো
ছুটিগুলো আমার কাছে এসে কাটিয়ে গেছে! যেমন পুন্ধোর একমাস, বড়োদিনের
সাত দিন, গুডফ্রাইডে—ইস্টার মন্ডে—পরলা বৈশাখ—সংক্রান্তি ইত্যাদি মিলিয়ে
ন'দিন। আর-এক জায়গায় ওর চাকরি। স্থলের টিচার। আমি আছি কলকাভায়।
আমার পক্ষে সম্ভব ছিলো না বছরে ত্-বার তিনবার ওর কাছে ছুটে যাওয়া।
চাকরিটাই এমন। বিয়ের সময় আঠারো দিনের ছুটি ব'লে ক'য়ে ওপরওয়ালার
কাছ থেকে মজুর করিয়েছিলাম। বছর না পুরতে আবার ছুটি চাওয়া তো অসম্ভবই,
বছর অভিক্রান্ত হওয়ার পরও শিগগির আর ছুটি মিলতো কিনা সন্দেহ। আপিসে

এমন লোকও আছে বাদের তিন কি সাড়ে তিন বছর পার হ'য়ে গিয়েও ছুটি মিলছে না। হাব-ভাব দেখে মনে হয় তাদের ছুটির দরকার নেই। দরকার কি আর হয় না! হয়তো একবার—ত্-বার—তিনবার আবেদন-নিবেদন ক'রে যখন ব্ঝেছে একটানা একমাস কি একুশ দিন কর্মচারীদের অদর্শন তাঁর পক্ষে সহ্থ করা অসম্ভব, প্রায় হাদয়বিদারক ঘটনার মতো, তখন কর্মচারীরা ওপরওয়ালার কাছে ছুটি চাওয়া ছেড়ে দিয়েছে। অস্থখ-বিস্থখ? সে-কথা অবগ্য আলাদা। খুব বেশিদিন রোগে ভূগে কি ঘন-ঘন সাদি-কাশি-পেটের অস্থখ কামাই ক'রে কে কবে মার্চেট আপিদে চাকরি রাখতে পেরেছে আপনাদের অজানা নেই।

রেবা এ-সব বুঝতে পেরেছিলো।

ই্যা, আমার এবং আমার চাক্রির অবস্থা।

শেষবার, অর্থাৎ দামারের ছুটিতে এদে মুথ কালো ক'রে ও বলছিলো আর থ্ব
শিগ্ নির তার পক্ষে কলকাতার আদা সম্ভব হবে না, পুজোতেও না, টুইশনি
নিয়েছে। তা ছাডা, দব চেয়ে বড়ো কথা, বার-বার আদা-যাওয়া ক'রে ক'মাদেই
দে ঋণগ্রন্থ হ'য়ে পড়েছে। স্কুলের চাকরি। কত আর মাইনে দেয় কর্তারা।
স্থতরাং রেলভাডা বাবদ যদি ত্-চার মাদ পর-পর পঁটিশ-ত্রিশ টাকা বেরিয়ে যায়
তবে তার ভাত থাওয়া হয় না। 'আর, তোমার পক্ষেও দম্ভব না শিগ্ নির
বেনারদ যাওয়া। স্তরাং—'

স্থতরাং এক চালার নিচে থেকে এক হাঁড়ির ভাত থেয়ে দাম্পত্য-জীবন কাটানো শিকেয় তোলা রইলো।

কি, আমি সাহসই পাইনি রেবাকে প্রস্তাব দেওয়ার যে, চাকরি ছেডে দিয়ে তুমি এখানে থাকো।

'আমার ট্রেনিং পাস না-করাটা কত বড়ো ভূল হয়েছে আজ ব্রুতে পারছি।' বেবা শাড়ির আঁচল দিয়ে চোখ মুছছিলো, 'আমি কী জানতাম না বিরের পর এ-অবস্থা হবে। কিন্তু কাকু তো আর তা দেখেননি, মন্ত্র পড়িয়ে কোনোমতে পার করিয়ে দেবার জ্বগ্রে চোথে ঘুম ছিলো না। আর থাকবেই-বা কী ক'রে। আমি বাডভি লোক, নিজ্বের এতগুলো সস্তান, চাকরিও তেমন হাতিঘোড়া কিছু না। বাবা মরবার পর ওঁর সংসারে আমাদের যেদিন ঠাই নিতে হয়েছিলো সেদিনই জানতাম কত বড়ো অবিচার করা হ'লো আর-একটা লোকের ওপর। তবু তো তিনি ধারকর্জ ক'রে আমার পরীক্ষার ফীজ্ যোগাড করলেন। না হ'লে বি. এ পাস করাই আমার কপালে ঘটতো না।' वह व्यवि वात दिवा (श्रमिहिला।

'বেশ তো, তুমি না-হর ট্রেনিংটা পাস ক'রে নাও, আমি দেখি ইতিমধ্যে চেষ্টা-চরিত্র ক'রে কলকাতার কোনো ইস্কুলে যদি তোমার একটা—'

এত বডো চোথ করেছিলো দ্রী। ই্যা, বিশ্বের পর দ্বিভীয়বার বড়োদিনের ছুটি কাটাতে যথন ও আসে।

'অভুত বার্ধপর তুমি।' মনে হয়েছিলে। বুঝি সেদিনই দে বাক্স শুছিরে আবার বেনারদ রওনা হয়। বললো, 'এতটা নীচ হ'তে আমি পারবো না। চাকরি পেয়ে মাকে নিয়ে সেখানে আলাদা বাসা করেছি, কিন্তু তা ব'লে কাকুর পরিবারের ভালো-মন্দ স্থ্থ-তুঃখ জলে ভাসিয়ে দিয়ে আমি স্বামী-সন্দ করতে আজই এখানে ছুটে আসবো—ম'রে গেলেও তা পারবো না। তারপর মা? মা-ও একটা সমস্তা! রোজ সন্ধ্যায় বিশেশরের মন্দির দর্শন করতে না পারলে ম'রে বাবে—কলকাতার এসে তার পক্ষে থাকা অসম্ভব, বিয়ের রাত্রেই আমার কানে-কানে বলছিলো।'

মামি চুপ ছিলাম। কাকুর পরিবার। মা। বিশেশরের মন্দির। টেনিং নেওয়া।

গুডফ্রাইডের ছুটিতে ও এলো।

সে-বার কলকাভার জ্বলে ওর নিছের বদ্হজম, গা-হাত ব্যথা এবং এ-সৰ অত্যন্তির দক্ষন রাত্রে অনিদো।

আমি বললাম, 'না-হয় কালকের মেলেই তুমি ফিরে যাও, আরো তো ছুটির তিন-চার দিন আছে। সেধানে গিয়ে একটু রেস্ট্ নিয়ে ভারপর কাজকর্ম আরম্ভ করতে পারবে।'

তিন দিন না। ছুটির একদিন হাতে রেখে ও ফিরে গেছে।

ভারপর গ্রীদ্মের ছুটিভে এসে প্রথম ত্-দিন ওর ব্যস্তভার মধ্যে কাটলো। এটাওটা কেনাকাটা করলো—দোকানে-দোকানে ঘুরে। ওর জুভো শাড়ি, বিধবা মা-র
জন্মে কাণডচোপড, সেথানে ঘরের দরজা জানলার পর্দাগুলো ছিঁডে গিরেছিলো,
ভাই নতুন পর্দা কেনা হ'লো কুডি টাকার। একটা ইলেকট্রিক স্টোভ, বডো
স্টীলের ট্রাক, ত্টো চামডার স্থাটকেস এবং ভিনটে মাঝারি সাইজের পাণোশ।
টুকিটাকি জিনিসও বিস্তর ছিলো। সাবান ভেল মো ক্রিম পাউডার রাইটি-প্যাভ
জেলির শিশি মাখনের টিন এবং কিছু ওষুধপত্র। ওষ্ধগুলো ওর নিজের জন্ম কি
মা-র জন্ম আমি প্রশ্ন করিনি। করবো কি। সারাদিন ঘুরে জিনিসপত্র কেনাকাটা

ক'রে ঘরে ফেরার পর এমন ক্লান্ত হ'রে ও বিছানায় এলিরে পড়েছিলো যে কাছে গিরে কথা বলতে আমার সাহসে কুলোয়নি। হাঁা, ক্লান্তি ওর চোখে-মুখে বেশি প্রকট হ'রে উঠেছিলো। এবং পরদিন সকালে ঘুম থেকে উঠে চা থেতে ব'সে ও আসল কথাটা তুললো। থরচপত্র। তু-চার মাস পর-পর এ-ভাবে কলকাভার স্বামীর কাছে আসতে হ'লে ও সর্বস্বান্ত হ'রে পড়বে। স্বভ্নাং আর শিগু গির—

গ্রীন্মের ছুটির তিনদিন আমার কাছে কাটিয়ে পঁচিশ দিন হাতে রেখে রেবা ফিরে গেলো। সত্যি তার বিশ্রামের দরকার। স্থূল থুললে আবার গলা ফাটিয়ে চিৎকার ক'রে মেয়েদের আকবর বাদশা আর তৈমুরলঙের জীবনী শেখাতে হবে।

আমার জুতো নেই, গেঞ্জি ছিঁড়ে গেছে, একটিমাত্র শার্ট বাড়িতে সাবান দিয়ে কেচে কোনোরকমে কান্ধ সারা হচ্ছিলো ব'লে সেটার সাদা রং ম'জে গিয়ে মেটে হলদে রং ধরেছে। রেবা লক্ষ্য করেছিলো কিনা জানি না। কিন্তু তা নিয়ে আমি মোটেই মাথা না ঘামিয়ে বরং যতটা সন্তব হাসিখুলি থেকে ওর জিনিসপত্র বাঁধা-ছাঁদার সাহায্য করলাম, ছুটে গিয়ে ট্যাক্সি ডেকে নিয়ে এলাম এবং গাড়িতে তুলে দিতে শেব পর্যন্ত স্টেশনেও গেলাম।

'বাই—বাই।' হাত তুলে ইংরেজি কায়দায় ও বিদায় নিলো। বাই— বাই।' আমি হাদিমুখে মাথা নেড়ে প্রত্যাভিনন্দন জানালাম। দিটি দিয়ে গাডি 'ছেড়ে দিলো। রেবা আর আদেনি। আমার দ্বী।

## এখন আসল গল্পে আসা যাক।

ভীবণ বৃষ্টি হচ্ছিলো ক'দিন ধ'রে। সদি-কাশিতে ভূগে আমি একাকার। তু-দিন আপিস কামাই হ'রে তৃতীয় দিন চলছে। এমন সময় তুপুরবেলা ছড়মুড় ক'রে এসে ঘরে ঢোকে স্থবিনয়। আমার বন্ধু। মাধা ও কান বেয়ে টপটপ জল ঝরছিলো। গায়ের জামা খুলে ফেলে হাত বাড়িয়ে আমার ময়লা তোয়ালেটা তাড়াতাড়ি টেনে নিয়ে সে মাধা ও ঘাড মুছলো।

## 'কী ব্যাপার ?'

'তোকে দেখতে এলাম।' স্থবিনয় আমার পালে বসলো।

এখানে ব'লে রাখি, রেবাকে শেষবারের মতো বেনারস এক্সপ্রেসে তুলে দিয়ে এসে আজ্ঞোপাস্ত স্থবিনরকে সব বলেছিলাম। নম্র নিরীহ গোবেচারা মামুষ এবং বরের ইট-কাঠকে বলি আমার বিশ্বাস করতে বাধতো স্থবিনয়কে কিছু বলতে আমার আটকাতো না। আজু অবশু আমি গলা বডো ক'রে স্বামী-

পরিত্যাগকারিণী রেবার কাহিনী আপনাদের শোনাচ্ছি। আমার খারাপ না লেগে বরং ভালোই লাগচে। কিন্তু সেদিন ?

আমায় ভয় ছিলো পাছে কেউ টের পায়।

শ্বী আমাকে পছন্দ করছে না, আমার সঙ্গে থাকতে তার আতঙ্ক, হাঁা আতঙ্কই তো,—কাকু, মা, স্থলের চাকরি এ-সব প্রশ্ন এদিকে উঠেছিলো, কিন্তু তার আগে ? সেই প্রথম ধাত্রায় কলকাতায় থেকে যাবার প্রস্তাব দিতে মেয়েটির ( দ্বী বলতে আমার দ্বলা হয় এখন ) চোথের তারায় যে আতঙ্ক ফুটে উঠেছিলো পুরুষ হয়ে আমি তা ধরতে পেরেছিলাম বৈকি।

আর ধরতে পেরে আমি তা বিশ্বের কাছে লুকিয়েছিলাম। কিন্তু মাছ্র্য ক'দিন এই যন্ত্রণা সহ্য করতে পারে। একটা জায়গা চায় সে, একটি পাত্র থোঁজে। একজনের নিষ্ঠুর হওয়ার কাহিনী নিষ্ঠুরের মতো কাউকে ব'লে তারপর তার কাছে সং-পরামর্শের জন্ম হাত পাততে না পারা পর্যন্ত সে শান্তি পায় না। সেই শান্তি আমি স্থবিনয়কে দিয়ে পেয়েছিলাম। অবশ্য খ্ব যে একটা বড়ো রকমের পরামর্শ ও আমাকে দিতে পেরেছে তা নয়! ওয়েট্ অ্যাণ্ড দী ব'লে আমায় সান্ত্রনা ছাড়া নিরীহ মাছ্রটার মাথায় আর বিশেষ কিছু আসেনি।

না, ভূল বললাম, এসেছিলো, এসেছে। ও যে সত্যি আমার বন্ধু, আমার তৃঃথে খুব বেশি বিচলিত হ'য়ে পড়েছে সেটা স্থবিনয় নিজে যতটা না ব্ৰেছিল আমি ব্ৰেছিলাম ঢের বেশি।

স্থবিনয় আমার কপালে হাত রেখে জর পরীক্ষা করলো। আমি বলনাম, 'জর নেই, কাল একটু গা গরম হয়েছিলো, আজ ভালো আছি।'

'তা তুই কি ঠিক করলি ?'

কথার উত্তর না দিয়ে আমি অন্ত দিকে তাকিয়ে চুপ ক'রে ছিলাম। স্থবিনয় আবার প্রশ্ন করলো, 'কী খেলি ?'

আর হাসলাম। হেদে স্থবিনয়ের দিকে চোথ ফিরিয়ে বললাম, 'একটু বার্লি জাল দিয়ে থেয়েছি। স্টোভ ধরাতে গিয়ে আঙুলটাও পুড়িয়েছি।'

'বেশ করেছিদ।'

আমার মুখের দিকে তাকালো না দে। ঘরের মেঝের একরাশ ছেঁড়া গ্রাকড়া, আনেকগুলো পোড়া দেশলাইয়ের কাঠি, স্পিরিটের শিশি ও হাতল-ভাঙা একটা। সস্প্যানের পাশে স্টোভটার দিকে চেয়ে থেকে স্থবিনয় যেন কী চিস্তা করছিলো।

'আজ শনিবার ?'

'হাা, অফিস থেকে বেরিয়ে সোজা তোর কাছে চ'লে এলাম। আজ্বন্ত সকালবেলা ভোর বউদির সঙ্গে কথা হচ্ছিলো।'

আমি চুপ ক'রে আবার দেয়াল দেখছিলাম।

'তা হাত-পা পুড়িয়ে রেঁধে থেয়ে ক'দিন চলবে, না-হয় মেসে চ'লে যা।' বললাম, 'তোমার ওয়েট জ্যাণ্ড দী উপদেশ মেনে নিয়ে এখানে প'ড়ে আছি জার-কি। যদি জাবার কোনোদিন সে আসে।' হাদলাম।

'নন্দেশ।'

নিরীহ স্থবিনয়ের চেহারা চাপা ক্রোধে খমথম করছিলো দেখে হাসি বন্ধ করলাম।

'মেসে ফিরে যা, না-হয় আমি যা বলছি তা কর। এ-ভাবে থেকে শরীরটাকে শেষ করিদ না।' স্থবিনয়ও দেয়ালের দিকে চোধ রেখে কথা বলছিলো।

বিষের পর রেবা যে-বার প্রথম যাত্রা কলকাতায় আসে, মেস ছেডে দিয়ে নেবৃতলায় একুশ টাকা ভাভার ছোটো একটা কামরার বাদা বেঁধেছিলাম। দেই ঘরে আমি আজ্রও প'ডে আছি। বেবা ফিরে আদবে ব'লে না, রেবার বার-বার এসে ফিরে যাওয়ার পরও যথন দেখলুম ফুড, আর লজ্বাবদ মাদ যেতে পঁয়তাল্লিশ টাকা মেদে না দিয়ে এখানে একুশ আর একটু কম-সম খেয়ে এবং মাঝে-মাঝে রাত্রে মুডিটুডি চালিয়ে আমি পঁয়ত্রিশের মধ্যে মোটামুটি দারতে পারছি, তথন ভাবলাম (আপনি যদি স্বন্ধ বেতনভোগী কেরানী হন, আপনিও এই রাস্তা ধংবেন), আর মেদে ফিরে যাওয়ার প্রশ্ন কেন। তা ছাড়া, তা ছাড়া আরো কথা আছে। দেদিন বিষে করেছি অথচ আজ সাত মাদের মধ্যেও আমার নামে সবুজ বা সাদা একটাও খাম আসছে না, মেসের লোকের চোথে সেটা বিসদৃশ ঠেকবে ভেবেও দেখানে ফিরে যেতে উৎসাহ পাচ্ছিলাম না। বলবেন আপিসের ঠিকানায় বউ চিঠি দেয় ব'লে ওদের বোঝাবো। সেই রাস্তা বন্ধ ছিলো, কেননা মেসের তারাপদ রায় ও নগেন দত্ত নামে ছই ভদ্রলোকও আমার আপিদে চাকরি করে। এক ঘরে, ই্যা, এক টেবিলে ব'দে আমরা লেজার কাজেই বুঝতে পারছেন লোকের কাছে কি লুকোতে আমার लाकानाय थाकरा गाहन इच्छिला ना। **এই प्**रतिहेत निर्कनावानहे वना वाय। গোটা বাড়ি থেকে বিচ্ছিন্ন টালি-ছাওয়া একতলা কামরা। আমার কাছে চিঠি আদে কি না আদে বাড়ির মালিক হার্ডওয়্যার মার্চেট ধনপতি নন্দী কি তার গোষ্ঠীর কেউ উকি দিয়ে দেখতে আসবে না। তা ছাড়া আমার জর হ'লো কি পেটের অস্থ্য, হাত পুড়িয়ে দাগু পাক ক'রে খেলাম কি পা পুড়িয়ে চালে-ডালে একত্র দিছ ক'রে থিচুড়ি, তা-ও তাদের জানতে মাথা ব্যথা নেই। ত্-তিনবার বউ এদে গেছে, এখন ত্-তিন বছর কেন, বাকি দারা জীবনেও যদি আর দে কাছে না আদে, বাতব্যাধিতে আক্রান্ত হ'য়ে বারাণদীধামে স্থজনের কাছে প'ডে আছে আমার বলতে বাধা ছিলো না। আমি ব্যাচেলার নই, বিবাহিত, এটা যখন প্রমাণ হ'য়ে গেছে বাডিওলার ঘর অধিকার ক'রে থাকতে আর ভয় ছিলো না। তা ছাডা কেরানীরা স্থ্যোগ পেলেই পরিবার দেশে পাঠিয়ে দেয় লক্ষ্পতি ধনণতি নন্দীরা দেটা জানেন না আমি বিধাদ করতাম না।

ঘরে না থাকলে তো কথাই নেই, থাকলেও অধিকাংশ সময় আমি দরজাজানলা বন্ধ ক'রে রাথি। আর তা ছাড়া মাত্র হুটো জানলার মধ্যে বলতে গেলে
কেডথানাই ঘরের ওণাপে ধনপতিবাবুর কয়েক শ'টন পুরোনো জং-ধরা লোহার
টুকরো ভূ। ক'রে রাথা হয়েছিলো ব'লে থোলা সন্তব হ'তো না। স্থতরাং বাকি
আধখানা দিনে বাইরের আলো বাতান এবং মস্ত্রাদৃষ্টি প্রবেশ করার তেমন স্থযোগ
ছিলো না। কাজেই আমি অধিকতর নিশ্চিন্ত ছিলাম। নির্জনবাদ বৈকি।

কিন্ত এখানে এভাবে হাত পা ছডিয়ে একলা শুরে-শুয়ে আমি দীর্ঘাদ ফেলবো মার অনাগ্রে অর্ধাহারে থেকে শরীর নষ্ট করবো দেখতে স্থবিনয় প্রশ্নত না। এখানে আমাকে ওয়েট অ্যাণ্ড দী নীতি মেনে চলতে দিতে দে নারাজ। বিশেষ ক'রে গত মঙ্গলবার আমাশয়ে ভূগে উঠে আবার এই বিষ্যুতবারেই সর্দিজরে বিছানা নিয়েছি দেখে স্থবিনয় আমার ওপর রীতিমতো খেপে গেছে এবং অগত্যা যদি আমি মেসে ফিরে না যাই তো মাজ এর্থনি আমাকে তার সঙ্গে তার বাদায় চ'লে যেতে হবে। 'কালও ভোর বউদির সঙ্গে এই নিয়ে কথা হয়েছে।'

দেয়ালে পেরেকের গায়ে রেবার ফেলে-যাওয়া একটা রিবন ঝুলছিলো। অনেকদিন এক জায়গায় একভাবে থেকে কালি-ঝুল ও ধুলো লেগে চকচকে ফিভেটার ধ্সর
রং ধরেছে। ওটাকে অবলম্বন ক'রে এতবডো একটা মাকড়সার জাল তৈরি
হয়েছে। একট্-সময় সেদিকে তাকিয়ে থেকে পরে বন্ধুর চোথে চোথ রেথে বললাম, 'আমার লক্ষা করে।'

'তুমি দ্বীলোক।' স্থবিনয় রীতিমতো ধমক লাগালো, 'লজ্জা করে। জামার সল্পে থাকবি, বন্ধুর বাসায় থাকবি এতে লজ্জাটা আসে কোথা থেকে আমায় বুঝিয়ে বলতে পারিস ?' গত পরত্ত স্থবিনয় প্রথম আমাকে এ-প্রতাব দেয়। এবং সেদিন যে-প্রশ্ন করেছিলাম আজ আবার সেই প্রশ্ন চোথে ভেনে উঠলো।

স্থবিনয় আমার হাতে হাত থেখে বললো, 'অরুণাকে দে-সব আমি কিছুই বলিনি। বিশ্বাস কর। তৃই আমাব বরু। আমার কাছে তৃই সব বলতে পারিস, কিছু তোদেব স্থামী-স্ত্রীর মধ্যে এরকম একটা সম্পর্ক হ'য়ে আছে আমি মূর্থ না যে আমার স্ত্রীকে তা বলতে যাবো।'

আমি চুপ ক'রে রইলাম।

'বলেছি ওয়াইফ আসতে এখন কিছুকাল দেরি হবে, দেখানে আর-একটা পরীকা পাস দিতে তাঁকে থেকে থেতে হচ্ছে, কাজেই স্থ্যাংশু বাসা তুলে দেবে, এদিকে আবার মেদের খাওয়া তার সহা হয় না—ডিসপেপ্ শিয়ায় ভোগে।'

'তোর তো একগানা মোটে কামরা, কি ক'রে হবে ?'

'হাা, একথানা বটে, ওটাকেই পার্টিশন লাগিয়ে ছুটো করা হয়েছে। ছু-তিন মাদ আমার পিদভুডো-ভাই বৃদ্ধি তার স্ত্রী ও একটা বাচ্চা নিয়ে থেকে গেলো কিনা। খুবদন্তব বৃদ্ধিমের ক্যানদার হয়েছে। চিকিৎদা করাতে কলকাতায় এদেছিলো।'

'তারা এখন কোথায় ?'

'চ'লে গেছে। বঙ্কিম আসামের কোন একটা চা-বাগানে চাক্তি করে। খুব-সম্ভব সেথানেই ফিরে গেছে। আর যাবে কোথায়। এ-রোগ তো সারবার নয়, মাঝখান থেকে এসে আমার কিছু—'

স্থবিনয় থামলো।

'ढोका-भग्नमा किছू त्मग्रनि वृति। ?'

'কোথা থেকে দেবে, দিয়েছিলো গোডার দিকে সামাস্ত, তারপর ডাক্তারে ওষুধে এমন ধরচ হ'তে লাগলো যে এদিকে ত্টো লোকের ভাতের থরচ বাচ্চার ত্থের খরচ বলতে গেলে সবই প্রায় আমাকে—'

'এ-সব কথা কিন্তু তুই আমার কিছুই বলিসনি।'

'কী আর হ'তো ব'লে। তুটো মাদ আমার যা গেছে, আর্থিক তো বটেই, শারীরিক বট কি আর কম হয়েছে। আপিদ বাজার, তার ওপর বন্ধিমের জ্ঞান্তে রোজ ডাক্তারথানায় ছুটোছুটি, একলা হাতে দব ম্যানেজ করা কি চাট্টথানি কথা।'

'ভা ভো শটেই।' স্থবিনয়ের মুখের দিকে তাকিয়ে লক্ষ্য করলাম সভিয় এই ছ-মাদে দে বেশ একটু রোগা হ'য়ে গেছে। ু'যাক, চ'লে গেছে ওরা ভোর দিক

থেকে ভালোই হয়েছে।' আন্তে-আন্তে বললাম, 'পরের উপকার করা কি আর কানো অনিচ্ছা, কিন্তু আমরা পারি কোথার, আমাদের মতো অবস্থার লোকের নিজেদের বাঁচিয়ে রাখাই যেখানে প্রার অসন্তব হ'য়ে দাঁডিয়েছে, সত্যি কিনা ?'

তৎক্ষণাৎ কথা বললো না স্থবিনয়। রেবার ফেলে-যাওয়া মলিন রিবনটা সে দেখভিলো।

আমি হাত বাডিয়ে শিয়রের কুঁজো থেকে জল গড়িয়ে নিয়ে জল খেলাম।
'লোকের উপকার ছেডে দিয়ে তুই আমার উপকার কর। বিছানাটা গুটিয়ে নে,
স্থাটকেদটা গুছিয়ে রাখ, জলটা ধরুক, আমি একটা রিক্ণা ডেকে নিয়ে আসছি।'
আমি ফ্যালফ্যাল ক'রে স্থবিনয়ের মুখ দেখি।

'রিয়ালি, মিথ্যে বলছি না, তুই গেলে, এক সঙ্গে আমার কাছে থাকলে আমার মন্ত উপকার হয়। কি চাকরি করি ক'টাকা মাইনে পাই তোর অজানা নেই। তিন-তিনটে বাচচা। এদিকে অগ্নিমূল্য হ'য়ে আছে সব জিনিসপত্তর। বাড়িভাড়া আছে, ভার ওপর অস্থপবিস্থাথ—'

থেন কি বলতে চেম্নেছিলাম, স্থবিনয় আমার মুখেব ওপর হাত রেখে বাধা দিলে।

'চলতি কথায় আমি যদি বলি আমার পেয়িং গেস্ট্ হ'য়ে তুই থাকবি তো তোর আপত্তি করা অভায়। আমারটা থাবি ব'লে তুই সেথানে যাচ্ছিদ না। কেমন, হ'লো ?'

আমার আর-কিছু বলার রইলো না। ছই হাতে চোথ ঢেকে চুপ ক'রে ভাবি। বাইরে রৃষ্টির শব্দ হচ্ছিলো। আমি জানি, আমি জানতাম, স্থবিনর আমাকে ধনপতি নলার এই অন্ধকার গহরর থেকে উদ্ধার ক'রে নিয়ে থেতে আজ বদ্ধপরিকর হ'রে এসেছে। তাই শেষ অল্প প্রথােগ করলো। ওর সংসারে থাকা-থাওয়া বাবদ মাস-অন্তে কিছু টাকা হাতে তুলে দিলে আর-পাঁচটা থরচপত্রের দিক থেকে স্থবিধা হবে চিন্তা ক'রে যে স্থবিনয় আমাকে নিয়ে যেতে আসেনি এ-সম্পর্কে আমি নিশ্চিন্ত ছিলাম। আমার চেয়ে স্থবিনয়কে কে-ই বা বেশি জানতাে। দ্রসম্পর্কিত করা পিসত্তাে-ভাই লী-পুত্র নিয়ে এই যে ত্-মাস তার বাসায় থেকে থেয়ে চিকিৎসা করিয়ে গেলাে, কই একদিনও তাে স্থবিনয়ের মুথ দিয়ে সে-কথা বেরায়নি। আসলে এই নির্জনবাস আশ্রয় ক'রে রেবার চিন্তায় কয় হ'য়ে-হ'য়ে আমি আয়ু কয় করছি, বয়ু তাে বটেই, আমার পরমাত্মীয় স্থবিনয়ের তা সহ্ছ ছিছলাে না। আমি জানি, আমু জানতাম, এই আন্তানার মােহ না ছাড়লে

গোবেচারা নিরীছ স্থবিনয় দরকার হ'লে নিষ্ঠ্র হবে, বলপ্রয়োগ করবে আমাকে এখনি থেকে নডাতে। কিন্তু তা না ক'রে আজু সে অন্ত পদ্ধা অবলম্বন করলো।

'তিনটে লোকের সঙ্গে একটা লোকের খাওয়া যেমন ক'রে হোক চ'লে যায়, বিশেষ গায়ে লাগে না। আমি ঠিক করেছি, তৃই যদি যাস তোর প্রথম মাসের টাকাটা দিয়ে তোর বউদির একটা চশমা কিনে ফেলবো। কবে চোখ দেখানো হ'য়ে আছে কিন্তু টাকার অভাবে আজ্ব পর্যন্ত ওটা কেনা হচ্ছে না, কিছুতেই ম্যানেজ্ব করা যাচ্ছে না।'

'থাক, অত কথায় কাজ নেই।' রুষ্ট হ'তে গিয়েও হেসে উঠলাম। 'পেয়িং গেস্ট্ হ'য়ে তোর বাসায় থাকবো। কিন্তু মনে রেথো আদার, আমিও গরিব কেরানী। নিয়মমতো যদি টাকা-পয়দা দিতে না পারি, এক-আধ মাস আটকে যায়, বউদি যেন শেষ পর্যন্ত আমায় না আবার উপ্রোদ রাখতে আরম্ভ করেন।'

স্থবিনয়ও হাসলো।

'হু', উপোস ঠিক রাখবে না। চালাক মেয়ে। দেনার কথা মনে করিয়ে দিতে থালায় ভাতের সঙ্গে এক টুকবো কয়লা দেবে।'

আমি শব্দ ক'রে হেদে উঠলাম।

স্থবিনয় বললে।, 'চল, আর দেরি ক'রে লাভ নেই, রৃষ্টিটা ধরলো বু ঝি এবার।'

দর্জিপাডার এক গলিব ভিতর স্থানিয়ের বাসা। তা বাসা যত ছোটো হোক আর সাডে তিন হাত ও সাডে তিন হাত বন্দোবস্ত বেথে একটা টিনের পার্টিশন লাগিয়ে ত্টো কামরা তৈরি করার চেষ্টা করতে গিয়ে স্থানিয় ঘরধানাকে যতই শ্বাসরোধী ও অন্ধকার ক'রে তুলুক আমার তো মনে হয় ৬২'নে উঠে এক লক্ষ্যার মধ্যে শরীব মন ঝরঝরে হ'যে গেলো।

সন্ধ্যার পরেও বৃষ্টি পডছিলো।

এক ফাঁকে গিথে স্থবিনয় বাজার ক'রে নিয়ে আসে।

আমি ভাত থাবো শুনে স্থবিনযের বাজার করার প্রয়োজন হয়। বৃঞ্চাম। ওবা ধ'রে রেখেছিলো শরীর থারাপ আমার, রাত্রে সাগু আর রুটি থাবো।

অরুণা বললো, 'না হ'লে আমরা রাত্রে চা-মুডি দিয়ে কাছ সারতাম।' কথা শেষ ক'রে বউদি যথন স্থবিনয়েব দিকে তাকিয়ে ঠোঁট টিপে হাসলো স্থবিনয় তথন আমার সামনেই স্ত্রীকে ধমক দিলো। 'এত কথা বলতে তোমায় কে ডেকেছে। যদি চা হ'য়ে থাকে চা ক'রে নিয়ে এসো আগো।' স্থবিনয় কটভাবে কথাগুলি বলছিলো ব'লে তার হাতে একট। চাপ দিলাম। হাত সরিয়ে নিয়ে স্থবিনয় বললো, 'না, না, মেয়েদের বেশি কথা বলতে দেখলে আমার গা জ'লে যায়। তুই জানিস না।'

আমার চোথে বন্ধুকে হঠাৎ অক্সরকম ঠেকলো। কিন্তু, তথনই চিন্তা ক'রে দেখলাম, না, আমারই ভূল। ইতিপূর্বে ক্সীর সঙ্গে কথা বলতে হ্ববিন্যকে দেখলেও রান্নাবান্না কি খাওয়া পরা নিয়ে ত্-জনের আলোচনা আর শুনিনি। আগে এত কাছাকাছি আসিনি এদের আমি, অন্তঃপুরে।

'যাও জল ফুটেছে। চট্ ক'রে চা নিয়ে এসো। তোমাব চায়ে কি একটু আদা দেবে হে স্থাংও ?' মশ্বরভাবে স্থবিনয় আমাকে প্রশ্ন করলো। আমি মাথা নাডলাম।

অরুণা আমাদের সামনে থেকে স'রে যাওংার পর স্থবিনয় বললো, 'স্ত্রীকে চাপে রাথতে হয়। আমি স্ত্রী-শাসনের পক্ষপাতী।'

আমি কথা বললাম না।

ভাকিয়ে দেখছিলাম নতুন জায়গা। আমি পায়খানা সেরে হাতমুখ ধুরে ঘরে ফিরে এসে দেখি আমার বিছানার বাণ্ডিল খোলা হয়েছে। স্থবিনর কিছুই করছিলো না। কেবল দাঁডিয়ে থেকে কাজেব ভদারক করছিলো। স্থবিনরের বড়ো মেযেটা বছব লাত-আট বয়েল, মাকে লাহায়্য করছিলো। আমার লাল স্থজনি বিছানো হ'লো। মফলা বালিশ। বস্তুত বাদলাব জল্যে ধোয়ানো যাছিলো না। তা ছাড়া ওয়াড়টা অনেকদিন থেকেই ময়লা হ'য়েছিলো। অকণা যখন স্কুলিব ওপৰ আমাব বালিশ ক্লোড়া বিছিরে পবে বালিশ ছটো আবার সনিয়ে নিছিলো স্থবিনয় তথন আচমকা ধমক দিয়ে উঠলো।

'আবাঃ সরাচ্ছো কেন ?'

'eয়াভ ছটো খুলে ফে**ল**বো।'

আমি লক্ষ্য করলাম কথা বলতে গিথে একবারও ফরণা স্বামীর দিকে তাকাচ্চিলোনা। রক্তাভ গাল।

পর-পর ত্-তিনটে ধমক থেয়ে অত্যক্ত অভিমান হয়েছে ব্রুডে পেনে আমি চোথ ফিরিয়ে দরভার বাইবে প্যাসেজের একটা বাল্বের অন্তিমদশায় চ'লে যাওয়া ধুকধুকে লালচে রেখা তুটো মনোযোগ দিয়ে দেখি।

'একটা কথা দ্বিপােদ ক'রে ভারপর কাজ করবে। ওয়াড যে খুলছো এখন,

বালিশে পরাবে কি ? এতকাল ছিলো, আজ রাতটা থাকলে মহাভারত অভত্ত হ'তো না।'

অরুণা যত না লজা পেলো আমি লজ্জিত হলাম ঢের বেশি।

'আপনি ওটা আন্ধ থ্লবেন না।' বলতে অরুণা এই সরাসরি আমার মুখের দিকে তাকায়।

ুএবার লক্ষ্য করলাম রেবার চেয়ে স্থলরী না হ'লেও অরুণা মন্দ-না। মন্দ-না বললে ছোটো ক'রে বলা হয়। হয়তো বেশি স্থলরী। স্ত্যিকারের বৃদ্ধিণীপ্ত চেহারার দ্বীলোক বলা যায়। শরীরে, চলাফেরায়, কথায়। বলতে কি অরুণা ম্যাট্রিকও পাস করতে পারেনি, যদি না আগে কোনোদিন প্রবিনয় আমাকে জানিয়ে রাখতো আজ আমি ভাবতাম এই মেয়ে ডবল এম. এ। এত কাছাকাছি হ'য়ে আমি কোনোদিন মুখ দেখিনি। ভাবছিলাম রাগারাগি হবে। পুনঃপুনঃ আঘাত করার ফলে চোখে জল আসবে। কিন্তু তা এলো না।

অরুণা মুথ তুলে আশ্চন শান্তভাবে হাসলো। 'দ্বীর ওপর উঠতে-নদতে রাগাবাগি করলে আজকাল দ্বাবা ফি করে একবাব ওঁকে ব'লে দিন তো ঠাকুরপো।'

'ইা, আগ্রহতা করে, পালিরে যায়—কেটে যায় মামলা করতে ডাইভোর্নের। তৃই বৃথিয়ে ব'লে দে না স্থাংও। আগাব কথায় তো এব বিশাস নেই।'

আমি একদিকের দেয়ালে চোধ রাধলাম। পরে চোধ ফিরিয়ে দেখলাম এক কথার স্থাকৈ থামিয়ে দিয়ে স্থবিনয় নীরব ন তনেত্র হ'য়ে তাব কাজের তদারক করছিলো। 'পারিবারিক জীবনে তুই নিষ্ঠ্ব।' কেন জানি যতনাব কর ভাবে স্থাকে আদেশ-প্রত্যাদেশ করছিলো বার-বান স্থবিনয়েব চোধে চোধ পডতে আমার গলা বডো ক'রে বলতে ইচ্ছা হয়েছিলো, 'স'ষত স্থিরবৃদ্ধির মেয়ে বউদি, তা না হলে, তোকে ঘোল থাইয়ে ছাডতো।'

কিন্তু বললাম না।

মূর্থ রেবা আমার দেই মূখ হয়তো বাকি জীবনের ছত্তে বন্ধ ক'রে গেছে। ভেবে ছোটো একটা নিখাস ফেললাম।

রানাবানা হ'লো । থাওয়া-দাওয়া শেষ।

বৃষ্টিটা আবার চেপে এদেছিলো।

এতক্ষণ আমাদের সঙ্গে, ইয়া বিশেষ ক'রে আমার সঙ্গে থেকে 'কাকু' 'কাকু'

করে বড়ো আর মেজো ছেলেটা ঘূমিয়ে পড়েছে। তাই স্থবিনয়ের বাদাটা হঠাৎ নীরব হয়েছিলো। বৃষ্টিতে আবার এখন মুখর হ'য়ে উঠলো।

নতুন লোক আসাতে খাওয়ার পাট চুকবার পাইও অতিরিক্ত তুটো বাসনমাক্ষা এবং এটা-ওটা ধোয়ামোছা সারতে বেশ রাত হয়ে গেলো।

আমার বিছানার ওপর ভরে এতক্ষণ পর মোটামূটি সব দিক থেকে নিশ্চিম্ভ হ'তে পেরে যেন স্থবিনয় আবার স্থবিনয় হ'রে গেলো। অর্থাৎ আগের মতো হালকা মনে রেবা-সপ্পর্কে আমাকে উপদেশ দিয়ে চললো। 'থাক এথন এখানে ক'মাস। চিঠিপত্র যথন দেয় না তুইও দিবি না। কোথায় আছিস ঠিকানা জানাবি না। আসবে না মানে? আলবৎ আসবে। ওয়েট অ্যাণ্ড সী। এক-আধটা বাচ্চা পেটে আস্কে। বিন্তার দাপট, নিজে চাকরি ক'রে তোর মতন কি কিছু বেশি রোজগার করতে পারার ভ্যানিটি চুরমার হ'য়ে যাবে। বুয়লি, ও-সব থাকে না। আফ্টার অল্ শী ইজ এ উয়োম্যান। তার যা ধর্ম তাই পালন করতে এসেছে সে পৃথিবীতে। যতক্ষণ না পাচ্ছে, যতক্ষণে না সেই সাধ প্রণ হচ্ছে তেক্ষণ তুমি নিজ্বের স্ক্রীর ক্যারেক্টার বিচার করতে পারছো না।'

আমি কথা বলছি না।

বৃষ্টিটা আবার থেমেছে। শেষ বর্ষার বৃষ্টি যায় আদে, আদে যায়।

থেন কোথায় একটু টিনের ছাদ ছিলো স্থবিনয়ের বাদায়। বর্ষণ থামতে কোথা থেকে ফোটা-ফোটা জল প'ড়ে একটা চপচপ আওয়াজ হচ্ছিলো।

'বুঝলি, বিয়েটা কিছু না। ওটা স্বামী-জ্ঞীর জীবনে একটা বন্ধনই নয়। পরিণয়ের আসল স্থতো হ'লো সন্তান। একটা বেবি হোক তথন দেখবি।'

এবার স্থবিনয় আর আন্তে কথা বলছিলো না। আমার মনে হ'লো যেন ভিতরে চৌবাচ্চার ধারে অঙ্কণা ধোয়া-মাদ্ধার কাদ্ধ করছিলো। কথাগুলি দে-ও শুনচে কিনা চিন্তা কর্বছিলাম।

'চুপ করে আছিদ কেন?' হেদে স্থাবনয় আমার পেটে আঙুলের গু'তো দিলো। বললাম, 'শুনছি, তুই ব'লে যা।'

'হ্বতরাং টেক্ অ্যানাদার চান্ধ্। থাবার আহক। এর আগে চান্ধ্ নিয়েছিলি ?'

আমার কান লাল হ'রে উঠলো। কেননা, স্থবিনর আরো জোরে কথাটা বললো। যেন মনে হ'লো বাসন ধোয়া সেরে অরুণা ঘরে ফিরছে। পার্টিশনের ওপারে চুড়ির শস্টা কানে লাগলো। 'হাঁ-ক'রে আমার মুথের দিকে তাকিয়ে দেখছিদ কি, উত্তর দে।'

আমার গলা শুকিয়ে যায়। যেন তিন দিন পর ভাত পথ্য ক'রে হঠাৎ অসময়ে এমন পিপাদা পেলো। চেপে গেলাম। কেননা, তথন যদি আমি হেসেও জলের কথা বলতাম স্থবিনয় অট্টহাস্ম ক'রে উঠতো। আজ আপনাদের কাছে বলছি, সেদিন, তথন আমাদের সংক্ষিপ্ত দাম্পত্যজীবনের সব কথা স্থবিনয়ের কাছে প্রকাশ করার পরও একটা জিনিস গোপন করলাম। নিষ্ঠ্রা রেবা মা হবার স্থযোগ প্রতিবার কৌশলে এড়িয়ে গেছে যদি আমি বন্ধুকে বলতাম, ঘরের সিলিং কাঁপিয়ে সে হেসে উঠতো নয়তো ক্রুদ্ধ কণ্ঠে আমার পৌক্রমকে ধিকার দিয়ে বলতো, 'ফুল—তুই একটা গর্দভ। যা এখন ভেরেণ্ডা ভাজগে—' ইত্যাদি।

আমি ত্-বার ঘাড় নাড়লাম। অর্থাৎ আগেও চান্স্ নিয়েছি এবং ভবিষ্যতে কোনোদিন রেবা এলে ওকে মাতৃত্বের গৌরব দিতে চেষ্টা করবো। আমার বুকের ভিতর ছন্ত্ করছিলো।

যথার্থ উল্পন্থ নিশ্চিন্ত হ'য়ে স্থবিন্য গলা খাটো করলো এবার। মৃথ দিয়ে একটা গুজুগুজু শব্দ বের ক'রে হেসে বললো, 'আমি ওভারলোডেড হ'য়ে গেছি যদিও। তিনটে। আর-একটি আসছে। খরচটা বাড়ছে সত্যি, কিন্তু একজারগায় স্থাটিসফ্যাকশন আছে।'

স্থবিনয়ের মুখের দিকে তাকাই।

'ভা ভো বটেই, এতগুলি সম্ভানের বাপ হয়েছিল।'

'কেবল কি তাই! তিনিও ভালো হাতে আটকা পড়েছেন। একবেলার জন্মে আর বাইরে পা বাডাবার উপায় নেই।'

'কেন ?' প্রশ্নটা ঠিক বৃদ্ধিমানের মতো হ'লো না টের পেলাম যদিও।

স্থবিনয় বললো, 'কে এমন বড়োলোক আত্মীয় আছে যে, এই তৃদিনের বাজারে এতগুলি বাচ্চা সমেত গিয়ে উঠলে ভালো মনে তিন বেলা থেতে দেবে। কাকার পরিবার দেখতে বছরের পর বছর তোর জ্বী বেনারস প'ড়ে আছে। বাচ্চা-কাচ্চা হবার আগে আমার উনিও যেতেন শেওড়াফুলি এক মামীর সংসার দেখতে। সাতে-আট দিন সেখানে কাটিয়ে, আসতো অরুণা। এখন ?' একটু থেমে স্থাবিনয় পরে হাসলো। 'ধদি-বা কালেভদ্রে কোথাও থেকে নিমন্ত্রণ আসে, এখন যাওয়া হয় না আর-এক কারণে।' স্থবিনয় টাকা বাজাবার মতন তৃই আঙুলের বাড়ি মেরে বললো, 'এত পয়সা পাবেন কোথায় যে, আগ্রাবাচ্চা নিয়ে শ্রীমতী নায়ের করতে যাবেন। দ্বীম-বাসের থরচ আছে না ? আমি বাবা শ্রেক ব'লে দিয়েছি,

যাও, যেতে পারো, কিন্তু তারপর আর তিন দিন বাজার করা হবে না। কথাটি মনে রেখে বাড়ি থেকে পা বাড়িয়ো।' কথা শেষ ক'রে স্থবিনয় টেনে-টেনে হাসলো।

মৃত্ হেসে বললাম, 'শক্ত বাঁধনে বাঁধা পড়েছেন বউদি। একদিনের জ্ঞে আর চোথের আড়াল হবার উপায় নেই।'

যেন আত্মতৃপ্তিতে একটু-সময় চোথ বুজে চুগ ক'রে রইলো স্থবিনয়। তারপর ঘাড তুলে আমার কানের কাছে মুখ এনে বললে, 'তুই দেখে বুঝতে পারলি যে অরুণা মাবার কন্সিভ করেছে ?'

আমি মাথা নাডলাম।

'তা আর কি ক'রে বুয়বি। অভিজ্ঞতা নেই যথন। রংটা আরো ফর্দা। হয়েছে লক্ষ্য করেছিন ? এ-সময় মেয়েরা দেখতে বেশি স্থন্দর হয়। দাঁড়া, আর-একবার ভাকচি, আর-একবার ভাগ।'

প্রচণ্ড শব্দ করে বুষ্টি নামলো।

কিন্তু সেই শব্দ ডুবিয়ে দিয়ে চডা হুরে হুবিনয় হাঁকলো, 'অরুণা!'

'খাই।' ঠাণ্ডা মিষ্টি গলা পার্টিশনের ওপার থেকে ভেনে এলো।

'তোমার কি আর ওদিক সারা হবে না সারারাত।' নীরস কণ্ঠবর এপারে স্থবিনয়ের। 'সেই কথন খাওয়া হয়েছে, চৌবাচ্চার কাজ সারা হ'লো?'

'इदंश्रह ।'

'এখন কি হচ্ছে। খুটখাট শব্দ ?'

'বাচ্চাদের মশারি থাটাচ্ছি। দড়ির একটা পেরেক উঠে গেছে। বাড়ি মেরে বসাচ্ছি।'

'কী অদ্ভূত মানুষ, ওটা তো বিকেলেই বলা উচিত ছিলো সামাকে। রাত বারোটার সময় এখন—'

ওপারে কথা শোনা গেলো না।

'মশারি থাটিয়ে এথানে একবার এদো।'

বিরক্তিটা দূর হ'তে স্থবিনয়ের সময় লাগলো একটু।

ওপাণে আর খটখট আওয়াছটা ভনলাম না ।

'মনে হয় সারাক্ষণই তুই খিটিমিটি করিস বউ-এর সংস্থা আছে বললাম, 'এখন টের পাচ্চি।' 'তাতে কি আমার দংসার ফুটিফাটা হ'রে গেছে ! এখানে এসে এই এক সন্ধ্যের মধ্যে ফাটল কোথাও চোথে পডলো নাকি তোর ?'

'না, না তা হবে কেন।' কি ইন্ধিত করতে চাইছে ব্রুতে পেরে লক্ষায় ব্যস্ত হ'রে বললাম, 'তুই কেবল তাড়াহড়োই করিস, কোনো কাজে সাহায্য করিস না। বউদি মাথা ঠাণ্ডা রেখে সব ধীরেস্থন্থে করছে ব'লেই দিনকে-দিন এমন ফুলবাগানের মতো স্থ-দর হচ্ছে সংসাবটি তোমার। বাচ্চাগুলো ভালো থাকুক। দেখে আমার এত ভালো লাগছিলো তথন থেকে।' কথাগুলি বেশ জোরে-জোরে বললাম।

'না, তেমন ক'রে আর সাজাতে পারছি কই।' আত্মতৃপ্লিতে স্থবিনবেব চোথ আবার আধবোজা হ'থে এলো। 'ওই শালার টাকা-পয়সার অভাবটাই নাবোনাঝে মাথা গরম ক'বে দের। না হ'লে—না হ'লে—'চোথ ত্টো সম্পূর্ব বৃজে যায় স্থবিনয়ের এবং সে-এবস্থায় কিছুক্ষণ চুপ থেকে যেন কি একটু লেবে পরে বলে, 'না হ'লে প্রথম থেকে—ক্রম দি ভেরি বিলিনিং অব যাকে বলে দাম্পত্য-ক্রীবন—কন্জুগ্যাল লাইফ, এ-পর্যন্ত মনল কাটিয়ে আদিনি আমরা। আমার তো মনে হয় আমি এবং দে—ত্ব-জনেই স্থবী।'

স্বামীর গালি থেয়েও বউ দির সদ্ধ্যা থেকে হাসি-হাসি ক'রে রাথা মৃগথানা আমাকে এখন তাই মনে করিথে দিলে।

रियन क्रेयर अभन ह र'रा हुन क'रव राजाम।

ামটিমিটি হেদে স্থবিন্ধ বললে, 'লিভার সতেজ রাধতে নিত্য একটু তেওো থেতে হয়, জলে কোনো জার্ম না থাকে তাই ওতে একটু ধিটাকিরি মেশাতে হয়। সংসাবের ডিসিপ্লিন রাখতে তাই বকাঝকারও দরকার ব্রাল? গিলীকে ধেশুক্ষ শাসন করে না আমি দেগুলিকে মেষ বলি। ওদের কপালে ত্ঃগ থাকে। ইয়া, আদর করতে হবে বৈকি, কিন্তু তার একটা টাইম আছে, সেটা তিনি যগন গৃহস্তালিতে লাগেন তথন না। যথন ভানে অবদব, যথন শ্যাসদিনী হন তথন। তুই মাারেড্ ম্যান্ থোকে আব শেঝাবো কি। কিন্তু বছপুক্ষ, মানে বিবাহিত লোক তা বোঝে না—অর্থাৎ জানে না সংসার করতে হ'লে কিভাবে চলতে হয় টিফলে ভোগে।'

একট্ চুপ থেকে স্থানিয় বললো, 'বলছিলাম বেতনেব টাকা ফুরোলে মাদের শেষে মাথ' গ্রুম হয়, অশান্ধি পাই। কিন্তু যথন চার্যাকে তাকাই তথন ভাবি ও কিছু না, মন-গড়া ছঃখ। টাকাব কাঁডিব ওপব ব'লে থেকেও কত শ্রীমানের বিবাহিত জীবন ব্যর্থ হ'য়ে যায়, কি বলিদ।' আমি স্থবিনয়ের চোথের দিকে না তাকিরে মাথা নাড়লাম।

'কান্ধেই, ছেঁড়া পাঞ্চাবি গায়ে দিই আর পটি-লাগানো জুতো পায়ে থাকুক, আমি স্থাী; আমার স্থা দেখে অনেক টাকাওয়ালা দ্বা করেন। তুই চুপ করে আছিদ স্থাংও।'

বললাম, 'এক শ' বার হাজার বার। কই, বউদিকে ভাক না। আমি একটু জল থাবো তৃঞা পেয়েছে।'

'কি হ'লো, শুনছো ?' এ-বর থেকে স্থবিনয় আবার হাঁকলো, 'তোমার মশারি খাটানো হ'লো ? স্থবাংশু জল থাবে।'

ওধারে কথা শোনা গেলো না।

পুরো একটা মিনিট কাটলো।

'বেশ মজা তো!' অগৃহিঞ্ হ'য়ে স্থবিনয় আমার বিছানা ছেডে উঠে দাঁডালো।

'তুমি কোথায়, ঘরে ?'

'না, বারান্দায়।' আর-একটু ভিতর থেকে এবার উত্তর এলো, 'বাবলু পেন্টুলনে তথন কাদা ভরিয়েছে, ধুয়ে দিচ্ছি, তা যেমন বাদলা, কাল শুকোবে কি।' মামার চোখে চোখ রেখে স্থবিনয় বললো, 'মেছো ছেলে আমার। তথন ভো তুই দেখলি।'

ঘাড নাডলাম।

স্থানির স্থানার দিকে না ভাকিয়ে স্থাবার পার্টিশনের দিকে মৃথ ফেরালো।
'তা বাবলুর পেন্টুলনে তো দেই কথন বিকেলে কাদা লেগেছিল। এতসব
জিনিসপত্র ধোরাধুয়ি ক'রে এলে এক ঘন্টা চৌবাচ্চার পাশে ব'দে। তথন ওটার
কথা মনে ছিলো না, বড়ো-যে মশারি খাটিয়ে শুতে এদে এখন ছেলের পেন্টুলন
নিয়ে ব'দে গেছো ?'

উত্তর নেই, কেবল ঝুপ ঝুপ শব্দ শোনা গেলো। আর বন্ধুপত্নীর হাতের বন্ধ টুড়ির মূহ রিন্থিন্। পেন্টুলন কাচা হচ্ছিলো।

আরো-একটা মিনিট কাটতে দিয়ে স্থবিনয় আবার হাঁকে, 'তোমার হ'লো ?'

এবারও কথার উ**ন্ত**র না বিশ্বে বউদি কি যেন একটা জোরে আছডায়। বৃষ্টি একেবারে থেমে গেছে। তাই ওধাবের দিমেন্টের ওপর চটাস্-চটাস্ আওয়ান্ধ এধারে দিমেন্ট কাঁপিয়ে তুললো। যেন আর ধৈর্ব রাথতে না পেরে স্থবিনয় ছুটে ৰাচ্ছিলো। আমি হাত চেপে ধরলাম। 'এত অস্থির কেন। আসবে এখুনি একটু পেণ্টুলন ধুতে আর কত সময় লাগবে।'

আমার কথায় কান না দিয়ে ওপাশের শব্দ লক্ষ্য ক'রে স্থাবিনয় চিৎকার ক'রে বললো, 'আমি যদি আসি তো বাল্তির মধ্যে তোমার মৃথ চেপে ধরবো, ডাকছি, বড়ো-যে সাড়া দিচ্ছো না ?'

'ভালোই হয় তবে, বিষ থেয়ে কি পালিয়ে গিয়ে ভোমার যন্ত্রণা থেকে রেহাই পাবার আর দরকার পড়বে না আমার, বাল্তির সাবান-গোলা-জলের ভেতর একটু বেশি সময় মুখটা চেপে ধ'রে রেখো, অভি সহজে কাজ সারা হবে।'

বেমন আশা করছিলাম। ঠাণ্ডা মিঠে গলায় অরুণা কথা বলে আর হাসে আর কাপড কাচে ঝুপ-ঝুপ। না, বেন কাচা হ'য়ে গেছে, এই বেলা বাল্ডির জলে সেটা ধোয়া হচ্ছিলো।

'তা আজ সেটি পারবে না, বাড়িতে ঠাকুরপো আছেন। আমায় খুন করছো টের পেলে পুলিশ ডাকবেন।' যেন বারান্দা ছেড়ে অরুণা এখন ঘরে এসে ঢুকলো।

শ্বীর উক্তি শুনে স্থবিনয় আমার দিকে ঘাড় ফিরিয়ে ঠোঁট টিপে হাসছিলো। কিন্তু আমি তা গ্রাহ্ম না ক'রে পার্টিশনের দিকে মুখ রেখে বললাম, ঠিক বলেছেন বউদি। আমি এসেছি এখন স্থবিনয় আর কিছু করতে পারবে না।'

'দেখুন, দেখে যান আপনার বন্ধু কেমন ক্রুয়েল। রাতদিন স্ক্রীর ওপর রাগা-রাগি আর বকাবকি। আপনি কালই রেবার কাছে চিঠি লিখে দিন।'

অট্ট হাস্ত ক'রে এ-ঘরের দেয়াল কাঁপিয়ে তুললো স্থবিনয়। 'ভাই দে, আজ রাতেই চিঠিটা লিখে রাথ স্থবাংশু। আর লিথে দে, তোর বউ যথন আবার কলকাতার আসবেন বেড়াতে-বেড়াতে একবার যেন দরা ক'রে তোর বরু স্থবিনয়-বাব্র এত নম্বর মসজিদবাড়ি স্থীটে উ'কি দিয়ে দেখে যান। জ্বালোক। এক-নজর দেখলেই ব্রবেন বিয়ের পরদিন থেকে যে-চারাগাছটাকে তার স্বামী উঠতে-বসতে গামলা আর বাল্তির জলে চুবিয়ে মারছে ফল ফুল কুঁড়ি পাতায় বর্ষার ডুমুর গাছটি হ'য়ে উঠেছে।' কথা শেষ ক'রে বন্ধু টেনে-টেনে হাসছিলো।

নিদ্ধের সংসারের স্থ্য বর্ণনা তো বটেই তার সঙ্গে আমার লক্ষীছাড়া সংসারের দিকে একট্থানি উপেক্ষার ইন্ধিত ছিলো টের পেয়ে চুপ ক'রে রইলাম।

বন্ধপত্নী এক গ্লাস জল নিয়ে ঘরে এলো।

অঙ্গণা হাসছিলো। তার কান বেয়ে চুল বেয়ে জল পড়ছিলো। বৃষ্টিতে বেশ ভেজা হথেছে মাথা দেখে মনে হ'লো।

নোলকের মতো নাকের ডগায় একটা জ্বলের ফোঁটার দিকে তাকিয়ে বললাম, 'জ্বলটা মুছে ফেলুন।'

অরুণা বাঁ হাত দিয়ে নাকের জল মুছে জলের প্লাদটা আমার হাতে তুলে দিয়ে নীরবে হাদলো। হ দির দঙ্গে একটি মেয়ে-মন ভীষণভাবে আমার মনের মধ্যে উকি দিয়ে গেলো।

গ্লাসটা আমার হাত থেকে ফিরিয়ে নিয়ে এবং আমার ওয়াছহান বালিশ ছটোর ওপর ওর সবে-পাট-ভাতা একখানা ধোয়া ধবধবে শাডি বিছিয়ে দিয়ে বললো, 'আর-কিছু দরকার হবে ঠাকুরপোর ?'

বললান, 'না। ভাষণ কট দিলুম হঠাৎ এসে উঠে। এত রাত হ'য়ে গেলো কাজ শেষ হ'তে আপনার।'

'না, মোটেই না, একবার দ্বিগ্যেদ ক'রে দেখুন। আপনি না এলেও রোক্ষ বারোটা বাজে। একলা হাত আমি দব দিক দামলাতে পারি না।'

'ও, তুমি ত। হ'লে বলছো আমি আপিদ থেকে থেটেখুটে এসে তোমার ছেলেমেরের পেণ্টুলন সাফ করি. বেশ মদ্বা।'

স্থিনর আমার চোখের দিকে তাকিয়ে বললো, 'আবদার ছাথ স্থাংও। এমন তুঃথের দ্বীবন হবে জানতে পারলে কোন শালা বিয়ে করতো, তুই বল।'

'বেশ তো, রেবাদি আন্থন একবার। দেখে যান কোন কান্ধটা অপূর্ণ থাকে শেষ পর্যস্ত। বড়ো-যে অষ্টপ্রহর হৈ-রৈ করছো।' ব'লে অরুণা আমার দিকে ভাকালো।

'রেবার মাসবার দরকার কি, স্থাংশু এখানে উপস্থিত আছে। সে নিজে দেখুক। কতটুকুন-বা সংসার, কীবা থাকতে পারে কাজ যে একেবারে ওই নিয়ে মন্ত হ'য়ে আছো সারাক্ষণ। একটা লোক একলা হাতে একটা বড়ো দেশ ম্যানেজ করে, রাজ্য চালায়।'

আমি স্থবিনয়ের যুক্তি শুনলাম না। একটু গন্তীর হ'য়ে বললাম, 'ছেলেপুলের সংসারে কাব্দের ঝক্তি অনেক। মেয়েদের দাকণ কট হয়।'

'ব্যা, তুই কত কট্ট বুঝেছিন। বেন কত তোর অভিক্রতা। আৰু অবধি তোরেবা তোকে—'

কথাটা স্থবিনয় শেষ করলো না। হোছো করে হাসলো। আমার কান

লাল হ'য়ে উঠলো। বুঝতে পারার মতো বৃদ্ধিমতী অফণা। তার তৃই কানও লাল হ'য়ে গেছে লক্ষ্য করলাম।

আমার চোথে ধরা পড়বে ব'লে ভয় পেয়ে আমি ওর মূখের দিকে তাকাতে অরুণা সেনে উঠে তাড়াতাডি বললো, 'যারা রাতদিন ক্লীকে বকাবকি করে তারা কি প্রকৃতির পুরুষ জানেন নিশ্চয় ঠাকুরপে ?'

অল্ল হেদে বললাম, 'স্বার্থপর !'

অরণা আড়চোথে স্থবিনয়ের দিকে তাকিয়ে বললো, 'সে-সব পুরুষকে মেয়েরা দ্বণা করে।'

হাত দিয়ে মাছি তাড়ানোর মতো প্রবল হেসে ঘুণাটা উডিয়ে দিয়ে স্থাবনয় স্থার শরীরে শরীরের ওপর চোথ রেখে বললো, 'কতটা ঘুণা করো তার প্রাণাণ দেখাতেই তো এসেছো মানা রাতে ত্-জন পুরুষের সামনে। তা স্থধাংশু পাকা ছেলে। আমি বলার আগেই ও টের পেয়েছে যে খাবার ত্মি—' হিহি ক'রে হাসলো স্থবিনয়। 'মেয়েরা পুরুষদের ঘুণা করে!'

হাসতে-হাসতে বার-বার বলছিলো সে। অরুণা ছুটে পালালো।

ই্যা, সেই রাত্রেই অঙ্ ত ঘটনাটা ঘটেছিলো। যার ওপর আমার এ-গল্প
দাড়িয়ে। ওরা চ'লে থেতে আমি আলো নিভিয়ে শুয়ে পড়লাম। বাইরে রৃষ্টি
থরতর হ'য়ে উঠছিলো। নতুন জায়গা, কাজেই শুয়ে পড়ার সঙ্গে-সঙ্গেই ঘুম
এলোনা। জেগে চুপ ক'রে রৃষ্টির শব্দ শুনলাম। আর চিস্তা করলাম স্থবিনয়ের
কথা। বেচারা তখন এতটা প্রগল্ভ এতটা অসতর্ক হয়ে উঠেছিলো ব'লে দোষ
দিতে পারিনি তাকে। এতকাল আমি আমার হারানো-ল্লীর গল্প ব'লে-ব'লে
আর উপদেশ চেয়ে-চেয়ে বন্ধুকে হয়রান ক'রে তুলেছিলাম। আজ আমি ভার
অন্তঃপুরে এসে পা বাড়াতে সে তার একান্তভাবে পাওয়া ল্লীকে নিয়ে রাগারাগি
অথবা হাসাহাসি ক'রে আমার কাছে নিজের দাম্পত্য-জাবনের অগাধ স্থপ প্রমাণ
করবার চেষ্টা করবে স্বাভাবিক।

না করাটাই স্থবিনয়ের পক্ষে অস্বাভাবিক ঠেকতো। শুরে-শুরে স্থবিনয়ের আক্ষালন ও তার স্ত্রীর বার-বার চমকে উঠে পরমূহূর্তে স্বাভাবিক হেলে আক্রমণ প্রতিরোধ করার স্থন্দর ছবিটা চিন্তা করতে লাগলুম। আপনাদের কাছে অস্বীকার করবো না, কান পেতে রইলাম পার্টিশনের দিকে।

এক-আধটা কথা শোনা যেতে পারে আর সেই কৌতৃহল নিয়ে আমি যদি

কান পেতে থাকি তো আমার সেই ক্ষচিকে আপনারা ক্ষমা করবেন না জানি।
কিন্তু আমার তথন মনের অবস্থা কি ছিলো? খুব স্বাভাবিক বে, আমি জেগে
থেকে রেবার চথিত্রের সঙ্গে অরুণাকে মিলিয়ে দেখবো ত্ই নারীর রূপ। রেবা
তেমন ক'রে কোনোদিন আমার সঙ্গে কথাই বলেনি। পাশের কামরায় বন্ধুপত্নী
স্থাকন্ঠী অরুণা, হাা, বলতে গেলে রিক্শা থেকে নামার পর সেই বিকেল থেকে
আমাকে আচ্ছন্ন ক'রে রেখেছিলো। আমি থাওয়ার পরে একবার ছাডা অরুণার
হাতে আগে আরো পাঁচ-সাত প্লাস জল চেয়ে থেয়েছি। স্থবিনয় বাজারে
গেছে পর অরুণার সঙ্গে কত কোটি কথা বলেছি তার হিসাব দিতে পারবো না।

রাত্রে অন্ধকারে বিছানায় ঢোকার পরও যদি স্থবিনয় দ্বীকে ধনক দেয় তো তার উত্তরে অরুণা না-জ্বানি কেনন ক'রে কথা বলবে শুনতে ছেলেমার্য্বের মতো প্রায় পাগলের মতো কান থাড়া রেথেছিলান। কিন্তু বাইরে প্রবল প্রথর বারিপাতের শব্দ আর এই ছোটো বাসায় পাশের কামরায় স্থবিনয়ের সংসারের ঘুমস্ত ছোটো-বড়ো মান্ত্রগুলোর লম্বা-লম্বা খাস টানার শব্দ ছাড়া আর কোনো শব্দ ছিলো না। কান থাড়া রেথে বৃষ্টির শব্দকে উপেক্ষা ক'রে আমি অতঃপর ওদের ত্-জনের, বন্ধু স্থবিনয় ও তার দ্বী অরুণার খাস-প্রখাস বিচার করতে লাগলুম।

হয়তো দেই অবস্থায় আমার ঘুম এসেছিলো।

এক-সময় হঠাৎ চোখ মেলে টের পেলাম মাখাটা আর তুলে ধরা হাতের তেলোর ওপর রাখা নেই। বালিশে নেমে গেছে। মুখটাও পার্টিশনের দিকে ঘোরানো নেই। আমি যে-দেয়াল পিঠের দিকে রেখে শুয়েছিলাম সেই দেয়ালের দিকে মুখ ক'রে এখন অন্ধকারে ফ্যাল্ফ্যাল্ ক'রে তাকিয়ে আছি। বাইরে বৃষ্টির গর্জন খেমেছে। টিনের ওপর বৃষ্টির ফোঁটার ঢপঢ়প শব্দটা আরম্ভ হয়েছে। কিন্তু থেমে-থেমে, এক চানা নয়, যেন যেখান থেকে জল পড়ছিলো দেখানে জল ক'মে এদেছে। বৃষ্টিটা তা হ'লে বেশ-কিছুক্ষণ ধরেছে অনুমান করলাম।

কিন্তু জ্বলের শব্দ না অক্স কারণে আমি আবার কান পেতে থাকি। আমার মনে হ'লো একটা বেডাল মিউ ক'রে উঠে আবার থেমে আছে। আমার বেন মনে হ'লো বেড়ালটা আমার নাক ও মুথের উপর তার ঈষত্ঞ কোমল মোলায়েম শরীরটা বার-তৃই ঘ'ষে দিয়ে এইমাত্র জ্ঞানলার বাইরে লাফিয়ে গেছে। শিয়রের ওপর একটা ছোট্ট জ্ঞানলা এখন চোখে পড়ছে। একটা পালা খোলা। এদিকে একটা জ্ঞানলা আছে আগে আমার চোখে পড়েনি। গরাদের উপর এক-চিল্তে

আলোর রেখা ধুকধুক করছে। তুই চোখ রগ্ডে আরো একটু-সময় সেদিকে তাকিয়ে তারপর অবশু বুঝতে কষ্ট হ'লো না, আলোর রেখা পাশের বাড়ির কোনো ফাক কি ফাটল দিয়ে বেরিয়ে এসে স্থবিনয়ের ঘরের জানলায় উকি দিয়েছে। কিন্তু আমি চিন্তা করছিলাম পালাটা কি ক'রে খুললো। ভাদ্র মাদের পচা রাত। ঘরের ভিতর এমন গুমোট। পায়বার খুপ্রির মতো স্থবিনয়ের এই কামরায় একলা বিছানায় ভয়ে সেইজগুই তথন আমার আরো ঘুম আসছিলো না এবং মনে-মনে আমি একটা জানলা কামনা করেছিলাম বৈকী। ছোটো হ'লেও ওই ফাঁক দিয়ে একটু-একটু হাওয়া আদছে টের পেলাম, হাওয়ায় বৃত্তির গছ ছিলো। বেডালটা এই জানলা দিয়ে ঢুকেছিলো এবং সম্ভবত আমার বিছানায় আশ্রয় নিতে চেয়েছিলো। আমি জেগে ওঠার সঙ্গে-সঙ্গে পালিয়েছে এখন বুঝতে কট্ট হ'লোনা। জানলায় হয়তো ছিটকিনি ছিলো না। হয়তো এক-আধটা দনকা বাতাস এসে থাকবে তাই একটা পাল্লা স'রে গেছে। বিতীয় পাল্লাটাও হাত বাড়িয়ে থুলে দেবো কিনা চিন্তা করছিলাম, হঠাৎ গরাদের সেই ফিনফিনে আলোর রেথাটা যেন একটা বড়ো আলো হ'য়ে দপ্ক'রে আমার চোধের সামনে জ'লে উঠলো। খুব চমকে উঠলাম বৈকি। তারপর হাসলাম। 'বউদি এত রাত্রে!' বিছানায় উঠে ব'দে গলা বাড়িয়ে মুখটা আমি জানলার কাছে সরিয়ে নিই। স'রে এসে গরাদের সঙ্গে গাল ঠেকিয়ে অরুণা দাঁড়ায়।

'আপনি ঘুমোননি ?'

'না, তেমন ভালো ঘুম আসছে না।'

'নতুন জারগা।' অরুণা ঠোঁট টিপে হাসলো। 'আমি টের পেয়েছি, আপনি বিছানায় ছটফট করছিলেন।'

আপনাদের বলেছি এমন বৃদ্ধিপীপ্ত প্রতিভামণ্ডিত মোহিনা মুখ জীবনে আমি খুব বেলি দেখিনি। পুতনি ঠোঁট নাক কপাল ভুক ঠোঁটের পিছনে সক্ষ নালা দাঁতের দারি চোয়ালের ধার লখা পালক ঘেরা চোথের বিহাৎ মধ্যরাত্রে আমাকে, হাা, রোমাঞ্চিত ক'রে তুলেছিলো। আমি সময়ের অতিরিক্ত সময় পুর মুখের দিকে তাকিরে নিম্পন্দ হ'রে বইলাম। গারে রাউজ ছিলো না।

পরনে আধময়লা নক্ষন-পাড় ধৃতি। শাড়িটা তথন ভিজে গেছে ব'লে ছাড়া হয়েছে বুয়তে কট্ট হ'লো না। স্থবিনয়ের কাপ্ড ওটা অনুমান করলাম।

হা-ক'রে অরুণার চোখে চোখ রেখে, এই মেধাবী মেয়ের কাছে আমি ভীবণভাবে ধরা না প'ড়ে যাই ভাই চট্ ক'রে বললাম, 'না, নতুন জায়গা ব'লে আমার বিশেষ তেমন অস্থবিধা বোধ হয়নি। বেশ ঘূমিরে ছিলাম এতক্ষণ, এইমাত্র তো জাগলাম। ক'টা বাজে ?'

'একটা বেজে গেলো একটু আগে।' অরুণা আন্তে ডান-হাতথানা গরাদের ওপর রাখলো; সাদা কুষ্ইটা আমার নাকের কাছে চ'লে এলো প্রায়। অরুণার নিখাসপতনের শব্দ শুনলাম।

বললাম, 'এত রাতে আপনি ওখানে? ওটা ব্ঝি আপনাদের ভিতরের বারানা?'

'হাা, বাবলুর পেণ্টু স্বনটা ঘরে থাকলে কাল শুকোবে না ব'লে বাইরে দড়িতে রাখলাম। হাওয়ায় যদি কিছুটা শুকোয়।'

'আপনি তা হ'লে এতকণ ঘুমোননি ?'

'না, ওর ছেলেমাস্থবির সঙ্গে পাল্লা দিলে তো আমার সংসার চলে না। সবাই ঘুমোলে পর এখন একটু বাইরে এলাম। ভালো লাগছে হাওয়াটা।'

'অত্যন্ত খিটখিটে স্থবিনয়।'

'সারাদিন থেটেখুটে আসে। চাকর-বাকর নেই। বাইরের কাজগুলো ওর নিজের হাতে করতে হয়। রাজের থাওয়া শেষ হ'লো কি, এটা করবে না, ওটা এখন না, শিগগির আলো নেবাও। অর্ধাৎ আমাকে ঘুমোতে দাও।'

'হাা, সারাদিন পরিশ্রম ক'রে বাড়ি এসে সকাল-সকাল ঘূমিরে পড়তে চায়। আমি লক্ষ্য করলাম। তাই স্থবিনয়ের এত তাড়া আপনার পিছনে।' কথার শেষে একটু হাসলাম।

শামার বুকের মধ্যে ঢিপ্ ঢিপ্, করছিলো পাছে-না বাড়িতে আমি রেবাকে এটা-ওটার জন্মে বকাবকি করি কিনা অরুণা প্রশ্ন করে। আমাদের মধ্যে যে এ ওকে ব'লে কাজ করানোর সম্পর্কই গ'ড়ে ওঠেনি সে-কথা ও জ্বানে না তো। কাজেই ভর হচ্ছিলো, প্রশ্নের উত্তর দিতে গিয়ে ধরা না পড়ি আমি গুলি-থাওয়া বাঘ।

জ্বীর ওপর ছকুম চালানোর আগেই ও আমাকে আমার হাত-পা জ্বন্ধ ক'রে দিয়ে চ'লে গেছে। স্থবিনয়ের মতো সন্ধ্যাবাতি লাগতে ঘুন-পাওয়া রাত আমার চোবের আগায় লোলে না। আমি নিশাচর।

চেহারা দেখে নারী ব্যর্থ পুরুষকে চিনতে পারে কিনা ভয়ে-ভয়ে অরুণার কালো অতল-গহর চোখের মধ্যে আমি আর-একবার ত্ব দিল্ম আর ভরে-ভয়ে বললাম, 'হাা, স্ববিনরের যদি আর-একটু আয়-টায় বাড়তো, একটা চাকর রাখার, নিদেন ঠিকে-ঝি রাখার সংস্থান হ'তো।'

আমার ঝি ছিলো কিনা অরুণা প্রশ্ন করলো না। বৃদ্ধিমতী প্রসন্ধটাই এড়িবে গেলো।

উকি দিয়ে ও আমার বিছানা দেখলো।

'ছারপোকার কাটে ?'

'না ı'

'আপনি আসবেন জেনে ভক্তাপোশটায় তুপুরে খুব ক'রে গরম জল ঢেলেছি। সব মরেছে তা হ'লে।'

'তাই মনে হচ্ছে।'

শ্বন্ধ হেদে আমি বিচিত্ররূপিণী আর-এক নারীকে দেখলাম। রেবার সঙ্গে একেবারে মিল নেই। রাগী শ্বার্থপর স্থেহ্মমতাহান রেবা। এটি মা। স্লেহ্শীলা জাধা।

এদিক থেকে তো বটেই, তা ছাড়া বিশ্বের পর থেকে স্থবিনয় স্ত্রীর সঙ্গে আছে এক জারগায় এক বাড়িতে আজ আট বছরের বেশি—এটা তার একান্ত বন্ধু হিসেবে আমার কাছে মামূলি হ'রে গেলেও আজ হঠাৎ, সব-কিছু বেন চোথে নতুন ঠেকলো। শতেরো নম্বরের অমৃক স্ট্রীটের বাড়ি স্থবিনয়ের—কথাটা শুনে-শুনে মৃবস্থ হ'রে গিয়েছিলো। আজ এই গাঢ় বর্ষার রাত্রে সেই ঘরে আশ্রর নিয়ে আমি একটা ভাঙা জানলার চারধানা জং-ধরা লোহার শিকের ব্যবধান রেখে তার স্ত্রীর সঙ্গে কথা বলবো এটা আগে জানা ছিলো না।

নতুন, ভয়ংকর নতুন লাগছিলো অরুণাকে। স্থাংবদ্ধ সাদা দাঁত দেখিরে আর-একবাব ও হাসলো। শব্দ ছিলো না হাসিতে। বাঁ-হাতে একটা হারিকেন। জিতরের চৌবাচ্চা বারান্দা কি পায়খানার জন্মে ইলেট্রিক বাতির ব্যবস্থা নেই তাই তেলের ল্যাম্পা। সন্ধ্যার পর ওদিকে যেতে হয়েছিলো ব'লে আমাকে ওই আলো ত্-একবার ব্যবহার করতে হয়েছে। কিন্তু অনেকক্ষণ জলবার পরও চিমনিটার কোণাও এক আঁচড় কালি পড়েনি লক্ষ্য করলাম। যেমন এত কান্ধ্য করার পরও অরুণার হাত পা মুখ ঝকঝক করছিলো।

আলো-সমেত হাতট। কপালে তুলে অরুণা চুল সরালো। তাই চোধ তুটো আরো চিকচিক করতে লাগলো।

'এই শুমুন, আমাদের কর্তার নাক ডাকছে।' ক্ষীণ হাসলোও। আমি মাধা নাডলাম।

'খুমোলে স্থবিনয়ের নাক ভাকে। কলেজে পড়ার সময় একবার স্থবিনয়ের

সঙ্গে এক-বিছানায় তাদের হোস্টেলে রাত কটিাতে হয়েছিলো ব'লে আমার জানা আছে।'

'বাবলুটার তো এখন থেকেই ঘুমোলে নাক ডাকে। আরো বড়ো হ'লে সে যে কী গঞ্জন করবে ডেবে এখন থেকেই আমার মাধা গরম।'

'স্বিনয়ের মতো হয়েছে ছেলে।' আমি ক্ষীণ হাদদাম।

কিন্তু গৃহিণী ভাতে বিশেষ সাড়া দিলো না।

আমি বললাম, 'নাক-ডাকা-ঘুম ভালো। ঘুম গাঢ় হ'লে তবে নাক ডাকে, ঘুমটা স্বাস্থ্যের লক্ষণ।'

এবারও অরুণা চুপ ক'রে রইলো।

বলনীম, 'স্বিনয়ের বাভিতে স্থনিদ্রা হয় দেখে বাস্তবিক আমার এমন আনন্দ হচ্ছে। আমার বন্ধু ও।' ব'লে সতর্কভাবে বন্ধুপত্নীর চোধের দিকে তাকাই। 'স্বাস্থ্য ভালো না থাকলে থাটবে কি ক'রে।' কিন্তু এবারও চোথের কোনো ভাবান্তর আমি দেখতে পেলাম না। বরং আগের চেয়েও একটু বেশি গন্তীর হ'রে অফ্লা বললো, 'তবু তো আমার মনে 'হয় ওর ওদ্ধন ঠিক নেই। আর-একটু ওন্ধন না বাড়লে চটু ক'রে স্বাস্থ্য ভেঙে থাবে। চল্লিশের ধাকায় টিকবে না।'

স্থবিনয়ের চল্লিশের কাছে বয়েদ উঠেছে। আমার চেয়ে চার বছরের বড়ো সে। কথাটা হয়তো তার ছীর জানা আছে ভেবে বয়দ সম্পর্কে আমি কিছু বদলাম না।

'এই শীতে ক'টা ক্যালসিয়াম ইনজেকশন না নিয়ে রাখলে আগামী বর্ধায় নির্বাত অস্থ্যে পড়বে। কিন্তু টাকার অভাবে সেটি হচ্ছে না।'

আমি বৃষ্টির ঝিরঝির শব্দ ওনছিলাম।

যেন অরুণাও একটু-সময় সেই শব্দ শুনতে ঘাড় ফেরালো। তারপর আমার দিকে মুখ ফেরালো।

'আমি-ই ব'লে-ক'রে ঘরখানাকে ত্-ভাগ করিয়েছি। আত্মীয় আদে থাকবে। যখন না থাকে ভাড়া দিয়ে দাও। অতিরিক্ত ক'টা টাকা আদবে। দেটা দিয়ে তুমি বরং শরীরটাকে আরো ভালো করতে চেষ্টা করো, একটু ভ্রুখপত্র ছধ ডিম থাও। তা ভনতে কি চায়। একেবারে ছেলেমাহুষ।'

আমি অরুণার সঙ্গে শ্বর হাসলাম বটে। ঈশার আমার নাজিদেশ পর্বস্ত পুড়ে বাচ্ছিলো। সেইজন্তেই এত কিল-চড় বকাবকি বালভির মধ্যে মুন্ত্যু হু ঠেসে ধ'রে মেরে ফেলার ঘটা। এত আদর! বলনাম, 'হাা, দেজন্মেই স্থবিনয় আমাকে এখানে পেনিং গেস্ট্ হ'য়ে থাকতে গ।কড়াও ক'বে নিয়ে এলো', ঠোঁটে একটা মোচড় দিয়ে বলনাম, 'বলছিলো তখন এই টাকায়, মানে থাকা-থাওয়া বাবদ পয়লা মাদে যে টাকাটা আমি স্থবিনয়ের হাতে তুলে দেবো তা দিয়ে দে আপনার চশমা কিনবে।'

'বলেছে নাকি আপনাকে এ-কথা। ছি-ছি কী মোটা বৃদ্ধি লোকটার।' ব'লে অরুণা আবার ঘাড় ফিরিয়ে ঝিরঝির বৃষ্টির ফোটা দেখতে লাগলো। ভিতরে একটুখানি উঠোনে হারিকেনের আলোয় বৃষ্টি পড়ছে দেখা যাচ্ছিলো।

বেন ঘরের ভিতর কোলের বাচ্চাট। ট°্যা ক'রে উঠলো। যেন নিশ্বাদের টানা ঘড়ঘড় শব্দ থামিয়ে স্থবিনয় একবার জাগতে চেয়েছে। দমকা হাওয়ায় বৃষ্টির চিরচিরে রেথাগুলি বেঁকে বারান্দায় এনে অরুণার কাপড়ের আঁচলটা ভিজিয়ে দিয়ে গেলো।

কিন্তু সে-সব কোনোদিকে ত্রক্ষেপ না ক'রে স্থবিনয়ের দ্বী আমার জানলার পাশে আরো ঘন হ'রে দাঁড়ায়।

'আচ্ছা লোক ! আঁ্যা ?' রিমঝিম বৃষ্টির শব্দের সঙ্গে পাল্লা দিয়ে অরুণা গলাটাকে মোলায়েম ক'বে তুললো। 'শেষটার আপনাকে আমার চশমার টাকার অভাব হয়েছে ব'লে এথানে ধ'রে নিয়ে এলো, ছি-ছি। আমার ভীষণ লক্ষা করছে।'

লজ্জার হাত থেকে বন্ধুপত্নীকে বাঁচাতে আমি তৎক্ষণাং বলনাম, 'না, তাতে কি, আমরা বন্ধ। প্রয়োজনে এক-সময় ছাত্রাবস্থায় এ ওকে টাকা দিয়েও তো সাহায্য করেছি।'

যেন কি-একট্ট ভাবলো অরুণা।

বৃষ্টির শব্দটা আবার হঠাৎ ক'মে যায়। শিশুটি আর কাঁদে না। স্থাবিনয়ের নাক পূর্ববং স্বাভাবিকভাবে ভাকতে থাকে।

'যাকগে, সেজত্যে আমিও খুব ভাবছি না। আপনি তার অন্তরক বন্ধু। বলেছে তৃঃথ নেই। কিন্তু আমিও দেখে নেবো এ-টাকা দিয়ে আমার চশমা আসে কি ওর তুধ। আপনি সাক্ষী থাকবেন ঠাকুরপো।'

'থাকবো।' খ্ব কটে অক্ট গলার বলতে পারলাম। কেননা, আমার বাদ বন্ধ হ'রে আদছিলো থামী-সোহাগিনী অরুণার সানা কন্থইটা আর-একটু বেশি ঢুকে পড়ে ছিলো আমার অন্ধকার ঘরে। যেন ঘরের অন্ধকারে একটা কোমল খেতাভ কীলক গুঁজে দিয়ে আগের মতো প্রফুল নিশ্চিম্ব হ'য়ে ও নিশাদ কেলতে পাবলো। 'ওর বাল্যবন্ধু, কাজেই আমাদের ঘনিষ্ঠ আত্মীয়, তার চেয়েও বড়ো আপনি। আপনার ওপর যতটা দাবি থাটে আর কারোর ওপর থাটে না। কথাটা সন্ধ্যেবেলা বলবো ভেবেছিলাম, স্থবোগ পাইনি। এখন ও ঘুমিয়েছে তাই বলতে এলাম। টাকা-পয়সা স্থবিধামতো যা পারেন আপনি দেবেন, ভার জভ্যে খুব যে একটা কড়াকড়ি নিয়ম থাকবে আমি তা চাই না। হাা, নিয়মের মধ্যে একটা জিনিস আপনাকে মেনে চলতে হচ্ছে, ত্-টাকা এক-টাকা পাঁচ দশ কুড়ি—যথনই যা দিচ্ছেন স্বটাই যেন আমার হাতে দেওয়া হয়। না, ওর হাতে একটি পয়সা না, বুয়তে পাচ্ছেন ?'

মাথা নাড়লাম। মনে-মনে বললাম এই জন্মেই চোথে ঘুম নেই। কিন্তু সে-কথা আর প্রকাশ করি কি ক'রে!

চুপ ক'রে রইলাম।

হারিকেন-ধরা বাঁ-হাতে আবার কপালের চুল সরালো। আমি বললাম, 'বান, এইবেলা ঘুমোন গে, আমার মনে থাকবে।'

আলন্ডের একটা হাই ভেঙে অরুণা কীলকের মতো কছুইটা দোদ্ধা ক'রে অন্ধকারে আমার মুথের দামনে ঝুলিয়ে দিলে।

'বউদি বুঝি শিগ্সির আসছেন না ?'

'না।'

ষভটা সম্ভব গলা সংযত রেখে বল্লাম, 'সামনে ভার এগ্জামিন।'

'বাবা, কি ক'রে যে পারে এ-সব মেয়ে স্বামীকে ছেড়ে থাকতে—'অরুণা বৃষ্টির দিকে চোথ ফেরালো। কিন্তু বৃষ্টি তথন নেই। কেবল টিনে জল পড়ার চপ্যত্প শব্দ হচ্ছিলো।

আমি চুপ। আমি চুপ ছিলাম, কেননা ঈর্বার আগুন আমার নাভিদেশ নিরে প'ড়ে না থেকে তথন মাথার ভিতর আগুন জালিয়ে তুলছিলো। বেশি রাত্রি হওয়ার দক্ষন অনিদ্রায় চোথ জালা করছিলো, কপালের রগ ছটো দপ্দপ্ করছিলো।

আর বাইরে সেই একঘেরে চপচপ-চপচপ আওয়াক্ত। আমার স্নায়্র মধ্যে সেই বিশ্রী শব্দটা প্রবেশ ক'রে শরীরটাকে ভয়ংকর ক্লান্ত অবসন্ন ক'রে তুললো।

বেন আর-একটা কি কথা বলতে অরুণা লোকা হ'রে দাঁড়ার। হাতের আলোটা নড়েচড়ে ওঠে। পিছনে দড়িতে ভিজে পেণ্টুলনের ছারাটা দোলে। কেবল ওর ডিমের মতো ক্বং লয়াটে মস্থ মুখখানা স্থির। রাত্রির মতো গভীর কালো চোধ-জোড়ার পলক পড়ছিলো না। আমি, আমি সমরের কিছু অতিরিক্ত সমর নিশসক চোধে সন্তানসম্ভবা নারীর রূপ দেখলাম।

'যান,' তিব্ধ নীরদ গলায় বদদাম, 'রাত হয়েছে, ঘুমোন গে। এক আধলাও আমি স্থবিনয়কে দিচ্ছিনে। সব, হয়তো আমার রোজগারের পুরো টাকাটাই আপনার হাতে তুলে দেবো।'

'পাগলের মতো কথা বলছেন।' অরুণা অন্তুত চাপা গলার থিলথিল ক'রে হাসলো। অন্ধকারে যে-হাতটা আমার মুখের সামনে বুকের সামনে ঝুলিরে রেথে-ছিলো সেটা আন্তে আন্দোলিত ক'রে বললো, 'সব আমায় দিয়ে দিলে রেবার জ্ঞো রাথবেন কি। পরে ও এসে আমার চুল ছি'তে খাবে।'

'না, দে আর আদবে না।' কঠিন ক্রুর গলার কথাটা কোনোরকমে ব'লে শেষ ক'রে আমি হিংস্ল উন্মন্ত পশুর মতো ওর অনার্ত সাদা বাছটা সজোরে চেপে ধরলাম। যেন প্রতিশোধ নেবার আর-কোনো উপার ছিলো না ব'লে আমাকে তা করতে হয়েছিলো। আমার হৃৎপিণ্ডের ত্ব্ত্ব্ আওয়াজটাই কানে বাজছিলো শুর্। আর-কোনো শব্দ ছিলো না। যেন টিনের ওপর জল পড়া থেমে গেছে তথন। ঢং-ঢং ক'রে পাশের বাডির দেয়াল ঘড়িতে ত্টো বাজলো। আর পার্টিশনের ওপারে নাকের ঘড়ঘড় ধবি।

আকর্ষ ! সময়ের অতিরিক্ত সময় অরুণা আমার বজ্রমৃষ্টির মধ্যে ওর নরম তুলতুলে হাতটা ধ'রে রাখতে দিয়ে দরিয়ে নেবার ন্যুনতম চেটা না ক'রে ধীর ঠাণ্ডা গলায় বললো, 'এ-মাসে ওর চিকিৎসাটা হোক, সামনে আবার আপনার টাকা পেলে ওর জামা কাপড় করাতে হবে, ছি-ছি কী ছিরি হয়েছে পোশাকের, এই নিয়ে তো ও শাপিস-কাছারি করছে!'

আমার বক্সমৃষ্টি শিথিল হ'রে হাতটা নিচে গডিয়ে পডলো।

## মললগ্ৰহ

সেদিন বুঝলাম, আমাদের সংসার ছাড়াও সংসার আছে, আমাদের পৃথিবীর বাইরেও পৃথিবী আছে।

অহরহ শোক তাপ অভাব অন্টন আধিব্যাধি অধাঙ্গিনীর অব্যক্ত গুঞ্জন এবং আধ-ডজ্জন অপোগণণ্ডের ছুড়দাড় মাতামাতি একদিন, একদিন অস্ততঃ কিছুক্ষণের জ্বল্যে থেমে গিয়েছিলো। স্বাই অবাক হ'য়ে দেখলো নতুন সেই গ্রহ।

আমরা ভাবতে পারিনি, আমি, আমার স্থী, ছেলে-মেয়েরা। যে-বাড়ির ইট সিমেন্ট থ'সে পড়ছে, উঠতে-নামতে তুর্বল হৃৎপিণ্ডের মতো সিঁছিটা কাঁপে, কুটো ছাদ দিরে জল পড়ছে এখন-তখন, সেখানে হঠাৎ শাড়ি গয়নার ঝলক, সাবান পাউভার দামি সিগারেটের ঘি গরমমশলা মাংসের গদ্ধ কেমন অস্তুত সাগলো। আমাদের ঘরের টিকটিকিটা পর্যন্ত অবাক হ'য়ে চেয়ে দেখছিলো প্যাসেজের ওপারে লাল আলোয় ভরা জানলাটার দিকে।

সন্ধ্যার দিকে বুঝি এসে উঠেছিলো। এরই মধ্যে জ্ঞিনিসপত্র জারগা মডো সাজ্জিরে-গুছিরে ফিটফাট। কোনো ঝামেলা, কোনো ঝপ্লাট, একটু শব্দ পর্বস্ত না।

বেশনের আটার সংক্ষিপ্ত ক'থানা ক্ষটি গলাধঃকরণ ক'রে আন্তে-মান্তে আমার সন্তানেরা ঘূমিরে পড়লো। টারপিনের অভাবে কেরোসিন আর কপুরের এক রাদায়নিক মিশ্রণ তৈরি ক'রে গৃহিণী তথন দেয়ালে পিঠ রেথে মেঝের ব'লে পারে মালিশ করছে। আর আমি, লাল-ফিতে-বাঁধা আপিলের ফাইল সামনে নিয়ে ব'লে কথনো ঢুলছি, হাত দিরে মশা ভাড়াচ্ছি একেক বার। লাল, মকলগ্রহের মতো লাল শুদ্ধ সেই ঘরের দিকে চোথ পড়তে সভ্যি আর চোথ ফেরাতে পারলাম না।

সন্তা বাড়িতে ইলেকট্রিক আলোর ব্যবস্থা থাকে না। আমি কথনো মোমবাতি, কোনোদিন রেডির তেল দিরে কাব্দ সারি। কেরোসিন বা যোগাড় করি হেমলতার বাতের দৌলতে নিঃশেষ হ'রে বার। তেমনি এ-বাড়ির অক্স সব বরে। কারো টিমটিমে, কারো-বা তা-ও না। কাব্দেই অক্কবার এই ক্রগতে এমন চমৎকার আলোর টলটলে একটা ঘর যদি অনেক রাত অবধি জেগে থাকে গেদিকে চেরে আপনিও কি জেগে থাকবেন না! তাকিয়ে থেকে ভাববেন, এরা কারা। কেমন এই নতুন গ্রহের বাদিন্দারা। ব্রলাম হাজাক জলছে। আর ভোমটা দাদা না হ'রে লাল হওয়াতে ঘরটা যেন আরো হুন্দর রহস্তমর হ'রে উঠেছে। আমার চোথের পলক পডলো না। মেয়েটি মেয়ে কি মহিলা তথন ঠিক ব্রলাম না। জানলার কাছে ছ্-বার এলো। একবার একটা ডিশ নিয়ে গেলো, একবার একটা ডিশ নিয়ে গেলো, একবার এদেছিলো সদ্প্যান নিতে। থমথমে যৌবন, বিশাল বিকশিত থোঁপা। নিশ্বাস বন্ধ ক'রে আমি চুপ ক'রে দেখছিলাম। অনেক রাতে একটা লোক চুকেছিলো ঘরে। রোগা টিংটিয়ে টাই-স্থাট পরা। যেন অনেক হাঁটাহাঁটি ক'রে অনেক ক্লান্তি নিয়ে এখন এখানে তার আশ্রয়। দিগারেট টানলো ওই জানলার ধারে ব'সে আট-দশটা। দৃশ্রটা আর ভালো লাগছিলো না ব'লে শুয়ে পড়লাম। যেন লোকটা না হ'য়ে সেই মেয়েটি য়ি আরো ছ্-একবার জানলার আসতো, একট্ দাড়াতো, ভালো লাগভো। শুয়ে-শুয়ে ভাবলাম, কালো-স্থাট-পরা মূর্ভিটা টাদের কলকের মতো ছট্ ক'রে ওখানে এসে ওটা কেন জুটলো। বেশ তো ছিলো।

সকালে অবশ্য আমার সংসার আগে জাগে, ভারপর পাশের ললিত নন্দীর ঘর, ফালু পালের। আমরা কেরানী, আমাদের আগে জাগতে হয়। এখন আমাদের সংসারে শব্দ বেশি, ভাড়াছডা থ্ব। চিৎকার ক'রে ছেলে ছটো ইন্ধূলের পড়া ভৈরি করছে, প্রীতি বীথি অর্থাৎ আমার বড়ো তৃ-মেরে রায়াবায়া করছে। অসাড় পা তুটো মেঝের ওপর ছড়িয়ে দিয়ে হেমলভা চালের কাঁকর বাছচে। আড়চোথে ওদিকে চেয়ে দেখলাম প্যাসেজের ওপারে পার্টিশনের গায়ে হলদে রোদ এসে গেছে। কিন্তু সেখানে এখনো ঘুম। দরজাটা বন্ধ।

না, রাত্রে ওদের ঘরের উচ্ছল আলো আর আমাদের ঘরের বেডির বাতির বৈষম্যটা যতই চোথে লাগুক, যতই উচ্ছল ও অঙ্ত ঠেকুক না কেন, এখন, সকালে, যখন একই রকমের বিবর্ণ ধৃসর কাকগুলোকে ওদের ছাতের কার্নিশে এবং আমার ঘরের কার্নিশেও ব'সে থাকতে দেখলাম তখন অনেকটা অন্তি পেলাম। হোক বড়লোক—ভাবলাম—এক বাড়িতে যখন ঘর ভাড়া নিয়েছে তখন সেই ছাওলা-পড়া পুরোনো চৌবাচ্চার ছলই মুখে দিতে হবে, পচা ভাঙা সি'ড়ি দিয়ে ওঠানামা করতে হবে। উপার নেই। ফ্রেনের ভৃতীয় শ্রেণীর আরোহীর মনের ভাবটা হ'লো আমার। হঠাৎ যদি সচ্ছল সম্ভ্রান্ত কোনো যাত্রী এসে ওই কামরায় ঢোকে এবং একই বেঞ্চিতে আমার পাশে বসে তখন কি এই ভেবে উৎফুল হবো না ষে আমার অম্বিধাগুলি তোমাকেও ভোগ করতে হবে, বৈষম্যটা অস্ততঃ এদিক দিক্ষে পাকবে না। ধীরে-ধীরে আলাপ-পরিচয় যে না হবে তা-ই বা কে বলতে পারে এবং তাই তো স্বাভাবিক। নিমের দাঁতন নিয়ে দাঁত সাফ করার অছিলায় ওদিকের পার্টিশন-সংলগ্ন দরজাটার দিকে অনেকক্ষণ সতৃষ্ণ নয়নে তাকিয়েছিলাম। যেন একটা কাজ পেয়েছি।

হঠাৎ পিছনে যেন কে এসে দাঁড়ালো।

'বাবা স্থান করো, অফিসের বেলা হ'লো।'

চমকে উঠলাম। প্রীতি। রুষ্ট হ'রে উঠি।

'অফিসের বেলা হ'লো আমি চোখে দেখতে পাচছি না ?'

প্রীতি একটু শ্বাক হ'য়ে আমার মুখের দিকে তাকায়। কেননা বেলা আটটা না বাজতে আমার তরফ থেকে রোজ রালা নামানোর তাগিদ হয়, ওরা ত্-বোন জানে। চুপ ক'রে ঘরে ঢুকলাম।

দেখি আমার বড়ো ছেলে মণ্টুর কাঁদো-কাঁদো চেহারা। রাগ আরো বেড়ে গেলো।

'কি হয়েছে ভনি ?'

'আমার জ্যামিতি পড়া তুমি আর বুঝিয়ে দিলে না বাবা।'

'অফিসের চরকায় তেল দিয়ে কুল পাই না, তোর পড়া দেখিয়ে দিই কখন।'

চুপ হ'মে গেলো মন্টু। তাড়াতাড়ি স্নান সেরে থেতে বসি। ভাত দের ছোটো মেরে বীপি। বুঝি হাত থেকে চার-ছটা ভাত গড়িয়ে মাটিতে পড়েছে। বীতিমতো গর্জন ক'রে উঠলাম। 'একটু সাবধান হবি—মমন ক'রে জ্বিনিস লোকসান ক'রে আমার রান্তার বসাবি নাকি। যে-কোনো-দিন রেশন বন্ধ হ'রে যেতে পারে।'

অধােমুথে বীথি সামনে থেকে স'রে গেলাে। সালা নিশ্রভ ছটাে চােথ মেলে ছেম আমার ম্থের দিকে চৈয়ে থাকে, ওর ম্থের দিকে না তাকিয়েও বেশ টের পাই। কর্পুর-কেরােসিনের গন্ধটাও যেন নতুন ক'রে নাকে এসে লাগে।

জামা-কাপড প'রে ধনেচাল চিবোতে-চিবোতে যথন বাইরের বারান্দার এসে দাঁড়ালাম, দেখি প্যাদেকের ও পালের দরজা খুলেছে। এতক্ষণে ঘুম ভাঙলো। এবং ঘুম যে ভেঙেছে চোথেই দেখতে পেলাম। শুকনো খোঁপার আধখানা মুখ খুবড়ে ঘাড়ের ওপর পড়েছে। ভাঙাচোরা আঁচলের ঢেউ। শরতের কাঁচা বোদ গালে কানে পিঠে লেগেছে। মেয়েটি—মেয়ে কি মহিলা তথনে ধরা গেলো না—

ওদিকের গলির দিকে মুখ ক'রে রেলিং ঝুকে দাঁড়িয়েছে। তাই মুখখানা ভালো দৈখা হ'লো না।

অবশ্য ব্যালাম রাত্রে ত্-বার যাকে জানলার দেখেছিলাম। একবার এসেছিল ডিশ নিতে, একবার এসে একটা সম্প্যান নিয়ে গেলো। যেন জানলার গায়ে ঠেকানো ছোট একটা সেলফ, বসানো হয়েছে ও-ধারে।

সি<sup>\*</sup>ড়ি দিয়ে নামতে-নামতে রাজের চবিটা ভাবি।

রান্তার, এমন কি ট্র্টামের ভিড়ে দাঁড়িরেও রেছি-দাঁড়ানো সেই মূর্ভিটা মনেমনে আঁকি। অফিসে লেজারের সামনে ব'সেও। তারপর সেই স্থাট-পরা আদমীর চেহারা যথন মনে পড়লো ভিতরটা কেমন ভার হ'রে গেলো। কাজে মন দিলাম।

বিকেলে বাড়ি ফিরে দেখি মন্টুর হাতে চকোলেটের বাক্স, ফন্টুর হাতে আপেল।

'কোখা পেলি এ-সব, কে দিলে ?' চোথ বড়ো হ'য়ে গেলো আমার। প্রীতি পেরেছে রাউজের টুকরো, বীথি পেরেছে শাভি। 'কে দিয়েছে ভনি না ?'

'नीनामि.' वीथि वनात थूमि हाथि।

'খুব বড়োলোক,' প্রীতিও সামনে এলো। 'লীলাদির বর ইঞ্জিনিয়ার।'

আমার কাপড দ্বামা বদলানো হ'লো না। হাত-মুখ-ধোওয়া নেই। হাতে নিয়ে জ্বিনিসগুলো নেড়েচেড়ে দেখছি। 'পাটনা থেকে এসেছে ছুটিতে,' বললে বাধি, 'ভালো বাড়ি পাওয়া গেলো না, তাই এখানে।' বীধির মুখের দিকে উৎস্ক চোখে তাকাতে থাবো এমন সময় দরদ্বায় ছায়া পড়লো।

মেয়ে নয়, মহিলা।

খোঁপার চওড়া কালো-পাড় খাঁচল উঠেছে। জোড়া ভুরু ধছুকের মতো বাঁকা। তমু মধ্যম গড়ন। জীবনে এই আমি প্রথম দেখলাম পরিপূর্ণ গোবন।

শ্রীতি বীপি বাইশ উনিশে পা দিয়েছে। যৌবনের দেখা পায়নি ওদের শরীর। আর সেই বীপি যখন পেটে, কুড়ি বছর বয়দ থেকেই হেমলতার বাত, তথন থেকে আজ অবধি ছ্-পায়ের ওপর সোজা হ'য়ে ও দাঁড়াতে পারেনি। আমার চোধ তথন মাটির দিকে, শুণ্ডেলের ফাঁকে, পায়ে আলতার ছোণ।

'এই অফিন খেকে ফিরলেন বুঝি ?'

'হাা,' ঘাড় তুলদাম, মুখখানা আবার দেখলাম। কপালে হাত ঠেকিরে মহিলা নমস্কার জানালে। আমিও।

'একটু কষ্ট করবেন,' চৌকাঠের গায়ে একটা হাত রাখলো লীলাময়ী, এক-পা বাড়ালো সামনে। 'ওকে দিয়ে তো কাজ হবে না, কলকাভায় এসেছে কেবল খুরতে। সারাদিন বন্ধুদের সঙ্গে দেখা করা ফুরোয় না।'

হেদে বললাম, 'বলুন, কিছু করতে হবে ?'

লীলাময়ী হাসলো লজায়, নাকি চট ক'রে আমি রাজী হয়েছি ব'লে! 'একটু মাংস এনে দিতে হবে বাজার থেকে।'

'ও আবার একটা কাজ,' স্থয়ে পডেছিলাম, সটান সোজা হ'য়ে দাঁড়ালাম।
'এখুনি এনে দিচ্ছি।'

চোখে ঠোঁটে হাসির ঝলক লেগে আছে তথনো। লীলাময়ী হাত বাড়িয়ে একটা দশ টাকার নোট দিলে।

'ত্-বার ভেবেছি আপনাকে বলবো কিনা, আমার তো আর লোকজন নেই।' 'তাখো কথা,' হেদে বললাম, 'এতে লজ্জার কি আছে, তবে আর একবাড়িতে থাকা কেন।' ব'লে প্রীতির চোথের দিকে তাকালাম। ও অক্সদিকে চোথ সরিয়েছে। বীধি নেই আর দেখানে।

'আপনার ছেলে-মেয়েদের সঙ্গে আলাপ হরেছে,' লীলাময়ী বললো, 'আমাদের বউদি বুঝি ইন্ড্যালিড ?'

ক্বতার্থের হাদি হেসে চৌকাঠ পার হ'য়ে বারান্দার গিয়ে দাঁড়াই। আমার পিচনে ও দি'ডি অবধি এলো।

'নতুন জারগার এদে উঠলে কত কি দরকার, ধর তো কোনোদিকে মনোযোগ নেই, কী মুশকিলে না পড়েছি আমি।'

'আ, কেন আপনি মন থারাপ করছেন।' নির্জন দি'ড়ি পেয়ে আমার গলা আরো ঝরঝরে হ'য়ে গেলো। 'যথন যা দরকার বলবেন, এটুকুন উপকার যদি না করলুম তবে আর একত্র বদবাদ কেন।' নিবিড পরিচ্ছন্ন যৌবনের দামনে দাঁড়িয়ে আমার শুকনো বুকের ভিতরটা কাঁপছিলো। চোধে পলক পডলো না।

'বেশ কচি পাঁঠার মাংস হয় যেন।'

'তা আর বলতে হবে না।' লয়া পা ফেলে বাজারের দিকে ছুটলাম।

এই দীলাদি। লীলাময়ী বা দীলাবতীও হ'তে পারে। আমার যেন দীলাময়ী মনঃপুত হ'লো। একদিনে এতটা অগ্রসর, এ যেন স্বপ্নের স্বতীত। না, এমন পরিষ্ণার অছ চোথে কোন নারী আমার দিকে তাকায়নি, এমন স্থলর সহজ গলায় কথা বলেনি। আমার যৌবনের বা কেরানী-দীবনের ইতিহাসে তার চিহ্ন নেই। আমার নিজের মেয়ে তো প্রীতি বীথি। বলতে পারো বয়স হয়েছে আজো পাত্রন্থ করা হয়নি ব'লে মন ভার, মুখ ভার। কিন্তু ভালো ক'রে বাপের সক্ষে ছটো কথা বলতে আপস্তি কি। ভয়ে চোখে-চোখে তাকায় না, যেন আমি দানো, খয়ে ফেলবো কি গিলে ফেলবো। স্থলর চোখের কথা না-হয় না-ই বললাম। আর তাকাবে কে? হেমলতা? মরা মাছের মভো সাদা ফ্যাকাসে চোখ ছটো মেলে ও আমার দিকে তাকায় ঠিক বলা চলে না, কোনোমতে জ্বেগে থাকে। নীচে কলতলায় ললিত নন্দীর বউ-এর সঙ্গে একদিন চোখাচোথি হয়েছিলো, হয়েছিলো মানে হবার উপক্রম হচ্ছিলো, সাত হাত এক ঘোমটা টেনে হাতের শ্র্যু বাল্তি চৌবাচ্চার ধারে রেখে স'রে গেছে হামাকে কল ছেডে দিয়ে। ফাল্র জেনানাকে আমি কলতলায় দ্রে থাক, কোনোদিন জানলায় হাসতেও দেখলাম না। আর তাকাবে কে? ট্রামে-বাসে? পঞ্চালের কাছাকাছি বয়েদের কোনো কেরানার দিকে কেউ কি কখনো ভাকার ?

পাচ-সাতটা দোকানে ঘোরাঘুরি ক'রে কচি ও ভাজা পাঁঠার মাংস যোগাড ক'বে বাড়ির দিকে চললাম। ভাবছি তথন, ভাবতে-ভাবতে চলেছি। কথাটা কানে লেগে আছে: ওর কোনোদিকে মনোযোগ নেই। মনোযোগ যে নেই কাল রাত্রে দূর থেকে একবার দেখেই আমি ব্যুতে পেরেছিলাম। ফিরিঙ্গি ছোঁড়াদের মতো বাউপুলে চেহারা। আট-দশটা সিগারেটই শেষ করলো জানলায় দাঁড়িয়ে। হাওয়া-খোর।

দি ড়ির কাছে এদে থমকে দাঁড়ালাম। আমার অন্ধকার ঘর। ব্রালাম আদ্ধ মোম, রেডি কোনোটাই যোগাড় করা হয়নি। যদি বা কিছু সঞ্জিত থাকে আমার অপেকার রেখে দেওয়া হয়েছে। তেমনি ফালুর ঘর অন্ধকার। ললিতের ঘরে টিম্টিমে কি-একটা জলছে যেন। না-থাকার সামিল। কেবল একটি জানলায় তীব্র উচ্ছুসিত আলোর বস্তা। সত্যি যেন আমাদের ঘরের পাশে নতুন এক গ্রহ এদে বাসা বেঁধেছে।

প্যাদেজ পার হ'য়ে পার্টিশনের কাছে বেতে ও বেরিয়ে এলো। যেন এইমাত্র কল-ঘর থেকে ফিরেছে। হাতে একটা ভিজে ভোয়ালে, এলোচুল। বৃষ্টি-ধোওয়া কদমফুলের সৌরভের মতো মিটি একটা গন্ধ আমার নাকে লাগলো। 'আপনাকে খুব কট্ট দিলাম।'

'কেন ও-কথা ব'লে বার-বার মনে কষ্ট দিচ্ছেন।' মাংসের পুঁটুলি লীলামরীর গারের কাছে সিমেন্টের ওপর রাথলাম।

'একটা চাকর পর্যন্ত না,' হুয়ে পুঁটুলিটা ও হাতে তুলে নিলে। 'আমরা যখন ছুটিতে যাচ্ছি চাকর ছুটোকে ছেডে দাও, ঘুরে আহ্বক ক'দিন দেশ থেকে— কা বুদ্ধিমানের কথা শুহুন—কলকাতায় ঢের লোক পাওয়া যাবে।'

বৃদ্ধিমানটি কে আন্দাজ করতে কট্ট হ'লো না। এবং বৃদ্ধির বহরটা আরো বড়ো ক'রে দেখাবার স্থযোগ এলো আমার, গন্ধীর গলায় বললাম, রাস্তায় দাঁড়িয়ে কাঁদলেও চাকর জুটবে না, বাডি পাওয়ার মডোই কঠিন। উনি এখনো ফেরেননি বৃদ্ধি?'

'রাত বারোটার আগে !' কৌতুকোজ্জল কালো চোথ আমার মুখের ওপর মেলে দিয়ে যুবতী হাদলো। 'ভালো লোক ঠাওবেছেন।'

'রোজই এমন করেন নাকি ?' কৌতৃহল খুব বেশি হ'লো, একটু হাদলামও। 'অনেক রাতে ফেরেন বুঝি ?'

'রোজ, চিরকাল।' যেন চিরকালের এই অভ্যাদটা ধাতস্থ হ'য়ে গেছে লীলাময়ীর, থারাপ লাগে না, নইলে এমন ঝরঝরে গলায় হাদবে কেন। 'ওখানে যেমন করেছে, এখানে এদেও দেখছি তাই, বন্ধুর ওর শেষ নেই, হয়তো তৃপুর রাভে এদে বলবে, খেরে এদেছি অমুকের বাড়িতে, কি অমুকের দলে হোটেলে, আমি খাবো না, এই রকম।'

রকমটা কি ভালো? মুখ দিয়ে আমার প্রায় বেরিয়ে পড়েছিলো, গম্ভীরভাবে বললাম, 'না, এভটা বাডাবাডি ঠিক না।'

চৌকাঠের ওপর চোথ রেথে কি যেন ও ভাবলো। নাকি ভাবনা ঝেডে ফেলার জন্ম ফের লীলামগ্রী ঠোঁটে হাসি টেনে আনলো। এবার আমার প্রসন্ধ। 'বেশ পরিশ্রম করতে পারেন আপনি।'

'নিশ্চর,' দৃপ্ত পৌরুবের গলার বললাম, 'পুরুবের এত গা ভাসিয়ে দিলে সংসার চলে না। সন্মাসী বাউলের সংসার নেই।' ইন্দিতটা ইচ্ছা ক'রেই এক টু ভালোর দিকে রাখলাম।

ছুরির ফলার মতো ধারালো চকচকে তুটো চোথ আমার আপাদমন্তক বিশ্ব করলো। ছেঁড়া জামা আমার ? ছেঁড়া জুতো গরিব কেরানী? না, এ-চাউনির অর্থ অন্তরকম। এ শ্বভস্ক। 'এই অফিন থেকে ফিরলেন, এই আবার ছুটলেন বাজারে, একটু আলদেমি নেই।'

'আলদেমিটা মনের,' ঠোঁট টিপে হাসলাম, 'নাকি এ-বয়সে এতটা ছোটাছুটি মানায় না বলছেন আপনি ?'

কিছু বললো না, লীপাময়ী ঠোঁট টিপে হাসলো।

বললাম, 'যাই, আপনার কাজকর্ম আছে।'

'হাা, তা আছে বৈকি।' দীর্ঘধান ফেলে যুবতা ঘাড ফেরালো, শরীর বোরালো। অপরপ দীর্ঘ দেহ। ঘন চকচকে ছোপ দেওয়া শাডি পরনে। মনে হ'লো মঙ্গলগ্রহের লাল অরণ্যে নিঃশব্দচারিণী কোনো বাঘিনা। মাংসের পুটুলিটা হাতে ক'রে চৌকাঠের ওপারে পার্টিশনের আড়ালে অদৃশু হ'লো। স্থন্দর, গবিত, নিভীক। আমি চেয়ে রইলাম।

ঘরে চুকতে অন্ধকারে একটা ফু'সফাঁস শব্দ কানে এলো। মেজাজ কেমন গরম হয়, ভাবুন একবার। দরজার কাছে, অনুমান করলাম, বীথি ওটা।

'কি হয়েছে শুনি, কাঁদছে কে ?'

'মণ্টু।' ব্ঝলাম প্রীতির গলা। 'ইস্ক্লে জ্যামি:ত পড়া দিতে পারেনি, মাস্টার মেরেছে।'

'বেশ করেছে,' হাল্কা গলায় বললাম, 'এক-আধটু মার খাওয়া ভালো।'

প্রতি আধ-ইঞ্চি সেই মোমের টুকরোটা জাললো। জামা কাপড় ছেডে মুখ-হাত ধুরে থেতে বদলাম। বললাম, 'এ-বয়সে ইস্কুলে দবাই মার থায়। মার না থেয়ে কেউ মাত্মর হয়েছে? উকিল, মোক্তার, ইঞ্জিনিয়ার, ডাক্তার, কেরানী, প্রোফেদার—মার একদিন দবাই থেয়েছে।' মন্টু আমার কথাগুলি কান পেডে শুনলো। প্রীতি, বীথি, ফন্টু আর ওদের মা। যেন এমন মিষ্টি কথা আমার মুখ দিয়ে কোনোদিন বেরোয়নি। গলামোমের মাঝখানে দল্ভের টুকরোটা দাঁতার কাটতে-কাটতে ফুটুদ ক'রে এক-সময়ে নিভে গেলো। আমারও থাওয়া হ'য়ে গেছে। এবং অন্ধকার ঘরে ব'দে থাকার কোনো মানে হয় না বা এতগুলি মিষ্টি কথার পর আবার কি অপ্রিয় কথা ব'লে হেমলতার সংসারকে হতচাকত ক'রে দিই এই ভয়ে আন্তে-আন্তে বাইরে বারান্দায় এদে দাঁড়ালাম। ললিভের ঘরের টিম্টিমে আলোটাও নিভে গেছে এখন। পাড়াটাই ঝিম্ মেরে যায় রাভ আটটার পর। তাই ও-ঘরের লাল-আলো-জলা জানলাটা আরো বেশি কাছে মনে হচ্ছে যেন। হাত বাড়ালে নাগাল পাবো।

পায়ের শব্দ শোনা যায় ? বাসনের ঠুনুঠান আওয়াজ ?

কান পেতে রইলাম। দেখলে মনে হয় যেন ও-ঘরে এই দবে দক্ষ্যা নেমেছে, গা ধ্যে চুল বেঁধে পরিপাটি ক'রে লীলাময়ী ব'াধতে বদেছে। আঁটোসাঁটো নিটোল নিখ্ঁত মৃতি আমার চোখের দামনে ভাদছে। ধ্যানস্থের মতো জানলাটার দিকে চেয়ে রইলাম। না, এদিকে কিন্ত একবারও এলো না, ভিশ বা বাটি নিভে। কেবল ওদিকের দেয়ালে একবার গোল-মতো একটা ছারা দেখলাম। ব্য়লাম দেয়ালে-ঢাকা ওই অংশটায় ব'সে লালাময়ী রাঁধছে। আর উন্টোদিকে ছায়া পড়েছে। একবার কাঁপছে আবার স্থির হ'য়ে আছে।

বিড়িটা নিভে থেতে স্পার-একটা ধরাতে যাবো হঠাৎ যেন নিচের সি°ড়িভে কার পারের শব্দ শুনে চমকে উঠলাম। ইঞ্জিনিয়ার ?

শ্বাদ বন্ধ ক'রে কান পেতে রইলাম। আর শব্দ নেই। বোঝা গেলো ইত্র। পুরোনো বাড়িতে ইত্রের উপদ্বব বেশি। ময়লা বেরোবার পাইপ বেরে নিবিবাদে ওরা ওপরে উঠে আসে। মোটা বেশিয়া-রঙের বিশাল এক-এক ইত্র।

লীলামন্বীর ঘরে ইত্র ঢোকে ? কথাটা কেন জানি মনে হ'লো। জানলার দিকে চেন্নে ঢোক গিললাম। কল্পনা করলাম, গত্যি যেন একটা নোংরা হোঁৎকা ইত্র ঢুকেছে ও-ঘরে। লীলামন্বী আঁৎকে উঠবে ভয়ে ? না চিৎকার ক'রে উঠবে! না রাগে দাঁত ঘ'বে হাতের তপ্ত খৃস্তিটা ইত্রের মন্তকে ফুঁড়ে দেবে! নাকি ঘাড় ফিরিন্নে নরম ঠাণ্ডা চোখে একবার মাত্র ভাকাতে বাসনকোষনে গা না ঠেকিন্নে ইত্রটা ভালোমাহ্নের মতো লীলামন্বীয় সাদা স্থন্দর পায়ের কাছ দিয়ে স্কুত্বন্ড ক'রে নর্দমার পথে বেরিন্নে গেলো।

তাই—তাই হবে। এ তো আমাদের ঘরে ইত্র ঢোকা নয় যে ওটাকে দেখেই মালিশরতা হেমলতা ষদ্ধণায় কঁকিয়ে উঠবে, প্রীতি বীথি মোটা থপ্থপে পা ফেলে ঝাঁটা নিয়ে আসবে ছুটে ইত্র মারতে, মন্টু ফন্টু ঘরময় দাপাদাপি করবে, সে এক কাগু! শুনলাম দুরের পেটা-ছড়িতে ঢং-ঢং ক'রে দশটা বাছলো।

পা বদল ক'রে কের রেলিং-এ ভর দিয়ে দাঁড়াবো এমন সময় প্যাসেজের ওপারে পার্টিশনের দরজা ন'ড়ে উঠলো। প্রথমে আলোর একটা রেখা, তারপর আলোর রেখার মতোই উজ্জ্ল দীর্ঘ দেই দেহ। বুকের ভিতর ত্ব্ত্ব্করছে আমার। প্যাসেজের মাঝামাঝি বখন এলো ম্থখানা আর ভালো দেখা গেলোঃ না। আশ্চর্ম লীলাময়ী এ দিকেই আসছে, আমার ঘরের দিকে।

বেলিং ছেড়ে ভাড়াভাড়ি এগিমে গেলাম।

'ওরা ঘূমিরে পড়েছে ? ছেলে-মেরেরা ?'
'প্রীতি বীথি ? মন্ট্-ফন্ট্ ?' বললাম, 'কিছু দরকার আছে ?'
'একটু কারী খাবে ওরা।'

অন্ধকারে আন্দান্ধ করলাম ওর হাতে অ্যালুমিনিরামের একটা বাটি।

'এত রাত্রে ওটা আপনি হাতে ক'রে এনেছেন! তা ছাডা ওইটুকুন তো ছিলো, আমি নিজে বাজার করেছি।'

'তাই ব'লে সব একলা খেতে হয়!' হাসলো লীলাময়ী, অন্ধকারে বৃটির কোটার মতো সে-হাসির শব্দ।

বললাম, 'তা ছাড়া ঘুমের চোখে উঠে খাবে, স্বাদ ব্রবে না, কাল হয়তো আপনাকে রামার নিন্দেই শুনতে হবে।'

'বেশ তো, আপনি জেগে আছেন, একটু চেখে খাদ বুঝে রাখুন, সাক্ষী থাকবেন।'

'থৰ্বাৎ আমার জস্তেও এসেছে,' হেদে হাত বাড়িরে বাটিটা নিলাম। 'পারতাম থেতে খুব এককালে মাংস—এখনো, এখনো পারি এমন—'

'না পারার আছে কি,' অস্ক্ষকারে আর-এক ঝলক হাসি উঠলো। দাঁত ক'টি সকালে নড়বে ব'লে তো মনে হয় না।'

মনে পড়লো, সন্ধ্যাবেলা সামনে যখন গাঁডিয়েছিলাম ধারালো চকচকে চোখে ও আমার গাঁডগুলির দিকেও ছ-বার তাকিয়েছিলো।

'আপনার তো থাওয়। হয়নি।'

'এইবার থাবো, নাকি রাত তুপুর অবধি আমিও জ্বেন ব'লে থাকবো থাবার সামনে নিয়ে ? চললাম—'

হাসলো ও, যেন তারের যন্তে ছড টেনে গেলো।

মাধার ভিতর ঝিম্ঝিম্ করছিলো। না, এ আমাকেই দেওয়া, আমাকেই দিতে আসা। আমার ঘর রাত আটটা থেকে নিভে গেছে, ঘূমে তলিয়ে আছে, পাঁচ-সাত হাত দূরে আর-এক ঘরে ব'সে ওর টের না পাওয়া ধামোকা কথা।

মনে মনে হাদলাম। কেননা একটা ছবি তথন স্থাবার মনে এসে গেছে। টিং-টিং ক'রে রান্ডার-রান্ডার ঘুরছে পেন্ট্র্লন-পরা সেই মৃতি। বন্ধুর আড্ডারছডে মার-এক বন্ধুর আড্ডার। সিগারেটের ধেঁারা হ'রে চিরকাল তুমি উভতে থাকো, ভেলে যাও, বললাম মনে-মনে।

শোকা চ'লে গেলাম নিচে কলতলার। জারগাটা এখন সর্বজনপরিত্যক্ত। নিরাপদ।

না, প্রীতি বীথিকে অর্থাৎ হেমলতার সংসারকে আর নাডা দিলাম না এই ভেবে, ওদের মন পরিকার নেই। বিশেষ ক'রে বৃড়ি মেরে তুটো। আমি মহিলার সঙ্গে কথাবার্তা বলি ওটা যেন ওরা পছনদ করে না এমন ভাব। না হ'লে সকালে আমার অফিনে বাওয়া নিরে বীথির অভ মাথাব্যথা উঠেছিল কেন? সন্ধ্যাবেলা আমি ঘরে না ফেরা তক প্রীতি অন্ধকারে চৌকাঠে দাঁড়িয়েছিলো কেন? এখন এই মাংসের ব্যাপারটাও ভালো চোখে দেখবে না। দেখতে পারে না কৃটিল বাদের মন।

চৌবাচ্চার পাশে দাঁভিয়ে গরম উপাদেয় মাংসধগুগুলি একে-একে সব সাবাদ্ধ ক'রে বাটিটা জলে ভিজিয়ে রেখে মুখ-হাত ধুয়ে ওপরে উঠে এলাম। এসে আবার আগের জায়গায় বেলিং ধ'রে চুপ ক'রে দাঁডিয়ে রইলাম।

এবার পিংকার চোখে পড়লো, জানলার ওপারে, টেবিলের ওপর থালা রেখে লালামণী থেতে বদেছে। দেখলাম অনেকক্ষণ ধ'রে ওর ধীরেহুন্থে চিবিয়ে রসিয়ে থাওয়া, তারপর হাত-মূখ ধোওয়া, মূখ মোছা, পান খাওয়া, আয়নার লামনে দাঁডিয়ে পানের বদে রাঙ্কানো ঠোঁট উন্টেপান্টে দেখা। আঁচলটা কাঁধ থেকে প'ড়ে গেছে। আলত্যে মন্থর। একদিকের দেওয়াল থেকে নীলামনী অস্ত্র দেয়ালে চোখ ফেরালো, এলো একেবারে জানালার কাছে। জানি না রেলিং থেঁষে দাঁডানো আমার আব্ছা মৃতি ওর চোখে পডেছিলো কি-না, ঈর্মন জানে, তবে আমি তো দেখলাম অস্ক্রার চোখ রেখে ও রাউজের হক্ থূললো।

অবশু একটু পরেই আলো নিভলো। আমার ত্-কান দিরে তথন গ্রম হাওরা বইছে। যেন কান পেতে শুনতে পেলাম মঙ্গলগ্রহের অন্ধকার গুহার যৌবনতপ্ত শরীরের এ-পাশ থেকে ও-পাশ ফেরার শব্দ।

আন্তে-আন্তে ঘরে এসে শুরে পভলাম। সেই পেণ্টুলন-পরা আদমী রাতের কোন্ ভূতুড়ে প্রহরে ঘর নিয়েছিলো জেগে ব'সে থেকে দেখবার আমার দরকাব ছিলো না। আমাদের মধ্যে ও ছিলো না।

সকালে বড়ো একটা নিমের ভাল নিয়ে দস্তধাবনে ব্যক্ত ছিলাম। একট:কিছু না ক'রে এভকণ বারান্দায় দাঁডিয়ে থাকিই বা কি ক'রে। তবু বীখি,
কুবুদ্ধির হাঁড়ি, ছ্-বার দরজায় এসে উকি দিয়ে গেছে। দেখুক। আমার
বারান্দায় আমি দাঁড়িয়ে আছি এ তো আর কেউ অস্বীকার করবে না। অটল

ও অনড হ'য়ে আমি ওধারের দরজার গায়ে হলদে রোদের পরিধিটা মনে-মনে জ্বরিপ ক'রে চললাম। যেন আজু আরো বেশি বেলা হছে। মুম আর ভাঙে না।

এক-সমরে দরজা ন'ডে উঠলো। ইতন্তত করছিলাম নিমের ভালটা মুখ থেকে নামিয়ে নেবো কিনা, তার আগেই দরজা ফাঁক হ'লো।

বেরোলো, সে নয়, টাই-স্থাট-পরা ভালপাতার দেপাইটি।

বিরক্ত হ'য়ে মুথ ফিরিয়ে নিই। এতৎসত্ত্বেও ছোঁডা আমার দিকেই এগিয়ে এলো। হাসি-হাসি চেহারা।

'দয়া ক'রে একটা রিকশা ডেকে দিন না।'

নিমের তিক্তরসমিখ্রিত একটা ঢোক গিললাম। রইলাম চুপ ক'রে।

'আপনি কুলদাবাবু?'

'কুলদারঞ্জন পাইন', মুথ খুলতে হ'লো এবার, 'পার্কার অ্যাণ্ড পার্কার কোম্পানীর সিনিয়র-গ্রেড ক্লার্ক। এ-বাডিতে আমি দতেরো বছর।' ভাবলাম, পাটনায় তুমি ইঞ্জিনিয়ার না লাটসাহেব, এখানে কি।

'তাই বলছিলো ও.' মাথা নেডে কাপ্তেন নতুন সিগারেট ধরালো। 'ধুব করছেন আমাদের জ্বন্ধে, ভনলাম।'

মনটা একটু নরম হ'লো।

'না, খুব আর কি,' বললাম, 'এক জায়গায় থাকতে গেলে এমন—'

'ছাট্স রাইট, ও তাই বলছিলো আপনি থাকাতে আমাদের অনেক স্ববিধে হচ্ছে।'

'আবার বেরোনো হচ্ছে বুঝি ?'

'হ্যা, এক বন্ধুর সঙ্গে দেখা করতে হবে, ইফ্ ইউ ডোণ্ট মাইগু, দয়া ক'রে একটা রিক্শা ডেকে দিন না।'

'ও আবার একটা কাজ নাকি।' রাগটা একদম চ'লে গেছে তথন আমার। আমি এখুনি ডেকে দিচ্ছি।'

'ছুটিতে এলাম, ওদের সবাইর সঙ্গে দেখা না-করাটা কি ভালো ?'

'সে তো ঠিকই, কেন দেখা করবেন না। না-করার আছে কি।' স্বষ্টমনে নিচে গিম্বে রিক্শা ভেকে আনি। 'বন্ধুবান্ধব নিম্নেই তো সংসার, এ-দিনে ক'টা লোক হ'তে পারে বন্ধুবংসল।' পর্যন্ত দুটো উপদেশও দিলাম।

ভারণর ঠুন্ঠুন্ ক'রে রিক্শার ভো ঘণ্টা বাজ্ঞানা, আমার বুকের ভিতর ঘণ্টা বাজ্ঞে লাগলো। শিদ দিতে-দিতে ওপরে উঠছিলাম ডবল দি'ড়ি ডিঙিয়ে, বেন বুকের একটা ভার নেমে গেছে। কিন্তু মনের এই প্রফুল্ল ভাব নষ্ট করে দিলে ধুমদি মেয়েটা। দি'ড়ির মুখ আগলে দাঁডিয়ে আছে প্রীতি। বেন গোরু চরাতে এলেছে। 'ডোমার বেলা হ'য়ে গেলো, বাবা।'

'তুই আমার অফিদ করবি নাকি?' রাগে রুথে উঠলাম এবং আরো কি বলতে গেছি, দেখি, ঘন দব্জ রঙের একটা টুখব্রাশ-ছাতে দিঁভির মূখে লীলামনী। ঘুম-ভাঙা ফোলা-ফোলা চোখ।

ভর হ'লো রাত্রের মাংদের কথাটা না তোলে হঠাৎ।

किन नौनामशै हानाक (मरा। त्रशाना।

যেন কাল বিকেলের পর এই আমার সঙ্গে দেখা।

'আজ আবার আপনাকে একটু কট দেবো।' কত যেন দ্বিধাগ্রস্ত চেহারা। দাঁড়ালো প্রীতির ঠিক পেচনে।

'কষ্ট আর কি,' বললাম, 'এক-জাম্বগায় থাকতে গেলে এমন—'

'এ-বেলা পারবেন না। সময় নেই আপনার। ও-বেলা অফিস থেকে ফেরার সময়—'

'বলুন-না কি করতে হবে,'—বেন সংকুচিত আমিও, সম্ভত। চোরা চোখে দেয়াল খেঁষে দাঁডানো প্রীতির চোথ ত্টো দেখে নিলাম। 'কিছু আনতে হবে বুঝি ?'

'ইলিশ মাছ, গন্ধার ইলিশ পান তো।' লীলামধী আমার চোধে তাকালো। পরে চোধ ফিরিয়ে নিলো।

'ও আবার কট কি।' হেসে লীলামন্ত্রীর মুথের দিকে তাকালাম। লাল-রঙা ডবল নোট ছুটো আলগোছে আমার হাতে ছেডে দিনে যুবতী ধীর মন্ত্র পারে দাঁত ঘরতে-ঘরতে প্যাসেক্লের দিকে চ'লে গেলো।

একটা ক্রুদ্ধ জলস্ত দৃষ্টি প্রীতির মুধের ওপর ছু'ডে দিয়ে আমিও বরে চ'লে এলাম।

বেন শ্বজন্ত সম্পূর্ণ আলাদা আমি এই গোষ্ঠী থেকে। মণ্টু ফণ্টু একসঙ্গে থেতে বসেছে, একবার ওদের মুথের দিকেও ভাকাইনি। ধদি-বা এক-আধবার চোথে পড়েছে, মনে হয়েছে ছৃংথে দারিন্ত্রে অভাবে ধ্বমাট এক-একটি শিলাখণ্ড আমার বাস্তা জুড়ে আছে। এ-বেলা পরিবেশন করলো বীথি। রামা করেছে নিশ্চর বুড়ি মেয়েটা। যত বয়েস হচ্ছে মাথার বদ্চিস্তা কুটকুট করছে। রামা!

আর রাত্রে এওটা ঘি গরম-মণলার মাংস থেয়ে চিংড়ি ছাঁচি-কুমড়োর তরকারি জিহ্বার কেমন লাগবে কর্মনা কর্মন। আর ঘরমর হেমলভার গাত্রোখিত মালিশের উগ্র ঝাঝালো গন্ধ। যেন উনিশ বছর এই গন্ধটা ছড়িয়ে হেমলভা আমার পরমায়ুকে জ্বার্শতর করবার জন্মে বেঁচে আছে। কোনোমতে থাওরা শেষ ক'রে জামা চডিয়ে বেরিয়ে পড়লাম।

অফিনে পৌছে, আমার যা প্রথম কাব্র, ডেম্প্যাচের অনন্ধ ধরকে আড়ালে ভেকে নিলাম।

'শন্দিনী নাগীর লক্ষণ কি, ভায়া গু' 'গোপন-স্বভাবা, কিন্ধু তেজ্বিনী।'

চুপ ক'রে জারগার এসে বদলাম। এ-সব ব্যাপারে অনক ধরের পরামর্শ মেনে চলি আমরা, বর্ধজর। নারীচরিত্র ওর নথাগ্রে। এক বিয়ে করেছিলো লোকটা আইন মতো, আরেক বিয়ে দেদিন ক'রে এসেছে আইন ভেঙে, এ-বয়সে। সাহস যেমন, জানেও অনেক। স্থতরাং উঠতে-বসতে এ-সব ব্যাপারে আমরা অফিসের তথাক্থিত বুড়ো যারা অনঙ্গর মতামতের সঙ্গে লক্ষণ-বিলক্ষণগুলো মিলিয়ে দেখি। চেটা করি সে-ভাবে চলার। নইলে তো এখনকার ছেলে-ছোকরাদের মতো ট্র্যামে-পার্কে-ময়লানে-রান্ডায় খুরতে হ'তো মায়াবিনী হরিণীর খ্রের ধুলো থেয়ে।

এথনকার ওরা জানে না অন্দরের অন্ধকারেও স্থনর জন্ত থাকে থেলার— থেলবার। কোথায় সেই হৈর্থ, সে আবিন্ধার।

লেক্সার আড়াল করে সারাদিন ব'লে মাথা থাটালাম, চিস্তা করলাম। পাঁচটা বাব্দতে রাস্তার নেমে সোকা গলার ঘাটে।

একটা-একটা ক'রে সভেরোটা মাছ উন্টে-পান্টে দেখে শেষে বেশ চকচকে চ্যাল্টা মনের মতন ইলিশ বেছে নিয়ে দাম চুকিয়ে বাডির দিকে চললাম। ইচ্ছা করেই রাস্তায় সন্ধ্যা করলাম।

গলির মুখে এসে মাছটা বাঁ-হাত থেকে ডান হাতে নিলাম। কেননা আমাদের ঘর বারান্দার বাঁরে, অর্থাৎ তুমি যদি প্যাসেজ ধ'রে পার্টিশনের দিকে বাও বে-কেউ দেখবে হাতে মাছ। কিন্তু তবু সি'ড়ির মুখে মন্টুটা দেখে ফেললো। আবছা অন্ধকারেও টের পেলো মাছ। কিছু বললে না, কেবল হা ক'রে চেয়ে রইলো, যেন ওর বিশ্বাসই হয়নি এতবডো ইলিশ বাবা ঘরে আনবে।

(सथरम वीथि, कोवाकात मिरक वाक्किला ७।

প্রীতি। কালকের মতো চৌকাঠে দাঁড়িয়ে ঠিক চোপ মেলে চেয়েছিলো।
এবং সবগুলো চোধকে উপেক্ষা ক'রে, যেন আমি কাউকে দেখিনি, সোজা চ'লে
গেলাম ঘাড গুঁজে প্যাদেক্রের ওধারে।

কডা নাডতে ঘর-ছয়ার লাল মালোয় টল্টল্ ক'রে উঠলো। এই সবে আলো জললো। বেরিয়ে এলো লীলাময়ী। ফোলা-ফোলা চোখ। মেন অবেলায় অনেক ঘ্মিয়ে উঠেছে। খোঁপা ভেঙে ছডিয়ে পডেছে খোলা পিঠে। আঁচলের আধখানা মাটিতে লুটোয়।

'দাডিয়ে কেন, আন্থন।'

ইতন্তত করলাম, পিছনের দিকে তাকাই একবার।

'বাঘ, বাঘের খাঁচা এট।!' ধমক দিয়ে লালামবা হাসলো। ফুলের পাপডি ছিটকে পডলে, চাবিদিকে। ওর হাসির আডালে কালো চোথের তাবার দেখলাম স্বচ্ছ নীল ফুলিস। এক-মুহূর্তেব জন্মে।

নিঃশবে চৌকাঠ পার হয়ে আমাকে ভিতবে যেতে হ'লে'। ছোট্রো উঠোন। চুপচাপ।

এক হাতে আঁচল গুটোতে গুটোতে অক্ত হাতে সদরের ছিটকিনি তুলে দিয়ে ও ঘুরে দাঁডালো। হাসলো আবার। নিশ্চিত নির্ভয়। এখন আমরা বাইরের জ্বাৎ থেকে বিচ্ছিন্ন। বুকের ভিতর ত্বত্ব করছে আমার।

'কি করবো বলুন', বললাম আন্তে-আন্তে। ধেন ওর হাতের পুত্তলি আমি, নির্দেশ মেনে চলবো। 'কোপায় রাখবো মাছ ?'

'রাখুন ওঞ্বানে।' আঙুল দিয়ে নর্দমার ধারটা দেখিয়ে মুবতী ফেব মিটিমিটি হাসলো। 'যেন আপনাকে হুকুম করছি, তাই আবার ভাবছেন না তো?' ব'লে চোথ টিপলো।

'হকুম করতে জানেন ব'লেই তো করছেন।' মাছটা নামিয়ে রেখে ওর সুখের দিকে তাকালাম। রসে কোতুকে আয়ত চলচল চোখ। ভাবলাম, তোমার ছকুম জন্মে-জন্মে মানতে রাজী।

'তাই নাকি। দাঁডান, আমি আদচি।'

দীর্ঘ ফর্সা দেহ, সমাজ্ঞীর মতে।। তৃ-হাতে ধেশপা ঠিক করতে-করতে ঘরে গিমে ঢুকলো।

এল। थाना आत वैपि निर्य।

'ও, আমার সামনে রেখে মাছ কুটবেন বুঝি ?'

'দেখবো না ভালো কি মন্দ, টাটকা না পচা ?' কুটিল আঁকা-বাঁকা হাসি ঠাটের কিনারায়। যেন এখন পর্যন্ত সহজ হ'তে পারছে না এমন ভাব। শখিনী। 'দেখন।' ঠোঁট টিপে হাসলাম। 'অনেক বুরে দেখে-জনে এনেছি।'

'তাই বৃঝি এত রাত হ'লো ?' কুটলতর চোখে হাদলো জ্রবিলাসিনী। এমন চালাক, এমন চাপা। ঠাট ক'বে কোমরে আঁচল অভ্নেত্রে বঁটি বিছিয়ে বদলো। কান গরম হ'য়ে গেছে আমার। মাধা বিমবিম করছে। বৃবি আশা আকাজ্জা ভয় ও লোভ একদকে আমার চোখে ফুটে উঠেছে তখন। আমি পুরুষ। কিন্তু ওরা পারে মনের ভাব অনেকক্ষণ গোপন রাখতে। খুরিয়ে-পেচিয়ে কখা। লীলামরী বাপু করে তখন কিনা অন্ত প্রাসম্ভে চলে গেছে।

'আপনার জ্বী উঠে দাডাতে পারে না ?'

'একেবারে জচল।' দীর্ঘধান ফেললাম, জবশু জক্ত কারণে। গুর হাডের মাছ ত্-থণ্ড হ'য়ে বঁটির বুক থেকে খালায় নেমে এলো। ডাজা লাল রক্ত। উচ্চুদিত হ'য়ে উঠলাম।

'দেখুন কেমন টাটকা ইলিশ।' বলতে গিয়ে হঠাৎ চুপ করলাম। বজের একটা কোঁটা ছিটকে ওর গালে পড়েছে, নাকের পাশে। হাতের পিঠ দিয়ে ও ভাই মুছতে চেষ্টা করছে বার-বার।

'আরেকটু নিচে।' ক্ষুখাদে বল্লাম।

কিছ এবারও ঠিক জামগাম হাত পৌচলো না।

'इ'ला ना,' रननाम, 'আরো ওপরে।'

'দিন-না মুছে।' কাতর চোথে ও আমার দিকে তাকালো। হাত জোড়া, পারছে না নিজে। মনে হ'লো গালে ওর বক্তবর্ণ একটা তিল। হাত কাঁপছিলো আমার, ঘন-ঘন নিখাগ পড়ছে। হুরে কাপড়ের খুটি দিরে বক্তের দাগ মুছে দিলাম।

কিন্তু আশ্চর্য লীলামরী। অটল অটুট। বেন কিছুই হয়নি, যেন এই বাজাবিক। বললো, 'দাঁড়িয়ে কেন, বস্থন, গল কম্বন, আমি মাছ কুটে শেব করি।'

'তভক্ষণে উন্থনের কাঠ ক'থানা তো কাটিবে নিতে পারো ওকে দিয়ে।' দরের ভিতর থেকে শব্দ এলো, ইঞ্জিনিয়ারের গলা, শুরে আছে বেন।

আমার চোখে চোখ চেবে লীলামহী মিটিমিটি হালছে।

'এ-বেলা বেরোভে পারেনি, মানিব্যাগ লুকিয়ে রেখেছিলাম, শুহুন কেমন পাকা সংসারীর মডো কথা বলছে এখন।' পরে মুখ ফিরিয়ে ছরের দিকে চেরে গলা বড়ো করে বললো, 'ভা উনি কেটে দেবেন, ভূমি চুপচাপ শুরে থাকো, কুলদাবাবুকে দিয়ে ভোমার জন্ম নিচে থেকে একটিন সিগারেটও আনিরে রাখবো ভেবেছি।'

মঙ্গলগ্রহের লাল শক্ত নিমেন্টের ওপর চোথ রেখে কথাগুলি ওনছি আমি।

## मुहि

এমন আর হয়নি কোনোদিন। চা-এর সক্ষে আটার রুটি, ছ্-চার পয়সার তেলেভাজা থাবার, কি তেল-ছুন-মাথানো মুড়ি চলছিলো আমাদের সকালবেলা। আগে, সেই যুদ্ধের আগে, ধখন ঘি সন্তা ছিলো, লুচি কি নিম্কি হ'তো মাঝে-মাঝে মনে আছে। চা-এর সঙ্গে গরম নিম্কি বাবার খুব প্রিয় ছিলো। আজ শুধু চা দিলাম বাবাকে। হাতল-ভাঙা একটা কাপ। সদার্ নেই। ওটা গেছে আমার ছোটো বোন ডলির হাত থেকে প'ডে। আর কাপ-এন হাতলটা ভেঙেছি আমি। আমার দোবে গেছে।

তবু তো একটা কাপ কম দিন যায়নি। ন'মাস টি কছে। জানি, এটা ভাঙলে আর নতুন কাপ আসছে না শিগ্গির।

মাথা নিচু ক'রে ব'লে ছিলো বাবা। মা যথন চা দিয়ে যায় তথনো মুখ তোলেনি। চা-এর কাপে চুমুক দেবার পর আবার বাবা মেঝের দিকে চেয়ে রইলো দেখলাম।

মা রারাঘরে যায়নি। যেতে পারে না। শোবার ঘরে হয়তো আছে।
সকাল থেকে একটা কথাও মা-র শুনিনি। ডলি পাটীগণিত সামনে নিয়ে পাশের
বাড়ির পাঁচিলের কাক গুনছে এবং ত্-বছরের টাট্রু বাবার জুতোজ্ঞোড়ার মধ্যে
পা চুকিয়ে বিকট ঢপঢ়প আওয়াজ্ঞ তুলে ঘরের এমাথা-ওমাথা পায়চারি করছে
দেখেও মা শক্ষ করছে না। সভ্যি কেমন অভ্যুত লাগে।

खतू व्यामि वावाद मामत्न मां फिरमहिमाम । मां फाइ ।

বাবার থাবার সময় মা কাছে থাকে না ব'লেই যেন মা-র জায়গার আমাকে দিংড়াতে হয় আন্ধকাল।

বলতে কি, মা সামনে থাক, বিশেষ ক'রে কোনো-কিছু থেতে দিয়ে, বাবা যেন নিজেও চাইছে না। কেননা, লক্ষ্য করেছি, বাবা তথন একেবারে কিছু থেতে পারে না। বড়ো বেশি আড়াই নিজীব হ'রে পড়ে। যতটা সম্ভব তাই বাবার কাছে আমিই উপস্থিত থাকি। সে-সময় কিছু জিগ্যেস করতে বাবা আমাকেই করে। করছে।

বিভীরবার চা-এ চুমুক দিরে বাবা আমার দিকে তাকালো।

'আমার কিছু বলছো, বাবা ?' বললাম ঢোক গিলে। কেননা নিচ্ছে থেকে বাবা বলবে না কিছু জানা ছিলো।

চেয়ারের হাতলের ওপর হাত রেখে বললাম, 'চা কড়া হ'যে গেছে কি ?'

'না, ঠিক আছে।' আর ছেসে মেঝের দিকে একটুক্ষণ চেয়ে থেকে বাবা শেষে মুখ তুললো। আন্তে-আন্তে যেন পরের বাডিতে কথা বলছে, আমার চোখে চোখ রেথে বললো, 'একটু চিনি দিতে পারবি ?'

আমি চুপ ক'রে রইলাম।

আমার চূপ থাকাতেই বাবা ব্ঝলো। 'যাক গে, ঠিক আছে।' ব'লে কাপের ওপর ফের মৃথ নামালো। একটু পরে, আমি বেশ ব্ঝলাম, চিনির কথাটা চাপা দেবার জন্মেই বাবা হঠাৎ আমার পায়ের দিকে তাকায়।

'ইস্. কী মাটি জনেডে পায়ে আখ্। স্নানের সময় সাবান দিস না, অহু ?' চুপ ক'রে রইলাম।

আমি জানি, সাবান না দিয়েও তৃই পা-কে কি ক'রে শুধু জ্বলে অমনি তোয়ালের সাহায্যে রগ্ডে ঘ'বে-মেজে ঝকঝকে স্থলর রাথতে হয়, এই বয়সের আর-দশটি মেয়ে কি ক'রে পা স্থলর রাথছে। যোলো বছরের মেয়ের পায়ে ময়লা জমে না। তাই বাবার এই কথা প্রসন্ধান্তরের কথা, টের পেতে বিলম্ব হ'লো না।

কিন্তু আশ্চর্ষ, সেই প্রদক্ষেরও জ্ববাব মিললো। জ্ববাব দিলে মা। আমি বখন চুপ ক'রে ছিলাম পাশের ঘরে শোনা গেলো স্পষ্ট দীর্ঘর্যাস।

বাবা এই বিষয়ে আর অগ্রসর হ'লো না। চুপ করলো। কিন্তু কতক্ষণ, এই সবে সকাল, দিনের মোটে শুরু। এখনই ডলি ও টাটু, ছুটে আসবে মা-র কাচে, 'খেতে দাও, মা।' চিৎকার করবে ওর!। কান্নাকাটি করবে।

তথন। তথনকার ঘরের চেহারা কি হবে। কি ভাবে উদ্ভর দেবে মা পাশের ঘরে, আর তার ধাকা এসে এ-ঘরে সাগবে কেমন! সে-কথা, সেই ছবি আমি ভাবছিলাম। অর্থাৎ বাবার চেহারা মনে-মনে আঁকছিলাম। তার পাশে দাঁড়িয়ে।

আমি জানি বাবা তথন চুপ ক'রে তাকাবে আমার দিকেই।

সস্তানের দিকে এই তাকানো—স্নেহ-দৃষ্টি নয়, স্নেহ-প্রত্যাশার চাউনি। বাপ মেয়ের কাছে স্নেহ খু<sup>\*</sup>জছে, সান্তনা চাইছে, আশ্র।

কেননা, বাবার থাওয়ার সময় মা স'রে থাকতে পারে, ডলি ও টাটুর যথন থাওয়ার সময় উপস্থিত হয়, তখন মা চূপ ক'রে সে-ঘরে শুরে থাকতে পারে না, ছুটে আসে এখানে, বাবার সামনে। আসবেই। 'তুমি যদি চাকরি যোগাড় করতে না পারো বলো, আমি যাই, আমায় থেডে দাও, রোজগার করি। ওরা অস্তত পেট ভ'রে থেরে বাঁচুক। না পারুক, না লেখাপড়া শিখুক আমার তৃঃখ নেই, তবু তো—' মা দেয়ালের দিকে চোখ ফেরাবে, বাবা মুখ তুলছে না দেখে দেয়ালকে লক্ষ্য ক'রেই কথাগুলি বলবে অর্থাৎ দেয়ালের গায়ে ছুঁড়ে-ছুঁড়ে মারবে কথার শাবল। হাা, একবার আরম্ভ করলে মাকে থামানো মুশকিল। 'তুমি চুপ ক'রে আছো থাকতে পারছো। আমি এখন ওদের কি উত্তর দিই, কি বোঝাই! না সন্তান বাঁচিয়ে রাখার দায়িজ একলা আমার ?' ব'লে জলন্ত দৃষ্টি বাবার আনত ঘাডের ওপর রেথে মা ঘন-ঘন নিখাস ফেলবে।

তথাপি বাবা নিরুত্তর থাকবে।

চাল করলা তেল, এমন কি হল্দ লকা বলতেও ঘরে খাজ আর কিছু নেই। আমি জানি। কাল বিকেলে পব ফুরিয়েছে। তারও আগো। সেই ছুপুরে। রাত্রে আডাইখানা ক'রে আটার রুটি আর জলের মতো পাতলা একট্ বিউলির ডাল তো হয়েছিলো।

আছে ? তা-ও সকাল পার না হ'তে মামি ত্থ চিনি দেশলাইয়ের কাটি ইঙ্যাদি ধার ক'রে ফেলেচি। না-হলে বাবার অন্তত একবারেরও চা হয় না।

আগুনের সঙ্গে এখানেই আদ্ধ সম্পর্ক শেষ। কাগদ্ধ দ্ধেলে কোনো-রক্ষে এক কাপ চায়ের জল ফুটিরে নামানো। উন্থনে আগুন দেয়া হয়নি।

'ছুটো টাকা ধার ক'রে এনেছো গুনতাম যদি !' মা মুখ ঘুরিয়ে বলবে, 'দব দিকেই যোগ্য তুমি। ট্রাম-বাদের তলে ছ-আনার পয়দা কাল জলে গেছে। বলছিলাম বিকেলে অনিকে। কেমন বলিনি তোকে, অসু ?'

অর্থাৎ কাল আবার চাকরির চেষ্টার গেছে বাবা টালিগঞ্জে কার কাছে।
কিছুই হয়নি। ফিরে এসেছে। অনেক রাত্রে ফিরেছিলো বাবা আমি টের পেরেছি। পার্যনার কথাটা কাল বিকেলে মা বলেছিলো।

'ছ-আনা পর্যা অমনি নষ্ট না হ'লে, আমি ওদের—বাচ্চা ত্টোকে অন্তত কিছু
মৃতি থাবার কিনে দিতে পারতাম। থামোকা পর্যা নষ্ট করবে তুমি আমি কি
জানি না।' ব'লে মা আমার দিকে তাকাতে চেষ্টা করবে হয়তো তথন।
হলামই-বা সকলের বড়ো সন্তান। থাওয়া-সম্পর্কে আমার কথার উল্লেখ হ'লো
না দেখে দত্যি তুঃখ করছি কিনা তা দেখবার জ্বল্যে মা-র মনে কোতৃহল হওয়া কি
আভাবিক নয় ? কিছু আমি জানি, মা চোখ ফেরাবার আগে আমার মৃথের দিকে
চেরে আছে আর-এক-জোড়া নির্জীব অসহায় লক্ষিত বিষয় চোখ। 'তুই একবার

ভোর মাকে থামতে বল, অহ। আমি যে পারছি না। সারাদিনের সম্বল আমার একটু চা থেভেও দেবে নাও।' যেন বলছে বাবা।

'তুমি যাও মা ঘরে।' বলবো, বলতে হবে তথন আমাকে। 'দেখি না চেটা ক'রে গোটা-ছই টাকা ধার বদি পাই কারো কাছে।'

জানি, মা গন্তীর হ'য়ে বেরিয়ে যাবে তৎক্ষণাৎ।

আর মেঝের দিকে ভাকিয়ে বাবা ছোটো একটা নিখাস ফেলবে। এবং বারান্দার চৌকাঠ পার হ'য়ে আমি যখন ওপরের ক্ল্যাটগুলিতে ওঠবার সিঁটি ধরছি, তথন পিছন থেকে—ঘাড না খ্রিয়েও দেখতে পাবো, রুডজ্ঞ সঞ্জল চোঝে বাবা আমার দিকে চেয়ে আছে।

কিন্তু আমি জ্বানি, ওপরে কারো কাছে টাকা ধার পাবো না। কেবল মাকে থামাবার জন্ম ধারের কথা বলা, কে দেবে আমাকে টাকা কর্জ। কেননা, আমরা যে কিছু না, আমাদের হ'য়ে এসেছে, এটা অমুমান করতে ওপরের কোনো গৃহিণীর বাকি আছে কি। রোজ আমাকে এটা ওটা চাইতে হচ্ছে, এ-ঘরে ও-ঘরে। চিনি থেকে চাল, দেশলাইয়ের কাঠি থেকে কয়লা। এ থেকে সব ব্রুতে পারছে। সবাই টের পায়।

ন-মাস বাবার চাকরি নেই। সেই যে ব্যাহ্ব ফেল প'ডে কান্ধটি গেছে আর ক্টুটছে না। কোনোরকমেই কোটাতে পারছে না একটি কোথাও।

সতেরো জারগা থেকে ইন্টারভিউ এসেছিলো। সতেরো জারগা থেকে বিষ্ণল মনোরথ হ'রে ফিরেছে বাবা। মা বলছে, 'ওরা যোগ্য লোক নিরেছে, তার অর্থ তোমার চেয়ে যোগ্য লোক পেরেছে। তোমার চেয়ে যোগ্য সবাই। সর্বত্ত।'

মা আরো বলবে, 'আমি তথনই জানি। বলেছিলাম অনিকে, কেমন বলিনি তোকে, অনু ?' ছলছল চোখে ভলি ও টাটুর দিকে তাকিয়ে মা দর্বদা বলছে এ-কথা, 'বাচ্চা হুটো যে চোথের দামনে না থেয়ে মরবে, দেই ছু:ধ।'

'চালাক-চতুর হ'তে হয় সংসারে।' কথার শেবে দীর্ঘধান ফেলে মা। 'চটপটে হ'তে হয়, চোখেমুখে কথা না ফুটলে মাহ্ব ব্ঝবে কি ক'রে তুমি একটি এম. এ. পাস মহাবিদ্যান। আর ভাতেই বা হ'লো কি। সেই ভো পঁচান্তর টাকায় ব্যাক্রের চাকরিতে ঢুকেছিলে, আজ ভিন সন্তানের বাপ হ'য়ে তু-শ' টাকায় এলে গভাগভি দিচ্ছো, দিচ্ছিলে। হচ্ছিলোই-বা কি।' মা এখনো এক-এক সময় ভলে যায় বাবার আজ চাকরিই নেই।

অর্থাৎ বাবা যে সংসারে কোনো কাজের না, হাবাগোবা ভালোমাহর হ'রে

দংসারটা একেবারে ভোঁতা ক'রে রেখেছে সেই তুঃধ উথ্লে উঠেছে মা-র মনে তথন। করে কোন এক বড়ো মার্চেট অফিনে স্থযোগ পেরে বাবা যায়নি। স্থাট পরতে হবে ভরে, যে যায়নি ব। সেটা একটা বিলিতি প্রতিষ্ঠান, ব্যান্ধ বাঙালির—বাঙালি-প্রতিষ্ঠানে চিরজ্ঞীবন আঁকড়ে থাকবো এই আদর্শবোধে কি? 'আদলে ও ভয় পায়, আমার কথ' কি ব্রুলি অফ্—' মা বাবার সামনেও আমাকে বোঝায়, 'সাহেব-স্থবোর সলে কথা বলতেই উনি ভয় পাচ্ছেন, চোখেম্থে কথা কইতে হয় সেখানে, টিপটপ চলতে হয়, ফিটফাট না থাকলে চাকরি যায়, চাকরি যাবে ভরে ভাতিলা-ধরা পচা এক ব্যান্ধের চাকরি ছাডছে না—উথানপতন শৃত্য হয়ে যেখানে দলা পাকিয়ে শুয়ে আছে দেখানেই থাকছে। তা-ও যদি ভালো ব্যান্ধ হ'তো।'

এ-দব কথা বাবা আগেও শুনতো। তথনো হাসতো, আব আমার মুথের দিকে তাকিয়ে পাকতো। আমার দিকে আজ যেমন তাকায় বাবা, দেদিনও তাকিয়েছে। অর্থাৎ মা-র মনে যে সস্তোষ নেই, আরে বৈশি উপায় করবার মতো সাহস, বৃদ্ধি, বিচক্ষণতা, আগ্রহ ও উত্তাপ-হীন হ'য়ে ঠাণ্ডা ভালোমান্ত্র্য সেজে অফিসের ছুটির পর দিব্যি ঘরে এসে বাবা মেয়েকে গ্রামাব পড়া শেখাছে, মা-র চোথে তার ক্ষমা ছিলো না। 'এই ক্ষেহ-যত্নেব, এই আতিশ্যের দাম কি থার ঘরে টাকা নেই।' বলতো মা তথনই।

আর, মুথে হাসি ও চোথে বেদনা নিয়ে বাবা আমার মুথেব দিকে চেয়ে চুপ ক'রে থাকতো।

আমি বলতাম, 'তুমি এখন যাও মা, আমি পডছি।' মা-র মুখ বন্ধ করতে সেদিনও আমায় কথা বলতে হয়েছে। বাবা আমার আশ্রন্থই নিয়েছিলো।

তবু তো দেদিন রামা বন্ধ ছিলো না। যদিও রেডিও ছিলো না ঘরে, ইলেকট্রিক ফ্যান, কি মা-র ও আমার দামি-দামি আট-দশথানা ক'রে জমকালো শাড়ি।

অব্বস্ত না থাকলেও অভাব তেমন ছিলো না সত্য। চলছিলো সংসার টুক্টুক্ ক'রে।

তাই বলছি, ধার করতে যে এখন ওপরে যাবো, রেণুর মা, পলাশের মা, মৃত্লাদি, মায়া ওরা ভাবছে কি আমাদের সম্পর্কে।

অথচ ওরাও কেউ বড়োপোক নয়। এবং এই সাহদ ক'রেই প্রথম-প্রথম তেল ছুন কি লঙ্কা চিনি দব ধার করেছি। যেতাম, যেন ভাবতাম মনে-মনে, অভাব তো ওদেরও একদিন হ'তে পারে। আদবে আমাদের কাছে। আস্থক। যেন এমন একটা, গোপন ইচ্ছা পোষণ করতাম কারো দরজায় দাঁড়িয়ে যথনই কিছু চেয়েছি।

সভিয়, ন-মাদ বাবার চাকরি থাকবে না এ-কথা কে জানতো। ন-মাদে বাবার চেহারা কি হবে, বা কেমন হবে মা-র মেজাজ, আমি দে-কথা বলছি না, বলছি আমাদের দেখে বাইরের লোকের চেহারা কেমন হচ্ছে। তার চেয়ে বেশি আমার দেখে। আমাকেই ওরা দেখছে বেশি। প্রায় রোজ একবার ত্বার আমাকে ওপরে যেতে হচ্ছে। কাল এক-টুকরো কাপডকাচা-সাবান ধার করতে যেতে হয়েছিলো উত্তরের ব্লকে পলাশের মা-র কাছে।

অথচ মনে আছে, বাবার চাকরি ছিলো থেদিন সেদিকে আমি বডো-একটা পা বাডাইনি। তার কারণ ওরা আমাদের চেয়ে গরিব। আগে নিজেদের সঙ্গে তুলনা করলে পলাশদের কত ছোটো মনে হ'তো। স্থলমাস্টার বাপ। আমার বাবা যা মাইনে পাচ্ছিলো তার মর্থেক রোজগার করেন পলাশের বাবা। আমার চেয়ে পলাশের ভাই-বোনও সংখ্যার বেণি।

আগে ওদের দেখে ভাবতাম থ্ব কটে সংসার চলছে। এখন আমাদের দেখে, কটে নয় আদৌ কি ক'বে চলছে তা-ই ওরা ভাবছে। স্বাভাবিক। আমি দরজায় গেলে ওরা কথা কইতে আসে, হাসে। এবং মামি যে চাইতে গেছি তা ওরা প্রথম ব্রতে চায় না। ব্রতে দেয়নি এক-টুকরো কাপড-কাচা-সাবানের অভাব হয়েছিলো আমার।

এ থেন মর্মান্তিকভাবে নিষ্ঠুর হওয়া। প্রতিবেশী দরিত্র হ'লে প্রতিবেশীরা তাই করে। তিনবার বলার পর তবে বিখাদ করলো। হঠাৎ বেশ হেদে প্রশ্ন করলো পলাশের মা, 'ই্যারে অফু তুই ইন্থুলে থাস্ নে আর শুনছি। বিশ্নের আয়োদ্ধন চলছে বৃঝি ?' চুপ করে গিয়েছিলাম।

বুঝতে কট হয়নি, সরাসরি আমার মুখ থেকে জানতে চেয়েছিলো মহিলা, আমার পড়া বন্ধ হয়েছে। মাইনে দিইনি, স্থলে নাম কাটা গেছে। পলাশ আর আমি একসঙ্গে পড়ছিলাম কিনা। জানতে পেবে পলাশের মা বেশ চঞ্চল হ'য়ে উঠেছে। একটা সংসার চলতে-চলতে হঠাৎ থেমে গেলে আশেপাশের সবাই চঞ্চল হয়, উৎস্কুক চোখে তাকিয়ে থাকে।

কাল রেণুর মা-র কাছে গিয়েছিলাম তিনবার। • গৃহস্থের অত্যাবশুক তিনটি সামগ্রী অর্থাৎ তেল স্থন ও কয়লা ধার করতে যেতে হয়েছিলো।

আশ্চর্য, তাতেও মহিলা বিচলিত হননি।

হঠাৎ তিনি আমার গাবে হাত বেথে ব্রাউন্ধের গলার ভিতর রীতিমতো হাত চুকিয়ে নেকুলেসটা টেনে বার করলেন।

তারপর হেসে উঠলেন। 'আমি আরো ভাবছিলাম নতুন হার গড়িয়েছিল বুঝি।' ব'লে হার থেকে হাত গুটিয়ে নিলেন মহিলা।

চুপ ক'রে রইলাম।

অর্থাৎ আমারটা যে যায়নি এখনো, কেন যায়নি, কবে যাছে, মুখ দিয়ে ঠিক খবরটা বেগায় কিনা শুনবার জন্মেই যে রেণুর মা এই কাণ্ডটি করলো এবং ভবিশ্বতেও করবে বেশ জানা ছিলো। জানভাম।

মা আজ মাসের ওপর ওপরে যায় না। ওরা কি টের পায় না কেন। 
অর্থাৎ মা-র গায়ে আর একটাও গয়না নেই। তারা ধ'রে নিয়েছে। তারা 
বোঝে। তেল য়্ন লকা চেয়ে অভাবের ফুটো সায়ানো চলে। কিছু বড়োবড়ো ফাক—বাডিভাডা, রেশন থরচ, টাটুর ছ্ধের দাম য়োগাতে বড়ো-বড়ো 
জিনিসে হাত পড়ছে। আর, আমরা সর্বনাশের মুধে দাঁডিয়ে আছি ব'লে সবাই 
এখন আমাদের স্থানিয়ে এত বেশি টানাটানি করছে। বিশেষ ক'রে আমার, 
আমাকেই হাতের কাছে পাচেছ, কবে আমার 'বয়ে হবে, গায়ে নতুন গয়না 
উঠলো নাকি ?

ছু:থের মধ্যেও হাসি পায়।

আমার স্থুখ দিয়ে আমাদের সকলের ত্রুথের পরিধি নির্ণয় করছে ওরা। সমস্ত পরিবারের।

অর্থাৎ পরিবারের যে মেয়েটির ষোল বছর পূর্ণ হ'লো তার এই পাওয়া উচিত ছিলো, এই হওয়া, তাই কি? পরিবারের মেয়ের কোনো দাম দিলে না।

মনে-মনে বলেছি, ওরা যদি জানতো—ওরা জানে না।

ভালোমামূষ, সরল, সভাপ্রিয় মেহান্ধ লোক আধুনিক পৃথিবীতে অচল। বাৰার অপরাধ ভাই। চেষ্টার ক্রটি করেনি। এধনো খুঁজছে চাকরি। কে দেয় ?

হাা, মা-র চোথে পর্যন্ত বাবা অবান্তর, অপদার্থ, অপ্রয়োজনীয় হয়ে গেলো, দেখতে-দেখতে। তোমরা তো হাসবেই। আমার, আমাদের ত্রবস্থা দেখে, বোলো বছরের মেয়ের সম্ভাবিত স্থের ঝিলমিল ধ'রে টানাটানি করবে এ আর বিচিত্র কি। এই নিয়ম।

ভাই ভাবছিলাম টাকা চাইতে গেলে কেমন চেহারা হবে ওদের কে জানে। বরং টাকা ধার চেরে না পাওয়ার চেরে ওদের হাসিকে আমি ভর করবো বেশি। আমার একটা-কিছু চরম স্থাধের কথা তুলে আমার বঞ্চনাকে প্রকট-ভাবে চোধের সামনে মেলে ধরবার জ্ঞাে তিন-পা এগিয়ে আসবে হয়তো মৃত্না।

মৃত্লা নাদ'। স্থামী-সন্তান লাভের সোঁভাগ্য হয়নি এখনো। কেন হয়নি, হবে কিনা তা ও-ই জানে। উজ্জ্বল শ্রামল রং। ত্রিশের কাছে বয়েন। ফিটফাট চেহারা, সেজেগুজে থাকে। অন্ধ হেসে চটি পারে পায়চারি করভে-করতে বলবে, 'তোমার মতো স্থলর চেহারার মেয়েকে টাকা ধার কে না দেবে, ছেলে-বুড়ো-মেয়ে-পুরুষ সবাই, কিন্তু জিজ্জেদ করি, হঠাৎ টাকার দরকার হ'লো কেন, টাকা দিয়ে করবে কি ?'

এক চোথ ছোটো ক'রে প্রশ্ন করবে মৃতুলা।

চোথ খুরিয়ে মায়া বলবে, 'কেন আর কি, লুকিয়ে লাভারকে কিছু প্রেক্তেন্ট করবে, ফটো তুলে রেক্তিস্টার্ড চিঠি দেবে, দরকার হয়েছে আর কি বাড়তি টাকার, বাপের থবচে কি আর সব দিক কুলোয় মেয়ের।'

'হাা, বয়েদ আদে বৈকি একটা ঢেউ-খেলানো, যখন দিগ্রিদিক্ জ্ঞান থাকে না টাকা চাইতেও। এতে বাপের কলক হ'লো কি অকলক। শেষটার কার কাছে গিরে পড়বে টাকার জ্ঞান, ভোমরা মেরেরা কার কাছে কি আছে দিয়ে দাও ভালোর-ভালোর অন্তকে টাকা ধার।' ব'লে মৃত্লা কাটবে। নীচ রদিকতা দিয়ে নিজের অনিচ্ছার নীচতাকে ঢেকে রেখে দ'রে পড়বে জানা কথা। তবু ও শীকার করবে না শুধু আমার টাকার দরকার নয়, আমাদের, সকলের।

আর মেয়েদের মধ্যে থাকে মায়া এবং রেণু। ওদের হাতে টাকা থাকে না। ওরা পরিষ্কার আঙ্কল দিয়ে দেখিয়ে দেবে মাকে।

মহিলারা হেদে বললেন, 'ওই তো মেয়ে মৃশকিল বাধালে, টাকা? উছ। সব পারি তোমায় দিতে, ওটা পারি না। আমার মেয়েরা গাড়ি ক'রে ইস্কলে যায় গাড়ি ক'রে ফেরে। ট্রাম-বাসের পয়দা বলতেও ওরা হাতে কিছু পায় না। টাকা ধার ক'রে দিনেমা দেখবি? রেস্ট্রেন্টে যাবি? কে, দলী কারা? একলা খ্ব ঢ়ুঁ মারতে শিথেছিদ বৃঝি বাইরে। যা, ভাগ্। টাকা নিয়ে তৃই করবি কি?' বলবে ওরা হেদে।

এই বলছে ওরা যেদিন থেকে জনেছে আমরা বিপন্ন।

আমার উচ্ছলতার, আমার উচ্ছলতার, চপল ধৌবনের দব ছবি টেনে আনছে চোধের দামনে। ভিদেশবের এই অভুত রোদ-পোহানো-তৃপুরে বোটানিক্যাল-গার্ডেন কি ইডেন-গার্ডেনে গিয়ে বন্ধুদের দঙ্গে পিকনিক করার থরচ যোগাচ্ছে অসু। বলবে কেউ।

কেননা, গুরা বেশ জানে এই টাকা এনে আমি বাবার হাতে থেবো। বাবা বাজারে বাবে। তবে আমাদের রারা চড়বে। টাট্রুডলি খাবে। অর্থাৎ অস্তুড এক-ত্বপুরের মতো ঠাই হবে আমাদের দাঁড়াবার।

তবু ওরা জানবে না। হাদি-ঠাটার নিচে আমার টাকা-চাওরা চাপা প'ড়ে যাবে। তেল-মুন-লকড়ি ধার দিলেও টাকা দেবে না কেউ। আমাদের দিয়ে বিশ্বাস কি।

চুপ ক'রে ভাবছিলাম।

দেখি চায়ের কাপ নামিয়ে রেখে বাবা একদৃষ্টে আমার দিকে তাকিয়ে আছে। অনেকক্ষণ চা খাওয়া শেব হয়েছে, টের পায়নি।

'আমায় কিছু বলছো বাবা ?' ঢোক গিলে বললাম।

'কাল টালিগঞ্জ থেকে যথন ফিরছি ট্যামে অবনী মুখ্ছের সঙ্গে দেখা।' ব'লে বাবা চুপ করলো। আমিও চুপ ছিলাম। বাবার আর একটি বন্ধ। বন্ধুরা এখন কেউ আর বাড়িতে আদে না। বাবার সঙ্গে রান্ডায়, ট্যামে-বাদে কথনো-সথনো দেখা হচ্ছে আর বাবার অসহায় অবস্থা দেখে আলগা থেকে এক-একজন এক-একরকম পরামর্শ দিছেছ উপদেশও বলা যায়; এটা করো, ওটা করো।

একটু পরে আন্তে-মান্তে জিগ্যেস করলাম, 'কিছু কথা হ'লো কি, জানাশোনা আছে তাঁর কোনো চাকরি তোমার—'

দেয়ালের দিকে তাকিয়ে বাবা দীর্ঘধান ফেললো।

'वलल, টাইপরাইটিং শিথে ফেলো চাকরি পাওয়া সহজ হবে।'

চপ আমি। বাবার চোথে জল এদে গেছে।

'এ-বয়দে ও-দব এখন শিখতে পাৰবো, মা ? তুই আমায় একটু বৃদ্ধি দে, আমি যে—'

বাবার চেয়ারের হাতল ঘেঁষে দাঁড়িয়ে ছিলাম। বাবার পিঠের ওপর আছে হাত রেথে আমিও ছোট একটা নিখাদ ফেললাম। বন্ধুরা এ-ধরনের অভূত সব পরামর্শ দিচ্ছে বাবাকে। যা তার পক্ষে এখন আর সম্ভব নয়। এই বয়সে। সত্যি কি বাবা প্রায় বুড়ো হ'তে চললো না ? চোয়াল বসে গেছে, দৃষ্টি ক্ষীণ হয়েছে। নতুন করে এখন টাইপ শিথতে গেলে বাবার বুকের হাড় ন'ড়ে উঠবে তা কি আমি জ্বানি না। এদিকেই কবে জ্বানি, বাবার এক বন্ধু, স্থনীতিবাবু নাকে বাবাকে পরামর্শ দিছিলো বিহারের কোন কয়লাথনিতে লোক নিচ্ছে, চ'লে যাক সেধানে। কথাটা শুনে এসে সেদিনও বাবা ছলছল চোথে আমায় বলছিলো। আমার সঙ্গেই আজ্বকাল এ-সব কথা হয়। মাকে তো কিছু বলা যায় না। তথনই হয়তো ঠেলে পাঠাতে চাইতো বাবাকে কয়লাখনিতে। সময়-অসময়, স্থান-কালের সীমা-সংগতি সব ভূলে যাছে মা। যেখান থেকে পারো টাকা রোজগার ক'রে আনো, যে-ভাবে পারো। দয়ামায়াহীন কঠোর এক-একটা উক্তি। ভয়ে বাবা মাকে কিছু বলে না আর।

বললাম, 'ওদের কথায় তুমি কান দিয়ো না। আর টাইপ শিথতেও তো সময় লাগবে।'

আশ্বন্ত হ'যে বাবা আমার চোখের দিকে তাকালো।

'তা ছাডা মাগ্না তো কেউ শেখায় না এ-সব। প্রসা দিয়ে শিখতে হয়—' বাবা একটু সোজা হ'য়ে বদলো।

'ভাই তো—'বলনাম, বলতে-বলতে হঠাৎ চুপ ক'রে গেলাম।
আমার কান পাশের ঘরে। যেন শুনছি ডলি টাটু ম'-র পাশে গিয়ে দাঁডিয়েছে।
এথুনি ওরা কাঁদাকাটি আরম্ভ করবে, মা ছুটে আসবে দরজায়।
যেন বাবাও টের পেলো।

বাবার চেহারা ফ্যাকাসে হ'য়ে গেছে।

অরন্ধনের অন্ধকার দিন আরম্ভ হয়েছে এ-কথা আমার চেয়ে বেশি ছাডা কম জানতা কি বাবা। ত্ই আঙুলে কণালের রগ্ তুটো টিপে ধ'রে মেঝের দিকে মুখ ক'রে একট্লাণ কি ভাবলো তারপর আবার আমার চোথে-চোথে তাকালো। অর্থাৎ মা ছুটে আদার আগেই একটা-কিছু, অন্তত এ-বেলার মতো, যা হোক ব্যবস্থা করতেই হয়। বেমন-তেমন।

'আমায় किছু বলছো বাবা ?' আন্তে-আন্তে বললাম।

প্রথমবার বাবা পারলো না, দ্বিতীয়বারও চেষ্টা ক'রে থেমে গেলো। তারপর চোখের ইশারা ক'রে আমার মাথাটা আরো নোয়াতে বললো। বাবার মুথের কাচে আমি গলা বাড়িয়ে দিলাম। কানে-কানে বাবা কথাটা বললো।

আমি রাজী হলাম, বলামাত্র রাজী হ'বে গেলাম। কেননা বাবাকে অদেয় আমার কিছুই নেই। মন বললো।

অপরাধা শিশুব মতো হ'য়ে গেলো বাবার হুই চোধ।

'তোর মাকে কি বলবি ?' ভাঙা গলায় প্রশ্ন করলো। 'বলবো, হারিয়ে গেছে।'

এ-কথার পর আর-কিছু বললো না। আমার নেক্লেসটা পকেটে পুরে উঠে পছলো।

কলঘরে গিয়ে নিজের শৃষ্ণ গলার ওপর হাত রেখে বললাম: টাট্রুও ডলির দিকে তাকিয়ে, ওদের শুকনো ক্ষার্ত চাউনি সহ্য করতে না পেরে মা চুড়িও গলার হার থুলে দিয়েছে, আমি দিলাম বাবাকে দেখে, বাবার ছটি চোখ দেখে। আমি ছাডা বাবাকে কেউ দেখছে না যে পৃথিবীতে।

আশ্চর্য। সারাদিনে মা আর শ্যা ছেড়ে উঠলো না।

বাবা বাজার নিম্নে ফিরেছে, আমি রান্নাঘরে গেছি, টাটু, ভলির ইতিমধ্যে গরম ডালপুরি খাওয়া হ'য়ে গেছে চার আনার।

টের পেয়েও মা উঠলো না।

এই আজকাল করছে বেশি মা। আমি যদি ধার করতে গেছি, অর্থাৎ বাবার পক্ষ নিয়ে মাকে থামাবার জন্যে দেদিনে একটা ব্যবস্থায় ভাডাভাড়ি নিজে থেচে পা বাড়িয়েছি, মা দারাদিন আমার সঙ্গে একটা কথাও বলে না। থেশে থায়। কোনো কথা জিগ্যেদ করতে গেলে ফোঁদ ক'রে ওঠে, 'তুই কেন করতে গেলি, ক'দিন পারবি, কভটুকুন দিতে পারবি আস্থ একটা পরিবারের ভ্থার কাছে নিজেকে। তুই স'রে আয়। স'রে দাঁড়ো।'

আমি দ'রে দাঁডাই না। মা অতিরিক্ত রকম নিষ্ঠুর হ'য়ে ওঠে তথন আর-একজনের ওপর, যে-সংসার ভেঙে গেছে, ফুটো হয়েছে তলা, তাকে ভাসিয়ে রাখবার জ্বন্যে মেয়ের সাহায্য নিতে লজ্জা করে না । মেয়েকে দিয়ে ধার করিয়েও ভোমার দাঁডিয়ে থাকবার আকাজ্জা, এই তো নেখছি। অক্ষম পুরুব তা-ই ফরে।'

তারপর মা নিজের মনে বলে, 'পনেরো বছরের একটা মেরে সেকেগুক্লানে পড়ে, সংসারের ও বোঝে কি, বড়ো যে কথায়-কথায় ওর দিকে তাকানো।'

তথন আমি ভাবি, যদি ছেলে হতাম। তা হ'লে কি এই বিগদে নিজেকে আর-একটু বাড়িয়ে দিতে পারতাম না। আমার জায়গার একটি ছেলে এ-সংসারের পক্ষে বেশি কাম্য ছিলো যে।

আৰু আর টুকিটাকি জিনিস না। পাঁচ-সাত টাকা ধার চেয়ে এনেছি আমি কারো কাছ পেকে। শুয়ে-শুয়ে মা ভাবছে। এবং এই ম্বণায় সারাদিন মা-র মুখে জল পর্যয় উঠবে না জানি। রান্নাবান্না শেষ করলাম বটে, ডলি টাটু অনেকদিন পর ছু-টুকরো মাছ দিয়ে পেট ভ'রে ভাত খেলো। কিন্ধ আমার মনের ভার কাটলো না।

মেয়েকে দিয়ে টাকা ধার করানোর ঘুণায় মা থেতে এলো না ব'লে নয়, টাকা ধার করার সামর্থ্য যথন ফুরিয়েছে তথনো আমি সাহায্য করতে গেছি, মানে আরো এক-পা বাডিয়েছি। যদি মা জানতো, টের পেতো গলার হার খুলে দিরেছে আজ অহা।

কিন্তু সেজন্মে তো আমার মন থারাপ নর, ভর হচ্ছিলো, তারপর কি হবে। কাল-পরভর মধ্যে টাকা ক'টা ফুরোবে।

আবার একদিন রান্না বন্ধ হবে।

ভলি টাটু কেঁদে উঠবে। তথন আমি করবো কি ?

মা-র বাক্যবাণে জ্জীরিত ক্লাস্ত বিষয় বাবা আবার যথন আমার দিকে চোখ তুলে তাকাবে তথন আমি কি দেবো তাকে, কি দিয়ে আখাদ দিই।

বিদি আমার আরো ত্-পদ গয়না বেশি থাকতো! এক-সময় ঈয়রকে ডাঙ্গলাম। না, গয়না নয়, মনে-মনে বললাম, গয়না ফ্রোয়, আরো বেশি, এমন-কিছু যা মাব চোথে পডে না। অথচ সংসার চলে। মানর অজানতে আমি চালিয়ে নিচ্ছি গোটা পরিবার, বাবা য়তদিন না পারছে। এমন কি হয় না? এমন কি করে না আমার বয়পের কোনো মেয়ে?

ইশ্বর আমার ডাক শুনলো।

জ্ঞাণের রাত। ডিলি টাটু সকাল-সকাল থেরে ঘুমিয়ে আছে। মা আর উঠলোনা। আলোনেভানো ঘরের। ক্লফ ঠাণ্ডা-টা ক'মে গেছে, আকাশ মেঘ-মেঘ। হাওয়াটা কেমন নরম মোলায়েম ঠেকছিলো অনেকদিন বাদে। ফান্তনী হাওয়ার মতো। আমি বারান্দায় দাঁড়াই।

না, অকালবসংশ্বের কথা ভাবিনি আমি। ভাবছিলাম বাবার কথা। কত রাত ক'রে ফিরবে কে জানে, বেরিয়েছে কাজের চেষ্টায়—একদিন কি বিশ্রাম নিলে হয় না। আশ্বর্গ, একদিন, একটা তুপুর বাবা ঘরে ব'লে থাকতে পারলো না চাকরি গেছে পর থেকে—রোজ বেরোছে, যেন মানর ভয়েই আরো বেশি বাইরে-বাইরে থাকছে। আর ফিরছে গভীর রাভ ক'রে শেষ ট্রাম যথন যায় কি আসে, কি তারও পরে। ক্লান্ত কুন্তিত একথানা হাত চোবের মতো আন্তে-আন্তে সদরের কড়া নাড়ে আমি টের পাই, আমি জ্বেগে থাকি তার অপেক্লায়, দরজা খুলে দিই।

ভাবছিলাম। বাত ন'টাও বাবেনি আজ—হঠাৎ সদর ন'ড়ে উঠলো। চমুকে উঠলাম। হাা, বাবার গলা, ফিরে এসেছে।

'বারান্দায় আলো জেলে দে, অমু।' ওনলাম।

তাড়াতাড়ি আলো জেলে দিই। দরজা খুলে দিয়ে আমি থমকে দাঁড়াই, তারপর চ'লে আসি রামাঘরে।

দেখি একমিনিট পর বাবা আমার সামনে এসে দাঁড়িয়েছে।

'আমার বন্ধু হাজ্বশেখর, দেখা হ'বে গেলো রান্ডায়।'

চাপা রুদ্ধ কণ্ঠন্বর বাবার। যেন কি জ্বিগ্যেস করতে গিরে হঠাৎ আমি থামলাম।
'চা কর।' আমার চোথের দিকে না তাকিয়ে বাবা বললো, 'চা নিরে
চট ্ক'রে চ'লে আয়, আমি আছি ওথানে, আমি থাকবো।' বাবা রান্নাঘর থেকে
বেরিরে গেলো।

আমি তেমনি দাঁড়িয়ে। সত্যি, একমিনিট আমি কিছুই করতে পারিনি। তারপর চায়ের কেটলিতে জল ঢালি, আগুন জালি নতুন ক'রে।

চা নিয়ে থাবার আগে আবার ভাবলাম মাকে ডাকবো কি ডাকবো না। কিন্তু ডাকা হ'লো না।

অক্সদিনের মতো বাবার দিকে চেয়ে বাবার কথা ভাবতে-ভাবতে চা নিরে আমি চৌকাঠের বাইরে গেলাম। দরকারী লোক দক্ষে নিয়ে এসেছে বাবা, বাবার একটা স্থবিধা হচ্ছে কি ভাবলাম।

আমার পড়ার ঘর।

আমার সেই ছোট্টো টেবিল, যেথানে পাটীগণিত, দরল হাইজিন আর ডেভিড কুপারফিল্ড সাজানো থাকে, থাকতো, সেথানে চায়ের কাপ নামিয়ে রাথার নির্দেশ দেয় বাবা।

'এক্ষেল! চমৎকার!' হাই উল্লসিত একটা নিখাসপতন-শব্দ কানে এলো আমি টেবিলের সামনে দাঁভাতে।

তথন আমি চোখ তুললাম।

বাবার চেয়েও বুড়ো বাবার বন্ধ। চুল অনেক বেশি পাকা। কিন্ত বাইশ বছরের একটি ছেলের মতো চাঁছা পালিশ ঘাড়, অভূত পরিচ্ছন্ন পোশাক, আর তার চেমেও অভুত লাগলো বকের পাধার মতো সাদা ধবধবে বাঁধানো দাঁতগুলো। দেখে কেমন ভন্ন করছিলো আমার। এক চোখে চশমা, ফিতেটা কাঁপছে। কালো ছবির ফলার মতো চওড়া ফিতে। 'আশ্চর্য, তোমার মেরে এত বডোটি হরেছে একদিনও আমার জানাওনি, বতীশ।' বাবার দিকে নয়, আমার দিকে তাকিয়েই সাদা দাঁতগুলো হাসছে। 'তোমার নাম কি খুকি ?'

নাম বললাম।

কুন্তিত ক্নতার্থের ভঙ্গিতে বাবা দেগাল ঘেঁষে দাঁড়িয়ে।

'তুমি আর-একটু দোলা হ'রে দাঁড়াও।' প্রত্যাদেশ করলেন হঠাৎ আমাকে অভ্যাগত। তেমনি চুপচাপ। দেখছে।

আমি সোজা হ'য়ে দাভাই।

'এবার ঘুরে দাঁড়াও।'

আমি তা-ই করলাম।

'বা-হাতটা একটু তুলে ধরো।'

ভয়ে-ভয়ে আমি হাতও তুললাম।

'গালটা দেয়ালের দিকে ছোরাও।'

আমি গাল ঘুরিয়ে দেয়ালের দিকে রাখলাম।

'হবে, খ্ব হবে।' যুগপৎ প্রচণ্ড উৎসাহ ও চায়ের কাপে দীর্ঘ চুমুকের শব্দ কানে এলো। 'আমার হাতে ছেড়ে দাও, কী আমি ওকে ক'রে তুলি ছাথো-না, যতীশ।' চা শেষ করার একটু পরে তিনি উঠে পড়েন। রাস্তা পর্যন্ত বাবা বন্ধুর সলে গেলো। শুনলাম গাড়ির শব্দ।

ফিরে এসে বাবা বললো, 'ভোর খুব প্রশংসা করলো।'

জ-কৃঞ্চিত হয়েছিলো যেন আমার একটু, ঈষৎ হেসে ঢোক গিলে বললাম, 'কি বললেন উনি ?'

'তোর নাক-চোধ, হাত-পা, কোমর-বৃক সব স্থলর, বললে, খ্ব ভালো হবে।' আমার শরীরের ওপর চোধ রাধলো বাবা।

এবার সন্ত্যি আমার ভুক্ক কুঁচকোয়, টের পাই।

'কী হবে স্থনর বৃক আর কোমর দিয়ে ?' গলা কাঁপছিলো আমার।

'ভিনটে সিনেমা-কোম্পানিতে টাকা ঢালছে রা**জ**শেধর রায়, বলছে, ভোকে—'

বললাম, 'তোমার থাওরা হরনি, বাবা, কাপড ছেড়ে মুখ-হাত ধোও।' 'তোর ইচ্ছে নেই, অফু ?' বাবা আমার হাত ধরলো 'তোর মা-র কথা ছেড়ে দে, এই অবস্থার তুই যদি এখন—' না, বাবা আমার হাত ধরছে ব'লে কি! আমি পারি না, আমি পারিনি আমার শরীরের ওপর সেই কাতর বিষণ্ণ স্থির দৃষ্টি বেশিক্ষণ ধ'রে রাখতে। ছুটে এলাম ঘরে, মা-র ঘরে।

আশ্চর্য, অন্ধকারে দাঁড়িয়ে থেকে তথনো আমি ভাবছি মাকে বলবো কি বলবো না।